পূর্ব্বোক্ত প্রকারেণ মায়াং বহিরঙ্গ শক্তি বিলাসত্বাজ্জ্ঞেয়মিত্যর্থঃ। তত্রাপি কায়িক মানসয়োঃ সাঙ্কর্য্যং ॥ ৪৫ ॥

অথ কেবল মানস লিঙ্গেনাহ যাবৎ প্রকরণং। যো হরে স্মৃত্যা দেহাদীনাং সংসার ধর্ম্মৈ র্জন্মাপ্যয়াদিভি র্বিমুহ্যমানো ন ভবতি স ভাগবত প্রধানঃ। উক্তঞ্চ গীতাসু। যেষাং

বা অন্যকে পূজা করেন না, তিনি প্রাকৃত অর্থাৎ ক্রমশঃ ভক্তির উত্তমাধিকারী হইবেন ॥ ৪৫ ॥

পুনর্ব্বার আট শ্লোকে উত্তম ভগবদ্ভক্তের লক্ষণ বলিতেছেন যথা। মহারাজ! বাসুদেবে আবিষ্ট চিত্ত পুরুষ ইন্দ্রিয় দ্বারা অর্থ (রূপ রসাদি) গ্রহণ করেন না, কিন্তু তাহার মধ্যে যিনি ইন্দ্রিয় দ্বারা অর্থ গ্রহণ করিয়াও এই বিশ্বকে বিষ্ণুমায়া রূপে দর্শন করতঃ হর্ষ বা দ্বেষ না করেন তিনিই ভাগবতোত্তম ॥ ৪৬ ॥

যিনি হরিস্মৃতি বশতঃ দেহের জন্ম মরণ, প্রাণের ক্ষুধা, মনের

মানঃ স্মৃত্যা হরের্ভাগবতঃ প্রধানঃ ॥ ৪৭ ॥
ন কাম কর্ম্ম বীজানাং যস্য চেতসি সম্ভবঃ।
বাসুদেবৈক নিলয়ঃ স বৈ ভাগবতোত্তমঃ ॥ ৪৮ ॥
ন যস্য জন্ম কর্ম্মাভ্যাং নবর্ণাশ্রম জাতিভিঃ।

জন্মাপায়ৌ। প্রাণস্য ক্ষুৎ মনসো ভয়ং। বুদ্ধেস্তর্ষ তৃষ্ণা ইন্দ্রিয়াণাং কৃচ্ছ্রং শ্রমঃ ॥ ৪৭ ॥

কামাশ্চ কর্ম্মাণিচ বীজানি চ বাসনাস্তেষাং। বাসুদেব একো নিলয় আশ্রয়ো যস্য সঃ। এতেন গৃহীত্বাপীত্যাদি শ্লোক ত্রয়েণ দ্বেষ হর্ষ মোহ কামাদি রহিত শ্চরতীত্যস্যোত্তর মুক্তং ॥ ৪৮ ॥

বৈলিঙ্গৈ র্ভগবৎ প্রিয় ইত্যস্যোত্তরমাহ, ন যস্যেতি। জন্ম সৎ কুলং কর্ম্ম তপ আদি জাতয়ঃ অনুলোমজাঃ মূর্দ্ধাভিষিক্তাম্বষ্ঠাদয়ঃ। অস্মিন্ দেহেঽহঙ্কার রহিতৈঃ সৎ কুল

ক্রমসন্দর্ভঃ।

স্বস্তগতং পাপং জনানাং পুণ্য কর্ম্মণাং। তে দ্বন্দ্ব মোহ নির্ম্মুক্তা ভজন্তে মাং দৃঢ় ব্রতা ইতি ॥ ৪৬ ॥ ৪৭ ॥ ৪৮ ॥

এতাভি র্যস্য অস্মিন্ দেহে অহং ভাবো ন সজ্জতে। কিন্তু ভগবৎ সেবোপয়িকে সাধ্যে দেহে এব সজ্জত ইত্যর্থঃ। স হরেঃ প্রিয়ো ভাগবতোত্তম ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ

ভয়, বুদ্ধির তৃষ্ণা এবং ইন্দ্রিয়ের পরিশ্রম রূপ সংসার ধর্ম্ম দ্বারা বিমুগ্ধ না হন্, তিনিই ভাগবত প্রধান ॥ ৪৭ ॥

অপর যাঁহার চিত্ত মধ্যে কাম কর্ম্ম বাসনার উৎপত্তি না হয় এবং বাসুদেবই যাঁহার আশ্রয়, তিনিই ভাগবতোত্তম ॥

তাৎপর্য্য। গৃহীত্বাপীন্দ্রিয়ৈরর্থান্ ইত্যাদি তিন শ্লোকে ভাগবত ব্যক্তি দ্বেষ হর্ষ মোহ এবং কামাদি রহিত হয়েন, ভগবদ্ভক্ত কিরূপ আচরণ করেন পূর্ব্বোক্ত প্রশ্নের এই উত্তর প্রদত্ত হইল ॥ ৪৮ ॥

দ্বিতীয় প্রশ্ন, কোন চিহ্ন দ্বারা ভগবদ্ভক্ত বলিয়া পরিজ্ঞাত হওয়া যায় তাহার উত্তর। মহারাজ! যে ব্যক্তির এই পাঞ্চভৌতিক দেহে জন্ম কর্ম্ম বা বর্ণাশ্রম ও জাতি দ্বারা অহং ভাব উৎপন্ন না হয়, তিনিই

সজ্জতেঽস্মিন্নহং ভাবো দেহে বৈ স হরেঃ প্রিয়ঃ ॥ ৪৯ ॥
ন যস্য স্বঃ পর ইতি বিত্তেষ্বাত্মনি বা ভিদা।
সর্ব্বভূত সমঃ শান্তঃ স বৈ ভাগবতোত্তমঃ ॥ ৫০ ॥
ত্রিভুবন বিভব হেতবেঽপ্যকুণ্ঠ স্মৃতিরজিতাত্ম
সুরাদিভির্বিমৃগ্যাৎ। ন চলতি ভগবৎ পদার

কর্ম্মাদি লিঙ্গৈর্হরেঃ প্রিয়ো ভবতীত্যর্থঃ ॥ ৪৯ ॥

বিত্তেষু স্বীয়ং পরকীয়মিতি ॥ ৫০ ॥

কিঞ্চ ত্রিভুবন বিভব হেতবেঽপি ত্রৈলোক্য রাজ্যার্থমপি লবার্দ্ধ নিমিষার্দ্ধমপি ভগবৎ পদারবিন্দ ভজনাদ্ যো ন চলতি স বৈষ্ণবাগ্র্যঃ। নম্ন লবার্দ্ধ নিমিষার্দ্ধ মাত্র ভজনো পরমে চেত্তাবল্লাভো ভবেৎ তৎ কুতো ন চলেৎ তত্রাহ অকুণ্ঠ স্মৃতিঃ ভগবৎ পদতোঽন্যৎ সারং নাস্তীত্যেবং রূপা অকুণ্ঠা অনপগতা স্মৃতি র্যস্য সঃ ভগবৎ পদারবিন্দাৎ অন্যৎ সারং নাস্তীতি কুতঃ অত আহ অজিত হরাবেবাত্মা যেষাং তথা ভূতৈঃ সুরাদিভিরপি দুর্ল্লভাৎ।

ক্রমসন্দর্ভঃ।

প্রাকরণার্থত্বাৎ। হরেঃ প্রিয় ইতি হি ভাগবত মাত্র বাচি ভাগবতত্বাদেব ॥ ৪৯ ॥

তথা বিত্তেষু মমতাস্পদ মাত্রেষু। অত্র বিত্তবদাত্মনিচ স্বপক্ষ পাত মাত্রং নিষিধ্যতে ন ব্যক্তিভেদঃ ॥ ৫০ ॥

কিঞ্চ ত্রিভুবনেতি। ত্রিভুবন বিভবায় কিমুত তদ্ধেতবে ইত্যর্থঃ। সর্ব্বোপি বাক্যো বিভাষয়ৈক বদ্ভবতীতি ন্যায়াদেক বচনং। কথং বিচারাৎ কিম্বাবেশাদেবেত্যাহ অকুণ্ঠা সঙ্কোচ মাত্র রহিতা স্মৃতি র্যস্য সঃ। তচ্চ তস্য যুক্তমেবেত্যাহ অজিতে হরাবেব আত্মা যেষাং

হরির প্রিয় ॥ ৪৯ ॥

ধনেতে যাঁহার স্বকীয় বা পরকীয় বলিয়া জ্ঞান নাই; সকল আত্মাতে যিনি ভেদ বুদ্ধি না করেন, অথচ সকল ভূতকেই সমান দেখেন এবং শান্ত চিত্ত হয়েন, তিনিই ভাগবতোত্তম ॥ ৫০ ॥

ত্রৈলোক্য রাজ্য লাভ উপস্থিত হইলেও ইন্দ্রাদি দেবগণের অন্বেষণীয় ভগবচ্চরণারবিন্দ হইতে লব নিমির্ষার্দ্ধ কালের নিমিত্তও যিনি বিচলিত হয়েন না, ভাগবচ্চরণারবিন্দকেই সার বলিয়া দৃঢ়

বিন্দাল্লব নিমিষার্দ্ধমপি স বৈষ্ণবাগ্র্যঃ॥ ৫১ ॥
ভগবত উরুবিক্রমাঙ্ঘ্রিশাখা নখমণি চন্দ্রি
কয়া নিরস্ততাপে। হৃদি কথমুপসীদতাং
পুনঃ স প্রভবতি চন্দ্র ইবোদিতেঽর্ক তাপঃ ॥ ৫২ ॥
বিসৃজতি হৃদয়ং ন যস্য সাক্ষাদ্ধরিরবশাদ
ভিহিতোঽপ্যঘৌঘনাশঃ। প্রণয় রসনয়াধৃ

কিন্তু কেবলং বিমৃগ্যাৎ তদপেক্ষয়া সর্ব্বস্য তুচ্ছত্বং স্মরন্ যো ন চলতীত্যর্থঃ ॥ ৫১ ॥

অপিচ বিষয়াভিসন্ধিনা চলনং কামেনাপি সন্তাপে সতি ভবেৎ। সতু ভগবৎ সেবা নিবৃত্তেন সম্ভবতীত্যাহ ভগবত ইতি। উরু বিক্রমৌচ তাবঙ্ঘ্রীচ তয়োঃ শাখা অঙ্গুলয়স্তাসু নখানি তান্যেব মণয় স্তেষাং চন্দ্রিকা শীতলা দীপ্তি স্তয়া নিরস্তাঃ কামাদি তাপা যস্মিন্ তস্মিন্ উপসীদতাং ভজতাং হৃদি কথং পুনঃ সতাপঃ প্রভবতি। চন্দ্রে উদিতে সতি অর্কস্য তাপ ইব। ন যস্য স্বঃপর ইত্যাদিনা শ্লোকত্রয়েণ যাদৃশ ইত্যস্যোত্তরমুক্তং বেদিতব্যং যদ্ব্রত ইত্যস্যচ হরিনামানীতি জ্ঞাতব্যং ॥ ৫২ ॥

উক্ত সমস্ত লক্ষণ সারমাহ বিসৃজতীতি। হরিরেব স্বয়ং সাক্ষাদ্যস্য হৃদয়ং ন বিসৃজতি ন মুঞ্চতি। কথংভূতঃ অবশেনাপ্যভিহিত মাত্রোঽপি। অঘৌঘং নাশয়তি যঃ সঃ।

ক্রমসন্দর্ভঃ।

তৈ ব্র্ হ্ম প্রভৃতিভিঃ সুরাদিভিরপি বিমৃগ্যাৎ দুর্ল্লভাদিত্যর্থঃ ॥ ৫১ ॥

তদেব দৃষ্টান্তমুপপাদয়তি ভগবত ইতি। চন্দ্রিকা তাপহারিণী দিপ্তিঃ ॥ ৫২ ॥

অত্র হরিঃ স্বয়ং ন বিসৃজতি। তেন ধৃতাঙ্ঘ্রি পদ্মশ্চেতি পরস্পর পরমাশক্তি র্দর্শিতা। সর্ব্ব এতৎ প্রেম স্ফূর্ত্তি পক্ষেতু তাদৃশ গুণে তত্র ভগবতি কো ন রজ্যেদিতি

নিশ্চয় করিয়াছেন, তিনিই বৈষ্ণব শ্রেষ্ঠ ॥ ৫১ ॥

অপিচ বিষয়াভিসন্ধি কামনা দ্বারা চিত্ত সন্তাপিত হয় সত্য, কিন্তু ভগবৎ সেবা পরায়ণ ব্যক্তিদিগের চিত্ত ঐ রূপ সন্তপ্ত হয় না, যেমন চন্দ্র উদিত হইলে আর সূর্য্যের উত্তাপ থাকিতে পারে না, তদ্রূপ ভগবান্ ত্রিবিক্রমের পদাঙ্গুলি নখ চন্দ্রিকা দ্বারা উপাসকের হৃদয়-তাপ নিবারিত হইলে, সে আর কিরূপে উদিত হইবে ॥ ৫২ ॥

মহারাজ। পূর্ব্বোক্ত সমুদায় লক্ষণের সার এই যে, যাঁহার নাম

তাঙ্ঘ্রিপদ্মঃ স ভবতি ভাগবতপ্রধান উক্তঃ ॥ ৫৩ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে বসুদেব নারদ সম্বাদে জায়ন্তেয়োপাখ্যানে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ২ ॥ * ॥

শ্রীরাজোবাচ ॥

পরস্য বিষ্ণোরীশস্য মায়িনামপি মোহিনীং।

তৎ কিং ন বিসৃজতি যতঃ প্রণয় রসনয়া ধৃতং হৃদয়ে বদ্ধমঙ্ঘ্রি পদ্মং যস্য সঃ ভাগবত প্রধান উক্তো ভবতি ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি একাদশে দ্বিতীয়ঃ ॥ * ॥

মায়া তত্তরণ ব্রহ্ম কর্ম্ম প্রশ্ন চতুষ্টয়ে। তৃতীয়ে তূত্তরং দত্ত মার্ষভৈ র্মুনিভিঃ পৃথক্ ॥০

ক্রমসন্দর্ভঃ।

তদভিপ্রায় ইতি ভাবঃ। অত্র বিশেষ জিজ্ঞাসায়াং ভক্তি সন্দর্ভোঽন্বেষণীয়ঃ ॥ ৫৩ ॥

॥ * ॥ ইত্যেকাদশ ক্রমসন্দর্ভে দ্বিতীয়ঃ ॥ * ॥

হরি কথামৃতমিতি তৎ স্বভাবত্বান্মায়া বর্ণনেপি তৎ প্রধানমেব তব বচো ভবেদিতি ভাবঃ ॥ ১ ॥ ২ ॥

অবশে উচ্চারিত হইলেও সমুদায় পাপ বিনষ্ট হয়, সেই হরি স্বয়ং যাঁহার হৃদয় পরিত্যাগ না করেন প্রেম রজ্জু দ্বারা বদ্ধ-পাদ হইয়া হৃদয়ে অবস্থিতি করেন, তিনি সমুদায় ভাগবতের মধ্যে প্রধান বলিয়া অভিহিত হয়েন ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি একাদশে দ্বিতীয় ॥ * ॥

তৃতীয় অধ্যায়ে মায়া, মায়া হইতে উত্তরণ, ব্রহ্ম, এবং কর্ম্ম, নিমিরাজের এই চারি প্রশ্নে প্রত্যেক যোগেন্দ্র কর্তৃক এক একটী প্রশ্নের উত্তর দান ॥ ০ ॥

রাজা কহিলেন, হে ঋষিগণ। পরম পুরুষ বিষ্ণুর যে মায়া মায়াবিদিগকেও মোহিত করে তাঁহার স্বরূপ জানিতে অভিলাষ করি,

মায়াং বেদিতুমিচ্ছামো ভগবন্তো ব্রুবন্তু নঃ ॥ ১ ॥
নানুতৃপ্যে জুষন্ যুষ্মদ্বচো হরিকথামৃতং।
সংসারতাপনিস্তপ্তো মর্ত্ত্যস্তত্তাপভেষজং ॥ ২ ॥
শ্রীঅন্তরীক্ষ উবাচ ॥
এভির্ভূতানি ভূতাত্মা মহাভূতৈর্মহাভুজ।

বিষ্ণোর্মায়ামিদং পশ্যন্নিত্যুক্তং অতো মায়াং পৃচ্ছতি পরস্যেতি। হে ভগবন্তঃ ॥ ১ ॥
ননূক্ত লক্ষণো ভাগবতো ভূত্বা কৃতার্থঃ স্যাৎ কিং বহু প্রশ্নৈরত আহ নানু তৃপ্য ইতি। সংসার তাপৈ নিতরাং তপ্তো হহং। তস্য তাপস্য ভেষজং যুষ্মদ্বচো জুষমাণো নানু তৃপ্যামি ॥ ২ ॥
মায়ায়াঃ স্বরূপতো নিরূপণাসম্ভবাৎ সৃষ্ট্যাদি কার্য্যদ্বারেণ নিরূপয়িতুমাহ এভিরিতি চতুর্দ্দশভিঃ। আদ্যঃ পুরুষঃ যয়া শক্ত্যা ভূতানামাত্মা কারণ ভূতঃ এভিঃ স্বসৃষ্টৈর্মহাভূতৈঃ উচ্চাবচানি সসর্জ এষা মায়া ভগবত ইতি চরম শ্লোক পাদস্য প্রতি শ্লোকমনুষঙ্গঃ। কিমর্থং সসর্জ স্বমাত্রাত্ম প্রসিদ্ধয়ে স্বং মিমীতে প্রমীয়তে য উপাস্তে স সমাত্তা তস্যাত্মনো জীবস্য প্রকৃষ্টায়ৈ সিদ্ধয়ে। যদ্বা স্বাংশভূতানাং জীবানাং মাত্রা প্রসিদ্ধয়ে মোক্ষায়

ক্রমসন্দর্ভঃ।
তত্র এষা মায়া ভগবত ইত্যুত্তরয়িষ্যমাণস্য সোপানমাহ এভিরিত্যাদি। এভির্মহদাদিভিঃ ক্রমেণ সৃষ্টৌ। স্বমাত্রে তস্য টীকায়াং ভক্তার্থ এব সৃষ্টৌ মুখ্যঃ প্রযত্ন ইতি

আপনারা তাহা আজ্ঞা করুন ॥ ১ ॥

যদি বলেন, পূর্ব্বোক্ত লক্ষণাক্রান্ত ভাগবত হইয়া কৃতার্থ হইবা, বহু প্রশ্নের প্রয়োজন কি? তাহার কারণ এই, আমি মর্ত্ত্য, সুতরাং সংসার তাপে অতিশয় উত্তপ্ত হইয়াছি, সেই তাপের মহৌষধ স্বরূপ হরি কথামৃতবর্ষি আপনাদিগের বাক্য শ্রবণ করিয়া তৃপ্ত হইতেছি না ॥ ২ ॥

অন্তরীক্ষ কহিলেন, হে রাজন্! মায়ার স্বরূপ নিরূপণ করা অসম্ভব, অতএব সৃষ্ট্যাদি কার্য্য দ্বারা নিরূপণ করি শ্রবণ কর, ভূত সকলের কারণ স্বরূপ আদ্য পুরুষ স্বীয় অংশভূত জীব সকলের বিষয়

লসর্জোচ্চাবচানাদ্যঃ স্বমাত্রাত্ম প্রসিদ্ধয়ে ॥ ৩ ॥
এবং সৃষ্টানি ভূতানি প্রবিষ্টঃ পঞ্চধাতুভিঃ।
একধা দশধাত্মানং বিভজন্ জুষতে গুণান্ ॥ ৪ ॥
গুণৈর্গুণান্ স ভুঞ্জান আত্মপ্রদ্যোতিতৈঃ প্রভুঃ।

চেত্যর্থঃ। তদুক্তং বেদস্তুতৌ। বুদ্ধীন্দ্রিয় মনঃ প্রাণান্ জনানামসৃজৎ প্রভুঃ। মাত্রার্থঞ্চ ভবার্থঞ্চ আত্মনে কল্পনায় চেতি ॥ ৩ ॥

এবং জীবোপকরণার্থং পঞ্চ ধাতুভি র্মহাভূতৈঃ সৃষ্ট্যান্তর্যামিরূপেণ প্রবিষ্টঃ একধা মনসা দশধা বাহেন্দ্রিয় রূপেণাত্মানং বিভজন্ গুণাং স্তত্তদ্বিষয়ান্ জুষতে জোষয়তীত্যর্থঃ। যদ্বা তমাত্মানং প্রতি গুণান্ বিভজন্ জুষতে প্রতীয়ত ইত্যর্থঃ ॥ ৪ ॥

সচ জীব আত্মনা অন্তর্যামিনা প্রদ্যোতিতৈ গুর্ণৈ রিন্দ্রিয়ৈ গুর্ণান্ বিষয়ান্ ভুঞ্জানঃ

ক্রমসন্দর্ভঃ।

প্রথমার্থে দর্শিতং। এতদেবচ বাস্তবং। প্রযত্নান্তরস্যানুসঙ্গিকত্বাৎ ॥ ৩ ॥

অতএব জুষতে গুণানিতি। গুণ দোষ দৃশি র্দোযো গুণ স্তূভয় বর্জিতঃ। নমযো কাস্ত ভক্তানাং গুণ দোষোস্তবাগুণা ইত্যাদি ন্যায়েন তাদৃশ ভক্তানাং স্বপ্রেম তদ্বিলাস রূপাণ্যেব প্রীত্যা সেবত ইত্যর্থঃ ॥ ৪ ॥

সতু জীবঃ প্রভুঃ প্রভূংশত্বাদযৎকিঞ্চিজ্জ্ঞানাদি শক্তি যুক্তোপীত্যর্থঃ। তত্র কারণন্তু তয়ং দ্বিতীয়াভি নিবেশত ইত্যাদাবেব দর্শিতং। যদ্বা স আদ্যঃ পুরুষঃ আত্মনা প্রকাশিতৈ গুর্ণৈঃ কারুণ্যাদিভি রুদিতান্ ভক্তি প্রেম তদ্বিলাসান্ ভুঞ্জান আস্বাদয়ন্ ইদং সৃষ্টঃ ভক্ত

ভোগ ও মুক্তির নিমিত্ত যে শক্তি দ্বারা মহাভূত সহকারে উচ্চ নীচ ভূতগণের সৃষ্টি করিয়াছেন, তাহাই ভগবানের মায়া ॥ ৩ ॥

এই প্রকারে পঞ্চ মহাভূত দ্বারা স্থূল ভূত সকল সৃষ্টি করিয়া অন্তর্যামি রূপে তন্মধ্যে প্রবেশ পূর্ব্বক এক মনো রূপে ও দশ ইন্দ্রিয় রূপে আত্মাকে বিভাগ করত গুণ অর্থাৎ ইন্দ্রিয় বিষয় সকল জীবকে ভোগ করাইতেছেন ॥ ৪ ॥

সেই জীব অন্তর্যামি প্রভু কর্ত্তৃক প্রকাশিত ইন্দ্রিয় দ্বারা বিষয় সকল ভোগ করত এই সৃষ্ট পাঞ্চভৌতিক শরীরকে আত্মা রূপে মানিয়া

মন্যমান ইদং সৃষ্টমাত্মানমিহ সজ্জতে ॥ ৫ ॥
কর্ম্মাণি কর্ম্মভিঃ কুর্ব্বন্ সনিমিত্তানি দেহভৃৎ।
তত্তৎ কর্ম্মফলং গৃহ্ণন্ ভ্রমতীহ সুখেতরং ॥ ৬ ॥
ইত্থং কর্ম্মগতি গচ্ছন্ বহ্বভদ্রবহা পুমান্।
আভূত সংপ্লবাৎ সর্গপ্রলয়াবশ্নুতেঽবশঃ ॥ ৭ ॥
ধাতূপপ্লব আসন্নে ব্যক্তং দ্রব্য গুণাত্মকং।
অনাদি নিধনঃ কালোঽব্যক্তায়াপকর্ষতি ॥ ৮ ॥

ইদং সৃষ্টং শরীরং আত্মানাং মন্যমান ইহ শরীরাদৌ সজ্জতে ॥ ৫ ॥

অতএব সংসরতীত্যাহ কর্ম্মাণীতি। কর্ম্মভিঃ কর্ম্মেন্দ্রিয়ৈঃ সনিমিত্তানি সবাসনানি কর্ম্মাণি কুর্ব্বন্ সুখেতরং দুঃখাত্মকং কর্ম্ম ফলং ॥ ৬ ॥

বহূনি অভদ্রাণি বহন্তি ইতি তথা তাঃ। সর্গ প্রলয়ৌ উৎপত্তি মরণে ॥ ৭ ॥

এবং মায়াময়ীং সৃষ্টিমুক্ত্বা প্রলয়ং দর্শয়িতুমারভতে। ধাতূনাং মহাভূতানাং উপপ্লবে নাশহেতাবাসন্নে ব্যক্তং কার্য্যং। দ্রব্যং স্থূলং গুণঃ সূক্ষ্মং তদাত্মকং। অব্যক্তায় অব্যক্তং প্রতি নেতুমাকর্ষতি ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

শরীরং আত্মানমাত্মদেহমেব মন্যমান ইহ ভক্ত শরীরে সজ্জতে। সাধবো হৃদয়ং মহ্য মিত্যাদেঃ ॥ ৫ ॥

সাধারণ জীবানাং গতিমাহ কর্ম্মাণীতি ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥ ৯ ॥ ১০ ॥

তাহাতেই আসক্ত হইতেছে ॥ ৫ ॥

সেই দেহী জীব কর্ম্মেন্দ্রিয় দ্বারা বাসনা সহিত কর্ম্ম সকল সম্পন্ন করত দুঃখাত্মক সেই সকল কর্ম্ম ফল ভোগ করিয়া এই সংসার পথে ভ্রমণ করিতেছে ॥ ৬ ॥

এই রূপে জীব বহু অমঙ্গলবাহি কর্ম্ম গতিতে ভ্রমণ করতঃ প্রলয় পর্য্যন্ত অবসন্ন হইয়া জন্ম মরণ প্রাপ্ত হয় ॥ ৭ ॥

মহাভূত সকলের নাশ হেতু প্রলয় উপস্থিত হইলে আদ্যন্ত রহিত কাল স্থূল সূক্ষ্ম কাল সকলকে অব্যক্তে অর্থাৎ কারণের প্রতি আনয়ন করিবার নিমিত্ত আকর্ষণ করেন ॥ ৮ ॥

শতবর্ষাহ্যনাবৃষ্টি র্ভবিষ্যত্যুল্বণা ভুবি।
তৎকালোপচিতোষ্ণার্কো লোকাংস্ত্রীন্ প্রতপিষ্যতি ॥ ৯ ॥
পাতালতলমারভ্য সঙ্কর্ষণমুখানলঃ।
দহন্নূর্দ্ধশিখো বিষ্বগ্বর্দ্ধতে বায়ুনেরিতঃ ॥ ১০ ॥
সম্বর্ত্তকো মেঘগণো বর্ষতিস্ম শতং সমাঃ।
ধারাভির্হস্তিহস্তাভির্লীয়তে সলিলে বিরাট্ ॥ ১১ ॥
ততো বিরাজমুৎসৃজ্য বৈরাজঃ পুরুষো নৃপ।

নাশ হেতুনাহ শতবর্ষেতি। তস্মিন্ কালে উপচিত শ্চাসৌ উষ্ণশ্চাসাবর্কশ্চেতি। যদ্বা তেন কালেনোপচিতমুষ্ণত্বং যস্য সঃ ॥ ৯ ॥

ঊর্দ্ধশিখঃ উচ্চ জ্বালঃ বিষ্বক্ পরিতঃ ॥ ১০ ॥

সম্বর্ত্তকঃ প্রলয়কর্ত্তা ধারাভি র্নতু বিন্দুভিঃ হস্তিহস্তাভিস্তৎ প্রমাণাভিঃ ॥ ১১ ॥

তত উপাধিলয়াৎ বৈরাজঃ পুরুষো হব্যক্তং কারণং প্রবিশতি। নমু ব্রহ্মণা সহ তে সর্ব্বে সংপ্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি হরেঃ পদমিতি স্মৃতেঃ। যাদবধিকারমবস্থিতি রাধিকারিকাণামিতি ন্যায়াচ্চ বৈরাজ শব্দাভিধেয়স্য ব্রহ্মণঃ পরম ভাগবতত্বাৎ মোক্ষ এব সঙ্গচ্ছতে নান্যেষামিব কারণমাত্র প্রবেশঃ সত্যং অশ্বমেধাদিনা

ক্রমসন্দর্ভঃ।

সম্বর্ত্তকঃ তদগ্নি ধূমাভ্যাং সূর্য্যাকৃষ্ট রসেন জাতঃ ॥ ১১ ॥

তত ইতি পূর্ব্বস্য সমষ্টি জীবানামপি বৈরাজ এব বলয়ো জ্ঞেয়ঃ। বৈরাজো হত্র

সেই প্রলয় কাল উপস্থিত হইলে শত বর্ষ অনাবৃষ্টি হইবে এবং তৎ কালে সূর্য্য অত্যন্ত উষ্ণ হইয়া ত্রিলোকী উত্তপ্ত করিবেন ॥ ৯ ॥

এবং সঙ্কর্ষণ মুখ হইতে অনল উত্থিত হইয়া বায়ু সহকারে বর্দ্ধিত হওত ঊর্দ্ধ শিখায় পাতাল তল অবধি সমুদায় বিশ্ব দগ্ধকরত সর্ব্বত্র ব্যাপ্ত হইবে ॥ ১০ ॥

সম্বর্ত্তক নামে মেঘগণ হস্তি শুণ্ড সদৃশ ধারা সহকারে শত বর্ষ বর্ষণ করিবে এবং সেই জলে বিরাট্ অর্থাৎ বিশ্ব বিলীন হইবে ॥ ১১ ॥

হে নৃপ! তখন বৈরাজ পুরুষ স্বীয় উপাধি বিরাটকে পরিত্যাগ

অব্যক্তং বিশতে সূক্ষ্মং নিরিন্ধনমিবানলঃ ॥ ১২ ॥
বায়ুনা হৃতগন্ধা ভূঃ সলিলত্বায় কল্পতে।
সলিলং তদ্ধৃতরসং জ্যোতিষ্ট্বায়োপকল্পতে ॥ ১৩ ॥
হৃতরূপন্তু তমসা বায়ৌ জ্যোতিঃ প্রলীয়তে।
হৃতস্পর্শো হবকাশেন বায়ুর্নভসি লীয়তে ॥ ১৪ ॥

সত্যলোকং গতানামপ্যভক্তানামাবৃত্তি শ্রবণাদভক্তস্থে ব্রহ্মণোঽপি প্রকৃতৌ লয়ঃ পুনরুৎপত্তি শ্চেতি মোক্ষ দৌর্লভ্য সূচনায়ৈব মুক্তমিত্যবিরোধঃ। যদ্বা কেনাপি প্রকারেণ ব্যজ্যত ইত্যব্যক্তং ব্রহ্মৈব তৎ প্রবেশেনচ মোক্ষ এবোক্ত ইতি দ্রষ্টব্যং ॥ ১২ ॥

এবং বিরাজ লয় মুক্ত্বা তৎ কারণানাঞ্চ মহদাদি পৃথিব্যন্তানাং প্রাতিলোম্যেন লয়মাহ বায়ুনেতি। বায়ো র্হি গন্ধরসহারিত্বং প্রসিদ্ধং। সংবর্ত্তকেন বায়ুনা হৃতগন্ধা অতএব গন্ধস্ত ব্যাবর্ত্তকস্ত গতত্বাৎ সলিলত্বায় কল্পতে সলিলে লীয়তে ইত্যর্থঃ। তদ্ধৃত রসং তেন বায়ুনৈব হৃতো রসো যস্ত তৎ ॥ ১৩ ॥

তমসশ্চ রূপতিরস্কারিত্বং প্রসিদ্ধং। সংবর্ত্তকেন তমসা। অবকাশেন স্বাবকাশেন আকাশেন স্বকারণেন ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

সমষ্টি জীবঃ ॥ ১২ ॥

বায়ুনা তদ্ধহি রাবরণ রূপেণ হৃত গন্ধেতি কাঠিন্যস্ত তু স্পর্শ বিশেষ রূপত্বাদ্বায়ু গুণত্বেন সচ তত্রৈব প্রবিশতীতি ভাবঃ ॥ ১৩ ॥

তমসেতি বাহ্যাবরণমারভ্য প্রকৃত্যাবরণ ব্যাপকেনেতি জ্ঞেয়ং ॥ ১৪ ॥ ১৫ ॥ ১৬ ॥

করিয়া ইন্ধন শূন্য অনলের ন্যায় সূক্ষ্ম অব্যক্তে প্রবেশ করিবেন ॥ ১২ ॥

পৃথিবী সম্বর্ত্তক বায়ু দ্বারা হৃত গন্ধ হইয়া জলে বিলীন হইবে এবং জল হৃত রস হইয়া জ্যোতিতে কল্পিত হইবে ॥ ১৩ ॥

অন্ধকারে হৃত রূপ হইয়া জ্যোতি বায়ুতে লীন হইবে এবং আকাশ দ্বারা হৃত স্পর্শ বায়ুও আকাশে প্রবিষ্ট হইবে ॥ ১৪ ॥

কালাত্মনা হৃত গুণং নভ আত্মনি লীয়তে ॥ ১৫ ॥
ইন্দ্রিয়াণি মনো বুদ্ধিঃ সহ বৈকারিকৈ র্নৃপ।
প্রবিশন্তি হ্যহঙ্কারং স্বগুণৈরহমাত্মনি ॥ ১৬ ॥
এষা মায়া ভগবতঃ সর্গস্থিত্যন্তকারিণী।
ত্রিবর্ণা বর্ণিতাস্মাভিঃ কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ॥ ১৭ ॥
রাজোবাচ ॥
যথৈতামৈশ্বরীং মায়াং দুস্তরামকৃতাত্মভিঃ।

কালাত্মনা শব্দস্য হি কালত এব নাশঃ প্রসিদ্ধঃ। তদ্রূপেণাত্মনা ঈশ্বরেণ আত্মনি তামসা হহঙ্কারে ॥ ১৫ ॥

ইন্দ্রিয়াণি বুদ্ধিশ্চ রাজসাহঙ্কারং। মনো বৈকারিকৈ র্দেবৈঃ সহ সাত্বিকাহঙ্কারং। এবং ত্রিবিধৈঃ স্বগুণৈঃ স্বকার্য্যৈঃ সহিতঃ অহঙ্কারঃ আত্মনি মহতি। সচ প্রাকৃতাবিতি দ্রষ্টব্যং ॥ ১৬ ॥

ত্রিবর্ণা ত্রিগুণা মায়া শ্রবণ ভীতং রাজানং তন্নিবৃত্ত্যুপায় শ্রবণে স্বয়ং ছন্দয়তি কিং ভূয় ইতি ॥ ১৭ ॥

এবমনু কম্পিত স্তন্নিবৃত্ত্যুপায়মেব পৃচ্ছতি যথৈতামিতি। যদ্যপি তন্মায়য়াতো বুধ

ক্রমসন্দর্ভঃ।

এষা ঈদৃশ কার্য্যরূপেত্যর্থঃ ॥ ১৭ ॥

বয়ং তাবৎ শৃণ্বন্ সুভদ্রাণীত্যাদিনা তদুপায়ং জ্ঞাতবন্ত এব। স্থূল ধিয়ঃ স্থূলে কর্ম্মণ্য

পরে কাল কর্ত্তৃক হৃত গুণ আকাশও তামস অহঙ্কার রূপ আত্মাতে লীন হইবে ॥ ১৫ ॥

হে রাজন্! ইন্দ্রিয় সকল, মন ও বুদ্ধি ইহারা বৈকারিক গুণের সহিত সাত্বিক অহঙ্কার ও মহত্তত্ত্বে বিলীন হইবে ॥ ১৬ ॥

হে রাজন্! ভগবানের এই সৃষ্টি স্থিতি বিনাশকারিণী ত্রিগুণ রূপা মায়ার স্বরূপ বর্ণন করিলাম, এক্ষণে আপনি কি শুনিতে ইচ্ছা করেন বলুন ॥ ১৭ ॥

রাজা এই প্রকার অনুকম্পিত হইয়া ঐ মায়ার নিবৃত্তি উপায়

তরন্ত্যঞ্জঃ স্থূলধিয়ো মহর্ষ ইদমুচ্যতাং ॥ ১৮ ॥
শ্রীপ্রবুদ্ধ উবাচ ॥
কর্ম্মণ্যারভমাণানাং দুঃখহত্যৈ সুখায়চ ।
পশ্যেৎপাকবিপর্য্যাসং মিথুনীচারিণাং নৃণাং ॥ ১৯ ॥
নিত্যার্ত্তিদেন বিত্তেন দুর্ল্লভেনাত্মমৃত্যুনা ।
গৃহাপত্যাপ্তঃ পশুভিঃ কা প্রীতিঃ সাধিতৈশ্চলৈঃ ॥ ২০ ॥

আভজেত্তমিতি ভক্তি স্তত্তারকত্বেনোক্তৈব । তথাপি কিং ভক্তিরেবাস্তোঽপি বা তত্রো পায়ো হন্তীতি জ্ঞাতুং পুনঃ প্রশ্নঃ । অকৃতাত্মভিরবশীকৃতান্তঃকরণৈঃ স্থূলধিয়ঃ স্থূলে শরীরে হহং ধীর্যেষাং তে । যদ্বা স্থূলা জড়া ধীর্বুদ্ধি র্যেষাং নতু সূক্ষ্ম কার্য্যকারণাত্মিকা ॥ ১৮ ॥

ভক্তি ব্যতিরেকেণ নাস্তন্য উপায় ইত্যভিপ্রেত্য ভক্তিমেব সসাধনাং নিরূপয়তি । তত্র প্রথমং বৈরাগ্য দ্বারা গুরূপসত্তিমাহ চতুর্ভিঃ কর্ম্মাণীতি । দুঃখ প্রতীকারায় পাক বিপর্য্যাসং ফলবৈপরীত্যং । মিথুনীচারিণাং মিথুনীভূয় প্রবর্ত্তমানানাং ॥ ১৯ ॥

কর্ম্মভিঃ সাধিতা অপি বিত্তাদয়ো ন সুখ হেতব ইত্যাহ নিত্যার্ত্তিদেনেতি আত্মনঃ স্বস্য মৃত্যু রূপেণ । চলৈরনিত্যৈরপায়িভিঃ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ ।

খমেধাদাবেব ধীঃ প্রতীতি র্যেষাং তে যথা অঞ্জস্তরন্তীত্যর্থঃ ॥ ১৮ ॥

অথ প্রথমস্ত স্তেষাং তত্র কর্ম্মণ্যনাদরং জনয়তি । কর্ম্মাণীতি ত্রিভিঃ ॥ তত্র দৃষ্টান্তো দ্বাভ্যাং দার্ষ্ট্রান্তিকমেকেনেতি ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥

জিজ্ঞাসা করিলেন হে মহর্ষিগণ ! যাহার মনঃ আত্ম বশে নাই ঈদৃশ লোকের দুস্তর এই ঐশ্বরী মায়াকে যে রূপে স্থূল বুদ্ধি লোক সহসা উত্তীর্ণ হইতে পারে তাহাই আজ্ঞা করুন ॥ ১৮ ॥

প্রবুদ্ধ কহিলেন, হে মহারাজ ! বিশুদ্ধ চিত্ত ব্যক্তি, দুঃখ প্রতিকার ও সুখ প্রাপ্তির নিমিত্ত কর্ম্মাচরণকারি মিথুনধর্ম্ম পরায়ণ লোকদিগের কর্ম্ম ফলের বৈপরীত্য দর্শন করিবেন ॥ ১৯ ॥

আপনার মৃত্যু স্বরূপ, নিত্য পীড়াদায়ক, দুর্ল্লভ বিত্ত দ্বারা বা কর্ম্ম জন্য অতি চঞ্চল গৃহ, অপত্য, বন্ধু ও পশু দ্বারা কি তৃপ্তি সাধিত হইবে ? ॥ ২০ ॥

এবং লোকং পরং বিদ্যান্নশ্বরং কর্ম্মনির্ম্মিতং।
সতুল্যাতিশয় ধ্বংসং যথা মণ্ডলবর্ত্তিনাং ॥ ২১ ॥
তস্মাদ্গুরুং প্রপদ্যেত জিজ্ঞাসুঃ শ্রেয় উত্তমং।

কর্ম্মনির্ম্মিতত্বাৎ নশ্বরং। তথাচ শ্রুতিঃ। তদ্যথেহ কর্ম্ম জিতো লোকঃ ক্ষীয়তে এব মেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়ত ইতি। কিঞ্চ বর্ত্তমান সময়েঽপি দুঃখ যুক্তং পশ্যেদিত্যাহ সতুল্যাতিশয় ধ্বংসং সহ তুল্যোনাতিশয়েন ধ্বংসেনচ বর্ত্তমানং অতস্তুল্যে স্পর্দ্ধা। অতিশয়ে হসূয়া। ধ্বংসালোচনে ভয়াদিকক্ষাপরিহার্য্যমিত্যর্থঃ। যথা খণ্ড মণ্ডলপতীনাং মিথ স্পর্দ্ধাদি তদ্বৎ ॥ ২১ ॥

উত্তমং শ্রেয়ো জ্ঞাতুমিচ্ছুঃ। শাব্দে ব্রহ্মণি বেদাখ্যে ন্যায়তো ব্যাখ্যানতো নিষ্ণাতং তত্বজ্ঞং অন্যথা সংশয় নিরাসকত্বাযোগাৎ। পরেচ ব্রহ্মণি অপরোক্ষানুভবেন নিষ্ণাতং।

ক্রমসন্দর্ভঃ।

এষমেব কুর্ব্বীতেত্যাহ তস্মাদিত্যাদিনা ॥ ২২ ॥

এই রূপ কর্ম্ম জন্য সমুদায় লোককে অত্যন্ত নশ্বর বলিযা জানিবে, যেমন খণ্ডমণ্ডলবর্ত্তি রাজাদিগের তুল্যের প্রতি স্পর্দ্ধা, অতিশয়ের প্রতি অসূয়া ও ধ্বংসাবলোকনে ভয় হয়, তদ্রূপ সমুদায় লোককেই জানিবে ॥ ২১ ॥

অতএব যে ব্যক্তি উত্তম শ্রেয়ঃ অর্থাৎ মোক্ষ লাভে অভিলাষ করিবেন তিনি বেদাখ্য শব্দ ব্রহ্মের ন্যায়ানুগত ব্যাখ্যায় নিপুণ ও পরব্রহ্ম ভগবানে নিষ্ঠা প্রাপ্ত এবং ক্রোধ লোভাদির অবশীভূত গুরু-দেবের নিকট গমন করিবেন ॥

তাৎপর্য্য। যাঁহাকে গুরু বলিয়া স্বীকার করিতে হইবে প্রথমত তাঁহার এই সকল লক্ষণ দেখিতে হইবে, তিনি বেদাখ্য শব্দ ব্রহ্মে পারদর্শী হইবেন, নতুবা শিষ্যের সন্দেহ ছেদন করিতে পারিবেন না, তন্নিবন্ধন শিষ্যের বৈমনস্য জন্মিবে এবং তাঁহার ভগবানে নিষ্ঠা দেখিতে হইবেক নতুবা তাঁহার কৃপা ফলবতী হইবে না, এবং তাঁহার ক্রোধ

শাব্দে পরেচ নিষ্ণাতং ব্রহ্মণ্যুপসমাশ্রয়ং ॥ ২২ ॥
তত্র ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষেদ্গুর্ব্বাত্ম দৈবতঃ।
অমায়য়ানুবৃত্ত্যায়ৈ স্তুষ্যেদাত্মাত্মদো হরিঃ ॥ ২৩ ॥
সর্ব্বতো মনসোঽসঙ্গমাদৌ সঙ্গঞ্চ সাধুষু।
দয়াং মৈত্রীং প্রশ্রয়ঞ্চ ভূতেম্বদ্ধা যথোচিতং ॥ ২৪ ॥

অন্যথা বোধ-সঞ্চারাযোগাৎ। পরব্রহ্মনিষ্ণাতত্বদ্যোতকমাহ উপশমাশ্রয়মিতি ॥ ২২ ॥

গুরুরেব আত্মা দৈবতঞ্চ যস্য সঃ। অনুবৃত্ত্যা সেবয়া যৈ র্ধর্ম্মৈঃ বস্তুত আত্মা আত্মপ্রদশ্চ উপাসকানাং যথা বলি প্রভৃতীনাং ॥ ২৩ ॥

যথোচিতমিতি হীনেষু দয়াং। সমেষু মৈত্রীং। উত্তমে প্রশ্রয়ঞ্চ শিক্ষেদিত্যর্থঃ ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র ভাগবতানিত্যষ্টকং। আত্মা সর্ব্ব মূল স্বরূপত্বাদসমোর্দ্ধানন্দরূপ আনন্দাদ্ধ্যেবমানি ভূতানি জায়ন্তে ইতি শ্রুতেঃ। তস্যাপি দাতা ভক্তসাৎকর্ত্তা। কাম্য কর্ম্মাধিকার বিষয়মিদং প্রকরণমিত্যাপাততো শ্রদ্ধামাশঙ্ক্য শ্রদ্ধা দ্বার ভূতানাহ সর্ব্বত ইত্যাদিনা। ততঃ শুদ্ধান্তঃকরণ তয়া জাত শ্রদ্ধাং স্তান্ প্রতি সাক্ষাদ্ভক্তি রূপানাহ। শ্রবণ মিত্যাদিনা। তত্র শ্রবণমিত্যাদি যুগ্মকং ননু পূর্ব্বং যদযজ্ঞাদি কর্ম্ম কৃতং। যচ্চ দারাদিকং দ্রব্যং সংচিতং তত্বৎ কিং কর্ত্তব্যং তত্রাহ ইষ্টমিতি এবং পূর্ব্বরীত্যাবস্থায়াং স্থাবর জঙ্গময়োঃ পরিচর্য্যা

লোভাদি থাকিবে না, এরূপ লক্ষণাক্রান্ত গুরু হইলে তাঁহারই উপদেশ গ্রহণ করিবে এতদ্ভিন্ন অন্যের উপদেশ লইবে না ॥ ২২ ॥

এবং তথায় গিয়া উপাসকের আত্মপ্রদ আত্মা হরি যাহাতে পরিতুষ্ট হয়েন সেই রূপ অনুবৃত্তি দ্বারা গুরু সেবা করত তাঁহাকে দেবতা জ্ঞান করিয়া ভাগবত ধর্ম্ম শিক্ষা করিবেক ॥ ২৩ ॥

প্রথমত সকল বিষয় হইতে মনের আসক্তি পরিহার পূর্ব্বক সতের সহিত সঙ্গ করিবে, পরে হীন লোকের প্রতি দয়া, সমান লোকের সহিত মিত্রতা, ও আপনা হ [illegible] কর প্রতি সম্মান শিক্ষা করিবেক ॥ ২৪ ॥

শৌচং তপস্তিতিক্ষাঞ্চ মৌনং স্বাধ্যায়মার্জবং।
ব্রহ্মচর্য্যমহিংসাঞ্চ সমত্বং দ্বন্দ্ব সংজ্ঞয়োঃ ॥ ২৫ ॥
সর্ব্বত্রাত্মেশ্বরান্বীক্ষাং কৈবল্যমনিকেততাং।
বিবিক্ত চীর বসনং সন্তোষং যেন কেনচিৎ ॥ ২৬ ॥

শৌচং বাহ্যং মৃজ্জলাদিভিঃ। আভ্যন্তরঞ্চ অদম্ভমানাদি শিক্ষেৎ। তপঃ স্বধর্ম্মাচরণং তিতিক্ষাং ক্ষমাং। মৌনং বৃথা বাচামনুচ্চারণং। স্বাধ্যায়ং অধিকারানুরূপং বেদ পাঠাদিকং। আর্জবং স্বচ্ছতাং ব্রহ্মচর্য্যং যস্ত যাদৃগুচিতং। ঋতুষু স্বদার নিয়মাদি। অহিংসাং ভূতেষদ্রোহং। দ্বন্দ্বসংজ্ঞয়োঃ শীতোষ্ণ সুখ দুঃখাদি রূপয়োঃ হর্ষবিষাদরাহিত্যং ॥ ২৫ ॥

আত্মেশ্বরান্বীক্ষাং সচ্চিদ্রূপেণ আত্মেক্ষাং নিয়ন্তৃরূপেণ ঈশ্বরান্বীক্ষাঞ্চ। কৈবল্যং একান্ত শীলত্বং। অনিকেততাং গৃহাদ্যভিমান রাহিত্যং। বিবিক্ত চীরবসনং বীজন পতিতানাং শুদ্ধানাং বা বল্কলাদীনাং বা পরিধানং ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র উৎকর্ষেণ নৃষু ততঃ সাধুষু ততঃ শ্রীভাগবত মাত্রেষু যথার্হং শিক্ষেৎ। কৃষ্ণএব আত্মনাথো পরম প্রেমাস্পদং যেষাং তেষু শ্রীভাগবত বিশেষেষু তু সৌহৃদং শিক্ষেৎ। তত্তদ্বিশেষানুসন্ধানেন ক্রমেণ মনস্থানয়েদিত্যর্থঃ ॥ ২৩ ॥ ২৪ ॥ ২৫ ॥ ২৬ ॥ ২৭ ॥ ২৮ ॥ ২৯ ॥ ৩০ ॥ ৩১ ॥

তদনন্তর বাহ্যাভ্যন্তর শৌচ অর্থাৎ মৃত্তিকা ও জল দ্বারা বাহ্য শৌচ এবং দম্ভ মানাদি পরিত্যাগ নিবন্ধন আন্তরিক শৌচ, তৎপরে স্বধর্ম্মাচরণ, ক্ষমা, মৌন অর্থাৎ ব্যর্থ বাক্যের অনুচ্চারণ, স্বাধ্যায় (অধিকারানুরূপ বেদ পাঠ) শরলতা, ব্রহ্মচর্য্য অর্থাৎ ঋতুকালে স্বদার নিয়মাদি, অহিংসা (প্রাণি মাত্রের অনিষ্ট চিন্তা না করণ) ও শীতোষ্ণ সুখ দুঃখাদি সহন শিক্ষা করিবেক ॥ ২৫ ॥

তৎপরে সর্ব্বত্র সচ্চিৎ রূপে আত্মার ঈক্ষণ, নিয়ন্তা রূপে ঈশ্বরের ঈক্ষণ, নির্জন প্রদেশে বাস, গৃহাদির প্রতি অভিমান রাহিত্য, বিজন পতিত শুদ্ধ বল্কল পরিধান, এবং যে কোন প্রকারে হউক সন্তোষ, শিক্ষা করিবেন ॥ ২৬ ॥

শ্রদ্ধাং ভাগবতে শাস্ত্রে অনিন্দামন্যত্র চাপিহি।
মনো বাক্ কায়দণ্ডঞ্চ সত্যং শমদমাবপি ॥ ২৭ ॥
শ্রবণং কীর্ত্তনং ধ্যানং হরেরদ্ভুত কর্ম্মণঃ।
জন্ম কর্ম্ম গুণানাঞ্চ তদর্থেঽখিল চেষ্টিতং ॥ ২৮ ॥
ইষ্টং দত্তং তপো জপ্তং বৃত্তং যচ্চাত্মনঃ প্রিয়ং।
দারান্ গৃহান্ সুতান্ প্রাণান্ যৎ পরস্মৈ নিবেদনং ॥ ২৯ ॥

ভাগবতে ভগবৎ প্রতিপাদকে অন্যত্র শাস্ত্রাদৌ চ যা অনিন্দতাং। মনসঃ প্রাণায়ামৈঃ। বাচো মৌনেন। কর্ম্মণো হনীহয়া দণ্ডং। সত্যং যথার্থ ভাষণং। শমদমৌ অন্তঃকরণ বাহ্যেন্দ্রিয় নিগ্রহৌ ॥ ২৭ ॥
হরে র্জন্ম কর্ম্ম গুণানাং শ্রবণাদি তদর্থে হর্য্যুদ্দেশেন সর্ব্বং কর্ম্ম ॥ ২৮ ॥
বিশেষতশ্চ যজনাদি যচ্চ তৎ তদর্থে শিক্ষেৎ। "ইষ্ট" দত্তমিত্যাদয়ো ভাবনিষ্ঠা বৃত্তং সদাচারঃ। আত্মনঃ প্রিয়ং গন্ধ পুষ্পাদি দারাদীনপ্যালক্ষ্য পরস্মৈ পরমেশ্বরায় নিবেদনং তৎ সেবক তয়া সমর্পণং যত্তচ্ছিক্ষেৎ ॥ ২৯ ॥

ভগবৎ প্রতিপাদক শাস্ত্রে শ্রদ্ধা, অন্য শাস্ত্রে অনিন্দা, মনঃ বাক্য ও শরীরের দণ্ড অর্থাৎ প্রাণয়াম দ্বারা মনের দণ্ড, মৌন দ্বারা বাক্যের দণ্ড এবং কর্ম্ম না করণ নিবন্ধন শরীরের দণ্ড, সত্য (যথার্থ ভাষণ) ও শম দমাদি অর্থাৎ অন্তরেন্দ্রিয় ও বাহ্যেন্দ্রিয় নিগ্রহ শিক্ষা করিবেক ॥ ২৭ ॥

অদ্ভুত কর্ম্মা হরির জন্ম কর্ম্ম ও গুণ সকলের শ্রবণ কীর্ত্তন ও ধ্যান এবং তাঁহারই উদ্দেশে সমুদায় কর্ম্ম করিবেক ॥ ২৮ ॥

ইষ্ট, দান, তপস্যা, জপ, সদাচার, আপনার প্রিয় বস্তু, কলত্র, পুত্র, গৃহ, ও প্রাণ এ সমুদায় পরমেশ্বরে নিবেদন করিবেক ॥

তাৎপর্য্য। ইষ্ট শব্দে বিষ্ণু সম্প্রদানক যাগ, দত্ত শব্দে বিষ্ণু বৈষ্ণব সম্প্রদানক দান, তপস্যা শব্দে একাদশী প্রভৃতির ব্রত, জাপ শব্দে বিষ্ণু মন্ত্র জপ এবং আপনার যাহা প্রিয় তৎ সমুদায় পরমেশ্বরে নিবেদন করিবেক, আর কলত্র পুত্রাদি সকলকে ভগবৎ সেবার্থ নিযোজন করিবেক ॥ ২৯ ॥

এবং কৃষ্ণাত্মনাথেষু মনুষ্যেষুচ সৌহৃদং।
পরিচর্য্যা চোভয়ত্র মহৎসু নৃষু সাধুষু॥ ৩০ ॥
পরস্পরানুকথনং পাবনং ভগবদ্‌যশঃ।
মিথোরতির্মিথ স্তুষ্টি র্নিবৃত্তির্মিথ আত্মনঃ॥ ৩১ ॥
স্মরন্তঃ স্মারয়ন্তশ্চ মিথোঘোঘহরং হরিং।
ভক্ত্যা সংজাতয়া ভক্ত্যা বিভ্রত্যুৎপুলকাং তনুং॥ ৩২ ॥

কৃষ্ণএব আত্মনাথশ্চ যেষাং কৃষ্ণ আত্মনো জীবস্য নাথো যেষামিতি বা তেষু উভয়ত্র স্থাবরে জঙ্গমেচ যা পরিচর্য্যা তাং বিশেষতো নৃষু তত্রাপি সাধুষু ধর্ম্ম শীলেষু তত্রাপি মহৎসু শ্রীভাগবতেষু॥ ৩০ ॥

তৈঃ সহ সঙ্গমা যৎপাবনং ভগবদ্যশঃ তস্য পরস্পরানুকথনং শিক্ষেৎ যদ্বা যশঃ প্রতি তত্র সংস্পর্দ্ধাদি পরিত্যাগেন রতিঃ রমণং যাচ তুষ্টিঃ সুখং যাচ নিবৃত্তিঃ সমস্ত দুঃখ নিবৃত্তি স্তাং শিক্ষেৎ॥ ৩১ ॥

এবং বর্ত্তমানানাং পরস্পরমানন্দ প্রাপ্তিমাহ স্মরন্ত ইতি দ্বয়েন। ভক্ত্যা সাধন ভক্ত্যা সংজাতয়া প্রেমলক্ষণয়া॥ ৩২ ॥

ক্রমসন্দর্ভঃ।

সাক্ষাদ্ভক্তি ফলমাহ স্মরন্ত ইতি দ্বয়েন॥ ৩২ ॥ ৩৩ ॥

এই রূপ কৃষ্ণভক্ত মনুষ্যের সহিত সৌহৃদ্য ভাব ও স্থাবর জঙ্গমে পরিচর্য্যা, বিশেষতঃ মনুষ্যে, তন্মধ্যে স্বধর্ম্ম শীলে, তন্মধ্যে আবার সাধু ব্যক্তিতে পরিচর্য্যা শিক্ষা করিবেক॥ ৩০ ॥

অনন্তর ভগবদ্ভক্তের সঙ্গ লাভ হইলে পবিত্র ভগবদ্যশের পরস্পর কথোপকথন, পরস্পর প্রণয়, সন্তোষ ও দুঃখ নিবৃত্তি শিক্ষা করিবেক॥ ৩১ ॥

এই প্রকার সাধন ভক্তির দ্বারা সাধ্য ভক্তি প্রাপ্তি কহিতেছেন, হে রাজন্‌! সর্ব্ব পাপ বিনাশন ভগবান্‌ হরিকে পরস্পর স্মরণ করিবেক ও অন্যকে স্মরণ করিয়া দিবেক এবং সাধনভক্তি দ্বারা প্রেম উৎপন্ন হইলে তদ্দ্বারা পুলকিত শরীর ধারণ করিবেক॥ ৩২ ॥

ক্বচিদ্রুদন্ত্যচ্যুত চিন্তয়া ক্বচিদ্ধসন্তি নন্দন্তি
বদন্ত্যলৌকিকাঃ। নৃত্যন্তি গায়ন্ত্যনুশী
লয়ন্ত্যজং ভবন্তি তূষ্ণীং পরমেত্য নির্বৃতাঃ॥ ৩৩॥
ইতি ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষন্ ভক্ত্যা তদুত্থয়া।
নারায়ণপরো মায়ামঞ্জস্তরতি দুস্তরাং॥ ৩৪॥
শ্রীরাজোবাচ॥
নারায়ণাভিধানস্য ব্রহ্মণঃ পরমাত্মনঃ।

অজং হরিং অনুশীলয়ন্তি তল্লীলামভিনয়ন্তি এবং পরমেত্য প্রাপ্য নির্বৃতাঃ সন্ত তূষ্ণীং ভবন্তি॥ ৩৩॥

উপসংহরতি ইতীতি। শ্রীভাগবত ধর্ম্মোৎপন্নয়া ভক্ত্যা॥ ৩৪॥

নারায়ণ পরো মায়াং তরতীত্যুক্তে পৃচ্ছতি নারায়াভিধানস্যেতি নিষ্ঠাং স্বরূপং অয়ং ভাবঃ ব্রহ্মৈব তাবন্নারায়ণ ইতি ভগবানিতি পরমাত্মেতি চোচ্যতে তদুক্তং। বদন্তি তত্তত্ত্ব বিদস্তত্ত্বং যজ্জ্ঞানমদ্বয়ং। ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ইতি। তথা নারায়ণে ভগবতি তদিদং বিশ্বমাহিতং। গৃহীত মায়োরুগুণঃ সর্গাদাবগুণঃ স্বত ইত্যাদিষু।

ক্রমসন্দর্ভঃ।

তদানুসঙ্গিক ফলমাহ ইতীতি॥ ৩৪॥

নারায়ণাভিধানস্যেতি তৈঃ তত্র নারায়ণ ইতি ভগবানীতিতি। নারায়ণ ইতি নাম ভগবানিত্যর্থঃ। যদ্বা নারায়ণাভিধানস্য ভগবতঃ। ব্রহ্মেতি পরমাত্মেত্যাদি প্রসিদ্ধ তৎ

কখন কৃষ্ণ চিন্তায় রোদন করিতে থাকে, কখন হাস্য করে, কখন আহ্লাদিত হয়, কখন অলৌকিক বাক্য বলে, কখন নৃত্য, কখন গীত, কখন কৃষ্ণানুশীলন এবং কখন নির্বৃত হইয়া তূষ্ণীম্ভাব অবলম্বন করে॥ ৩৩॥

হে রাজন্! এই রূপ ভাগবত ধর্ম্ম শিক্ষা করত তদুৎপন্ন প্রেম ভক্তি সহকারে নারায়ণ পর হইয়া দুস্তর মায়াকে অতিক্রম করিতে সমর্থ হয়েন॥ ৩৪॥

রাজা জিজ্ঞাসা করিলেন, হে ঋষিগণ! আপনারা ব্রহ্মবিদ্ শ্রেষ্ঠ,

নিষ্ঠামর্হথ নো বক্তুং যূয়ং হি ব্রহ্মবিত্তমাঃ ॥ ৩৫ ॥
শ্রীপিপ্পলায়ন উবাচ ॥
স্থিত্যুদ্ভব প্রলয় হেতুরহেতুরস্য যৎ স্বপ্ন জাগর
সুষুপ্তিষু সদ্বহিশ্চ। দেহেন্দ্রিয়াসু হৃদয়ানি

তত্র কিমেভিঃ শব্দৈ র্নির্বিশেষং তদেব বস্তূচ্যতে। অস্তি বা কোপি বিশেষাংশ ইতি ॥ ৩৫ ॥

অত্রোত্তরং স্থিত্যুদ্ভবেতি। অয়মর্থঃ অস্য বিশ্বস্য স্থিত্যুদ্ভব প্রলয়ানাং হেতুঃ স্বয়ঞ্চা হেতুঃ হেতু রহিতঃ স নারায়ণ ইতি পরমেব তত্ত্বমবেহি। স্বপ্ন জাগর সুষুপ্তিষু সদনুবর্ত্তমানঃ যৎ। বক্ষ্যতিচ তুরীয়ং ত্রিষু সন্ততমিতি। বহিশ্চ সমাধ্যাদৌ যৎ সৎ তদ্ব্রহ্মেতি পরমেব তত্ত্বমবেহি। দেহেন্দ্রিয় প্রাণ মনাংসি যেন সংজীবিতানি সন্তি চরন্তি স্বকার্য্যেষু

ক্রমসন্দর্ভঃ।

সমুদায় তৃতীয় তয়া পাঠাৎ। নারায়ণে তুরীয়াখ্যে ভগবচ্ছব্দ শব্দিতে ইত্যত্র স্পষ্টী ভাবিষ্যাচ্চ। নিষ্ঠাং তত্ত্বং ॥ ৩৫ ॥

প্রশ্ন ক্রমেণৈবোত্তরমাহ স্থিতীতি যৎ স্থিত্যাদি হেতুরহেতুশ্চ ভবতি যচ্চ জাগরাদিষু সদ্বহিশ্চ ভবতি। যেনচ দেহাদীনি সংজীবিতানি সন্তি চরন্তি। তদেকমেব পরং তত্ত্বং স্বপ্রশ্ন ক্রমেণ নারায়ণাদিরূপং বিদ্ধীতি যোজনীয়ং। তথাপি ব্রহ্মত্ব স্পষ্টী করণায় বিপর্য্যয়েণ ব্যাখ্যায়তে। তত্রৈকস্যৈব বিশেষণ ভেদেন তদবশিষ্টত্বেন চ প্রতিপাদনাৎ। তথৈব তত্তদুপাসক পুরুষানুভব ভেদাচ্চাবির্ভাব নাম্নো র্ভেদ ইতি তাৎপর্য্যং। এতদুক্তং ভবতি। স্বয়মেব হেতুঃ স্বরূপ শক্ত্যেক বিলাস মত্বেন তত্রোদাসীনমপি প্রকৃতি জীব প্রবর্ত্তকাবস্থ পরমাত্মা পর পর্য্যায় স্বাংশ লক্ষণ পুরুষ দ্বারা যদস্য সর্গস্থিত্যাদি হেতু র্ভবতি তদ্ভগবদ্রূপং বিদ্ধি। পুনস্তেনৈব যেন হেতু কর্ত্রা আত্মাংশ ভূত জীব প্রবেশন দ্বারা সংজীবিতানি সন্তি দেহাদীনি তদুপলক্ষণানি প্রধানানি সর্ব্বাণ্যেব তত্ত্বানি যেনৈব প্রেরিতত্বৈব চরন্তি স্ব স্ব কার্য্যে প্রবর্ত্তন্তে তৎ পরমাত্ম রূপং বিদ্ধি। তথাচ তস্মৈ নমো ভগবতে ব্রহ্মণে

অতএব নারায়ণাভিধ পরমাত্মা পরব্রহ্মের কি রূপ নিষ্ঠা অর্থাৎ তাঁহার স্বরূপ কি আমাকে উপদিশ দিউন ॥ ৩৫ ॥

পিপ্পলায়ন কহিলেন, হে নরেন্দ্র! যিনি এই জগতের সৃষ্টি স্থিতি প্রলয়ের হেতু ও স্বয়ং অহেতু এবং যিনি স্বপ্ন জাগ্রৎ সুষুপ্তি কালে ও

চরন্তি যেন সংজীবিতানি তদবেহি পরং নরেন্দ্র ॥ ৩৬ ॥
নৈতন্মনো বিশতি বাগুত চক্ষুরাত্মা প্রাণেন্দ্রিয়া
ণিচ যথা নলমর্চ্চিষঃ স্বাঃ। শব্দোঽপি বোধক

প্রবর্ত্তন্তে তৎ পরমাত্মেতি পরমেব তত্ত্বমবেহি। এবং লক্ষণ ভেদৈ র্নারায়ণাদিনামভি-রুচ্যমানমপি পরমেকমেব তত্ত্বং জানীহি ॥ ৩৬ ॥

অবেহীত্যনেন বিষয়ত্বং প্রাপ্তং নিষেধয়তি নৈতদিতি। এতৎ পরং তত্ত্বং মনো ন বিশতি বাগুত বাগপি চক্ষুশ্চ আত্মা বুদ্ধিশ্চ প্রাণশ্চ ক্রিয়াশক্ত্যা ন প্রাপ্নোতি অন্যানি চেন্দ্রিয়াণি। যথানলং স্বাঃ স্বাংশভূতা অর্চ্চিষো বিস্ফুলিঙ্গাদয়ো ন প্রকাশয়ন্তি ন দহন্তিচ। তথা জড়াস্থ মন আদি বৃত্তিষু অভিব্যজ্যমানস্যাত্ম প্রকাশস্য তত্তদ্বৃত্তি প্রকাশকস্য ন তৎ প্রকাশ বিষয়ত্বং। প্রাণস্য প্রাণ উত চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রং মনসো যন্মনো বিদুরিতি তথাচ যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহেত্যাদি শ্রুতেঃ। নন্থ তং ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছামীতি শ্রুতেঃ শব্দ গোচরত্বং প্রতীয়তে তত্রাহ শব্দোঽপীতি। শব্দোহি আত্মমূলং আত্মনি শ্রুতি প্রমাণং সন্ অথোক্তং যথা ভবতি তথাহ ন সাক্ষাৎ। কুতো বোধক নিষেধতয়া স্বস্যৈবাবোধক নিষেধ রূপত্বাৎ। যতো বাচো নিবর্ত্তন্তেঽপ্রাপ্য

ক্রমসন্দর্ভঃ।

পরমাত্মন ইত্যত্র বরুণকৃত শ্রীকৃষ্ণস্তবৌ টীকাচ। পরমাত্মনে সর্ব্বজীব নিযন্ত্রে ইত্যেষা। জীবস্যাত্মত্বং তদপেক্ষয়া তস্য পরমত্বমিত্যতঃ পরমাত্ম শব্দেন তৎ সহযোগী সএব ব্যজ্যত ইতি। তত্ত্বদবশিষ্টত্বেন ব্রহ্মত্বমাত্রং চৈবমুপতিষ্ঠতীত্যাহ স্বপ্নেতি। যদেব তত্ত্বং স্বপ্নাদৌ সদন্বয়েন স্থিতং যচ্চ তদ্বহিঃ শুদ্ধায়াং জীবাখ্য শক্তৌ তথাস্থিতং ততঃ পরত্রাপি ব্যতি-রেকেণ স্থিতং স্বয়মবশিষ্টং তদ্ব্রহ্ম রূপং বিদ্ধীতি ॥ ৩৬ ॥

পরমমেবাহ নৈতদিতি। বাক্ লৌকিকী শব্দো বেদোপি। অর্থৈঃ স্বাভিধাদি বৃত্তিভি রুক্ততয়া যদাহ তদপি বোধকানাং মন আদীনাং নিষেধো যত্র এতত্তয়া তেষামবিষয়

সমাধিতে সদ্রূপে বর্ত্তমান, আর দেহ ইন্দ্রিয় মনঃ ইহারা যাঁহার দ্বারা জীবিত থাকিয়া বিচরণ করে, তাঁহাকেই পরম তত্ত্ব জানিবে॥ ৩৬॥

উপরোক্ত পদ্যে তাঁহাকে পরম তত্ত্ব বলিয়া জানিও এই কথা বলাতে, পরম তত্ত্বের বিষয় প্রাপ্তি হইল, একারণ নিষেধ পূর্ব্বক কহি-লেন রাজন্! এই পরম তত্ত্বে মনঃ প্রবেশ করিতে পারে না, অর্থাৎ

নিষেধতয়াত্ম মূলমর্থোক্তমাহ যদৃতে ন নিষেধ সিদ্ধিঃ ॥ ৩৭ ॥
সত্ত্বং রজস্তম ইতি ত্রিবৃদেক মাদৌ সূত্রং মহা

মনসা সহ। যদ্বাচা নাভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে তদেব ব্রহ্ম বিদ্ধি যন্মনো ন মনুতে ন চক্ষুষা পশ্যতি কশ্চনৈনং ইত্যাদি শ্রুতেঃ। নমু তর্হি নৈবাহ শ্রুতিঃ কিমপরমুচ্যতে ইর্থোক্তমাহেতি তত্রাহ যদৃত ইতি। অথাত আদেশো নেতি নেতি অস্থূলমনমু। যতো বাচো নিবর্ত্তন্তে যদ্বাচা নাভ্যুদিতমিত্যাদি নিষেধস্য যদবধি ভূতং ব্রহ্ম ঋতে বিনা সিদ্ধি-র্নাস্তি সর্ব্বস্য নিষেধস্য সাবধিত্বাৎ। ৩৭ ॥

নমু তর্হি প্রমাণাবিষয়ত্বান্নাস্তি ব্রহ্মেতি প্রসজ্জতে অত আহ সত্ত্বমিতি। সৎ স্থূলং কার্য্যং অসৎ সূক্ষ্মং কারণং সর্ব্বং তৎ ব্রহ্মৈব ভাতি কুতঃ যদযস্মাৎ তয়োঃ সদসতোঃ পরং

ক্রমসন্দর্ভঃ।

তস্যৈবেত্যর্থঃ। অপ্রাকৃতানন্ত স্বরূপ গুণত্বাদিতি ভাবঃ। নতু সর্ব্বার্থৈব নিঃ স্বরূপং নির্গুণং বেত্যাহ। আত্মনঃ স্বস্য মূলং কারণমিতি। যদৃত ইতি। যদিচ সর্ব্বথৈব বক্তি তদা নিষেধং বা কুত্র কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৩৭ ॥

শক্তে স্তৎ স্বাভাবিক রূপ মহাসত্ত্বমিতি। ব্রহ্মৈব উরু শক্তি অনেকাত্মক শক্তি মদ্ভাতি। এব কারেণ ব্রহ্মণ এব সা শক্তি নতু কল্পিতেতি স্বাভাবিক রূপত্বং শক্তে র্বোধয়তি। তত্র হেতুঃ যদ্ব্রহ্ম সৎ স্থূলং কার্য্যং পৃথিব্যাদি রূপং অসৎ সূক্ষ্মং কারণং প্রকৃত্যাদি রূপং তয়ো র্বহিরঙ্গ বৈভবয়োঃ পরং স্বরূপ বৈভবং শ্রীবৈকুণ্ঠাদি রূপং তটস্থ বৈভবং শুদ্ধজীব রূপঞ্চ। অন্যথা তদ্রস্তাবাসিদ্ধিঃ। কিং রূপ তয়া তত্তদ্রূপং। জ্ঞান ক্রিয়ার্থ ফল রূপ তয়া মহদাদি লক্ষণ জ্ঞান শক্তি রূপত্বেন সূত্রাদি লক্ষণ ক্রিয়া শক্তি রূপ ত্বেন। তন্মাত্রাদি লক্ষণার্থ রূপত্বেন প্রকৃতি লক্ষণ তত্তৎ সর্ব্বৈক্য রূপত্বেন সদসদ্রূপং।

পরম তত্ত্ব মনের বিষয় হয়েন না, অপর বাক্য, চক্ষুঃ, বুদ্ধি, প্রাণ ও ইন্দ্রিয় সকল ক্রিয়া শক্তি দ্বারা ইহাঁকে প্রাপ্ত হইতে পারে না, যেমন স্বীয় অংশভূত বিস্ফুলিঙ্গ সকল অগ্নিকে দাহ বা প্রকাশ করিতে পারে না, তাহার ন্যায়। অপর যাঁহা ভিন্ন নিষেধের সমাপ্তি নাই, বাক্য তাঁহাকে অর্থোক্ত রূপে তন্ন তন্ন করিয়া ব্যক্ত করে সাক্ষাৎ বলিতে সমর্থ হয় না ॥ ৩৭ ॥

উক্ত পদ্যের তাৎপর্য্যে এরূপ অনুভব হইতেছে, যে, প্রমাণের অবিষয় প্রযুক্ত ব্রহ্ম নাই এরূপ প্রসক্তি হইতেছে অতএব সমাধান পূর্ব্বক

নহমিতি প্রবদন্তি বীজং। জ্ঞান ক্রিয়ার্থ ফল রূপ

কারণং। নন্থ কথমেকং বহুবিধস্য কারণং তত্রাহ উরু শক্তি অনেক শক্তিমৎ। উরু র্মহতী মায়া লক্ষণা শক্তির্যস্য তদিতি বা। বহুধা ভানমেব দর্শয়তি। আদৌ যদেকং ব্রহ্ম তদেব সত্বং রজ স্তম ইতি ত্রিবৃৎ প্রধানং বদন্তি। ততঃ ক্রিয়াশক্ত্যা সূত্রং জ্ঞানশক্ত্যা মহানিতি তদেব প্রবদন্তি। ততঃ অহমিতি জীবং জীবোপাধি মহঙ্কারঞ্চ তদেব প্রবদন্তি

ক্রমসন্দর্ভঃ।

ফল রূপত্বেন তয়োঃ পরং। তত্র ফলং পুরুষার্থ স্বরূপং সবৈভবং ভগবদাখ্যং চিদ্বস্তু। তদনুগতত্বাচ্ছুদ্ধ জীবাখ্যং চিদ্বস্তু। এতেন জ্ঞান ক্রিয়াদি রূপেণোরু শক্তিত্বং ব্যঞ্জিতং। শক্তেঃ স্বাভাবিক রূপত্বং সপ্রমাণং স্পষ্টয়তি। আদৌ যদেকং ব্রহ্ম তদেব সত্বং রজস্তম ইতি ত্রিবিৎ প্রধানং। ততঃ ক্রিয়া শক্ত্যা সূত্রং। জ্ঞান শক্ত্যা মহানিতি। ততো হহমহঙ্কার ইতি। তদেবচ জীবং শুদ্ধ স্বরূপং জীবাত্মানং। তদুপলক্ষণকং বৈকুণ্ঠাদি বৈভবঞ্চ প্রবদন্তি বেদাঃ। তেচ স দেব সোম্যেদ মগ্র আসীদিত্যাদ্যাঃ। আদাবেকং তত তদ্রূপনিতি শক্তেঃ স্বাভাবিকত্ব মায়াতং। অন্যস্য সদ্ভাবেনৌপাধিকত্বাযোগাৎ। স্বরূপ বৈভবস্যাঙ্গ প্রত্যঙ্গ বন্নিত্য সিদ্ধত্বেপি সূর্য্য সত্তয়া তদ্রশ্মি পরমাণুবৃন্দস্যেব তৎ সত্তয়া লব্ধ সত্তাকত্বাত্তদুপাদানকত্ব' তদাদিত্বং চ স্যাৎ। যস্য ভাষা সর্ব্বমিদং বিভাতীতি শ্রুতেঃ। শক্তে রচিন্ত্যত্বং স্বাভাবিকত্বং চোক্তং বিষ্ণুপুরাণে। নির্গুণস্যাপ্রমেয়স্য শুদ্ধস্যাপ্যমলা। ত্মনঃ। কথং সর্গাদি কর্তৃত্ব' ব্রহ্মণোহভ্যুপগম্যতে ইতি মৈত্রেয় প্রশ্নানন্তরং শ্রীপরাশর উবাচ। শক্তয়ঃ সর্ব্ব ভাবানামচিন্ত্য জ্ঞান গোচরাঃ। যতো হতো ব্রহ্মণ স্তাস্ত সর্গাদ্যা ভাব শক্তয়ঃ। ভবন্তি তপতাং শ্রেষ্ঠ পাবকস্য যথোষ্ণতেতি। শ্রীস্বামি টীকাচ। তদেবং ব্রহ্মণঃ সৃষ্ট্যাদি কর্তৃত্বমুক্তং। তত্র শঙ্কতে নির্গুণস্যেতি সত্বাদি গুণ রহিতস্য অপ্রমেয়স্য দেশকালাদ্যপরিচ্ছিন্নস্য। শুদ্ধস্য সহকারি শূন্যস্য। অমলাত্মনঃ রাগাদি শূন্যস্য এবম্ভূতস্য ব্রহ্মণঃ। কথং সর্গাদি কর্তৃত্বমিষ্যতে। এতদ্বিলক্ষণস্যৈব লোকে ঘটাদিষু কর্তৃত্বাদি দর্শনাদিত্যর্থঃ। পরিহরতি। শক্তয় ইতি সার্দ্ধেন। লোকেহি সর্ব্বেষাং ভাবানাং পারকস্যোষ্ণতা শক্তি বদচিন্ত্য জ্ঞান গোচরাঃ শক্তয়ঃ সন্ত্যেব। অচিন্ত্য ভিন্নাভিন্নত্বাদি বিকল্পৈ শ্চিন্তয়িতুমশক্যাঃ কেবলমর্থাপত্তি জ্ঞান গোচরাঃ সন্তি। ব্রহ্মণঃ পুনস্তাঃ স্বভাব ভূতাঃ স্বরূপাদভিন্নাঃ শক্তয়ঃ পরস্য শক্তি র্বিবিধৈব শ্রূয়তে ইতি শ্রুতেঃ। অতো মণি

কহিলেন রাজন্। সৃষ্টির পূর্ব্বে একমাত্র ব্রহ্ম, সত্ব রজস্তম এই ত্রিগুণাত্মক প্রধানরূপে উক্ত হয়েন, পরে তিনিই জ্ঞান ও ক্রিয়া শক্তি দ্বারা

তয়োরুশক্তি ব্র্হ্মৈব ভাতি সদসচ্চ তয়োঃ পরং যৎ ॥৩৮॥

ততো জ্ঞান ক্রিয়ার্থ ফল রূপ তয়া জ্ঞান শব্দেন দেবতাঃ ক্রিয়া ইন্দ্রিয়াণি অর্থা বিষয়াঃ ফলং তৎ প্রকাশঃ সুখাদি বা তদ্রূপতয়া ব্রহ্মৈব ভাতি। নহি সর্ব্ব রূপেণ স্বতো ভাসমানস্য ব্রহ্মণঃ স্বসিদ্ধৌ প্রমাণাপেক্ষেতি ভাবঃ ॥ ৩৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

মন্ত্রাদিভি রগ্নৌষ্ণ্যবন্নকেন চিদ্বিহন্তুং শক্যন্তে। অতএব নিরঙ্কুশ মৈশ্বর্য্যং। তথাচ শ্রুতিঃ। সবা অয়মস্য সর্ব্বস্য বশী সর্ব্বস্যেশানঃ সর্ব্বস্যাধিপতি রিত্যাদিঃ। যত এবং অতো ব্রহ্মণো হেতোঃ সর্গাদ্যা ভবন্তি। নাত্র কাচিদনুপপত্তিবিত্যেষা। কিঞ্চ ব্রহ্মপদেন সর্ব্বং খল্বিদং ব্রহ্মেতি প্রসিদ্ধং ব্যঞ্জ্য সত্বাদি গুণময় মায়য়া স্তদনন্যত্বেপি নির্গুণস্যেতি প্রাকৃত গুণৈরস্পৃষ্টত্ব মঙ্গীকৃত্য তেষাং বহিরঙ্গত্বং স্বীকৃতং। তদেতদেব মায়াঞ্চ প্রকৃতিং বিদ্যা-ন্মায়িনন্তু মহেশ্বরমিত্যেষা শ্রুতিঃ স্বীচকার। মায়াঞ্চ তদপাশ্রয়মিতি বল্লাহেশ্বরত্বং মায়য়া বহিরঙ্গায়া আশ্রয় ইতি তাং পরাভূয় স্থিতমিতিচ লভ্যতে। পূর্ব্ববদত্র শক্তেঃ স্বাভাবি-কত্বং মায়া দোষ স্পৃষ্টত্বঞ্চ সাধিতং। অতএব শ্রীগীতাসু। জ্ঞেয়ং যত্তৎ প্রবক্ষ্যামি যর্জ জ্ঞাত্বামৃতমশ্নুতে। অনাদি মৎ পরং ব্রহ্মন্ সত্তন্নাসদুচ্যতে সর্ব্বতঃ পাণি পাদং তদিত্যা দিনা। অত্রেয়ং প্রক্রিয়া একমেব তৎ পরমং তত্ত্বং স্বাভাবিকাচিন্ত্য শক্ত্যা সর্ব্বদৈব স্বরূপ তদ্রূপ বৈভব জীব রূপেণ চতুর্ধাবতিষ্ঠতে। সূর্য্যান্ত মণ্ডলস্থ তেজ ইব মণ্ডল তদহি র্গত তদ্রশ্মি তৎ প্রতিচ্ছবিরূপেণ। এবমেব শ্রীবিষ্ণুপুরাণে। একদেশ স্থিতস্যাগ্নের্জ্যোৎস্না বিস্তারিণী যথা। পরস্য ব্রহ্মণঃ শক্তি স্তথেদমখিলং জগদিতি। যস্য ভাসা সর্ব্বমিদং বিভাতীতি শ্রুতেঃ। অত্র ব্যাপকত্বাদিনা তত্তৎ সমাবেশাদানুপপত্তিশ্চ শক্তেরচিন্ত্যত্বেনৈব পরাহতা। দুর্ঘট ঘটকত্বং। হ্যচিন্ত্যত্বং শক্তিশ্চ সা ত্রিধা। অন্তরঙ্গা বহিরঙ্গা তটস্থাচ। তত্রান্তরঙ্গয়া স্বরূপশক্ত্যাখ্যয়া পূর্ণেনৈব স্বরূপেণ বৈকুণ্ঠাদিরূপ বৈভব রূপেণচ তদবতি ষ্ঠৈত। তটস্থয়া রশ্মিস্থানীয় চিদেকাত্ম শুদ্ধ জীবরূপেণ। বহিরঙ্গয়া মায়াখ্যয়া প্রতিচ্ছবি গত বর্ণ শাবল্য স্থানীয় তদীয় বহিরঙ্গ বৈভব জড়াত্ম প্রধান রূপেণচ চতুর্দ্ধাত্বং। অতএব তদাত্মকত্বেন জীবস্যৈব তটস্থ শক্তিত্বং প্রধানস্যচ মায়াগুর্ভূতত্বমভিপ্রেত্য শক্তিত্রয়ং বিষ্ণু পুরাণে গণিতং। বিষ্ণুশক্তিঃ পরা প্রোক্তা ক্ষেত্রজ্ঞাখ্যা তথাপরা। অবিদ্যা কর্ম্ম

মহান্ বলিয়া উক্ত হয়েন, তৎপরে অহঙ্কারাত্মক জীবরূপে কথিত হয়েন, যে হেতু সেই উরু শক্তি ব্রহ্মই কার্য্য কারণ এবং তদুভয়েরও কারণ হয়েন ॥ ৩৮ ॥

নাত্মাজজান নমরিষ্যতি নৈধতেঽসৌ নক্ষীয়তে
সবনবিদ্ব্যভিচারিণাং হি। সর্ব্বত্র শশ্বদনপায়্যু

নন্নু সর্ব্বাত্মকত্বেন ব্রহ্ম তর্হি সর্ব্বস্য কার্য্যস্য জন্মাদি বিকারবত্ত্বাদ্ ব্রহ্মণোপি তৎ প্রসঙ্গঃ স্যাৎ অত আহ নাত্মেতি। আত্মা ব্রহ্ম ন জজান ন জাতঃ জন্মাভাবাদেব তদনন্তরাস্তিতা লক্ষণোপি বিকারো নাস্তি নৈধতে ন বর্দ্ধতে বৃদ্ধ্যভাবাদেব পরিণামোপি নিরস্তঃ। কুতো হি যস্মাৎ ব্যভিচারিণামাগমাপায়িনাং বাল যুবাদি দেহানাং দেব মনুষ্যাদ্যাকার দেহানাম্বা সবনবিস্তত্তৎ কালদ্রষ্টা নহ্যবস্থাবতাং দ্রষ্টা তদবস্থো ভবতীর্থঃ। নিরবস্থঃ কোঽসাবাত্মা অত আহ উপলব্ধি মাত্র মিতি। নশ্বায়াতং তর্হি ক্ষণিকত্বং নেত্যাহ। সর্ব্বত্র দেশে শশ্বৎ সর্ব্বদা অনপায়ি অনুবর্ত্তমানং। নন্নু নীল জ্ঞানং জাতং পীত জ্ঞানং নষ্টমিতি প্রতীতেঃ ন জ্ঞানস্যানাপায়িত্বং অত আহ ইন্দ্রিয় বলেনেতি।

ক্রমসন্দর্ভঃ।

সংজ্ঞান্যা তৃতীয়া শক্তিরিষ্যতে। তয়া তিরোহিতত্বাচ্চ শক্তিঃ ক্ষেত্রজ্ঞ সংজ্ঞিতা। সর্ব্ব ভূতেষু ভূপাল তার তম্যেন বর্ত্ততে ইতি। অবিদ্যা কর্ম্ম কার্য্যং যস্যাঃ সা তৎ সংজ্ঞা মায়েত্যর্থঃ। যদ্যপীয়ং বহিরঙ্গা তথাপ্যস্যা স্তটস্থ শক্তি ময়মপি জীবমাবরয়িতুং সামর্থ্য মস্তীত্যাহ তয়েতি। তারতম্যেন তৎ কৃতাবরণস্য ব্রহ্মাদি স্থাবরান্তেষু দেহেষু লঘু গুরু ভাবেন বর্ত্তত ইত্যর্থঃ। তদুক্তং যয়া সংমোহিতো জীব ইতি। যয়ৈবাবিদ্যয়া মায়য়া চিদ্রূপতা নির্ব্বিকারতাদি গুণ রহিতস্য প্রধানস্য বিকারিত্বং চেতি জ্ঞেয়ং। অত্রান্তরঙ্গত্ব তটস্থত্ব বহিরঙ্গাদিনৈব তাসামেকানাং তত্তৎ সাম্যং নতু সর্ব্বাত্মনেতি তত্তৎ স্থানীয়ত্বমেবোক্তং নতু তত্তদ্রূপত্বং অত স্তত্তদ্দোষা অপি নাবকাশং লভন্ত ইতি অত্র বিশেষঃ শ্রীভাগবৎসন্দর্ভে দৃশ্যঃ॥ ৩৮॥

অত্র যদি ত্বং পদার্থস্য জীবাত্মনো জ্ঞানত্বং নিত্যত্বঞ্চ প্রথমতো বিচার গোচরঃ স্যাৎ তদৈব তৎ পদার্থস্য তস্য তাদৃশত্বমপি সুবোধং স্যাদিতি তদ্বোধয়িতুং অন্যার্থশ্চ পরামর্শ

মহারাজ! যদি এরূপ মনে করেন, যদিস্যাৎ ব্রহ্ম সর্ব্বাত্মক হইলেন, তবে সমুদায় কার্য্যের জন্মাদি বিকার প্রযুক্ত ব্রহ্মেরও বিকার প্রসক্তি হয়, তাহার সমাধান এই যে, ব্রহ্মের জন্ম নাই, মৃত্যু নাই, বৃদ্ধি নাই ও ক্ষয়ও নাই, যে হেতু তিনি জন্ম বিনাশ শালী বস্তুর দ্রষ্টা মাত্র এবং সর্ব্বত্র সর্ব্বদা ক্ষয়োদয় রহিত জ্ঞান মাত্র। যেমন এক মাত্র

পলব্ধি মাত্রং প্রাণো যথেন্দ্রিয় বলেন বিকল্পিতং সৎ ॥ ৩৯ ॥
অণ্ডেষু পেশিষু তরুষ্বিব নিশ্চিতেষু প্রাণোহি জীব
মুপধাবতি তত্র তত্র। সন্নে যদেন্দ্রিয়গণে হহমিচ

সদেব জ্ঞানং ইন্দ্রিয় বলেন বিবিধং কল্পিতং। নীলাদ্যাকার বৃত্তয় এব জায়ন্তে নশ্যন্তিচ ন জ্ঞানমিতি ভাবঃ। ব্যভিচারিষ্ববস্থিতস্যাপ্যব্যভিচারে দৃষ্টান্তঃ প্রাণো যথেতি ॥ ৩৯ ॥

দৃষ্টান্তং বিবৃণ্বন্নিন্দ্রিয়াদি লয়েন নির্ব্বিকারাত্মোপলব্ধিং দর্শয়তি অণ্ডেম্বিতি। পেশিষু জরায়ুজেষু তরুষু উদ্ভিজ্জেষু অবিনিশ্চিতেষু স্বেদজেষু উপধাবতি অনুবর্ত্ততে এবং দৃষ্টান্তো নির্ব্বিকারত্বং প্রদর্শ্য দার্ষ্টান্তিকেঽপি দর্শয়তি সন্ন ইতি। কথং তদেবাত্মা সবিকার ইব প্রতীয়তে যদা জাগরে ইন্দ্রিয়গণঃ যদা চ স্বপ্নে তৎ সংস্কারবান্ অহঙ্কারঃ যদাতু প্রসুপ্তং তদা তস্মিন্ প্রসুপ্তে ইন্দ্রিয়গণে সন্নে লীনে হহমি অহঙ্কারে সন্নে কূটস্থো নির্ব্বিকার এবাত্মা কুত আশ্রয় মৃতে লিঙ্গ শরীরমুপাধিং বিনা বিকার হেতোরুপাধে রভাবাদিত্যর্থঃ। নমু অহঙ্কার পর্য্যন্তস্য সর্ব্বস্য লয়ে শূন্যমেবাব শিষ্যেত ক্ব তদা কূটস্থ আত্মা অত আহ তদনুস্মৃতি

ক্রমসন্দর্ভঃ।

ইতি ন্যায়েন জীবাত্মন স্তদ্রূপমাহ দ্বাভ্যাং নাত্মেতি। আত্মা শুদ্ধো জীবঃ উপলব্ধি মাত্রং জ্ঞানৈক রূপং। কথম্ভূতং সর্ব্বত্র দেশে শশ্বৎ সদানুবর্ত্তমানং। অন্যত্তৈঃ। অত্র জ্ঞানমিতি ভাব ইত্যন্তে অয়মাগমাপায়ি তদবধি ভেদেন প্রথম স্তর্কঃ। দ্রষ্টৃদৃশ্য ভেদেন দ্বিতীয়োপি তর্কো জ্ঞেয় ইতি জ্ঞেয়ং ॥ ৩৯ ॥

অণ্ডেম্বিতি। তদনুস্মৃতি র্ন ইতি তস্যাখণ্ডাত্মনঃ সুষুপ্তি সাক্ষিণঃ স্মৃতির্নোঽস্মাকং জাগ্রদ্দ্রষ্টৄণাং জায়তে। অন্যত্তৈঃ। তত্র নস্পষ্ট ইতি ভাব ইত্যন্তে অতঃ প্রকাশ মাত্র বস্তুনঃ সূর্য্যাদেঃ প্রকাশ বদুপলব্ধি মাত্রস্যাপ্যাত্মন উপলব্ধিঃ, স্বাশ্রয়মন্তোবেত্যায়াতমিতি জ্ঞেয়ং। বিপরিলোপো বিদ্যত ইত্যন্তে। অয়ং সাক্ষি সাক্ষ্য বিভাগেন তৃতীয়ঃ স্থাব

নিত্য জ্ঞান ইন্দ্রিয় বলে বিকল্পিত হয়েন, কিন্তু তন্মধ্যে থাকিয়াও প্রাণ অবিকারী হয়েন তাহার ন্যায় ॥ ৩৯ ॥

দৃষ্টান্ত দ্বারা ইন্দ্রিয়াদি লয়েতেও নির্ব্বিকার আত্মার উপলব্ধি দেখাইতেছেন, হে রাজন্! যেমন অণ্ডজ, জরায়ুজ, উদ্ভিজ্জ ও স্বেদজ এই চতুর্ব্বিধ জীব শরীরে অবিকারী রূপে প্রাণ অনুবৃত্ত হয়েন, তদ্রূপ সুষুপ্তি কালে ইন্দ্রিয়গণ ও অহঙ্কার বিলীন হইলে বিকার হেতু লিঙ্গ

প্রসুপ্তে কূটস্থ আশ্রয়মৃতে তদনুস্মৃতি র্নঃ॥ ৪০॥
যর্হ্যব্জনাভচরণৈষণয়োরু ভক্ত্যা চেতো মলানিবি
ধমেদ্গুণকর্ম্মজানি। তস্মিন্ বিশুদ্ধ উপলভ্যত

র্নঃ তস্য বিশেষ জ্ঞান শূন্যস্য সুখাত্মনঃ সুষুপ্তি সাক্ষিণঃ স্মৃতির্নোঽস্মাকং ভবতি এতাবন্তং কালং সুখমহ স্বাপ্সং ন কিঞ্চিদবেদিষমিতি। অতোঽননুভূতস্যাস্মরণাৎ অস্ত্যেব সুষুপ্তা বাত্মনুভবঃ। বিষয় সম্বন্ধাভাবাৎ স্পষ্টঃ ইতি ভাবঃ। তথাচ শ্রুতিঃ যদ্বৈতন্ন পশ্যতি পশ্য-ন্নৈতদ্দ্রষ্টব্যং ন পশ্যতি নহি দ্রষ্টুর্দ্দৃষ্টে র্বিপরিলোপো বিদ্যত ইত্যাদি॥ ৪০॥

ননু যদি সুষুপ্তৌ কূটস্থাত্মানুভবো ভবেৎ কথং পুনরপি সংসারঃ স্যাৎ। অবিদ্যা তৎ সংস্কারাণাং বিদ্যমানত্বাদিতি চেৎ কদা তর্হি তন্নিবর্ত্তকোঽনুভবো ভবেদত আহ যর্হীতি। বিত্তৈষণাদি বিহায় কেবলমব্জনাভস্য এব চরণেচ্ছয়ারা উরু ভক্তি স্তয়া পুমান্ চেতসো মলানি। বিধমেৎ নাশয়েৎ। চেত এব বা কর্ত্তৃ। স্বগতানি মলানি তয়া ভক্ত্যা ক্ষালয়েৎ। তদা তস্মিন্ বিশুদ্ধ চেতসি সতি সাক্ষাদব্যবধানেন আত্ম তত্ত্বমুপলভ্যতে।

ক্রমসন্দর্ভঃ।

শেষাৎ দুঃখি প্রেমাস্পদত্ব বিভাগেন দ্বিতীয়োপি মত স্তথা। সাক্ষি সাক্ষ্য বিভাগেন তৃতীয়ঃ সংমতঃ সতাং। দুঃখি প্রেমাস্পদত্বেন চতুর্থঃ সুখবোধক ইতি জ্ঞেয়ঃ॥ ৪০॥

ননু যদি সুষুপ্তৌ নির্ব্বিকারাত্মানুভবো ভবেৎ কথং পুনরপি সংসারঃ অবিদ্যা তৎ সংস্কারাণাং বিদ্যমানত্বাদিতি চেৎ ভবতু নাম। কেবল জ্ঞানিনাস্তু জ্ঞানেনাহংকার পর্য্যন্ত লয়ে মহত্তত্ত্ব প্রধানয়ো র্লয়ঃ কথং স্যাৎ সুষুপ্তিবৎ প্রযত্নান্তরাসম্ভবাৎ আশ্রয়াব্যাঘাতাচ্চ তদেবং সতি শুদ্ধ ত্বং পদার্থস্য জীবস্যাপ্যুপলব্ধি সম্ভবাৎ কিমুত তৎ পদার্থস্য শ্রীভগবত ইতি সতাং। তত এবেদমুচ্যতে ইত্যাহ যর্হীতি। যদা পুরুষার্থ চতুষ্টয়ৈষণাং বিহায় অব্জনাভ চরণৈষণা প্রাপ্তীচ্ছা যস্যাং তয়া ভক্ত্যা ভক্তিপ্রভাবেণ চেতো মলানি বিধমে

শরীরের আশ্রয়াভাবে কূটস্থ আত্মা অবিকারী থাকেন এবং সুষুপ্তি হইতে উত্থিত হইলে অনুস্মৃতি হয়॥ ৪০॥

মহারাজ! যদি এরূপ মনে করেন, সুষুপ্তি কালে নির্ব্বিকার আত্মার অনুভব হয়, তবে কি প্রকারে পুনরায় সংসার উপস্থিত হইবে, তাহার উত্তর অবিদ্যা ও অবিদ্যা নিবন্ধন সংসার বিদ্যমান থাকে, অতএব ইহার নিবৃত্তির উপায় শ্রবণ কর। যে সময়ে লোকে ভক্তি

আত্ম তত্ত্বং সাক্ষাদ্‌যথা হ্যমলদৃশোঃ সবিতৃ প্রকাশঃ ॥ ৪১ ॥

শ্রীরাজোবাচ ॥

কর্ম্ম যোগং বদত নঃ পুরুষো যেন সংস্কৃতঃ।

বিধূয়েহাশু কর্ম্মাণি নৈষ্কর্ম্ম্যং বিন্দতে পরং ॥ ৪২ ॥

এবং প্রশ্নমৃষীন্ পূর্ব্বমপৃচ্ছং পিতুরন্তিকে।

অমলয়ো দৃশোঃ সতোর্যথা পূর্ব্বমেব সিদ্ধঃ সবিতৃ প্রকাশ ইতি ॥ ৪১ ॥

ভক্তেঃ কর্ম্ম যোগাধীনত্বাৎ তং পৃচ্ছতি কর্ম্মযোগমিতি। নৈষ্কর্ম্ম্যং কর্ম্ম নিবৃত্তি সাধ্যং জ্ঞানং ॥ ৪২ ॥

প্রশ্নান্তরমাহ এবমিতি। প্রশ্নং দ্রষ্টব্যমর্থং। পিতুরিক্ষাকোঃ। ব্রহ্মণঃ পুত্রাঃ সনকা

ক্রমসন্দর্ভঃ।

তদা তস্মিন্ চিত্তে তৎ প্রভাবেণৈবাত্মনো জীবস্য তত্ত্বমাশ্রয়ঃ শ্রীভগবানুপলভ্যতে কিমু-তাত্ম মাত্রমিত্যর্থঃ ॥ ৪১ ॥

পূর্ব্বং কর্ম্মাণ্যারভমাণানামিত্যাদিনা শ্রীপ্রবুদ্ধেন কাম্য কর্ম্মাণ্যেব ত্যাজিতানি নতু নিত্যনৈমিত্তিকানি ফলস্যৈব বিনিন্দিতত্বাৎ। ততঃ স্তেষাং পরমার্থোপযোগিত্বং মনসি কৃত্বাহ কর্ম্ম যোগমিতি ॥ ৪২ ॥

তত্রৈব সংশয়ান্তরং এবমিতি। তত্র পিতু রন্তিক ইত্যুক্ত্যা বালত্বাদ্ভবতঃ খল্বযোগ্য মেব ॥ ৪৩ ॥

সহকারে পদ্মনাভের চরণ পদ্ম সেবা দ্বারা গুণ কর্ম্ম জনিত চিত্ত মল ক্ষালন করে, তখন নির্ম্মল চক্ষুর নিকটে সূর্য্যে প্রকাশের ন্যায় বিশুদ্ধ আত্মতত্ত্ব সাক্ষাৎ উপলব্ধি হয়েন ॥ ৪১ ॥

ভক্তির কর্ম্ম যোগাধীন প্রযুক্ত রাজা জিজ্ঞাসা করিলেন, যে কর্ম্ম যোগ দ্বারা পুরুষ সংস্কৃত ও কর্ম্ম বন্ধন হইতে নিষ্কৃতি পাইয়া পরম নৈষ্কর্ম্ম্য লাভ করেন তাহাই আপনারা বলুন ॥ ৪২ ॥

আর পূর্ব্বে আমার পিতা ইক্ষাকুর সমক্ষে ব্রহ্ম পুত্র ঋষিদিগের নিকট আমা কর্তৃক এই রূপ প্রশ্ন উত্থাপিত হয়, কিন্তু ঋষিরা তাহার

নাব্রুবন্ ব্রহ্মণঃ পুত্ত্রাস্তত্র কারণমুচ্যতাং ॥ ৪৩ ॥

শ্রীআবির্হোত্র উবাচ ॥

কর্ম্মাকর্ম্ম বিকর্ম্মেতি বেদবাদো ন লৌকিকঃ।

বেদস্য চেশ্বরাত্মত্বাত্তত্র মুহ্যন্তি সূরয়ঃ ॥ ৪৪ ॥

পরোক্ষবাদো বেদো হয়ং বালানামনুশাসনং।

দয়ঃ সর্ব্বজ্ঞা অপি নাব্রুবন্ ॥ ৪৩ ॥

গহনতা দ্যোতনায় প্রথমং দ্বিতীয় প্রশ্নস্যোত্তরমাহ কর্ম্মেতি। কর্ম্ম বিহিতং অকর্ম্ম তদ্বিপরীতং নিষিদ্ধং। বিকর্ম্ম বিগর্হিতং কর্ম্ম বিহিতাকরণং ঈশ্বরাত্মত্বাৎ ঈশ্বরাদ্ভূতত্বাৎ অপৌরুষেয়ত্বাদিত্যর্থঃ। পুংবাক্যেহি বক্তু রভিপ্রায়তোহর্থ জ্ঞানং শক্যং অপৌরুষেয়ে তু কেবলং বাক্য পৌর্ব্বাপর্য্যেণ এব তাৎপর্য্যাবধারণং তচ্চ দুষ্করমিতি। তত্র কর্ম্মাদৌ বিদ্বাংসোহপি মুহ্যন্তি কিম্বুতান্তে অতস্তব তদা বালত্বাত্তৈবাব্রুবন্নিতি ॥ ৪৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ব্রহ্মপুত্ত্রাণামদত্তোত্তরত্বে কারণত্বমাহ কর্ম্মাকর্ম্মেতি। নাচরেদ্যস্ত ইতি বক্ষ্যমাণাদ্বি কর্ম্মণো বিহিতাকরণত্বমেব। বেদস্যেশ্বরাত্মাদিতি শব্দরূপেণ তদাবির্ভাব বিশেষ রূপত্বা দিত্যর্থঃ। শব্দব্রহ্ম পরব্রহ্ম মমোভে শাশ্বতী তনূ ইতি। বেদো নারায়ণঃ সাক্ষাৎ স্বয়ম্ভু রিতি শুশ্রুমেত্যাদ্যুক্তেঃ। যদিচাস্য মহতো ভূতস্য নিশ্বসিতমেতদ্যদৃগ্বেদ ইত্যাদিনা। তস্মাদ্যজ্ঞাৎ সর্ব্ব হুতঃ ঋচঃ সামানি জজ্ঞিরে। ছন্দাংসি জজ্ঞিরে তস্মাদিত্যাদিনাচ তত উদ্ভূতত্বং তথাপি তত্রৈব তাৎপর্য্যং। অবতারান্তর বৎ অপৌরুষেয়ত্বং স্বতঃজীব জাতত্বমেব। ভ্রমাদি দোষ চতুষ্টয় নিরসনং হি তাবতৈব চ স্যাৎ। তদেবং তস্য পরমাচিন্ত্যস্যাত্মত্বং পরম পণ্ডিত শিরোমণে র্বচনত্বং বা ভবতু তবেদেবাভিপ্রায়ত্বং ॥ ৪৪ ॥

উত্তর দেন নাই বা কেন, তাহার কারণ বলিতে আজ্ঞা হয় ॥ ৪৩ ॥

আবির্হোত্র কহিলেন বিহিত, অবিহিত ও নিষিদ্ধ এই তিন প্রকার কর্ম্ম, কেবল বেদবাদ মাত্র, লৌকিক নহে, কিন্তু বেদ ঈশ্বর হইতে উদ্ভূত, সুতরাং তাহাতে দেবতারাও মুগ্ধ হয়েন অন্যের কথা আর কি বলিব অতএব তখন তুমি বালক ছিলে এ প্রযুক্ত ঋষিরা উত্তর দেন নাই ॥ ৪৪ ॥

এক রূপ অর্থকে অন্য প্রকার করিয়া বলার নাম পরোক্ষ বাদ।

কর্ম্মমোক্ষায় কর্ম্মাণি বিধত্তে হ্যগদং যথা ॥ ৪৫ ॥
নাচরেদ্যস্তু বেদোক্তং স্বয়মজ্ঞো হজিতেন্দ্রিয়ঃ।

দুর্জ্ঞেয়ং বেদ তাৎপর্য্যমিত্যাহ পরোক্ষ বাদ ইতি। যত্রান্যথা স্থিতো হর্থঃ সংগোপয়িতু মন্যথা কৃত্বোচ্যতে স পরোক্ষ বাদঃ। তথাচ শ্রুতিঃ। তং বা এতৎ চতুর্হৃতং সান্তং চতুর্হোতেত্যাচক্ষতে পরোক্ষেণ পরোক্ষ প্রিয়া এব হি দেবা ইতি। পরোক্ষ বাদত্বমেবাহ কর্ম্ম মোক্ষায়েতি। নমু স্বর্গাদ্যর্থং কর্ম্মাণি বিধত্তে ন মোক্ষার্থং তত্রাহ বালানামনুশাসনং যথা ভবতি তথা অত্র দৃষ্টান্তঃ। অগদং ঔষধং যথা পিতা বাল মগদং পায়য়ন্ খণ্ড লড্ডুকাদিভিঃ প্রলোভয়ন্ পায়য়তি দদাতিচ তানি খণ্ড লড্ডুকাদীনি। নৈতাবতা অগদ পানস্য তল্লাভঃ প্রয়োজনং অপিত্বারোগ্যং তথা বেদো প্যবান্তর ফলৈঃ প্রলোভয়ন্ কর্ম্ম মোক্ষায়ৈব কর্ম্মাণি বিধত্তে ॥ ৪৫ ॥

নমু কর্ম্ম মোক্ষশ্চেৎ পুরুষার্থঃ তর্হি প্রথমমেব কর্ম্ম ত্যজ্যতাং অত আহ নাচরেদিতি।

ক্রমসন্দর্ভঃ।

অথ তদেব ব্যঞ্জয়ন্ ক্রমেণেনিত্য নৈমিত্তিকান্যপি ত্যাজয়িত্বা শ্রীভগবদর্চ্চনং গ্রাহয়িতু মাহ। পরোক্ষেতি। বালানাং নাতি প্রজ্ঞানামশান্তানাং চানুশাসন রূপোহয়ং কর্ম্ম কাণ্ড লক্ষণোপি বেদঃ কর্ম্ম মোক্ষায় অনাদ্যাদৃষ্ট পরংপরা শান্তয় এব কর্ম্মাণি সর্ব্বাণ্যেব বিধত্তে। যতঃ পরোক্ষ বাদঃ স্বয়মীশ্বরাত্ম বাদো হি যন্নিত্য নৈমিত্তিকাকরণে বিকরণেচ লোকং ভীষয়তে। যচ্চ নিত্যাদেবানুষঙ্গিকং ফলং দিশতে তত্তৎ খলু তৎ করণেন তদকরণেনচ শোধয়িত্বানাদি দুঃখ ময় মোক্ষার্থমেব প্রবর্ত্তয়িতুং নতুভয়মেব তাদৃশ তুচ্ছ ফলমেব বা দাতুমিতি গম্যতে। পরম সুহৃত্ত্বাত্তস্যেত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ। বালানাং তাদৃশ স্বভাবানা মগদং পিত্রা তদ্দানং যথেতি। পিতাচ রোগ শান্ত্যর্থমেবৌষধং পাতুং তাং স্তথা প্রবর্ত্ত য়তি। নত্বৌষধপানমেব তস্যোদ্দেশ্যমিত্যর্থঃ ॥ ৪৫ ॥

তত্র যথা বাল চিকিৎসৈব হিতায় স্যাত্তদতিক্রমস্ত্বহিতায় তথা তেষাং কর্ম্ম তদতি ক্রমৌ জ্ঞেয়াবিত্যাহ নাচরেদিতি। বালবদজিতেন্দ্রিয় ইহামুত্র ভোগাবিরক্তোপি

অতএব যেমন পিতা খণ্ড লড্ডুকের প্রলোভন দেখাইয়া বালককে ঔষধ ভক্ষণ কারান, তদ্রূপ অজ্ঞ লোকদিগের অনুশাসন রূপ এই বেদ নৈষ্কর্ম্ম্য সিদ্ধির নিমিত্ত পরোক্ষ বাদে কর্ম্ম সকল বিধান করেন ॥ ৪৫ ॥

যে ব্যক্তি অজিতেন্দ্রিয় প্রযুক্ত অজ্ঞ হইয়া বেদোক্ত কর্ম্মাচরণ

বিকর্ম্মণাহ্যধর্ম্মেণ মৃত্যোর্মৃত্যুমুপৈতি সঃ॥ ৪৬॥
বেদোক্তমেব কুর্ব্বাণো নিঃসঙ্গোঽর্পিতমীশ্বরে।

অজিতেন্দ্রিয়ত্বাদজ্ঞঃ স্বয়ং যদি নাচরেৎ। তর্হি বিকর্ম্মণা বিহিত কর্ম্মানাচরণ লক্ষণে নাধর্ম্মেণ মৃত্যো রনন্তরং মৃত্যুমেব প্রাপ্নোতি তথাচ শ্রুতিঃ মৃত্বা পুন র্মৃত্যুমাপদ্যন্তে অদ্যমানাঃ স্বকর্ম্মভিরিত্যাদি ॥ ৪৬॥

অস্মাদ্বেদোক্তমেব কুর্ব্বাণঃ নতু নিষিদ্ধং। নন্থ কর্ম্মণি ক্রিয়মাণে তস্মিন্নাসক্তিঃ তৎ ফলং চ স্যাৎ নতু নৈষ্কর্ম্ম্য রূপা সিদ্ধিরত আহ নিঃসঙ্গঃ অনভিনিবেশবান্ ঈশ্বরে অর্পিতং নতু ফলোদ্দেশেন ননু ফলস্য শ্রুতত্বাৎ কর্ম্মাণি কৃতে ফলং ভবেদেব ন রোচনার্থেতি। কর্ম্মণি রুচ্যুৎপাদনার্থা অগদ পানে খণ্ড লড্ডুকাদিবৎ। ততশ্চ কর্ম্মাভিরুচ্যা বেদার্থং সম্যগ্বিচারয়তি। তথাচ যো বা এতদক্ষর মবিদিত্বা গার্গ্যস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণ ইত্যনাত্মজ্ঞস্য কৃপণত্বাং তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেনেত্যা-দিনা যজ্ঞাদীনাং জ্ঞান শেষতাঞ্চাবধার্য্য নিষ্কামেষু কর্ম্মসু প্রবর্ত্তন্তে। ততশ্চ স্বর্গকামো যজেতেত্যাদিভিঃ কামিতস্য এব স্বর্গাদেঃ ফলত্বেনাগমাৎ অকামিতোঽসৌ ন ভবতীতি

ক্রমসন্দর্ভঃ।

বেদোক্তং যো নাচরেৎ। তথা অজ্ঞঃ নবিদ্যতে জ্ঞা ভগবৎ কথাদৌ শ্রদ্ধা রূপা ধীবৃত্তি র্যস্য সচ যো নাচরেৎ। সোঽপি নিত্য নৈমিত্তিক কর্ম্মাকরণ জাতেনাধর্ম্মেণৈব মৃত্যো রনন্তর মৃত্যু মুপৈতি। নতু পুণ্যেনেত্যর্থঃ। ব্যক্ষতেচ তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীতে-ত্যাদি ॥ ৪৬॥

নন্থ কর্ম্ম খলু সজাতীয়ত্বাৎ কর্ম্ম বৃদ্ধয়ে এবং ভবেৎ। প্রত্যুত কথং তন্মোক্ষায় ভবতু ইত্যাশঙ্ক্যোভয়ত্রাপি সমাধত্তে। বেদোক্তমেবেতি। তত্র ক্রিয়মাণ কর্ম্মণ্যাসঙ্গং নিরস্যতি নিঃসঙ্গ ইতি। তৎ ফলাবাপ্তিং নিরস্যেতি। রোচনার্থেতি। তদেতদ্ধেতু দ্বয়ং কর্ম্ম বৃদ্ধয়ে দর্শিতং। তন্মোক্ষায় হেতুঃ ঈশ্বরেঽর্পিতমিতি তৎ সম্বন্ধ প্রভাবেণ সংস্কৃতত্বাদিতি ভাবঃ। আময়ো যেন ভূতানামিত্যাদেঃ ॥ ৪৭॥

না করে, সে বিহিত কর্ম্মের অননুষ্ঠান স্বরূপ অধর্ম্ম দ্বারা পুনঃ পুনঃ জন্ম মরণ রূপ মৃত্যু পাশে বদ্ধ হয়॥ ৪৬॥

আর যে ব্যক্তি আসক্তি শূন্য হইয়া বেদোক্ত কর্ম্মানুষ্ঠান করত ঈশ্বরে সমর্পণ করেন তিনিই নৈষ্কর্ম্ম্য সিদ্ধি প্রাপ্ত হয়েন, ফলশ্রুতি কেবল

নৈষ্কর্ম্ম্যং লভতে সিদ্ধিং রোচনার্থা ফলশ্রুতিঃ ॥ ৪৭ ॥
য আশু হৃদয় গ্রন্থিং নির্জিহীর্ষুঃ পরাত্মনঃ।
বিধিনোপচরেদ্দেবং তন্ত্রোক্তেনচ কেশবং ॥ ৪৮ ॥
লব্ধানুগ্রহ আচার্য্যাৎ তেন সন্দর্শিতাগমঃ।
মহাপুরুষমভ্যর্চ্চেন্মূর্ত্ত্যাভিমতয়াত্মনঃ ॥ ৪৯ ॥
শুচিঃ সম্মুখমাসীনঃ প্রাণসংযমনাদিভিঃ।

নৈষ্কর্ম্ম্য সিদ্ধিরেব ভবতীত্যর্থঃ ॥ ৪৭ ॥

বৈদিকং কর্ম্ম যোগমুক্ত্বা তান্ত্রিকমাহ য আশ্বিতি। পরাত্মনঃ পরস্যৈব সতঃ আত্মনো জীবস্য হৃদয়গ্রন্থি মহঙ্কারবন্ধং নির্হর্ত্তুমিচ্ছুঃ স তন্ত্রোক্তেনচ বিধিনা প্রকারেণ ভজেৎ। তন্ত্রং আগমঃ। চকারাদ্বৈদিকেন সহ সমুচ্চয়মাহ ॥ ৪৮ ॥

তমেব বিধিমাহ লব্ধানুগ্রহ ইত্যাদিনা তেনাচার্য্যেণ সন্দর্শিত আগমো অর্চ্চন প্রকারো যস্য সঃ ॥ ৪৯ ॥

মূর্ত্তেঃ সম্মুখমাসীন আদি শব্দেন ভূত শুদ্ধ্যাদি পিণ্ডং দেহং বিশোধ্য। সন্নিধার্যাসৈঃ

ক্রমসন্দর্ভঃ।

তদেবমপি বালান্ প্রত্যেবোক্তং বিজ্ঞান্ প্রতিতু শ্রূয়তামিতি শ্রীভাগবদর্চ্চনামেব গ্রাহয়তি। য আশ্বিতি। চকারেণ পাদ্যাদ্যুপচরণৈ বৈদিক মন্ত্রাদীনপি গৃহ্ণাতি ॥ ৪৮ ॥

মহাপুরুষাভ্যর্চ্চনে সামান্যতঃ সর্ব্বস্যা যস্যাঃ কস্যাশ্চিত্ মূর্ত্তেঃ প্রাপ্তৌ বিশিষ্যাহ মূর্ত্ত্যেতি। একয়াপ্যভিমতয়েতি ॥ ৪৯ ॥ ৫০ ॥

রুচি উৎপাদনার্থ মাত্র ॥ ৪৭ ॥

বৈদিক কর্ম্মযোগ উল্লেখ করিয়া তান্ত্রিক কর্ম্মযোগ বলিতেছেন, মহারাজ! যে ব্যক্তি শীঘ্র আপনার হৃদয় গ্রন্থি ছেদন করিতে ইচ্ছা করেন তিনি বেদ বিধানের সহিত তন্ত্রোক্ত বিধির সমুচ্চয় করিয়া তদনুসারে কেশবের পরিচর্য্যা করিবেন ॥ ৪৮ ॥

আচার্য্যের অনুগ্রহ লাভ করিয়া তাঁহা হইতে আগমার্থ অবগত হইয়া স্বীয় অভিমতানুসারে মহা পুরুষের মূর্ত্তি বিশেষের অর্চ্চনা করিবেক ॥ ৩৯ ॥

শুদ্ধ চিত্ত হইয়া মূর্ত্তি বিশেষের সম্মুখে উপবেশন পূর্ব্বক প্রাণায়াম

পিণ্ডং বিশোধ্য সংন্যাস কৃতরক্ষোঽর্চ্চয়েদ্ধরিং ॥ ৫০ ॥
অর্চ্চাদৌ হৃদয়ে বাপি যথা লব্ধোপচারকৈঃ।
দ্রব্য ক্ষিত্যাত্ম লিঙ্গানি নিষ্পাদ্য প্রোক্ষ্যাচাসনং ॥ ৫১ ॥
পাদ্যাদীনুপকল্প্যাথ সন্নিধাপ্য সমাহিতঃ।
হৃদয়াদি কৃতন্যাসো মূলমন্ত্রেণ চার্চ্চয়েৎ ॥ ৫২ ॥
সাঙ্গোপাঙ্গাং সপার্ষদাং তাং তাং মূর্ত্তিং স্বমন্ত্রতঃ।

কৃতা রক্ষা যেন সঃ ॥ ৫০ ॥

আদাবেব দ্রব্যাণি পুষ্পাদীনি জন্ত্বাদি শোধনেন ক্ষিতিং সংমার্জনাদিনা আত্মান মব্যগ্র তয়া লিঙ্গং মূর্ত্তিং অনুলেপক্ষালনাদিনা নিষ্পাদ্য যোগ্যানি কৃত্বা ॥ ৫১ ॥

তৎ ফল ভোক্তৄনাহ গৃধ্যাস্তীতি। গৃধ্রাঃ কামিনঃ গ্রামে চরা গৃহস্থা অস্য বৃক্ষস্যৈকং ফলং দুঃখমদন্তি পরিণামতঃ স্বর্গাদেরপি দুঃখরূপত্বাৎ হংসা বিবেকিনঃ অরণ্যবাসাঃ সন্ন্যাসিনঃ একং ফলং সুখমদন্তি। একং পরমানন্দং মায়া ময়মেবং বহু রূপং। ইজ্যৈঃ পূজ্যৈ গুরুভিঃ কৃত্বা যো বেদ স বেদং বেদ তত্ত্বার্থং বেদ ॥ ২১ ॥

ত্বঞ্চৈবং জ্ঞাত্বা কৃতকৃত্যঃ সর্ব্বং সাধনং ত্যজেত্যাহ এবমিতি। একান্ত ভক্ত্যা শিতেন

ভক্রমসন্দঃ।

তদেবং বেদং জগচ্চ নিরূপ্য তস্মাত্তমুদ্ধবোৎ স্বজ্যোতি প্রর্য্যবসানং পূর্ব্বোক্তং জ্ঞাসিনঃ খলু সুখমিতি তৎ ফলেন ব্রহ্মলোক গতানাং তত্রৈব ব্রহ্মণা সহ মোক্ষং প্রাপ্স্যতাং পাতাভাবাৎ। একমেব স্বরূপ শক্তি বৈচিত্র্যা বহু রূপং চতুর্ব্যূহাদিলক্ষণং কচিন্মায়া ময়ং মায়া শক্ত্যা জগদ্রূপঞ্চ যো বেদ মামিতি শেষঃ স বেদং বেদতত্ত্বার্থং বেদেতি ॥ ২১ ॥

তদেবং বেদার্থং প্রদর্শ্য তস্মাত্তমুদ্ধবোৎ স্বজ্যোত্যাদি বাক্যোকার্থেন নিগময়তি। এবং

ফল, এই বৃক্ষ সূর্য্যমণ্ডল পর্য্যন্ত প্রবিষ্ট হইয়া বর্ত্তমান রহিয়াছে ॥ ২০ ॥

কামী গৃহস্থেরা ইহার দুঃখ রূপ এক ফল ভোগ করে, বনচর বিবেকী সন্ন্যাসিরা সুখ রূপ আর এক ফল ভোগ করেন, এই প্রকারে এক আনন্দ রূপ ও মায়াময় বহুরূপ ইহা যিনি গুরুর নিকটে অবগত হয়েন তিনিই বেদতত্ত্বার্থ জানিতে পারেন ॥ ২১ ॥

অতএব তুমি এই রূপ একান্ত ভক্তি সহকারে গুরূপাসনা জনিত

রেণ শিতেন ধীরঃ। বিবৃশ্চ্য জীবাশয়
মপ্রমত্তঃ সম্পদ্যচাত্মানমথ ত্যজাস্ত্রং ॥ ২২ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে দ্বাদশোঽধ্যায়ঃ ॥ * । ১২ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥

তীক্ষ্নেন বিদ্যা কুঠারেণ স্বতন্ত্র ভাবাদয়ো জীবোপাধিং ত্রিগুণাত্মকং লিঙ্গশরীরং বিবৃশ্চ্য ছিত্বা পরমাত্মানঞ্চ সংপদ্য প্রাপ্যাথাস্ত্রং সাধনং ত্যজেতি ॥ ২২ ॥

॥ * ॥ ইত্যেকাদশে দ্বাদশঃ ॥ * ॥

ত্রয়োদশেঽথ সত্ত্বস্য শুদ্ধ্যা বিদ্যোদয়ঃ ক্রমঃ। হংসেতি হাসতশ্চিত্ত গুণ বিশ্লেষ বর্ণনং॥০॥

বিদ্যা কুঠারেণ জীবাশয়ং সংবৃশ্চ্য সাধনং ত্যজেত্যুক্তং। তত্র তম আদি গুণত্রয় বৃত্তি

ক্রমসন্দর্ভঃ।

পূর্ব্বোক্ত প্রকারেণ মদ্রূপস্য মদ্বন্দাশ্রয়স্য গুরূপাসনয়া জাতেন বিদ্যা কুঠারেণ শুদ্ধ জীবাত্ম জ্ঞান স্বরূপেণ পরশুনা জীবাশয়ং ভয়ময় সংসারতরু রূপং মদ্ব্যবধায়কং বিবৃশ্চ্য ছিত্বা গুরূপাসনয়ৈব জাতয়া প্রেম লক্ষণয়ৈকান্ত ভক্ত্যা আত্মানং সর্ব্বাশ্রয় স্বরূপং মাং সংপদ্য সাক্ষাৎ কৃত্য অথানন্তরমেবাস্ত্রং তদ্রূপত্বেন কৃতং রূপকং বিদ্যা কুঠারং ত্যজ তস্য তদ্বৃশ্চ ন মাত্রং প্রয়োজনত্বাৎ ত্যাগো যুক্তঃ। ভক্তেস্তু দৃষ্টেরেব সদা তৎ সাক্ষাৎকার হেতুত্বান্নযুক্ত ইতি ভাবঃ। বক্ষ্যতেচ। সংছিদ্য হার্দমনুমান সদুক্তিতীক্ষ্ণ জ্ঞানাসিনা ভজত মাখিল সংশয়াধিমিতি ॥ ২২ ॥

॥ * ॥ ইত্যেকাদশ ক্রমসন্দর্ভে দ্বাদশঃ ॥ * ॥

পূর্ব্বোক্তরীত্যা সৎসঙ্গলব্ধো মদ্ভক্তিলক্ষণো ধর্ম্মো বৃদ্ধাৎ বৃদ্ধিং প্রাপ্তাৎ সত্ত্বাস্তবেৎ।

শাণিত বিদ্যা কুঠার দ্বারা অপ্রমত্ত হৃদয়ে জীবোপাধি লিঙ্গ শরীর ছেদন করত পরমাত্মাকে প্রাপ্ত হইয়া পরে অস্ত্র পরিত্যাগ কর ॥ ২২ ॥

॥ * ॥ ইতি একাদশে দ্বাদশ ॥ * ॥

ত্রয়োদশ অধ্যায়ে সত্ত্ব শুদ্ধি দ্বারা জ্ঞানোদয়ের ক্রম ও হংস ইতিহাস কথন দ্বারা চিত্ত গুণ বিশ্লেষ বর্ণন ॥ ০ ॥

বিদ্যা কুঠার দ্বারা জীবাশয় ছেদন করিয়া সাধন পরিত্যাগ কর, এই উক্তি প্রযুক্ত তম আদি গুণ ত্রয় প্রতিবন্ধ সত্ত্বে কি প্রকারে বিদ্যার

সত্ত্বং রজস্তম ইতি গুণা বুদ্ধের্নচাত্মনঃ।
সত্ত্বেনান্যতমৌ হন্যাৎ সত্ত্বং সত্ত্বেন চৈবহি ॥ ১ ॥
সত্ত্বাদ্ধর্ম্মো ভবেদ্বৃদ্ধাৎ পুংসো মদ্ভক্তিলক্ষণঃ।
সাত্ত্বিকোপাসয়া সত্ত্বং ততো ধর্ম্মঃ প্রবর্ত্ততে ॥ ২ ॥
ধর্ম্মো রজস্তমো হন্যাৎ সত্ত্ববৃদ্ধিরনুত্তমাঃ।

প্রতিবন্ধে সতি কথং বিদ্যোৎপত্তি প্রকারমাহ সত্ত্বমিতি সপ্তভিঃ। তত্র যদ্যানন্দাদি বদাত্ম ধর্ম্মা গুণাঃ স্যু স্তর্হি তৎ স্বরূপত্বাত্তেষাং নিবৃত্তি র্ন স্যাৎ নত্বেতদস্তীত্যাহ বুদ্ধেঃ প্রকৃতে রেতে গুণা নত্বাত্মন ইতি অতঃ সত্ত্বেন সত্ত্ববৃত্ত্যা হন্যতমৌ হন্যাৎ রজস্তমোবৃত্তি র্জয়েদিত্যর্থঃ। সত্ত্বঞ্চ সত্যদয়াদি বৃত্তি রূপ মুপশমাত্মকেন সত্ত্বেনৈব হন্যাৎ ॥ ১ ॥

নম্ন গুণত্রয় বৃত্তীনাং পরস্পরোপমর্দ্দিত্বাৎ কথং সত্ত্ব বৃত্ত্যৈবেতর বৃত্তয়ো নিয়মেন হন্তব্যা স্তত্রাহ সত্ত্বাদিতি। মদ্ভক্তিং লক্ষয়তি যো ধর্ম্মঃ স ভক্তি রূপ এব বা। সত্ত্বমেব কথং বর্দ্ধেত তত্রাহ সাত্ত্বিকানাং পদার্থানাং উপাসনয়া সত্ত্বং বৃদ্ধং ভবতীত্যর্থঃ ॥ ২ ॥

সচ ধর্ম্মো রজস্তমশ্চ হন্যাৎ। কুতঃ ন বিদ্যতে উত্তমো যস্মাৎ সঃ যতঃ সত্ত্ববৃদ্ধি র্যস্মিন্ কারণে সঃ অতএব তৎ কার্য্যাধর্ম্ম প্রতিবন্ধোঽপি নাস্তীত্যাহ উভয়ে উভয়স্মিন্ হতে

ক্রমসন্দর্ভঃ।

মালাকারেণোপ্তকুম্পক বিশেষ বীজং ক্ষীরসেকেন জাতাদ্বীর্য্যাদিবেতি ভাবঃ ॥ ১ ॥

সত্ত্ব বৃদ্ধিরিতি মিথোবর্দ্ধনাৎ ॥ ২ ॥ ৩ ॥ ৪ ॥

উৎপত্তি হইবে এই আশঙ্কার নিরাকরণ পূর্ব্বক বিদ্যোৎপত্তির প্রকার বর্ণন করত ভগবান কহিলেন, হে উদ্ধব! সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিন বুদ্ধির গুণ, আত্মার নহে, অতএব সত্ত্ব গুণ বৃত্তি দ্বারা রজ স্তমো গুণের বৃত্তিকে জয় করিবেক, পরে সত্য দয়াদি সত্ত্ব গুণ বৃত্তিকেও উপশান্তি রূপ সত্ত্ব বৃত্তি দ্বারা জয় করিবেক ॥ ১ ॥

সত্ত্ব গুণ বৃদ্ধি পাইলে পুরুষদিগের আমাতে ভক্তি রূপ ধর্ম্ম উদিত হয়, সাত্ত্বিক উপাসনাতেই সত্ত্ব গুণ প্রবৃদ্ধ হয় ও তাহা হইলেই ধর্ম্মে প্রবৃত্তি হয় ॥ ২ ॥

অনুত্তম সত্ত্ব বৃদ্ধি জনিত ধর্ম্মই রজঃ ও তমকে বিনষ্ট করে, ঐ উভয়

আশু নশ্যতি তন্মূলো হ্যধর্ম্ম উভয়ে হতে ॥ ৩ ॥
আগমোঽপঃ প্রজাদেশঃ কালঃ কর্ম্মচ জন্মচ।
ধ্যানং মন্ত্রোঽথ সংস্কারো দশৈতে গুণহেতবঃ ॥ ৪ ॥
তত্তৎ সাত্বিকমেবৈষাং যদ্যদ্বৃদ্ধাঃ প্রচক্ষতে।
নিন্দন্তি তামসং তত্তদ্রাজসং তদুপেক্ষিতং ॥ ৫ ॥
সাত্বিকান্যেব সেবেত পুমান্ সত্ব বিবৃদ্ধয়ে।

তন্মূল স্তে রজস্তমসী রাগ দ্বেষাদিনা প্রমাদালস্যাদিনাচ মূলং যস্য সঃ ॥ ৩ ॥

সাত্বিকোপাসনয়া সত্বং বর্দ্ধত ইত্যুক্তং তানেব সত্ব বৃদ্ধি হেতূন্ দশয়িতুং সামান্যতো গুণত্রয় বৃদ্ধি হেতুনাহ আগমঃ শাস্ত্রং অপঃ আপঃ। ক্বচিদাগমোঽর্থ ইতি পাঠঃ ॥ ৪ ॥

এষু সাত্বিকাদি নির্ণয়মাহ। এষামেব মধ্যে প্রচক্ষতে প্রশংসন্তি যদ্যন্নিন্দন্তি তত্তত্তামসং যত্তু তৈ র্বৃদ্ধৈরুপেক্ষিতং নতু স্তুতং নচ নিন্দিতং তদ্রাজসং ॥ ৫ ॥

সাত্বিকান্যেবেতি নিবৃত্তি শাস্ত্রাণ্যেব সেবেত নতু প্রবৃত্তি পাষণ্ড শাস্ত্রাণি। তীর্থাপ এব ন গন্ধোদক সুরাদ্যাঃ। প্রজা জনান্ নিবৃত্তান্ জনান্ ন প্রবৃত্ত দুরাচারান্। বিবিক্ত দেশান্ ন রথ্যাদ্যূত দেশান্। কালং ব্রাহ্ম মুহূর্ত্তাদিকং ধ্যানাদৌ ন প্রদোষ নিশীথাদীন্ কর্ম্মচ নিত্যং নতু কাম্যাভিচারাদীনি। জন্মচ বৈষ্ণব শৈব দীক্ষা লক্ষণং ন শক্তি ক্ষুদ্রদীক্ষা

ক্রমসন্দর্ভঃ।

বৃদ্ধাঃ শ্রীব্যাসাদয়ঃ সাত্বিকাদীনাং গুণ দোষৌ পাদ্মোত্তর খণ্ডে দর্শিতৌ বর্ত্তেতে ॥ ৫ ॥
সাত্বিকান্যেবেত্যস্য টীকায়াং তাবৎপর্য্যন্তং জ্ঞানং ভবতীত্যর্থঃ ইতি তাবচ্ছাস্ত্রোত্থ

রজঃ ও তমঃ বিনষ্ট হইলে তৎ কার্য্য অধর্ম্ম আশু বিনষ্ট হয় ॥ ৩ ॥

শাস্ত্র, জল, প্রজা, দেশ, কাল, কর্ম্ম, জন্ম, ধ্যান, মন্ত্র ও সংস্কার এই দশটী গুণ বৃত্তির কারণ ॥ ৪ ॥

এই দশটী গুণ বৃত্তির মধ্যে বৃদ্ধেরা যে কএকটীর প্রশংসা করিয়াছেন সেই কয়টীই সত্ব বৃত্তি ও যে কএকটীর নিন্দা করিয়াছেন, সেই কএকটী তমো বৃত্তি এবং যাহাদিগকে উপেক্ষা করিয়াছেন তাহারাই রজোবৃত্তি ॥ ৫ ॥

সত্ব বৃদ্ধির নিমিত্ত পুরুষ তত দিন সাত্বিক বৃত্তি রূপ নিবৃত্তি শাস্ত্রাদির উপাসনা করিবেন, যত দিন আত্মপ্রত্যক্ষ ও দেহদ্বয় রূপ উপাধি ভঙ্গ

তত‌ো ধর্ম্মস্ততো জ্ঞানং যাবৎ স্মৃতিরপোহনং ॥ ৬ ॥
বেণু সংঘর্ষজো বহ্নির্দগ্ধা শাম্যতি তদ্বনং।
এবং গুণ ব্যত্যয়জো দেহঃ শাম্যতি তৎক্রিয়ঃ ॥ ৭ ॥
শ্রীউদ্ধব উবাচ ॥
বদন্তি মর্ত্ত্যাঃ প্রায়েণ বিষয়ান্ পদমাপদাং।

রূপং। ধ্যানং শ্রীবিষ্ণো র্ন কামিনী বিদ্বিষাং। মন্ত্রঃ প্রণবাদিকং ন কাম্য ক্ষুদ্রাদিকান্ সংস্কারমাত্মনঃ শোধনং নতু কেবলং দেহ গৃহাদীনাং। নন্ন জ্ঞানং বাক্য শ্রবণাদেবোৎ পদ্যতে কিন্ত্বত্র সত্ত্ববৃদ্ধ্যা ধর্ম্মেণ বা অত আহ যাবৎ স্মৃতিঃ আত্মা পরোক্ষং। যাবচ্চ দেহ দ্বয় তৎ কারণভূত গুণাপোহঃ তাবৎ পর্য্যন্তং জ্ঞানং ভবতীত্যর্থঃ ॥ ৬ ॥

নন্ন গুণ ব্যতিকরাজ্জাতো দেহঃ কথং স্বাশ্রয় ভূতান্ স্বত এবোৎপন্নয়া বিদ্যয়াঽপোহ্য স্বয়মপি উপরমেৎ। তত্রাহ বেণূনাং সংঘর্ষণাজ্জাতোঽগ্নি র্যথা স্বত এবোৎপন্নাভির্জ্বালাভি স্তদ্বনং সর্ব্বং দগ্ধা স্বয়ং শাম্যতি। এবং দেহোঽপি তৎ ক্রিয়ঃ তস্যাগ্নিরিব ক্রিয়া ব্যাপারো যস্য সঃ ॥ ৭ ॥

নন্ন নিযতেন্দ্রিয় তয়া সাত্ত্বিক সেবায়ামিয়ানস্তি পুরুষার্থঃ তথাপি রাজসাদীন্ বিষয়ান্ দুঃখমিতি জানন্তোঽপি কথং সেবন্ত ইতি পৃচ্ছতি বদন্তীতি। পদং স্থানং শ্বানো যথা ভৎর্স্যমানা অপি খরা যথা পদ্ভ্যাং তাড্যমানা অপি খরীমনুধাবন্তঃ। অজা যথা

ক্রমসন্দর্ভঃ।

পরোক্ষ জ্ঞানমেবানুবর্ত্ততে। তত আত্মা পরোক্ষার্থং সাত্ত্বিকান্যেব সেবেতেত্যর্থঃ ॥ ৬ ॥ ৭ ॥

যদ্যপি বিদন্তি তথাপি শ্বাদয়ো যেন বিদন্তি তদ্বৎ কথং ভুঞ্জতে প্রায়েণেতি শ্বাদিভির্নির্বিশেষা স্তাবদ্ভুঞ্জতামিত্যর্থঃ। বিষয়াং স্ত্র্যাদীন্ আপদাং ভাবি দুঃখানাং পদমব্যভিচারি স্থানং। দুঃখোদর্কাণি সংপশ্যন্নিতি বক্ষ্যমাণাৎ। তত্রাশ্বা মৈথুনান্তে শুণ্ড্যাং বদ্ধং। খরো রজক দর্শিত তৃণ মুষ্টি ভোগান্তে মহাভার বহনং। অজা নিত্য নানা

না হয়, পরে ভক্তি, তৎ পরে জ্ঞান উদিত হইবে ॥ ৬ ॥

যেমন বহ্নি বেণু কাষ্ঠের পরস্পর সংঘর্ষণে উৎপন্ন হইয়া সেই বন দগ্ধ করত পরে স্বয়ং উপশান্ত হয় ॥ ৭ ॥

উদ্ধব কহিলেন হে কৃষ্ণ। মনুষ্যেরা প্রায়ই বিষয় সকলকে বিপদের আধার স্বরূপে জানে, তথাপি তিরস্কৃত কুক্কুর, গর্দ্দভ ও ছাগের ন্যায়

তথাপি ভুঞ্জতে কৃষ্ণ তৎ কথং শ্ব খরাজ বৎ ॥ ৮ ॥

শ্রীভগবানুবাচ ॥

অহমিত্যন্যথা বুদ্ধিঃ প্রমত্তস্য যথা হৃদি।

উৎসর্পতি রজো ঘোরং ততো বৈকারিকং মনঃ ॥ ৯ ॥

রজোযুক্তস্য মনসঃ সংকল্পঃ সবিকল্পকঃ।

ততঃ কামো গুণধ্যানাৎ দুঃসহঃ স্যাদ্ধি দুর্ম্মতেঃ ॥ ১০ ॥

করোতি কামবশগঃ কর্ম্মাণ্যবিজিতেন্দ্রিয়ঃ!

নির্লজ্জা হস্তমানীতা অপি অজামনুধাবন্তি তদ্বৎ ॥ ৮ ॥

মিথ্যাভিনিবেশেন ভুঞ্জতে ইতি সহেতুক মাহমিতি ত্রিভিঃ। প্রমত্তস্য বিবেকশূন্যস্য দেহাদাবহমিতি মিথ্যা বুদ্ধিঃ হৃদি যথা যথাবদুৎসর্পতি অতোঽহং বুদ্ধেশ্চ বৈকারিকং সত্ত্ব প্রধানমপি মনঃ প্রতি ঘোরং দুঃখাত্মকং রজঃ উৎসর্পতি মনো ব্যাপ্নোতীত্যর্থঃ ॥ ৯ ॥

ইদমেবমিদমেবং ভোগ্যমিতি সবিকল্পঃ সংকল্পঃ স্যাৎ ততশ্চাহোরূপমহো ভাব ইতি গুণধ্যানাৎ দুর্দ্ধরঃ কামঃ স্যাৎ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভোজনাদ্যন্তে শিরশ্ছেদং ন জানন্তীতি তথা দৃষ্টান্তিতং ॥ ৮ ॥

প্রমত্তস্য পূর্ব্বকর্ম্ম বিশেষেণ লুপ্ত বিবেকস্য দেহাদাবহমিত্যন্যথা বুদ্ধি র্হৃদি যথোৎসর্পতি অতিশেতে। তথা রজোপ্যুৎসর্পতি ততো হেতো র্বৈকারিকং সাত্ত্বিকমপি মন উৎসর্পতি দুর্ব্বশং ভবতি ॥ ৯ ॥

তদেবাহ রজো যুক্তস্যেত্যর্দ্ধেন ॥ ১০ ॥

তাহারা সেই সকল বিষয় উপভোগ করিতে কেন প্রবৃত্ত হয়? ॥ ৮ ॥

ভগবান্ কহিলেন, যখন বিবেক শূন্য ব্যক্তিদিগের হৃদয়ে ও দেহাদিতে আমি এই মিথ্যা জ্ঞান উদিত করি, তখন তখনই বৈকারিক ঘোর রজোবৃত্তি আসিয়া মনকে আক্রমণ করে ॥ ৯ ॥

মন রজোবৃত্তি যুক্ত হইলে বিকল্পের সহিত সংকল্প আসিয়া উপস্থিত হয়, পরে গুণ ধ্যান বশতঃ সেই দুর্ম্মতি পুরুষের অতি দুর্দ্ধর্ষ কামনা আসিয়া আবির্ভূত হয় ॥ ১০ ॥

পরে রজোগুণ বিমোহিত অবিজিতেন্দ্রিয় ও কামনার বশীভূত হইয়া

দুঃখোদর্কানি সংপশ্যন্ রজো বেগ বিমোহিতঃ ॥ ১১ ॥
রজস্তমোভ্যাং যদপি বিদ্বান্ বিক্ষিপ্তধীঃ পুনঃ।
অতন্দ্রিতো মনো যুঞ্জন্ দোষ দৃষ্টি র্ন সজ্জতে ॥ ১২ ॥
অপ্রমত্তোঽনুযুঞ্জীত মনোময্যর্পয়ঞ্ছনৈঃ।
অনির্ব্বিণ্ণো যথা কালং জিতশ্বাসো জিতাসনঃ ॥ ১৩ ॥
এতাবান্ যোগ আদিষ্টো মচ্ছিষ্যৈঃ সনকাদিভিঃ।
সর্ব্বতো মন আকৃষ্য ময্যদ্ধাবেশ্যতে যথা ॥ ১৪ ॥

ততো বিষয়ান্ ভোক্তুং কর্ম্মাণি করোতি ॥ ১১ ॥

এবঞ্চেন্নকস্যাপি দুঃখ নিবৃত্তিঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ যদ্যপি রজস্তমোভ্যাং বিক্ষিপ্তধীর্মূঢ়ধীশ্চ তথাপি বিদ্বান্ বিবেকী পুনর্মনো নিরুন্ধন্ ন সজ্জতে ॥ ১২ ॥

বিষয় দোষ দৃষ্ট্যাপি মনো নিরোধাশক্তৌ সুখং তন্নিরোধোপায়মাহ অপ্রমত্ত ইতি। অনির্ব্বিণ্ণঃ অনলসঃ যথাকালং ত্রিসবনং ময়ি পরমানন্দরূপেঽর্পয়ন্ সমাদধ্যাৎ ॥ ১৩ ॥

বিষয়ৈঃ সংগ্রথিতস্য মনস স্তদ্বিয়োগেনেশ্বর নিষ্ঠত্ব মসম্ভাবিতং মন্যমানং প্রতি তন্নিরূপণায়েতিহাস মুপক্ষিপতি এতাবানিতি। যথা যথাবন্ময্যাবেশ্যত ইত্যেতাবা-নিত্যর্থঃ ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ

দুঃখোদর্কাণীতি জানন্নপি ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥

অদ্ধা সাক্ষাৎ ॥ ১৪ ॥

দেখিয়া শুনিয়াও পরিণাম দুঃখ জনক কর্ম্ম করিতেও প্রবৃত্তি হয় ॥ ১১ ॥

তাহার মধ্যে বিদ্বান্ পুরুষ রজস্তমো বৃত্তি দ্বারা বিক্ষিপ্ত বুদ্ধি হইলেও পুনর্ব্বার অতন্দ্রিত হইয়া মনোযোগ পূর্ব্বক দোষ দৃষ্টি সহকারে তাহাতে আর আসক্ত হয়েন না ॥ ১২ ॥

অপ্রমত্ত হৃদয়, অনলস, জিতাশ্বাস ও জিতাসন হইয়া যথা কালে আমাতে মন অর্পণ করত ক্রমশ আমার পরমানন্দ রূপে মনের ধারণা করিবেক ॥ ১৩ ॥

যে রূপে সমুদায় বিষয় হইতে মনকে আকর্ষণ করিয়া আমাতে আসক্ত করিতে সমর্থ হয়, আমার শিষ্য সনকাদি ঋষিগণ সেই রূপে এই যোগ অন্যের প্রতি উপদেশ করিয়াছেন ॥ ১৪ ॥

শ্রীউদ্ধব উবাচ ॥

যদা ত্বং সনকাদিভ্যো যেন রূপেণ কেশব।

যোগমাদিষ্টবানেতদ্রূপমিচ্ছামি বেদিতুং ॥ ১৫ ॥

শ্রীভগবানুবাচ ॥

পুত্রা হিরণ্যগর্ভস্য মানসাঃ সনকাদয়ঃ।

পপ্রচ্ছঃ পিতরং সূক্ষ্মাং যোগস্যৈকান্তিকীং গতিং ॥ ১৬ ॥

শ্রীযোগিন ঊচুঃ ॥

গুণেষ্বাবিশতে চেতো গুণাশ্চেতসিচ প্রভো।

কথমন্যোন্য সংত্যাগো মুমুক্ষো রতিতীর্ষোঃ ॥ ১৭ ॥

মচ্ছিষ্যৈরিত্যুক্তে তেষামতি জ্যায়সামনেন রূপেণ নিরূপণাসম্ভবাৎ পৃচ্ছতি যদেতি। কালং তদেতদ্রূপঞ্চ বেদিতুমিচ্ছামি তৎ কথয়েতি ॥ ১৫ ॥

মানসা মনোভবাঃ পুত্রাঃ। সূক্ষ্মাং দুর্জ্ঞেয়ামৈকান্তিকীং গতিং পরাং কাষ্ঠাং ॥ ১৬ ॥

তদেবাহ গুণেষ্বিতি। বিষয়েষু স্বভাবতো রাগাদি বসাচ্চেতঃ প্রবিশতি তেচানুভূতা বিষয়া বাসনা রূপেণ চেতসি প্রবিশন্তি। অতিতিতীর্ষো র্বিষয়ানতিক্রমিতু মিচ্ছোঃ ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

যদেতি। ত্বং নিত্য নরাকৃতি পরব্রহ্ম রূপঃ সর্ব্বাবতারী। যদা যেন রূপেণাবতারেণ তং কালং তদ্রূপঞ্চ বেদিতুমিচ্ছামিঃ ॥ ১৫ ॥ ১৬ ॥ ১৭ ॥

উদ্ধব কহিলেন হে কেশব! আপনি যে কালে ও যে রূপ ধারণ করিয়া সনকাদি ঋষিগণের প্রতি যোগ উপদেশ করিয়াছিলেন, আমি সেই কাল ও সেই রূপ জানিতে ইচ্ছা করি ॥ ১৫ ॥

ভগবান কহিলেন হিরণ্যগর্ভ ব্রহ্মার মানস পুত্র সনকাদি ঋষিগণ একদা পিতার নিকটে আসিয়া ঐকান্তিকী দুর্জ্ঞেয় যোগগতি জিজ্ঞাসা করিলেন ॥ ১৬ ॥

ঋষিগণ কহিলেন হে প্রভো! স্বভাবত রাগাদি বশতঃ অন্তঃকরণ বিষয়ে প্রবৃত্ত হয় এবং বিষয় সকলও বাসনা রূপে অন্তঃকরণে প্রবিষ্ট হয়, অতএব বিষয় বাসনা অতিক্রম করিতে ইচ্ছুক মুমুক্ষু ব্যক্তির কি প্রকারে সেই উভয় পরস্পর পরিত্যক্ত হয়, তাহা বলুন ॥ ১৭ ॥

শ্রীভগবানুবাচ ॥

এবং পৃষ্টো মহাদেবঃ স্বয়ম্ভূর্ভূত ভাবনঃ।

ধ্যায়মানঃ প্রশ্নবীজং নাভ্যপদ্যতে কর্ম্মধীঃ ॥ ১৮ ॥

সমামচিন্তয়দ্দেবঃ প্রশ্নপারতিতীর্ষয়া।

তস্যাহং হংস রূপেণ সকাসমগমং তদা।

দৃষ্ট্বা মাং ত উপব্রজ্য কৃত্বা পাদাভিবন্দনং।

ব্রহ্মাণমগ্রতঃ কৃত্বা পপ্রচ্ছুঃ কো ভবানিতি ॥ ১৯ ॥

মহান্ দেবোঽপি স্বয়ম্ভুরপি ভূতানাং স্রষ্টাপি ধ্যায়মানঃ বিচারয়ন্নপি প্রশ্নস্য বীজং। যদজ্ঞানাদয়ং প্রশ্নঃ তন্নাবিদৎ। যতঃ কর্ম্ম বিক্ষিপ্ত ধীঃ ১৮ ॥

প্রশ্নস্য পারমুত্তরমভিপ্রায়ো বা তস্য তিতীর্ষয়া জিজ্ঞাসয়া হংসরূপেণেতি যথা হংসো নীরং ক্ষীরঞ্চ পৃথক্ কর্ত্তুং শক্তঃ। এবমহং গুণাংশ্চেতশ্চেতি দ্যোতয়ন্তং হংস রূপেণ গতো ঽস্মীতি ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

এবমিতি। যাবানহং যথা ভাবো যদ্রূপ গুণ কর্ম্মকঃ। তথৈব তত্ত্ববিজ্ঞানমস্তুতে মদনুগ্রহাদিতি। এতন্মতং সমাতিষ্ঠ পরমেন সমাধিনা। ভবান্ কল্প বিকল্পেষু ন বিমুহ্যতি কর্হিচিদিতি। ঋষিমাদ্যং নবধ্নাতি পাপীয়াং স্ত্বাং রজো গুণ ইতি লব্ধ ভগবদ্বরত্বেপি ন ভারতী মেঙ্গ মৃষোপলক্ষ্যতে ইত্যাদিনা ব্যঞ্জিত তাদৃশ স্বানুভবত্বেপি যোঽন্তর্হিত ইত্যাদৌ পিত্রানুবর্ণিত রহেত্তি শ্রীভগবন্তং প্রতি সনকাদীনাং বাক্যত্বেপিচ। ব্রহ্মণঃ কর্ম্মধীত্বং সংপ্রতি স্বমহিম ব্যঞ্জনায় শ্রীভগবদিচ্ছয়ৈব জ্ঞেয়ং। হংসোপনিষদি বাবাদিশক্তি ত্তভনেতি হাসবৎ ॥ ১৮ ॥

হংসরূপেণ গতোঽস্মীত্যভিপ্রায় ইতি শেষঃ ॥ ১৯ ॥

ভগবান্ কহিলেন ভূতভাবন স্বয়ম্ভু হিরণ্যগর্ভ এইরূপে জিজ্ঞাসিত হইয়া কর্ম্ম বিক্ষিপ্ত বুদ্ধি প্রযুক্ত চিন্তা করিয়াও সেই প্রশ্নের বীজ অনুসন্ধান করিতে পরিলেন না ॥ ১৮ ॥

তখন সেই দেব হিরণ্যগর্ভ সেই প্রশ্ন পারে উত্তীর্ণ হইবার বাসনায় আমাকে চিন্তা করিলেন, আমিও তৎকালে হংসরূপ পরি গ্রহ পূর্ব্বক তাহাদিগের নিকটে উপস্থিত হইলাম ॥ ১৯ ॥

ইত্যহং মুনিভিঃ পৃষ্টস্তত্ত্বজিজ্ঞাসুভিস্তদা।
যদবোচমহং তেভ্য স্তদুদ্ধব নিবোধমে ॥ ২০ ॥
শ্রীহংস উবাচ ॥
বস্তুনো যদ্যনানাত্ব আত্মনঃ প্রশ্ন ঈদৃশঃ।
কথং ঘটেত বো বিপ্রা বক্তুর্ব্বামেক আশ্রয়ঃ ॥ ২১ ॥
পঞ্চাত্মকেষু ভূতেষু সমানেষুচ বস্তুতঃ।

ইত্যহং মুনিভিঃ পৃষ্ট ইতি পৃথক্ বাক্যং। যদবোচমিতিচ পৃথক্ অতোঽস্মচ্ছব্দা বৃত্তে রদোষঃ। তেভ্যো যদবোচং তন্মে বচনং নিবোধ ॥ ২০ ॥

দেহাদি বিবিক্তাত্মজ্ঞানে সতি তন্নিষ্ঠস্য রাগাদ্যসম্ভবাৎ স্বয়মেব বিষয় চেতসো বিশ্লেষো ভবতীতি বক্তুং প্রশ্ন খণ্ডন মিষেণৈব তাবদাত্মানাত্ম বিবেকমাহ বস্তুন ইতি ত্রিভিঃ। কিমাত্মনোঽয়ং প্রশ্নঃ তদুপাধে ভূর্ত সংঘস্য বা। যদ্যাত্মন স্তর্হি তস্য বস্তুনঃ পরমাত্ম রূপস্য অনানাত্বে সতি হে বিপ্রা বো যুষ্মাভিঃ কৃত ঈদৃশঃ বহুষু নির্দ্ধারণ রূপঃ কথং ঘটেত বক্তুরুত্তরদাতুর্ব্বা মম ক আশ্রয়ঃ অবিশেষে আত্মনি কিং জাতি গুণাদি বিশেষ মাশ্রিত্য উত্তরং বক্ষ্যামীত্যর্থঃ ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

কৃতপাদাভিবন্দনত্বাৎ কো ভবানিতি প্রশ্নো নাজ্ঞানজঃ কিন্তু তেনৈব তদভিপ্রায় জ্ঞানার্থঃ অতএবাহ তত্ত্বজিজ্ঞাসুভিরিতি ॥ ২০ ॥

কিং মাং জীবং জ্ঞাত্বায়ং কো ভবানিতি প্রশ্নঃ ক্রিয়তে ভৌতিক দেহং জ্ঞাত্বা বা। কিং বেশ্বরং জ্ঞাত্বেতি বৈকল্প্য জীব পক্ষং দূষয়তি। আত্মনো জীবরূপস্য বস্তুনো যদ্যনানাত্বং সর্ব্বস্যাদিতস্য চিদেক রূপতয়া বিশেষাংশ নির্দ্দেষ্টাযোগ্যত্বং। তর্হীদৃশঃ প্রশ্নঃ কথং ঘটতে যদীতি নিশ্চয়ে। তস্মাৎ হে বিপ্রাঃ বো যুষ্মাকং প্রষ্টৄণাং বক্তুর্ব্বা মম ক আশ্রয়ঃ। যুষ্মাভিঃ কিং জাত্যাদি বিশেষ মাশ্রিত্য ক ইতি প্রযুক্তং ময়া চোত্তরয়িতব্যমিত্যর্থঃ ॥ ২১ ॥

তাঁহারা আমাকে দেখিয়া গাত্রোত্থান পূর্ব্বক পাদাভিবন্দন করত ব্রহ্মাকে অগ্রে করিয়া আমাকে জিজ্ঞাসা করিলেন যে, কে তুমি ॥ ২০ ॥

হে উদ্ধব। এই রূপে অমি তত্ত্বজিজ্ঞাসু মুনিগণ কর্তৃক পৃষ্ট হইয়া যাহা বলিয়াছিলাম, তাহা কহিতেছি শ্রবণ কর ॥ ২১ ॥

হংস কহিলেন হে বিপ্রগণ। তোমারা যদি আত্ম বিষয়ক প্রশ্ন করি-

কোভবানিতি বঃ প্রশ্নো বাচারম্ভোহ্যনর্থকঃ ॥ ২২ ॥
মনসা বচসা দৃষ্ট্যা গৃহ্যতেঽন্যৈরপীন্দ্রিয়ৈঃ।
অহমেব নমত্তোঽন্যাদিতি বুধ্যধ্বমঞ্জসা ॥ ২৩ ॥

ভূত সংঘবিষয়ত্বেপ্যয়ং বঃ প্রশ্নঃ বাচারম্ভঃ বাঙ্মাত্রেণাবব্ধঃ যতোঽনর্থকঃ কুতো ভূতেষু দেব মনুষ্যাদি দেহেষু পঞ্চভূতাত্মকেষু অতঃ সমানেষ্বভিন্নেষু পুনশ্চ বস্তুতঃ পরম কারণা অনাঽভিন্নেষু বাচাবস্তুণং বিকাবো নামধেয়ং মৃত্তিকেব সত্যমিত্যাদি শ্রুতেঃ ॥ ২২ ॥

তত্র পঞ্চাত্মকত্বং প্রত্যক্ষাদি সিদ্ধমেবেতি পবম কাবণাভেদমেবোপপাদয়তি মন সেতি। মন আদিভি র্যদ্ যদ্ গৃহ্যতে তত্তদহমেবেত্যর্থঃ। অঞ্জসা তত্ত্ববিচাবেণ এদ্ভেনৈব, সর্ব্বাত্মকোঽমিত্যঞ্জসাপ্যুত্তবমুক্তং ভবতি ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

দেহ পক্ষং দূষযতি পঞ্চেতি। বস্তুতো বস্তু বিচারে সতি ভূতানাং পঞ্চাত্মকত্বাৎ কো ভবানিত্যেকত্বেন প্রশ্নোঽয়ং নার্থবান্। যদিচ দেহ রূপাণাং তেষামিতি তত্বৈনেকত্বং মনাসে তথাপ্যাত্মবৎ সমানত্বাৎ প্রশ্নোঽয়ং নার্থবান্। নমু বিদুষামপি ব্যবহারোঽয়ং দৃশ্যতে। যতো ভবতাপি বিপ্রা ইতি চোক্তমিত্যশঙ্ক্যাহ বাচারম্ভ ইতি বাঙ্মাত্রেণারভ্যতে মদ্বিধেন তদপোহার্থমেব তদনুবাদঃ ক্রিযতে। ভবদ্ভিশ্চ মদ্বিধবদিতি চেৎ জ্ঞাতমেব তত্ত্বং কিং পৃচ্ছত ইতি ভাবঃ ॥ ২২ ॥

ঈশ্বর পক্ষং দূষয়তি মনসেতি। মন আদিভি র্যদগৃহ্যতে তৎ সর্ব্বমহমেব কুতঃ। যতো ন মত্তোন্যৎ। পবম কাবণং মাং বিনা অন্নাস্ত্যেবেত্যর্থঃ। তথাপি প্রশ্নোঽয়ং ন ঘটত ইতি ভাবঃ ॥ ২৩ ॥

য়াথাক্, তবে তাহার অভিন্নত্ব প্রযুক্ত ঈদৃশ প্রশ্নই বা কি প্রকারে ঘটে এবং আমি কাহাকে আশ্রয় করিয়াই বা উত্তর করিব ॥ ২১ ॥

আর যদি ভূত সমুহ বিষয়ক প্রশ্ন হয়, তবে মনুষ্যাদি দেহেতে পঞ্চ ভূত সমান থাকাতে, বস্তুত কে তুমি, এই যে প্রশ্ন ইহা কেবল অনর্থক বাচারম্ভণ মাত্র ॥ ২২ ॥

মন, বাক্য, চক্ষু ও অন্য ইন্দ্রিয় দ্বারা যাহা গ্রহণ করা যায় সকলই আমি, আমা হইতে ভিন্ন কিছুই নাই, তত্ত্ববিচার দ্বারা সহসা সর্ব্বাত্মক রূপে আমাকে অবগত হও ॥ ২৩ ॥

গুণেষ্বাবিশতে চেতো গুণাশ্চেতসিচ প্রজাঃ।
জীবস্য দেহ উভয়ং গুণাশ্চেতো মদাত্মনঃ ॥ ২৪ ॥
গুণেষু চাবিশচ্চিত্তমভীক্ষ্ণং গুণসেবয়া।

এবং প্রশ্ন খণ্ডন মিষেণৈবাত্ম স্বরূপং সামান্যতো নিরূপ্য ব্রহ্মণোঽপি দুষ্পরিহরং যৎ পৃষ্টং তত্রোত্তরমাহ 'গুণেষ্বিত্যাদিনা যাবদধ্যায় সমাপ্তি। অয়মভিপ্রায়ঃ যদি কর্তৃত্ব ভোক্তৃত্বাদি রূপতয়া বিষয়ৈঃ সংগ্রথিতং চিত্তং বুদ্ধ্যাদি শব্দ বাচ্যমেব জীবস্য স্বরূপং ভবেৎ। তত স্তদ্বিয়োগো ন ঘটেত তস্যতু স্বরূপমহং ব্রহ্মৈব চিত্তাধ্যাসেন ন তত্তৎ স্বভাব তয়া বিষয়ৈঃ সংগ্রথনং স্যাৎ অতঃ স্বস্য ব্রহ্মত্ব ভাবনয়া বিষয়ানাঞ্চ মিথ্যাত্বানুসন্ধানেন সর্ব্বতো নির্ব্বেদ্য ভগবন্তং ভজতো ভবত্যেব পরিপূর্ণ স্বরূপাবস্থানমিতি। হে প্রজাঃ পুত্রকাঃ সত্যং গুণেষু চেত আবিশতি গুণাশ্চেতসি এবং গুণাশ্চেতশ্চোভয়ং গ্রথিতং মদাত্মনো ব্রহ্ম স্বরূপস্য জীবস্য দেহঃ অধ্যাস্ত উপাধিঃ নতু স্বরূপং ॥ ২৪ ॥

তস্মাদভীক্ষ্ণং পুনঃ পুন র্গুণসেবয়া তৎ সংস্কারেণ গুণেষ্বাবিশচ্চিত্তং পুনর্ব্বাসনা রূপেণ

ক্রমসন্দর্ভঃ।

নন্বেবং সতি গুণাশ্চেতশ্চ মিথঃ প্রসজ্যেব স্থিতানি ভবন্ত্যপি প্রসজ্জন্তি। কিমুত জীবে ইত্যস্মাকং দ্বিগুণী ভূয়ৈব প্রশ্নো জাত ইত্যাশঙ্ক্য জীবে তেষামস্বাভাবিক সম্বন্ধং কথয়ন্ স্বস্মিং স্তৎ কৈমুত্যং দর্শয়তি গুণেষ্বিতি। গুণেষ্বিত্যাদিকং সত্যমেব কিন্তু জীবস্য তদুভয়মপি দেহ উপাধি মাত্রেণৈব জীবে সম্বন্ধমিত্যর্থঃ। যতো মদাত্মনঃ অহমেবাত্মা পরমাংশিরূপো যস্য তস্য মদংশস্য। ততো ময়িতু তৎ সম্বন্ধঃ সুতরামেব নাস্তীত্যর্থঃ। অয়ং ভাবঃ যথা সূর্য্যাং শানাং রশ্মীনাং সূর্য্যকার্য্য ভূতেন মেঘেন স্বাভাবিক সম্বন্ধো নাস্তি। সূর্য্য স্যতু দূরত এব তদ্বার্তা। তথা জীবানাং মমচ সম্বন্ধ ইতি ॥ ২৪ ॥

তদেবমপি জীবস্য স্বশক্ত্যা তান্ বিযোজয়িতুং ন শক্নোতি কিন্তু মদভেদোপাসনাদি লব্ধ মচ্ছক্ত্যংশেনৈবেত্যাহ গুণেষু চেতি। মদ্রূপঃ মদভেদ ভাবনাবিষ্টঃ ইতি জ্ঞানানুসারে

হে পুত্রগণ! অন্তঃকরণ বিষয়েতে প্রবৃত্ত হয় এবং বিষয় সকলও অন্তঃকরণে প্রবিষ্ট হয় বটে, কিন্তু বিষয় ও অন্তঃকরণ এ উভয়ই মদাত্মক জীবের অধ্যস্ত দেহ মাত্র জানিবে ॥ ২৪ ॥

অতএব পুনঃ২ বিষয় সেবা দ্বারা তৎ সংস্কার বশতঃ বিষয়েতে আবিষ্ট

গুণাশ্চ চিত্তপ্রভবা মদ্রূপ উভয়ং ত্যজেৎ ॥ ২৫ ॥
জাগ্রৎ স্বপ্নঃ সুষুপ্তঞ্চ গুণতো বুদ্ধিবৃত্তয়ঃ।
তাসাং বিলক্ষণো জীবঃ সাক্ষিত্বেন বিনিশ্চিতঃ ॥ ২৬ ॥
যর্হি সংসৃতি বন্ধোয়মাত্মনো গুণ বৃত্তিদঃ।

চিত্তে প্রকর্ষেণ ভবন্তীতি তথা তে গুণাশ্চ। এবং যদুভয়ং তৎ মৎ স্বরূপঃ সন্ ত্যজেৎ ॥ ২৫ ॥

নমু জাগ্রদাদ্যবস্থাবতঃ কূটস্থ তদ্রূপতা তত্রাহ জাগ্রজ্জাগরঃ স্বপ্নঃ সুষুপ্তশ্চেতি বুদ্ধেরেতা বৃত্তয়ঃ তাশ্চ ন স্বাভাবিক্যঃ কিন্তু সত্ত্বাজ্জাগরণং বিদ্যাদ্রজসা স্বপ্নমাদিশেৎ। প্রস্বাপ তমসা জন্তোস্তুরীয়ং ত্রিষু সন্ততমিতি বক্ষ্যমাণ ক্রমেণ গুণত এব। জীবস্তু বিলক্ষণঃ তদবস্থা রহিতঃ এব বিনিশ্চিতঃ। কুতস্তেষাং সাক্ষিত্বেন ॥ ২৬ ॥

নমু তর্হি কথং অহং জাগমীত্যাদি প্রতীতিঃ তত্রাহ যর্হি যস্মাৎ সম্যক স্মৃতিঃ সরণ মনয়েতি সংসৃতিঃ বুদ্ধিঃ তয়া বন্ধো হয়মাত্মনো গুণ বৃত্তীর্দদাতি তস্মাম্ময়ি তুর্য্যে স্থিতঃ সন্ ইমং সংসৃতি বন্ধং জহ্যাৎ। তত্তদা গুণ চেতসাং গুণানাং চেতস শ্চাস্তোক্তং ত্যাগো

ক্রমসন্দর্ভঃ

গোক্তং। ভক্তি রূপোপাসনা চেৎ মম রূপং যত্র স ধ্যাতেতি জ্ঞেয়ং ॥ ২৫ ॥

জীবস্য তৈঃ স্বাভাবিক সম্বন্ধাভাবং দর্শয়তি জাগ্রদিতি তৈঃ ॥ ২৬ ॥

জীবস্য স্বতো শক্তিং দর্শয়ং স্তদেব দ্রঢ়য়তি যর্হীতি। ময়ি তুর্য্য ইতি। বিরাট্ হিরণ্যগর্ভশ্চ কারণং চেত্যুপাধয়ঃ। ঈশস্য যস্ত্রিভির্হীনং তুরীয়ং তৎ পদং বিদুরিতি ন্যায়েন। এতদেব মূল প্রশ্নোত্তরমিত্যাহ ত্যাগ ইতি। ততঃ স্বত এবাচেতনানাং তেষাং

চিত্ত এবং বাসনা রূপে চিত্ত হইতে সম্ভুত বিষয় সকল আমার স্বরূপ হইয়া এ উভয়কেই পরিত্যাগ করিবেক ॥ ২৫ ॥

জাগ্রৎ স্বপ্ন ও সুষুপ্তি বুদ্ধির বৃত্তি বটে, কিন্তু স্বাভাবিক বৃত্তি নহে, ইহারা সত্ব রজঃ তমো গুণের কার্য্য মাত্র, আর জীব তাহাদিগের সাক্ষী রূপে বর্ত্তমান, সুতরাং সে সকল হইতে ভিন্ন হয়েন ॥ ২৬ ॥

যখন এই জীব বুদ্ধির গুণে তুরীয় চৈতন্য রূপ যে আমি আমাতে স্থিত হইয়া সংসৃতি বন্ধন পরিত্যাগ করিবেন, তাহাতেই গুণ ও চিত্তের

ময়ি তুর্য্যে স্থিতো জহ্যাত্ত্যাগস্তদ্গুণচেতসাং ॥ ২৭ ॥
অহঙ্কার কৃতং বন্ধমাত্মনোঽর্থ বিপর্য্যয়ং।
বিদ্বান্নির্বিদ্য সংসার চিন্তাং তুর্য্যেস্থিত স্ত্যজেৎ ॥ ২৮ ॥
যাবন্নানাত্ব ধীঃ পুংসো ন নিবর্ত্তেত যুক্তিভিঃ।
জাগর্ত্ত্যপি স্বপন্নজ্ঞঃ স্বপ্নে জাগরণং যথা ॥ ২৯ ॥
অসত্ত্বাদাত্মনোঽন্যেষাং ভাবানাং তৎকৃতা ভিদা ॥

ভবতি ॥ ২৭ ॥

কথং সংসৃত্যা বন্ধঃ কথঞ্চ তং জহ্যাৎ তদাহ। অহঙ্কারেণ কৃতং বন্ধং আত্মনোঽর্থ বিপর্য্যয়ং আনন্দাদ্যাবরণেনার্থ হেতুং বিদ্বান্ জানন্ সন্ নির্ব্বিদ্য দুঃখমেতদিতি জ্ঞাত্বা তুর্য্যে স্থিতো ভূত্বা সংসার চিন্তাং সংসারো বুদ্ধি স্তস্মিন্ চিন্তামভিমানং তৎ কৃতাং ভোগাচিন্তাঞ্চ ত্যজেদিত্যর্থঃ ॥ ২৮ ॥

যাবদেবং ন ত্যজেৎ তাবত্তস্য কর্ম্ম জ্ঞানাদি সর্ব্বং ব্যর্থমিত্যাহ যাবদিতি। যদ্যপি জাগর্ত্তি কর্ম্মাদিষু তথাপি স্বপন্ স্বপ্নান্ পশ্যন্নিব ভবতি। যতোঽজ্ঞোঽসম্যক্ দর্শী। অস্য জাগরস্য স্বপ্নত্বে দৃষ্টান্তঃ স্বপ্ন ইতি ॥ ২৯ ॥

নন্বু কথং বেদ প্রমিত বর্ণাশ্রম কর্ম্মাদিভি র্নানা ধী নির্ব্বর্ত্ততে তত্রাহ অসত্ত্বাদিতি।

ক্রমসন্দর্ভঃ।

মিথ স্ত্যাগো ভবতীতি ভাবঃ ॥ ২৭ ॥

পুন র্বিশেষ্য তৎ ত্যাগমেব শিক্ষয়তি অহমিতি। তুর্য্যে ময্যেবেতি জ্ঞেয়ং ॥ ২৮ ॥ ২৯ ॥ ॥ ৩০ ॥ ৩১ ॥

ত্যাগ সিদ্ধি হইবে ॥ ২৭ ॥

আনন্দাদির আবরণ দ্বারা অনর্থহেতু সংসার বন্ধনকে অহঙ্কার জনিত জানিয়াও তাহার দুঃখ স্বভাব বিবেচনা করিয়া তুরীয় চৈতন্যে অবস্থিতি পূর্ব্বক সংসার চিন্তা অর্থাৎ অহঙ্কার ও অভিমান পরিত্যাগ করিবে ॥ ২৮ ॥

যত দিন পুরুষের আত্মনানাত্ম জ্ঞান যুক্তি দ্বারা নিবৃত্ত না হয়, তত দিন অজ্ঞান প্রযুক্ত জাগ্রৎ থাকিলেও স্বপ্নাবস্থের ন্যায় হইয়া থাকেন, যেমন জাগ্রৎ অবস্থা স্বপ্নে দেখা যায় তদ্বৎ ॥ ২৯ ॥

আত্মা ভিন্ন অন্য বস্তুর অসত্ত্ব হেতু দেহাদির বর্ণাশ্রমাদি রূপ যে

গতয়ো হেতবশ্চাস্য মৃষা স্বপ্নদৃশো যথা ॥ ৩০ ॥
যো জাগরে বহিরনুক্ষণ ধর্ম্মিণোঽর্থান্
ভুঙ্ক্তে সমস্ত করণৈ র্হৃদি তৎ সদৃক্ষান্।
স্বপ্নে সুষুপ্ত উপসংহরতে স একঃ
স্মৃত্যন্বয়া ত্রিগুণবৃত্তি দৃগিন্দ্রিয়েশঃ ॥ ৩১ ॥
এবং বিমৃষ্য গুণতো মনসস্ত্র্যবস্থা মন্মায়য়া ময়ি

ভাবানাং দেহাদীনাং তৎ কৃতা ভিদা বর্ণাশ্রমাদি রূপা গতয়ঃ স্বর্গাদি ফলানি হেতবঃ কর্ম্মাণি চাস্যাত্মনো মৃষা অবিদ্যা বদ্বিষয়ো বেদ ইতি ভাবঃ ॥ ৩০ ॥

যুক্তিভিরিত্যুক্তং তা এব যুক্তীরাহ য ইতি। অর্থান্ স্থূলান্ দেহাদীন্ সমস্ত করণৈশ্চক্ষুরাদিভি র্ভুঙ্ক্তে কথং ভূতান্ অনুক্ষণ ধর্ম্মিণঃ ক্ষণিক বাল্য তারুণ্যাদি ধর্ম্মবতো যশ্চ স্বপ্নে হৃদি জাগর দৃষ্ট সদৃশান্ বাসনাময়ান্ ভুঙ্ক্তে। যশ্চ সুষুপ্তে তান্ সর্ব্বান্ উপসংহরতি। স একঃ কুতঃ ত্রিগুণবৃত্তি দৃক্ অবস্থা ত্রয় দ্রষ্টা। নন্বু জাগ্রদবস্থাং সর্ব্বেন্দ্রিয়াণি পশ্যন্তি স্বপ্নমনঃ সুষুপ্তঞ্চ তৎ সংস্কার বশাৎ বুদ্ধিঃ কথমাত্মা তদ্দ্রষ্টা তত্রাহ ইন্দ্রিয়েশঃ। নন্বু ইন্দ্রিয়েশা অপি বিশ্ব তৈজস প্রাজ্ঞাভিন্নান্ কুতঃ স্মৃত্যা প্রতি সন্ধানেন সর্ব্বাবস্থাস্বয়াৎ যঃ স্বপ্নানদ্রাক্ষং যশ্চানস্বরং ন কিঞ্চিদবেদিষং স এব এতর্হি জাগমীতি উপাধি ভেদেন বিশ্বাদি ব্যবহার ইতি ভাবঃ। এতেন বালযুবাদ্যবস্থাস্বপি প্রতি সন্ধানেনাত্মৈক্যং দ্রষ্টব্যং ॥ ৩১ ॥

ততঃ কিমত আহ এবমিতি। গুণতো যা এতা মনসস্তিস্রোবস্থাস্তামবিদ্যয়া ময়ি

ক্রমসন্দর্ভঃ।

পূর্ব্বং তস্মাত্তমুদ্ধবোৎসৃজ্যেত্যাদিনা যদুক্তং তদেব খলু এবং গুরূপাসনয়েত্যাদিনা

ভেদ ও স্বর্গাদি ফল এবং কর্ম্ম এ সমুদায় এই আত্মার সম্বন্ধে স্বপ্ন দর্শনের ন্যায় মিথ্যা জানিবে ॥ ৩০ ॥

যিনি জাগ্রৎ কালে বাহিরে ক্ষণিক ধর্ম্ম বিশিষ্ট অর্থ সমুদায় সমস্ত ইন্দ্রিয় দ্বারা উপভোগ করেন ও স্বপ্ন কালে হৃদয়েতে জাগ্রৎ দৃষ্ট বাসনা ময় পদার্থ সকল ভোগ করেন, তিনিই স্মৃতি দ্বারা সর্ব্বাবস্থায় অনুসন্ধান হেতু ত্রিগুণ বৃত্তির দ্রষ্টা এক মাত্র ইন্দ্রিয়ের অধীশ্বর ॥ ৩১ ॥

এই রূপ বিবেচনা দ্বারা গুণাধীন মনের যে তিন অবস্থা তাহা

কৃতা ইতি নিশ্চিতার্থাঃ। সংছিদ্যহার্দ্দমনুমান
সদুক্তিতীক্ষ্ণ জ্ঞানাসিনা ভজতমাখিল সংশয়াধিং॥ ৩২ ॥
ঈক্ষেত বিভ্রমমিদং মনসো বিলাসং দৃষ্টং বিনষ্ট
মতি লোলমলাতচক্রং। বিজ্ঞানমেকমরুধেব
বিভাতি মায়া স্বপ্নস্ত্রিধা গুণ বিসর্গ কৃতো বিকল্পঃ ॥ ৩৩ ॥

কৃতা ন তত্বতঃ সন্তীতি নিশ্চিতঃ আত্মরূপোঽর্থো যৈঃ তে যূয়ং অখিল সংশয়ানামাধিং আধীয়স্তেঽস্মিন্নিত্যাধিরহঙ্কার স্তং সংছিদ্য হার্দ্দং হৃদিস্থিতং মা মাং ভজত কেন ছিত্বা তদাহ অনুমানৈঃ সদুক্তিভিঃ সতামুপদেশৈঃ শ্রুতিভিশ্চ তীক্ষ্ণেন জ্ঞানখড়্গেন ॥ ৩২ ॥

অনুমানাদি দর্শয়তি ঈক্ষেতি ইদং জগদ্বিভ্রমমীক্ষেত। তত্র হেতবঃ মনো বিজৃম্ভিতত্বাৎ দৃষ্টত্বাৎ বিনাশিত্বাচ্চ স্বপ্নবৎ অতিচঞ্চলত্বাচ্চ অলাতচক্রবৎ। নমু ভ্রমোঽপি নির্ব্বিষয়ঃ কথং স্যাত্তত্রাহ বিজ্ঞানমিতি নিগমনং তস্মাত্রিবিধো যো গুণ পরিণাম কৃতো বিকল্পো ভেদঃ স মায়েতি ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্থাপিতং তদেব পুনঃ শ্রীহংস বাক্যেন দ্রঢ়য়তি এবং বিমৃশ্যেতি। এবং বিমৃশ্য মননং ভজত ধ্যায়ত যূয়ং ॥ ৩২ ॥

ততশ্চ জ্ঞানোৎপত্তি প্রকারমাহ ঈক্ষেতি ইদং জগৎ বিভ্রমং বিশেষেণ ভ্রমো যত্র তদ্রূপমীক্ষেত। যতো মনো বিলাসময়ং। তথা দৃষ্টং যদ্ঘটাদি তদ্বিনষ্টং নশ্বরমপি সর্ব্বমীক্ষেত। অলাত চক্রবদিতি লোলং সন্তত ভ্রমণাকুলং চেক্ষেত। যস্মাদ্বিজ্ঞানং পরমাত্ম চৈতন্যং। সর্ব্বত্রৈকমেব। মায়ৈবতু উরুধেব ভাতি। ইব শব্দস্তস্যাঃ স্বাতন্ত্র্যং বারয়তি। পরমাত্ম সান্নিধ্যমাত্র বলত্বাৎ। তস্মাৎ গুণ বিসর্গ কৃতো বিকল্পঃ। স্বপ্নইব মায়ামাত্র লব্ধ স্ফূর্ত্তিরিত্যর্থঃ ॥ ৩৩ ॥ ৩৪ ॥

আমার মায়া দ্বারা আমাতেই কল্পিত, স্বরূপত নহে, এই প্রকার অর্থ নিশ্চয় করত অনুমান ও সাধুর উপদেশ দ্বারা তীক্ষ্ণী-কৃত জ্ঞান রূপ খড়্গ দ্বারা হৃদয় গত অখিল সংশয় রূপ আধি ছেদন করিয়া আমাকেই ভজনা কর ॥ ৩২ ॥

মনোবিলষিত, দৃষ্ট, বিনাশশালী, অলাত চক্র সদৃশ অতি চঞ্চল এই জগৎকে স্বপ্নের ন্যায় ভ্রমমাত্র জ্ঞান করিবেক, আর জ্ঞানকে এক মাত্র জানিবেক। তিন প্রকার যে গুণ পরিণাম কৃত বিকল্প, তাহাই মায়া, তাহাই বহু প্রকারের ন্যায় প্রকাশিত হয় ॥ ৩৩ ॥

দৃষ্টিং ততঃ প্রতি নিবর্ত্ত্য নিবৃত্ত তৃষ্ণ স্তূষ্ণীং ভবে
ন্নিজ সুখানুভবো নিরীহঃ। সংদৃশ্যতে কচ যদীদ
মবস্তু বুদ্ধ্যা ত্যক্তং ভ্রমায় ন ভবেৎ স্মৃতিরানিপাতাৎ॥ ৩৪॥
দেহঞ্চ নশ্বরমবস্থিতমুত্থিতম্বা সিদ্ধো ন পশ্যতি
যতোঽধ্যগমৎ স্বরূপং। দৈবাদপেতমথ দৈববশা
দপেতং বাসো যথা পরিকৃতং মদিরামদান্ধঃ॥ ৩৫॥

তস্মাত্ততো দৃশ্যাদ্দৃষ্টিং প্রতি নিবর্ত্ত্য নিজ সুখানুভবো ভবেৎ। তত্রৈশ্চল্যার্থঞ্চ নবৃত্ত তৃষ্ণঃ তৃষ্ণাং নিরীহশ্চ ভবেৎ। মনো বাক্ কায় ব্যাপার রহিত ইত্যর্থঃ। ননু দেহবতঃ সর্ব্বথা বৈত দৃষ্টি প্রতি নিবর্ত্তনা যোগাৎ পুনঃ সংসারঃ স্যাদেব তত্রাহ সংদৃশ্যত ইতি। কচিদাবশ্যকাহারাদিষু যদ্যপীদং সংদৃশ্যতে তথাপি পূর্ব্বমবস্তু বুদ্ধ্যা যৎ ত্যক্তং তৎপুন র্মোহায় ন ভবেদেব কিন্তু দেহপাত পর্য্যন্তং স্মৃতিরিব স্মৃতিঃ সংস্কার মাত্রেণাবস্থানো ভবেদিত্যর্থঃ॥ ৩৪॥

এতদেবোপাদয়তি দেহমিতি। আসনাদুত্থিতং উত্থায় তত্রৈব স্থিতং ততঃ কচি দপেতং নির্গতং পুন স্তত্রৈব উপেতং বা দেহমপি নানুসন্ধত্তে কুতোঽন্যৎ যতো যেন দেহেন স্বরূপমধ্যগমৎ। জ্ঞাতবান্ তং দেহং যতঃ কারণাদিতি বা। পরিকৃতং পরিহিত বাসো গতং স্থিতম্বা যথা ন বেত্তি তদ্বৎ॥ ৩৫॥

ক্রমসন্দর্ভঃ।

জীবন্মুক্তমাহ দেহং চেতি দ্বাভ্যাং॥ ৩৫ ॥ ৩৬॥

অতএব তৃষ্ণা রহিত, নিরীহ ও তূষ্ণীম্ভূত হইয়া এই জগৎ হইতে দৃষ্টিকে নিবৃত্তি করত নিজ সুখানুভবে নিমগ্ন হইবেক, কিন্তু যদিও কখন আবশ্যক আহারাদি কার্য্য বশত ইহাকে দর্শনও করেন, তথাপি অবস্তু জ্ঞানে যাহা পরিত্যক্ত হইয়াছে তাহা আর ভ্রমের নিমিত্ত হইবে না, অপর দেহ পাত পর্য্যন্ত সংসার মাত্রে তাহার স্মরণ থাকিবেক॥ ৩৪॥

সিদ্ধ ব্যক্তি উপবিষ্ট হউন বা উত্থিতই হউন, দৈবাৎ নির্গতই হউন বা দৈববশত আগতই হউন, মদিরা মদান্ধ ব্যক্তির পরিধেয় বস্ত্রের ন্যায় স্বরূপের অধিগম হেতু নশ্বর এই দেহকে আর দেখিতে পারেন না॥৩৫॥

দেহোপি দৈববশগঃ খলু কর্ম্ম যাবৎ স্বারম্ভকং প্রতি
সমীক্ষত এব সাসুঃ। তং সপ্রপঞ্চমধি রূঢ়
সমাধিযোগঃ স্বাপ্নং পুন র্ন ভজতে প্রতিবুদ্ধবস্তু ॥ ৩৬ ॥
ময়ৈতদুক্তং বো বিপ্রা গুহ্যং তৎ সাংখ্য যোগয়োঃ ॥
জানীতমাগতং যজ্ঞং যুষ্মদ্ধর্ম্ম বিবক্ষয়া ॥ ৩৭ ॥

নমু যঃ পরিপাল্যমানোঽপি মুমূর্ষতি তক্তেন্ন পশ্যতি তর্হি পতেদেব নেত্যাহ দেহো পীতি। দৈববশেন গচ্ছন্ স্বারম্ভকং কর্ম্ম যাবদস্তি তাবৎ পর্য্যন্তং প্রতি সমীক্ষত এব জীবত্যেব সাসুঃ প্রাণেন্দ্রিয় সহিতঃ নমু তর্হি তস্মিন্ কদাচিদাসজ্জেতাপি নেত্যাহ তমিতি স্বাপ্নং স্বপ্নতুল্যমধিরূঢ়ঃ প্রাপ্তঃ সমাধি পর্য্যন্তো যোগো যেন। অতএব প্রতি বুদ্ধং জ্ঞাতং পরমার্থ বস্তু যেন সঃ। তথাচ শ্রুতিঃ তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষেঽথ সংপৎস্যত ইতি ॥ ৩৬ ॥

উক্তার্থে তেষাং বিশ্বসার্থং স্ব স্বরূপমাহ ময়েতি। সাংখ্যমাত্মানাত্মবিবেকঃ যোগো হষ্টাঙ্গঃ তয়ো গুহ্যং রহস্যং যজ্ঞং বিষ্ণুং যুষ্মদ্ধর্ম্ম বিবক্ষয়া ইত্যনেন ধর্ম্মা অপ্যুপদিষ্টা ইতি জ্ঞেয়ং। অতএব যস্তেন হংস রূপেণ ব্রহ্মণেঽভ্যাখ মাধবেত্যনুবাদো ভবিষ্যতি ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র নিজোক্ত মাদরয়তি ময়েত্যর্দ্ধেন। আদরে কারণ বিশেষত্বেন স্বপরিচয় বিশেষং করোতি জানীতেতি। যজ্ঞং বিষ্ণুং। নন্বীশ্বরত্বেন জ্ঞাপিতমপি শিবাদি রূপং যুষ্মদ্ধর্ম্ম বিবক্ষয়েত্যনেন ধর্ম্মা অপ্যুপদিষ্টা ইতি জ্ঞেয়ং ॥ ৩৭ ॥

যত দিন প্রারব্ধ দেহ থাকিবেক তত দিন দৈব বশতাপন্ন হইয়া প্রাণ ধারণ করত দেহ প্রতীক্ষা করিবেক, কিন্তু স্বপ্ন প্রবুদ্ধের ন্যায় সমাধি যোগে আরোহণ পূর্ব্বক বস্তু বোধ করিয়া পুনর্ব্বার সপ্রপঞ্চ এই সংসারকে আর ভজনা করিবেন না ॥ ৩৬ ॥

হে বিপ্রগণ! সাংখ্য যোগ রহস্য বিষয় এই আমি তোমাদিগকে কহিলাম, তোমাদিকে ধর্ম্মোপদেশ করিবার নিমিত্ত আমি এখানে আগমন করিয়াছি আমাকে বিষ্ণু বলিয়া জানিবে ॥ ৩৭ ॥

অহং যোগস্য সাংখ্যস্য সত্যস্যর্ত্তস্য তেজসঃ।
পরায়ণং দ্বিজশ্রেষ্ঠাঃ শ্রিয়ঃ কীর্ত্তে র্দমস্যচ ॥ ৩৮ ॥
মাং ভজন্ত্যগুণাঃ সর্ব্বে নির্গুণং নিরপেক্ষকং।
সুহৃদং প্রিয়মাত্মনং সাম্যাসঙ্গাদয়ো গুণাঃ ॥ ৩৯ ॥
ইতি মে ছিন্ন সন্দেহা মুনয়ঃ সনকাদয়ঃ।

ঋতং প্রতীয়মানো ধর্ম্মঃ সত্যং অনুষ্ঠীয়মানো ধর্ম্মঃ তেজঃ প্রভাব এতেষাং পরায়নং ॥ ৩৮ ॥

কিঞ্চ মামিতি কথং ভূতাঃ অগুণাঃ গুণ পরিণাম রূপা ন ভবন্তি কিন্তু নিত্যা ইত্যর্থঃ ॥ ৩৯ ॥

মে ময়া অগুণতমাং তুষ্টুবুঃ ॥ ৪০ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বজ্ঞানস্যান্তভূর্ত সর্ব্বজ্ঞানত্বং দর্শয়ন্ সর্ব্বোৎকৃষ্টত্বং দর্শয়তি অহমিতি ॥ ৩৮ ॥

তথৈব স্বজ্ঞান মুপদিশতি মামিতি যে স্বগুণাঃ গুণ পরিণামা ন ভবন্তি তে। প্রথমস্কন্ধে পৃথিব্যা সত্যং শৌচমিত্যাদিনা বহুধা বর্ণিতাঃ সাম্যা সঙ্গাদয়োঽনন্ত গুণাঃ সর্ব্ব এব মাং ভজন্তি। তত্র হেতুঃ। আত্মানং সর্ব্বেষামাশ্রয় স্বরূপং অতএবোৎকৃষ্ট স্বরূপা স্তে সর্ব্বোৎকৃষ্ট স্বরূপং মাং বিনা কথং চান্যং ভজন্ত্বিতি ভাবঃ। কিঞ্চ তাদৃশাত্মত্বাদেব নির্গুণং। নতু জীববদবিদ্যয়া গুণ সম্বন্ধং। নিরপেক্ষকং স্বেচ্ছয়াপি তদসংবন্ধং। তত শ্চাগুণ পরিণামা স্তে মাং বিনেত্যাদি পূর্ব্ববৎ। কিঞ্চ। তাদৃশাত্মত্বাদেব সুহৃদঃ নিরুপাধি সর্ব্বহিতকারিণং। প্রিয়ং নিরুপাধি সর্ব্ব প্রেমাস্পদং। অতো ময়ৈব তাদৃশ গুণাবাসত্বং যুক্তমিতি ভাবঃ। অতঃ সর্ব্বোৎকৃষ্টে ময়ি প্রেম ভক্তিরেব সাধ্যেতি পর্য্যবসান বাক্যার্থঃ ॥ ৩৯ ॥

ততশ্চ সন্দেহং ত্যক্তবন্তস্তাঞ্চ ভক্তিং ময়ি প্রাপ্তবন্ত ইত্যাহ ইতীতি। পরয়া ভক্ত্যা

হে দ্বিজ শ্রেষ্ঠগণ। আমি যোগ, সাংখ্য, ধর্ম্মপ্রমাণ, ধর্ম্মানুষ্ঠান, তেজ, শ্রী, কীর্ত্তি, ও দম ইত্যাদি সকলের পরায়ণ ॥ ৩৮ ॥

আমি নির্গুণ, নিরপেক্ষ, সুহৃৎ, প্রিয়, আত্মা, সমুদায় নিত্য সাম্য অসঙ্গাদি গুণ সকল আমাকে ভজনা করে ॥ ৩৯ ॥

হে উদ্ধব! সনকাদি মুনিগণ এই রূপে হংসরূপী আমা কর্ত্তৃক ছিন্ন

সভাজয়ন্তো পরয়া ভক্ত্যাগৃণত সংস্তবৈঃ ॥ ৪০ ॥

তৈরহং পূজিতঃ সম্যক্ সংস্তুতঃ পরমর্ষিভিঃ।

প্রত্যেয়ায় স্বকং ধাম পশ্যতঃ পরমেষ্ঠিনঃ ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব সম্বাদে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ * ॥

শ্রীউদ্ধব উবাচ ॥

বদন্তি কৃষ্ণ শ্রেয়াংসি বহূনি বাদিনঃ।

প্রত্যেয়ায় প্রত্যাগতোঽস্মি ॥ ৪১ ॥

॥ * ॥ ইত্যকাদশে ত্রয়োদশঃ ॥ * ॥

চতুর্দ্দশে পরং শ্রেয়ো ভক্তিরেব ন চেতরৎ। ইতোভবর্ণ্যতে ধ্যান যোগশ্চ সহ সাধনৈঃ ॥ ০ ॥

এবং তাবৎ ভগবন্তা ভক্ত্যা মোক্ষং ইত্যুক্তং। অন্যৈস্তন্যানি সাধনানি বদন্তি তত্র বিশেষ নির্দ্ধারণায় পৃচ্ছতি। শ্রেয়াংসি শ্রেয়ঃ সাধনানি কিং বিকল্পেন প্রাধান্যং উতাহো

ক্রমসন্দর্ভঃ।

প্রেম লক্ষণয়া ॥ ৪০ ॥ ৪১ ॥

॥ * ॥ ইত্যেকাদশ ক্রমসন্দর্ভে ত্রয়োদশঃ ॥ * ॥

পূর্ব্বং যৎ তস্মাত্ত্বমুদ্ধবোৎ সৃজ্যোত্যাদিভি র্ভক্তিযোগস্য নৈরপেক্ষ্যমভ্যস্তং তদেব মতান্তর

সন্দেহ হইয়া পরম ভক্তি দ্বারা আমাকে পূজা করিয়া দিব্যস্তোত্র দ্বারা আমাকে স্তব করিতে লাগিলেন ॥ ৪০ ॥

পরে আমি সেই পরম ঋষিগণ কর্ত্তৃক সম্যক্ পূজিত ও সংস্তুত হইয়া পরমেষ্ঠির সাক্ষাতে তথা হইতে স্বীয় ধামে প্রতি গমন করিলাম ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি একাদশে ত্রয়োদশ ॥ * ॥

চতুর্দ্দশ অধ্যায়ে ভক্তিই পরম শ্রেয়ঃ সাধন অন্য কিছুতেই শ্রেয়ো লাভ হইতে পারে না একারণ সাধনের সহিত ধ্যান যোগ বর্ণন ॥ ০ ॥

উদ্ধব কহিলেন হে কৃষ্ণ। ব্রহ্মবাদি ঋষিগণ শ্রেয়ঃ সাধন নানা প্রকার বলিয়াছেন, তাহার মধ্যে এক প্রধান কি সকলেই স্ব স্ব প্রধান,

তেষাং বিকল্পপ্রাধান্যমুতাহো এক মুখ্যতা ॥ ১ ॥
ভবতোদাহৃতঃ স্বামিন্ ভক্তিযোগোঽনপেক্ষিতঃ।
নিরস্য সর্ব্বতঃ সঙ্গং যেন ত্বয্যাবিশেন্মনঃ ॥ ২ ॥
শ্রীভগবানুবাচ ॥
কালেন নষ্টা প্রলয়ে বাণীয়ং বেদসংজ্ঞিতা।

কিম্বা একস্যৈব মুখ্যতা ॥ ১ ॥

একমুখ্যতা পক্ষোথানে কারণং ভবতেতি। অপেক্ষিতং অপেক্ষা যস্মিন্ সঃ। অহৈতুকঃ অয়মর্থঃ ভবতা যো ভক্তিযোগ উক্তঃ অন্যেচ যানি শ্রেয়ঃ সাধনানি বদন্তি তেষাং কিং সাক্ষাৎ ফল সাধনত্বেন প্রাধান্যমেব সর্ব্বেষাং উতাঙ্গাঙ্গিত্বং প্রাধান্যেপি কিং বিকল্পেন সর্ব্বেষাং তুল্য ফলত্বং যদ্বা কশ্চিদস্তি বিশেষ ইতি ॥ ২ ॥

তত্র ভক্তিরেব মহা ফলত্বেন মুখ্যা অন্যানিতু স্ব স্ব প্রকৃত্যনুসারেণ পুষ্প স্থানীয় স্বর্গাদি ফলবুদ্ধিভিঃ প্রাধান্যেন পরিকল্পিতানি ক্ষুদ্র ফলানীতি বিবেক্তুং প্রকৃত্যনুসারেণ বহুধা

ক্রমসন্দর্ভঃ।

নিরাসেন দ্রঢ়য়িতুং পৃচ্ছতি বদন্তীতি ॥ ১ ॥

নিরস্যেতি ফলান্তরমাপেক্ষত্বমপি নিরস্তং ॥ ২ ॥

কালেনেতি সার্দ্ধকং। কালেন নষ্টা তত্রাপি প্রলয়ে কল্পান্তে বহু নষ্টেত্যর্থঃ ইয়মিতি ভবতে ত্যাদিনা যথা ভবতানূদ্যতে তথা নিরূপিকেত্যর্থঃ। এতেন জ্ঞানাদিকং জ্ঞানাদি মিশ্রত্বং মদাবেশাঙ্গ ফলত্বঞ্চ ন মন্মতমিতি বোধিতং। আদৌ ব্রাহ্মকল্পাদৌ মদাত্মকো মৎ স্বরূপ

ইহা বলিতে আজ্ঞা হয় ॥ ১ ॥

হে স্বামিন্। আপনা কর্তৃক কথিত নিরপেক্ষ স্বয়ং প্রধান যে ভক্তি যোগ যাহার দ্বারা সর্ব্বসঙ্গ নিরাশ পূর্ব্বক আপনাতেই মন প্রবেশ করে, তাহাই প্রধান কি না? ॥ ২ ॥

ভগবান্ কহিলেন উদ্ধব! একা ভক্তিই সর্ব্ব শ্রেষ্ঠ সাধন, অন্য সকল পুষ্পস্থানীয়, স্বর্গাদি ফলবুদ্ধি প্রাণিগণ কর্তৃক স্বস্ব প্রকৃত্যনুসারে প্রাধান্য রূপে নিরূপিত হইয়াছে, সে সমুদায় তুচ্ছ ফল, ইহারই বিবেক নিমিত্ত স্ব স্ব প্রকৃতি অনুসারে বহু প্রকারে বেদার্থের প্রতিপত্তি বলি শ্রবণ কর। যাহাতে আমার ধর্ম্ম উক্ত হইয়াছে সেই বেদ বাক্য সকল কাল সহকারে

ময়াদৌ ব্রহ্মণে প্রোক্তা ধর্ম্মো যস্যাং মদাত্মকঃ ॥ ৩ ॥
তেন প্রোক্তা স্বপুত্রায় মনবে পূর্ব্বজায় সা।
ততো ভৃগ্বাদয়ো ঽগৃহ্ণন্ সপ্ত ব্রহ্ম মহর্ষয়ঃ ॥
তেভ্যঃ পিতৃভ্য স্তৎপুত্রা দেবদানব গুহ্যকাঃ।
মনুষ্যাঃ সিদ্ধ গন্ধর্ব্বাঃ সবিদ্যাধর চারণাঃ ॥ ৪ ॥
কিং দেবাঃ কিন্নরা নাগা রক্ষঃ কিংপুরুষাদয়ঃ।
বহ্ব্যস্তেষাং প্রকৃতয়ো রজঃ সত্ত্বতমোভুবঃ ॥ ৫ ॥

বেদার্থ প্রতিপত্তিমাহ কালেনেতি সপ্তভিঃ। মদাত্মকঃ মষ্যেব আত্মা চিত্তং যেন সঃ ॥ ৩ ॥

ভৃগুশ্চ মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্য পুলহঃ ক্রতুরিত্যেতে সপ্ত ব্রহ্মাণঃ প্রজাপতয় স্তেচ মহর্ষয়শ্চ ॥ ৪ ॥

কিং দেবা শ্রম স্বেদ দৌর্গন্ধ্যাদি রাহিত্যেন কিং দেবা মনুষ্যা বেতি সন্দেহাস্পদং দ্বীপান্তর মনুষ্যাঃ এবং কিন্নরা ইব মুখতঃ শরীরতো বা কিংপুরুষঃ কিঞ্চিৎ পুরুষা ইব বানরাদয়ঃ। প্রকৃতয়ো বাসনা বহ্ব্যঃ কুতো রজঃ সত্ত্ব তমাংসি ভুবঃ জন্ম স্থানানি যাসাং তাঃ ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ

ভূতো হ্লাদিনী সার রূপত্বাৎ ॥ ৩ ॥

তত ইতি যুগ্মকং তেভ্যস্তৎপুত্রা তৎপরং পরায়া মেবাস্তেভ্যশ্চ পিতৃভ্যোঽগৃহ্ণন্ ইত্যর্থঃ ॥ ৪ ॥ ৫ ॥

প্রলয়ে নষ্ট হইয়াছিল, পরে সৃষ্টির পূর্ব্বে তাহা আমি ব্রহ্মাকে বলিয়া ছিলাম ॥ ৩ ॥

তৎপরে ব্রহ্মা আপনার অগ্রজ পুত্র মনুকে কহেন, তাঁহা হইতে ভৃগু প্রভৃতি সপ্ত ব্রহ্মর্ষিরা তাহা গ্রহণ করিলেন ॥

সেই প্রজাপতি ভৃগু প্রভৃতি পিতৃগণ হইতে তাঁহাদিগের সন্তান দেবতা দানব গুহ্যক মনুষ্য সিদ্ধ গন্ধর্ব্ব বিদ্যাধর ও চারণেরা তাহা প্রাপ্ত হইলেন ॥ ৪ ॥

পরে দেবতুল্য দ্বীপান্তরীয় মনুষ্য, নাগ, যক্ষ, কিংপুরুষেরা প্রাপ্ত হয়েন, ইহাঁরা সকলেই সত্ত্ব রজঃ তমোগুণ সম্ভূত এবং ভিন্ন স্বভাব সম্পন্ন ॥ ৫॥

যাভির্ভূতানি ভিদ্যন্তে ভূতানাং পতয়স্তথা।
যথা প্রকৃতি সর্ব্বেষাং চিত্রা বাচঃ স্রবন্তিহি ॥ ৬ ॥
এবং প্রকৃতি বৈচিত্র্যাদ্ভিদ্যন্তে মতয়ো নৃণাং।
পারম্পর্য্যেণ কেষাঞ্চিৎ পাষণ্ডমতয়োঽপরে ॥ ৭ ॥
মন্মায়ামোহিত ধিয়ঃ পুরুষাঃ পুরুষর্ষভ।
শ্রেয়ো বদন্ত্যনেকান্তং যথা কর্ম্ম যথা রুচি ॥ ৮ ॥
ধর্ম্মমেকে যশশ্চান্যে কামং সত্যং দমং শমং।

ভূতানি দেবাসুর মনুষ্যাদীনি চিত্রা বাচঃ বেদার্থ ব্যাখ্যান বিষয়াঃ ॥ ৬ ॥
এবমিত্যুক্তোপসংহারঃ কেষাঞ্চিদ্বেদাধ্যয়ন শূন্যানামপ্যুপদেশ পারম্পর্য্যেণ অপরে পাষণ্ড মতয়ঃ বেদ বিরুদ্ধার্থ মতয়ঃ ॥ ৭ ॥
তৎ প্রকৃতীনাং মায়াগুণ মূলত্বাৎ মন্মায়া মোহিতধিয়ঃ। অনেকান্তং নানাবিধং ॥ ৮ ॥
তদেবাহ ধর্ম্মমিতি সার্দ্ধেন ধর্ম্মং কর্ম্ম মীমাংসকাঃ। তদুক্তং মোক্ষার্থী ন প্রবর্ত্তেত তত্র কাম্য নিষিদ্ধয়োঃ। নিত্যে নৈমিত্তিকে কুর্য্যাৎ প্রত্যবায় জিহাসয়া ইত্যাদি। যশঃ

ক্রমসন্দর্ভঃ।
যথেত্যর্দ্ধকং ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥
ধর্ম্মমিতি সার্দ্ধকং। ঈশ্বরা মননাজ্জৈমিন্যাদীনামপি তৎ প্রবর্ত্তকত্বমেবেতি ভাবঃ। ধর্ম্মং স্বধর্ম্মং নিত্য নৈমিত্তিকং। একে নিবৃত্তি কর্ম্মনিষ্ঠাঃ সত্যাদি ত্রয় মপ্যেতে যোগিনশ্চ।

যে বেদ বাক্য দ্বারা ভূত সকল ও ভূতপতি সকল পৃথক্ কৃত হইয়াছেন, তদ্বিষয়ে তাঁহাদিগের সকলেরই স্বভাবানুসারে ব্যাখ্যান বিষয়ক বাক্য সকল নানা প্রকারে পরিগণিত হয় ॥ ৬ ॥

এই রূপ প্রকৃতির বৈচিত্র্য অনুসারে মনুষ্যদিগের মত ভিন্ন ২ হইয়াছে, তদ্ভিন্ন কাহার বা উপদেশ পরম্পরা দ্বারা মত ভেদ হইয়াছে, কেহ বা বেদ বিরুদ্ধার্থ পাষণ্ড মত প্রতিপন্ন করিতেছে ॥ ৭ ॥

হে পুরুষ শ্রেষ্ঠ। আমার মায়া দ্বারা মোহিত বুদ্ধি পুরুষেরা কর্ম্ম ও অভিরুচি অনুসারে নানা প্রকারে শ্রেয়ঃ সাধন কহিয়া থাকেন ॥ ৮ ॥
মীমাংসকেরা ধর্ম্মকে, কাব্যালঙ্কার কর্ত্তারা যশকে, বাৎস্যায়ন প্রভৃতিরা কামকে, যোগশাস্ত্রকর্ত্তারা সত্য শম দমকে, অন্য দৃষ্টার্থ বাদী দণ্ডনীতি

অন্যে বদন্তি স্বার্থং বৈ ঐশ্বর্য্যং ত্যাগ ভোজনং।
কেচিদ্যজ্ঞং তপোদানং ব্রতানি নিয়মান্ যমান্ ॥ ৯ ॥
আদ্যন্তবন্ত এবৈষাং লোকাঃ কর্ম্ম বিনির্ম্মিতাঃ।
দুঃখোদর্কা স্তমোনিষ্ঠাঃ ক্ষুদ্রা মন্দাঃ শুচার্পিতাঃ ॥ ১০ ॥
ময্যর্পিতাত্মনঃ সভ্য নিরপেক্ষস্য সর্ব্বতঃ।

কাব্যালঙ্কার কৃতো যথাহুঃ। যাবৎ কীর্ত্তির্মনুষ্যস্য পুণ্যা লোকেষু গীয়তে। তাবৎ বর্ষ সহস্রাণি স্বর্গলোকে মহীয়তে। কামং বাৎস্যায়নাদয়ঃ। সত্যং দমং শমঞ্চ যোগশাস্ত্র কৃতঃ। অন্যে দৃষ্টার্থবাদিনো দণ্ডনীতি কৃতঃ বৈ প্রসিদ্ধং ঐশ্বর্য্যমেব স্বার্থং বদন্তি অতঃ সামান্যোপায়া এব শ্রেয়ঃ সাধনমিতি তেষাং মতং। তথৈবং ত্যাগং ভোজনঞ্চ লোকায়তিকাঃ যজ্ঞং তপোদানং যজ্ঞো দেবতানাং পূজনং তপোদানঞ্চ ॥ ৯ ॥

তেষাং তুচ্ছফলত্বমাহ আদ্যন্ত বন্ত ইতি এষাং এতৈঃ সাধ্যানি ফলানি তমো নিষ্ঠা মোহাবসানাঃ ভোগ কালেপ্যসূয়াদিভিঃ শুচার্পিতাঃ ব্যাপ্তাঃ ॥ ১০ ॥

ভক্তের্মুখ্যত্বমাহ ময়ীতি যাবদধ্যায় সমাপ্তি। হে সভ্য ময়া পরমানন্দ রূপেণ আত্মনা

ক্রমসন্দর্ভঃ।

কেচিৎ কর্ম্মনিষ্ঠাঃ স্বার্থমিতি স্থান ভেদেন সাধনং সাধ্যং চোচ্যতে। উভয়োরপি স্বেনার্থ্যমানত্বাৎ। তত্র কামৈশ্বর্য্য ত্যাগ ভোজনানি সাধ্যানিতু সাধনানি ॥ ৯ ॥

এষাং মধ্যে এব কর্ম্মণা বেদবিধিনা বিনির্ম্মিতা লোকাঃ সুখদফলানি ভবন্তি তেহপ্যাদ্যন্ত বদাদি রূপা এব। বেদ বিমুখস্যেতু নরকা এবেতি ভাবঃ ॥ ১০ ॥

আত্মনা পূর্ণ সচ্চিদানন্দ লক্ষণ পরমাত্ম তয়া পরম প্রেষ্ঠরূপেণ। তত্রাপি ময়া সর্ব্বাশ্চর্য্য রূপ গুণাদি বিশিষ্ট মদ্রূপেণ স্ফুরতেত্যর্থঃ। বিষয়াত্মনামিতি। মদতিরিক্ত পুরুষার্থিনঃ

কর্ত্তারা ঐশ্বর্য্যকে, লোকায়তিকারা দান ভোজনকে, কেহ যজ্ঞ তপস্যা দানকে,ও কেহ ব্রত নিয়ম যমকে পুরুষার্থ বলিয়া বর্ণন করেন ॥ ৯ ॥

এই সমুদায় পুরুষার্থের প্রাপ্য ফল স্বরূপ লোক সকল অনিত্য, কর্ম্ম জনিত, দুঃখ মিশ্রিত, মোহময়, ক্ষুদ্র, মন্দ এবং শোক পরিব্যাপ্ত ॥ ১০ ॥

হে সভ্য! ভক্তির মুখ্যত্ব এই যে যাঁহারা আমাতে আত্ম সমর্পণ পূর্ব্বক নিরপেক্ষ হইয়াছেন, আমার প্রাপ্তি দ্বারা তাঁহাদিগের সর্ব্ব

ময়াত্মনা সুখং যত্তৎ কুতঃ স্যাদ্বিষয়াত্মনাং ॥ ১১ ॥
অকিঞ্চনস্য দান্তস্য শান্তস্য সমচেতসঃ ।
ময়া সন্তুষ্টমনসঃ সর্ব্বাঃ সুখময়া দিশঃ ॥ ১২॥
ন পারমেষ্ঠ্যং নমহেন্দ্রধিষ্ণ্যং ন সার্ব্বভৌমং
ন রসাধিপত্যং । ন যোগসিদ্ধী রপুন
র্ভবং বা ময্যার্পিতাত্মেচ্ছতি মদ্বিনান্যৎ ॥ ১৩ ॥

স্বরূপত্বেন স্ফুরতা ॥ ১১ ॥

কিঞ্চান্যেষাং তত্তল্লোকাদি পরিচ্ছিন্নং সুখং । ভক্তস্য তু পরিপূর্ণমিত্যাহ অকিঞ্চনস্যেতি ॥ ১২ ॥

পরিপূর্ণতামেবাহ ন পারমেষ্ঠ্যমিতি । রসাধিপত্যং পাতালাদি স্বাম্যং অপুনর্ভবং মোক্ষমপি মদ্বিনা মাং হিত্বা অন্যন্নেচ্ছতি অহমেব তস্য শ্রেষ্ঠ ইত্যর্থঃ ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

সর্ব্বএব বিষয়াত্মন ইতি ভাবঃ ॥ ১১ ॥

স্বানুভব সুখমাহাত্ম্যমেব দর্শয়তি । অকিঞ্চনস্যেতি দ্বাভ্যাং ॥ ১২ ॥

সার্ব্বভৌমং শ্রীপ্রিয়ব্রতাদীনামিব মহারাজ্যং । অপ্যর্থে বা শব্দ ইতি মোক্ষ সুখস্যাপ্যপরিপূর্ণত্বং দর্শিতং । পরেমেষ্ঠ্যাদি চতুষ্টয়স্যানুক্রমশ্চাধোধো বিবক্ষয়া ন্যূনত্ববিবক্ষয়াচ ততশ্চোত্তরোত্তরং কৈমুত্যমপি । যোগাদি দ্বয়ং তু সার্ব্বত্রিকমিতি পশ্চান্নির্দ্দিষ্টং । অপুনর্ভবস্যতুত্তর শ্রৈষ্ঠ্যং ॥ ১৩ ॥

প্রকার সুখ হয়, বিষয় বাসনা বশীভূত লোকদিগের সে সুখ কোথায় ॥ ১১ ॥

আমার দ্বারা সন্তুষ্ট মানস, অকিঞ্চন, শান্ত, সমচেতা, ব্যক্তির সকল দিকই সুখময় রূপে প্রতীত হয় ॥ ১২ ॥

আমাতে অর্পিতাত্মা ভক্ত পুরুষ অমা ব্যতীত অন্য ব্রহ্মলোক অথবা ইন্দ্রলোক কিম্বা সার্ব্বভৌম পদ, অথবা পাতালের আধিপত্য কিম্বা যোগ সিদ্ধি বা নির্ব্বাণ মুক্তি কিছুই ইচ্ছা করেন না ॥ ১৩ ॥

ন তথা মে প্রিয়তমো নাত্মযোনি র্ন শঙ্করঃ।
নচ সঙ্কর্ষণো ন শ্রীর্নৈবাত্মাচ যথা ভবান্ ॥ ১৪ ॥
নিরপেক্ষং মুনিং শান্তং নির্ব্বৈরং সমদর্শনং।
অনুব্রজাম্যহং নিত্যং পূয়েয়েত্যঙ্ঘ্রিরেণুভিঃ ॥ ১৫ ॥

মমাপি স এবং প্রেষ্ঠ ইত্যাহ ন তথেতি দ্বাভ্যাং। আত্মযোনি র্ব্রহ্মা পুত্রোপি শঙ্করঃ মৎ স্বরূপ ভূতোঽপি সঙ্কর্ষণঃ ভ্রাতাপি শ্রীর্ভার্য্যাপি যথা ভক্ত ইতি বক্তব্যেঽতিহর্ষেণাহ ভবানিতি ॥ ১৪ ॥,

পূয়েয়েতি মদন্তর্বর্ত্তি ব্রহ্মাণ্ডানি পবিত্রীকুর্য্যামিতি ভাবেনেত্যর্থঃ ॥ ১৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

অত্রাত্ম যোনিত্বেন পুত্রত্বং। শঙ্করত্বেন সুখকরত্ব সূচনয়া সাহচর্য্যং। সঙ্কর্ষণত্বেন গর্ভ সংকর্ষণসূচনয়া ভ্রাতৃত্বং। শ্রীত্বেনাশ্রয় বিশেষ সূচনয়া ভার্য্যাত্বং ব্যজ্যতে। ততশ্চ পুত্রত্বাদিনা নতে প্রিয়তমাঃ কিন্তু ভক্ত্যৈব। অতো ভক্ত্যাধিক্যাৎ যথা ভবান্ প্রিয়তমঃ তথা নতে ইত্যর্থঃ। ইতি ভক্তানাং প্রিয়তমত্বে নিদর্শনং ॥ ১৪ ॥

তদেবং প্রেমবিশেষ মাত্রত্বেন তাদৃশং ভক্তং স্তুত্বা গৌরব বিশেষ পাত্রত্বেন ভক্তবিশেষং স্তৌতি নিরপেক্ষং নিষ্কাম ভক্তং। অতঃ ক্ষোভ রহিতং মাৎসর্য্যাদি রহিতং অন্যত্র হেয়োপাদেয় রাহিত্যং বা মুনিং শ্রীনারদাদি মনুব্রজামি যতস্তাদৃশ নিষ্কপট ভক্তি ময়া সাধুত্ব দর্শনেন মমাপি ভক্তি বিশেষো জায়তে। কথং গোপনীয়ং ইত্যাহ পূয়েয়েতি। তত্তক্ত্য নিষ্কৃতি দোষাৎ পবিত্রিতঃ স্যামিতি ভাবেনেত্যর্থঃ ॥ ১৫ ॥ ১৬ ॥

হে উদ্ধব! তুমি যেমন আমার প্রিয়তম, তদ্রূপ ব্রহ্মা অমার পুত্র হইলেও, শঙ্কর অমার স্বরূপ ভূত হইলেও, সঙ্কর্ষণ আমার ভ্রাতা হইলেও, লক্ষ্মী আমার ভার্য্যা হইলেও অথবা আমার এই নিজ মূর্ত্তিও আমার তদ্রূপ প্রিয় নহে ॥ ১৪ ॥

হে উদ্ধব! অমি নিরপেক্ষ, শান্ত, নির্ব্বৈর ও সমদর্শন, মুনি ব্যক্তির নিত্য পশ্চাৎ২ গমন করি, কারণ উক্ত প্রকার ব্যক্তির চরণ ধূলি দ্বারা আপনাকে এবং আমার অন্তর্ব্বর্ত্তি ব্রহ্মাণ্ড সকলকে পবিত্র করিয়া থাকি ॥ ১৫ ॥

নিষ্কিঞ্চনা ময্যনুরক্তচেতসঃ শান্তা মহান্তো
হখিলজীব বৎসলাঃ। কামৈরনালব্ধধিয়ো
জুষন্তি তে যন্নৈরপেক্ষ্যং নবিদুঃ সুখং মম ॥ ১৬ ॥
বাধ্যমানোপি মদ্ভক্তো বিষয়ৈরজিতেন্দ্রিয়ঃ।
প্রায়ঃ প্রগল্‌ভয়া ভক্ত্যা বিষয়ৈর্নাভিভূয়তে ॥ ১৭ ॥
যথাগ্নিঃ সুসমৃদ্ধার্চ্চিঃ করোত্যেধাংসি ভস্মসাৎ।

কিঞ্চ মদ্ভক্তানাং সুখং এতাবদেবং ভূতমিতি বা কো বক্তুং সমর্থঃ যতঃ স্বসংবেদ্যং নিরুপমমিত্যাহ নিষ্কিঞ্চনা ইতি। মহান্তঃ নিরভিমানাঃ। অনালব্ধধিয়ঃ অস্পৃষ্টচিত্তাঃ নিষ্কিঞ্চনত্বাদীনাং যথেষ্টং হেতু হেতুমদ্ভাবঃ। এবং ভূতা মম মদীয়াঃ যৎ সুখং জুষন্তি সেবন্তে তৎ সুখং ত এব বিদুর্নান্যে কুতো নৈরপেক্ষ্যং নাস্তি অপেক্ষণীয়ং যেষাং তে নির পেক্ষা স্তৈরেব লভ্যং নতু মোক্ষাপেক্ষৈরপীত্যর্থঃ। যদ্বা এবং ভূতাঃ সন্তো যে মম মামিত্যর্থঃ জুষন্তি প্রীণয়ন্তি ত এব যন্নৈরপেক্ষ্যং সুখং তদ্বিদুর্নান্যে ইত্যন্বয়ঃ। ১৬ ॥
অপিচাস্তাং তাবদুত্তম মদ্ভক্ত কথা যতঃ প্রাকৃতোঽপি ভক্তঃ কৃতার্থ এবেত্যাহ বাধ্যমান ইতি দ্বাভ্যাং। বিষয়ৈরাকৃষ্যমাণোঽপি প্রগল্‌ভয়া সমর্থয়া ॥ ১৭ ॥
পাকাদ্যর্থং প্রজ্বলিতোঽপ্যগ্নি র্যথা কাষ্ঠানি ভস্মসাৎ করোতি তথা রাগাদিনা

ক্রমসন্দর্ভঃ।
প্রায়োণাভিভূয়তে। তত্রাধ্যায়াং শ্রীভগবতি স্বদৈন্য নিবেদন স্পর্শাৎ। যতঃ প্রগল্‌ভয়া সমর্থ প্রভাবয়া ভক্ত্যা শরণাগতি মাত্রাত্মিকয়া ॥ ১৭ ॥
অতঃ স্বর্বানেব ভক্তি ভেদাৎ প্রশংসতি যথেত্যষ্টভিঃ। যথা মদ্বিষয়া ভক্তি র্যথা

অকিঞ্চন, আমাতে অনুরক্ত চিত্ত, শান্ত, মহান্, অখিল জীব বৎসল, কামনা দ্বারা অস্পৃষ্ট হৃদয়, মদ্ভক্ত ব্যক্তিরা যে সুখ ভোগ করেন, তাহা তাঁহারাই জানেন, নিরপেক্ষ লভ্য সেই সুখ অন্যে জানে না ॥১৬॥
হে উদ্ধব! উত্তম ভক্তের কথা থাকুক, প্রাকৃত ভক্তও কৃতার্থ হয়েন, আমার ভক্ত ব্যক্তি অজিতেন্দ্রিয়তা বশতঃ যদি কখন বিষয় ব্যবহারে বাধ্য হয়েন তথাপি তিনি প্রগল্‌ভ ভক্তি প্রভাবে প্রায়ই বিষয় দ্বারা অভিভূত হয়েন না ॥ ১৭ ॥
হে উদ্ধব। যেমন পাকাদি নিমিত্ত প্রদীপ্ত শিখা বিশিষ্ট অগ্নি কাষ্ঠ

তথা মদ্বিষয়া ভক্তিরুদ্ধবৈনাংসি কৃৎস্নশঃ ॥ ১৮ ॥
ন সাধয়তি মাং যোগো ন সাংখ্যং যোগ উদ্ধব।
ন স্বাধ্যায় স্তপস্ত্যাগো যথা ভক্তি র্মমোর্জ্জিতা ॥ ১৯ ॥
ভক্ত্যাহমেকয়া গ্রাহ্যঃ শ্রদ্ধয়াত্মা প্রিয়ঃ সতাং।
ভক্তিঃ পুণাতি মন্নিষ্ঠা শ্বপাকানপি সম্ভবাৎ ॥ ২০ ॥
ধর্ম্মঃ সত্যাদয়োপেতো বিদ্যা বা তপসান্বিত ॥

কথঞ্চিন্মদ্বিষয়া সতী ভক্তিঃ সমস্ত পাপানীতি ভগবানপি স্বভক্তি মহিমাশ্চর্য্যেণ সংবোধয়তি অহো উদ্ধব বিস্ময়ং শৃণ্বিতি ॥ ১৮ ॥

অত এবং ভূতং শ্রেয়ো নান্যদস্তীত্যাহ ন সাধয়তীতি দ্বাভ্যাং ॥ ১৯ ॥

শ্রদ্ধয়া যা ভক্তি স্তয়া। সম্ভবাৎ জাতি দোষাদপীত্যর্থঃ ॥ ২০ ॥

ভক্ত্যভাবে ত্বন্যৎ সাধনং ব্যর্থমিত্যাহ ইতি দ্বাভ্যাং ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

কথঞ্চিচ্ছ্রবণাদি লক্ষণা সমস্তানি পাপানি ইতি ॥ ১৮ ॥

মৎসাধনার্থং প্রযুক্তোঽপি যোগাদি স্তথা মাং ন সাধয়তি বশায় নোন্মুখং করোতি। যথা উর্জ্জিতা ভক্তিঃ সাধনাত্মিকা ॥ ১৯ ॥

শ্রদ্ধয়া ভক্ত্যা শ্রদ্ধা পূর্ব্বিকয়া কেবলয়া ভক্ত্যা অহমেব গ্রাহ্যঃ ক্রমাদ্বশীকার্য্যঃ। নৈব মন্নিষ্ঠা ময়ি দার্ঢ্যং গতা সতী ॥ ২০ ॥

বিদ্যা জ্ঞানং। তপসা চিত্তৈকাগ্র্যেণ। মদ্ভক্ত্যা মৎ প্রীতি লক্ষণয়া। ন সম্যক্

সকলকে ভস্মসাৎ করে, তদ্রূপ মদ্বিষয়ক যে ভক্তি তাহা সমুদায় পাপ রাশি বিনষ্ট করে ॥ ১৮ ॥

হে উদ্ধব। যোগ শাস্ত্র অথবা সাংখ্য যোগ কিম্বা বেদশাখা অধ্যয়ন বা তপস্যা অথবা দান, ইহারা আমাকে তদ্রূপ প্রাপ্ত হয় না, যেমন মদ্বিষয়ক দৃঢ় ভক্তি দ্বারা আমাকে প্রাপ্ত হয় ॥ ১৯ ॥

শ্রদ্ধা সংযুক্ত এক ভক্তি দ্বারাই আত্মা ও প্রিয় রূপ আমি সাধু দিগের প্রাপ্য হই। আমাতে নিষ্ঠা রূপ যে দৃঢ় ভক্তি তাহা চণ্ডালকেও জাতি দোষ হইতে পবিত্র করেন ॥ ২০ ॥

অতএব ভক্তি সাধন ব্যতিরেকে অন্য সাধন সকল ব্যর্থ, কারণ,

মদ্ভক্ত্যাপেতমাত্মানং নচ সম্যক্‌পুনাতিহি॥ ২১ ॥
কথং বিনা রোমহর্ষং দ্রবতা চেতসা বিনা।
বিনানন্দাশ্রুকলয়া শুধ্যেদ্ভক্ত্যা বিনাশয়ঃ॥ ২২ ॥
বাগ্‌গদ্গদা দ্রবতে যস্য চিত্তং রুদত্যভীক্ষ্ণং
হসতি কচিচ্চ। বিলজ্জ উদ্গায়তি নৃত্য
তেচ মদ্ভক্তি যুক্তো ভুবনং পুনাতি ॥ ২৩ ॥

রোমহর্ষাদিকং বিনা কথং ভক্তির্গম্যতে ভক্ত্যাচ বিনা কথমাশয়ঃ শুধ্যেদিত্যর্থঃ ॥ ২২
কিঞ্চ ভক্তিঃ স্বাশ্রয়ং শোধয়তীতি কিং বক্তব্যং যতো গদ্‌গদ বাগাদি লক্ষণ মদ্ভক্তি যুক্তো লোকং সর্ব্বং পুণাতীত্যাহ বাগিত্যাদি ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রপুনাতি উক্ত পারমেষ্ঠ্যাদ্যপুনর্ভব পর্য্যন্ত সর্ব্ব বাসনাতো ন শোধয়তি ॥ ২১ ॥
তদেব ব্যতিবেকেনাহ কথমিতি। রোমহর্ষস্তাবৎ যৎ কিঞ্চিৎ চেতোদ্রবস্য চিহ্নং। আনন্দাশ্রু কলাতু বিশিষ্টস্য তস্য চিহ্নং। চেতো দ্রবস্তু ভক্তেরন্তরঙ্গ স্বভাব ইতি তথা তথোক্তং। রোমহর্ষেণানন্দাশ্রু কলয়াচ বিনা কথং তাবতম্যেন চেতো দ্রবোঽবগম্যতে দ্রবতা চেতসাচ বিনা কথং ভক্তি র্ভবতি। ভক্ত্যাচ বিনা কথমাশ্রয়ঃ শুদ্ধ্যতেতি ॥ ২২ ॥
মদ্ভক্তি যুক্তো মৎ প্রেমাতিশয় মাত্রশ্চেৎ ভুবনমপি পুনাতি কিমুতাশয়ং। সঙ্গিনো গ্রামং দেশং মণ্ডলং বর্ষং দ্বীপাদিকং চেত্যর্থঃ ॥ ২৩ ॥

সত্য ও দয়া সহকৃত ধর্ম্ম বা তপস্যা যুক্ত বিদ্যা ইহাঁরা মদ্ভক্তি বিহীন আত্মাকে সম্যক্ প্রকারে পবিত্র করিতে পারেন না ॥ ২১ ॥

রোমহর্ষ ব্যতীত, চিত্তের আর্দ্রতা, আনন্দাশ্রু কলা ব্যতীত ভক্তির আবির্ভাব কি রূপে জানা যাইবে এবং ভক্তি ব্যতীতই বা চিত্ত শুদ্ধি কি প্রকারে হইবে ॥ ২২ ॥

আমার কথা শ্রবণে যাহার বাক্য গদ্গদ ও চিত্ত দ্রবীভূত হয়, কখন রোদন, কখন হাস্য, কখন লজ্জা শূন্য হইয়া গান করে ও নৃত্য করে, এরূপ মদ্ভক্তি যুক্ত ব্যক্তি ত্রিজগৎ পবিত্র করেন ॥ ২৩ ॥

যথাগ্নিনা হেমমলং জহাতি ধ্মাতং পুনঃ
স্বং ভজতে স্বরূপং। আত্মাচ কর্ম্মানু
শয়ং বিধূয় মদ্ভক্তি যোগেনভজত্যথো মাং ॥ ২৪ ॥
যথা যথাত্মাপরিমিজ্যতে হসৌ মৎপুণ্য
গাথা শ্রবণাভিধানৈঃ। তথা তথা পশ্যতি

অপিচ ভক্তৈবাত্ম শুদ্ধি র্নান্যত ইতি স দৃষ্টান্তমাহ যথেতি। যথাগ্নিনা ধ্মাতং তাপিত মেব হেম সুবর্ণং অন্তর্মলং জহাতি ন ক্ষালনাদিভিঃ স্বং নিজং রূপঞ্চ ভজতে কর্ম্মানুশয়ং কর্ম্মবাসনাং মাং ভজতে মদ্রূপতামাপদ্যতে ॥ ২৪ ॥

নম্বু ব্রহ্মবিদাপ্নোতি পরং তমেব বিদিত্বাতিমৃত্যুমেতীত্যাদি শ্রুতিভ্যো জ্ঞানাদেবাবিদ্যা নিবৃত্ত্যা তৎ প্রাপ্তিরবগম্যতে কুতো ভক্তিযোগেনেত্যুচ্যতে তত্রাহ যথা যথেতি। আত্মা চিত্তং পরি মৃজ্যতে শোধ্যতে মৎ পুণ্য কথানাং শ্রবণৈরভিধানৈশ্চ ভক্তেরেবান্তর ব্যাপারো

ক্রমসন্দর্ভঃ।

তয়া প্রীত্যা তত্ত মহাপ্রেম্নঃ প্রাপ্তিক্রমং স দৃষ্টান্তমাহ যথেতি। তথা মদ্ভক্তি যোগেন মৎ প্রীত্যা কর্ম্মানুশয়ং বিধূয় শোধয়িত্বা। অথ কাৎর্স্ন্যেন ভজতি মহা প্রেমাবির্ভাবাৎ পূর্ণাং শিবাং পদ্ধতিং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ২৪ ॥

আদি ভজনমারভ্য ক্রমং বদন্ মহা প্রেম পর্য্যন্তাবির্ভাবে পূর্ব্ববন্নিয়পেক্ষমেব কারণ মাহ যথা যথেতি। তত্ত্ব সূক্ষ্মং মদীয় স্বরূপ গুণ লীল যাথার্থ্যং পশ্যতি। তদ্দর্শন ক্রমাতি

অতএব কেবল ভক্তি দ্বারাই আত্ম শুদ্ধি হয় অন্য দ্বারা হয় না, এ বিষয়ে দৃষ্টান্ত যথা - যেমন সুবর্ণ অগ্নিতে উত্তপ্ত হইয়া অন্তর্ম্মল পরিত্যাগ পূর্ব্বক স্বীয় শুদ্ধ স্বরূপ প্রাপ্ত হয়, তদ্রূপ আমার ভক্তি যোগ দ্বারা আত্মা কর্ম্ম বাসনা পরিত্যাগ পূর্ব্বক পরে আমাকেই ভজনা করেন ॥ ২৪ ॥

হে উদ্ধব! যদি এরূপ আশঙ্কা কর ব্রহ্মবেত্তা পরম প্রাপ্ত হয়, তাঁহাকে জানিয়া মৃত্যুকে অতিক্রম করিতে পারে ইত্যাদি শ্রুতি হেতুক জ্ঞান দ্বারা অবিদ্যা নিবৃত্ত হইলে আপনার প্রাপ্তি হইতে পারে, তবে কি নিমিত্ত ভক্তিযোগ কহিতেছেন, অতএব ইহার কারণ শুন, চক্ষু অঞ্জন

বস্তু সূক্ষ্মং চক্ষুর্যথৈবাঞ্জন সংপ্রযুক্তং ॥ ২৫ ॥
বিষয়ান্ ধ্যায়তশ্চিত্তং বিষয়েষু বিসজ্জতে।
মামনুস্মর তশ্চিত্তং মথ্যেব প্রবিলীয়তে ॥ ২৬ ॥
তস্মাদসদাভিধ্যানং যথা স্বপ্নমনোরথং।
হিত্বা ময়ি সমাধৎস মনোমদ্ভাবভাবিতং ॥ ২৭ ॥

জ্ঞানং পৃথগিত্যর্থঃ ॥ ২৫ ॥

কিঞ্চ জ্ঞানং নাম চিত্তস্য মদাকার পরিণামঃ। সচ মাং ভজতঃ স্বভাবত এব ভবতি ন যত্নান্তরমপেক্ষত ইতি সদৃষ্টান্তমাহ বিষয়ানিতি ॥ ২৬ ॥

যস্মাদস্তৎ সাধনং তৎ ফলঞ্চ স্বপ্ন মনোরথ বদসচ্চিধ্যান মাত্রং তস্মাত্তদ্বিহায় মথ্যেব মনঃ সমাহিতং কুর্ব্বিতি প্রাকরণার্থমুপসংহরতি তস্মাদিতি। মদ্ভাব ভাবিতং মদ্ভাবেন মদ্ভজনেন শোধিতং ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

শয়েন মহা প্রেমাপ্যাবির্ভবতীতি ভাবঃ ॥ ২৫ ॥

তস্মাদ্ভক্তিরেবাভ্যসনীয়েত্যুপসংহরন্নাহ বিষয়ানিতি দ্বাভ্যাং ॥ ২৬ ॥ ২৭ ॥

সংযুক্ত হইলে যদ্রূপ সূক্ষ্ম বস্তু দেখিতে পাওয়া যায় তাহার ন্যায় এই আত্মা আমার পুণ্যকথা শ্রবণ ও কথন দ্বারা পরিশুদ্ধ হইয়া সূক্ষ্ম বস্তু দেখিতে পান ॥ ২৫ ॥

অপর জ্ঞান নামক পদার্থ চিত্তের মৎ স্বরূপে পরিণাম, ইহা আমাকে ভজন করিতে করিতে স্বভাবতই হয়, যত্নান্তরের অপেক্ষা করে না, এ বিষয়ে দৃষ্টান্ত এই যে বিষয়ানুধ্যায়ী ব্যক্তির চিত্ত যেমন বিষয়েতেই বিলীন হয় তদ্রূপ আমাকে স্মরণকারির চিত্ত আমাতেই লীন হইয়া থাকে ॥ ২৬ ॥

অতএব স্বপ্ন মনোরথের ন্যায় অসৎ চিন্তা পরিত্যাগ পূর্ব্বক আমার ভজন দ্বারা শোধিত অন্তঃকরণকে আমাতেই সমাধান কর ॥ ২৭ ॥

স্ত্রীণাং স্ত্রীসঙ্গিনাং সঙ্গং ত্যক্ত্বা দূরত আত্মবান্।
ক্ষেমে বিবিক্ত আসীনশ্চিন্তয়েন্মামতন্দ্রিতঃ ॥ ২৮ ॥
ন তথাস্য ভবেৎক্লেশো বন্ধশ্চান্য প্রসঙ্গতঃ।
যোষিৎ সঙ্গাদ্‌যথা পুংসো যথা তৎসঙ্গিসঙ্গতঃ ॥ ২৯ ॥
শ্রীউদ্ধব উবাচ ॥
যথা ত্বমরবিন্দাক্ষ যাদৃশং যাবদাত্মকং।

ন্নিশেষতো ধ্যানসাধনাদ্যক্ত কামমার্গাঃ পরিত্যাজ্যা ইত্যাহ স্ত্রীণামিতি। আত্মবান্ ধীরঃ সন্ ক্ষেমে নির্ভয়ে দেশে বিবিক্তে বিজনে ॥ ২৮ ॥

এতদুপপাদয়তি ন তথেতি। অস্য পুংসঃ যথা তৎ সঙ্গিসঙ্গতঃ ক্লেশো ভবেৎ যথাচ বন্ধো যোষিৎ সঙ্গতঃ তথান্য প্রসঙ্গতো ন ভবেদিতি ॥ ২৯ ॥

মাং চিন্তয়েদিত্যুক্তং তৎ প্রকারং পৃচ্ছতি ধ্যানাঙ্গ প্রশ্নঃ। যাদৃশমিতি ধ্যেয় বিশেষণ প্রশ্নঃ যদাত্মকমিতি যন্ত্রৈতানি বিশেষণানি তৎ স্বরূপ প্রশ্নঃ এতন্মে ধ্যানং মে বক্তুমর্হসীতি পাঠঃ। তত্রায়মর্থঃ মুমুক্ষু ত্বাং যথা ধ্যায়েৎ তন্মে বক্তুমর্হসি জিজ্ঞাসোঃ কথনায় মে পুন রেতজ্জ্ঞানমেব পুরুষার্থো নতু ধ্যানেন কৃত্যমস্তীতি তদুক্তং ত্বয়োপযুক্ত প্রগ্গন্ধেত্যাদি ত্বং

ক্রমসন্দর্ভঃ।

তত্র পূর্ব্বাং প্রক্রিয়ামাহ স্ত্রীণামিতি ॥ ২৮ ॥
ক্লেশো বন্ধশ্চেতি উভাবপি উভয়োর্যোজ্যৌ। তৎ সঙ্গি সঙ্গোপি হ্যাদিকারণমিতি ॥ ২৯ ॥
তত্র মুমুক্ষূণাং তৎ প্রকারং পৃচ্ছতি যথেতি পদার্থঃ প্রশ্নঃ সর্ব্বেষাং মার্গাণাং তারতম্য

ধীর ব্যক্তি স্ত্রীসংসর্গ ও স্ত্রীসংসক্তদিগের সংসর্গ দূর হইতে পরিত্যাগ পূর্ব্বক নির্ভয় বিজন প্রদেশে উপবেশন পূর্ব্বক অতন্দ্রিত রূপে আমাকে চিন্তা করিবেক ॥ ২৮ ॥

যোষিৎ সংসর্গ বা তৎসংসক্ত ব্যক্তিদিগের সংসর্গে ধীর পুরুষের যে রূপ ক্লেশ ও সংসার বন্ধন সাধিত হয়, অন্য কোন প্রসঙ্গে আর তদ্রূপ হয় না ॥ ২৯ ॥

উদ্ধব কহিলেন হে পদ্মলোচন। মুমুক্ষু ব্যক্তিরা আপনাকে যৎ স্বরূপে, যদ্ বিশিষ্ট রূপে ও যে প্রকারে ধ্যান করেন, আমি তদ্বিষয়

ধ্যায়েন্মুমুক্ষুরেতন্মে ধ্যানং ত্বং বক্তুমর্হসি ॥ ৩০ ॥

শ্রীভগবানুবাচ।

সম আসন আসীনঃ সমকায়ো যথা সুখং।

হস্তাবুৎসঙ্গ আধায় স্বনাসাগ্রকৃতেক্ষণঃ ॥ ৩১ ॥

প্রাণস্য শোধয়েন্মার্গং পূরকুম্ভক রেচকৈঃ।

বিপর্য্যয়েণাপি শনৈরভ্যসেন্নির্জ্জিতেন্দ্রিয়ঃ ॥ ৩২ ॥

বক্তুমর্হসীতি পাঠস্তু সুগমঃ ॥ ৩০ ॥

অত্র ধ্যানাঙ্গত্বেনাসন প্রাণায়াম প্রকারমাহ সমে ইতি চতুর্ভিঃ সমে নাত্যুচ্ছ্রিতে নাতি নীচে আসনে কমলাদৌ। সম কায়ঃ সম্ যথা সুখমাসীন ইতি নাতি স্বস্তিকাদি নিয়ম ইত্যুক্তং। নাসাগ্র নিরীক্ষণঞ্চ চিত্ত স্থৈর্য্যায় অন্ত র্লক্ষ্যো বহির্দৃষ্টিঃ স্থির চিত্তঃ সুসংযত ইতি যোগশাস্ত্রোক্তেঃ ॥ ৩১ ॥

বিপর্য্যয়েণ রেচক পূরক কুম্ভক ক্রমেণাপি। যথা বাম নাড্যা পূরিতং দক্ষিণয়া ত্যজেৎ তয়াচ পূরিতং বাময়েত্যেবং বিপর্য্যয়েণ। যথোক্তং যোগে ইড়য়া পূরয়েদ্বায়ুং ত্যজেৎ পিঙ্গলয়া ততঃ ইতি। নির্জ্জিতেন্দ্রিয় ইতি প্রত্যাহার উক্তং ॥ ৩২ ॥

ক্রমসন্দর্ভঃ

জ্ঞানেন স্বমার্গোৎকর্ষ জ্ঞানং ভবতীতি ভাবেন। যথাগ্রে সিদ্ধীনামপি। এব মন্ত্রাপি ॥ ৩০ ॥

সম ইতি সার্দ্ধকং। সুখমাসীন ইতি তদঙ্গভূত স্বস্তিকাদিষু মধ্যে একং সূর্য্যাদিত্যুক্তং ॥ ৩১ ॥

বিপর্য্যয়েণেত্যর্দ্ধকং। টীকায়ামীড়য়েত্যাদি বাক্যেচ তদনুরূপ মেবাবৃত্ত্যা যোজনা কার্য্যা ॥ ৩২ ॥

চিন্তা করিতেছি, অতএব সেই সকল বিষয় আমাকে উপদেশ করুন ॥ ৩০

ভগবান্‌ কহিলেন সম আসনে, সম শরীরে, সুখে আসীন হইয়া হস্ত দ্বয় উত্তান রূপে উপর্য্যুপরি ক্রোড়ে সংস্থাপন পূর্ব্বক স্বীয় নাসাগ্র নিরীক্ষণ করিবেক ॥ ৩১ ॥

পরে জিতেন্দ্রিয় হইয়া পূরক কুম্ভক রেচক এরূপে ক্রমশঃ প্রাণ মার্গের শোধন করিবেক ॥ ৩২ ॥

হৃদ্যবিচ্ছিন্নমোঙ্কারং ঘণ্টানাদং বিসোর্ণবৎ।
প্রাণেনোদীর্য্য তত্রাথ পুনঃ সংবেশয়েৎ স্বরং ॥ ৩৩ ॥
এবং প্রণবসংযুক্তং প্রাণমেব সমভ্যসেৎ।
দশকৃত্বস্ত্রিসবনং মাসাদর্ব্বাগ্‌জিতানিলঃ ॥ ৩৪ ॥
হৃৎপুণ্ডরীকমন্তঃস্থ মূর্দ্ধানালমধোমুখং।

প্রাণায়ামো দ্বিবিধঃ সগর্ভোঽগর্ভশ্চেতি তত্র শ্রেষ্ঠত্বাৎ প্রথমং প্রণবগর্ভমাহ হৃদীতি দ্বাভ্যাং মূলাধারাদারভ্যাবিচ্ছিন্নং সন্ততং ঘণ্টানাদ তুল্যমোঙ্কারং হৃদি মনসি সন্তং প্রাণেনোদীর্য্য উর্দ্ধং দ্বাদশাঙ্গুল পর্য্যন্তং নীত্বা কথম্ভূতঃ বিসোর্ণবৎ কমল নাল তন্তুবৎ। তত্র মাত্রান্তীতে স্বরং পঞ্চদশং বিন্দুং সংবেশয়েৎ অথ পুনরিত্যস্য তঞ্চ বিন্দু শিরস্কং কুর্য্যাদিত্যর্থঃ। যদ্বা মূলাধারাদারভ্য মূর্দ্ধাপর্য্যন্তং বিসতন্তু বৎ সূক্ষ্ম মবিচ্ছিন্নং সন্তং হৃদি মনসি প্রাণেনোদীর্য্যাভিব্যজ্য অথ পুন স্তত্রোঙ্কারে ঘণ্টানাদ তুল্যং স্বরং উদাত্তং নাদং স্থিরী কুর্য্যাদিতি ॥ ৩৩ ॥

মাসাদর্ব্বাগ্ জিতানিলো ভবতি ॥ ৩৪ ॥

এবং ধ্যানাঙ্গত্ব মুক্ত্বা যাদৃশমিত্যস্তোত্তরং বক্তুং ধ্যেয়পীঠমাহ হৃৎপুণ্ডরীকমিতি সার্দ্ধেন। অন্তঃস্থং দেহান্তর্ব্বর্ত্তি উর্দ্ধ নাল মধোমুখং মুকুলিতঞ্চ কদলী পুষ্প সঙ্কাশং

ক্রমসন্দর্ভঃ।

হৃদীতি দ্বৈঃ। তত্র দ্বাদশান্তে দ্বাদশাঙ্গুল পর্য্যন্তং অনাহতমিত্যর্থঃ। বিন্দুশিরস্কমিত্যত্র বাচ্যং পৌনরুক্ত্যাৎ। নাদস্তু তদসঙ্গত্বেনাবশ্য বাচ্যত্বাচ্চ ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥ ৩৬ ॥ ॥ ৩৭ ॥ ৩৮ ॥ ৩৯ ॥ ৪০ ॥ ৪১ ॥

ঘণ্টা নাদ তুল্য ধ্বনি যুক্ত মৃণাল তন্তু সদৃশ মূলাধার অবধি হৃদয় পর্য্যন্ত অবিচ্ছিন্ন ওঙ্কারকে প্রাণবায়ু দ্বারা উর্দ্ধে উত্থাপন করিয়া পুনর্ব্বার সেই উদাত্ত ধ্বনিকে তথায় সংস্থাপন করিবেক ॥ ৩৩ ॥

এই রূপ প্রত্যহ ত্রিসন্ধ্যায় দশ বার করিয়া প্রণব যুক্ত প্রাণকে অভ্যাস করিলে এক মাস মধ্যে জিতপ্রাণ হইবেক ॥ ৩৪ ॥

দেহান্তর্বর্ত্তি, উর্দ্ধবৃন্ত, অধোমুখ, অষ্টপত্র, কর্ণিকা যুক্ত, অতন্দ্রিত,

ধ্যায়েদূর্দ্ধমুখমুন্নিদ্রমষ্টপত্রং সকর্ণিকং ॥ ৩৫ ॥
কর্ণিকায়াং ন্যসেৎ সূর্য্য সোমাগ্নিমুত্তরোত্তরং।
বহ্নি মধ্যে স্মরেদ্রূপং মমৈতদ্ধ্যান মঙ্গলং ॥ ৩৬ ॥
সমংপ্রশান্তং সুমুখং দীর্ঘচারু চতুর্ভুজং।
সুচারু সুন্দরগ্রীবং সুকপোলং সুচিস্মিতং ॥ ৩৭ ॥
সমান কর্ণবিন্যস্ত স্ফুরন্মকরকুণ্ডলং।
হেমাম্বরং ঘনশ্যামং শ্রীবৎস শ্রীনিকেতনং।
শঙ্খ চক্র গদা পদ্ম বনমালা বিভূষিতং।
নূপুরৈর্বিলসৎপাদং কৌস্তুভপ্রভয়া যুতং ॥ ৩৮ ॥

বদন্তি তদ্বীপরীতং ধ্যায়েদিত্যর্থঃ ॥ ৩৫ ॥

ন্যসেৎ চিন্তয়েৎ স বিশেষণং ধ্যানমাহ বহ্নি মধ্য ইতি ষড়্ভিঃ। ধ্যান মঙ্গলং ধ্যানস্য শুভং বিষয়ং ॥ ৩৬ ॥

সমং অনুরূপাবয়বং দীর্ঘাশ্চাববশ্চত্বারো ভুজা যস্মিন্ তৎ সুচারু অতিরম্যং ॥ ৩৭ ॥

সমানয়োঃ কর্ণয়ো র্বিন্যস্তে স্ফুরন্তী মকরাকারে কুণ্ডলে যস্মিন্ তৎ শ্রীবৎস শ্রিয়ো র্নিকেতনং বক্ষসি দক্ষিণবামত স্তাভ্যাং যুক্তমিত্যর্থঃ ॥ ৩৮ ॥

হৃদয় পদ্মকে বিপরীত ভাবে ঊর্দ্ধ মুখ করিয়া ধ্যান করিবেক ॥ ৩৫ ॥

উত্তরোত্তর কর্ণিকাতে সূর্য্য, চন্দ্র ও অগ্নি ধ্যান করিবেক। আর সেই অগ্নি মধ্যে আমার বক্ষ্যমাণ রূপ ধ্যান করিবেক, ইহাই মঙ্গল জনক ধ্যান ॥ ৩৬ ॥

অনুরূপাবয়ব, প্রশান্ত, সুখস্বরূপ, প্রলম্ব সুচারু চতুর্ভুজ বিশিষ্ট, রমণীয়, মনোহর, গ্রীবাযুক্ত, সুন্দর গণ্ডদেশ ও মনোহর সহাস্য বদন ॥ ৩৭ ॥

সমান কর্ণদ্বয়ে বিন্যস্ত স্ফুরণ শীল মকর কুণ্ডল বিশিষ্ট, হেমাম্বর, ঘনশ্যাম, শ্রীবৎস ও লক্ষ্মীর নিবাস স্থল, শঙ্খ চক্র গদা পদ্ম ও বনমালা বিভূষিত, নূপুর শোভিত পাদ ও কৌস্তুভ প্রভাযুক্ত ॥ ৩৮ ॥

দ্যুমৎ কিরীট কটক কটি সূত্রাঙ্গদাযুতং।
সর্ব্বাঙ্গ সুন্দরং হৃদ্যং প্রসাদ সুমুখেক্ষণং ॥ ৩৯ ॥
সুকুমারমভিধ্যায়েৎ সর্ব্বাঙ্গেষু মনোদধৎ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যো মনসা কৃষ্যতন্মনঃ।
বুদ্ধ্যা সারথীনা ধীরঃ প্রণয়েন্ময়ি সর্ব্বতঃ ॥ ৪০ ॥
তৎ সর্ব্বব্যাপকং চিত্তমাকৃষ্যৈকত্র ধারয়েৎ।
নান্যানি চিন্তয়েদ্ভূয়ঃ সস্মিতং ভাবয়েন্মুখং ॥ ৪১ ॥

দ্যুমদ্ভিঃ কিরীটাদিভিরাসমন্তাৎ যুতমলঙ্কৃতং প্রসাদেন শোভনং মুখমীক্ষণঞ্চ যস্মিন্ তৎ। সুকুমারমতিকোমলং ॥ ৩৯ ॥

সবিশেষণং ধ্যান মুপসংহরন্তি ইন্দ্রীয়াণীতি প্রকর্ষেণ নয়েৎ। সর্ব্বতঃ সর্ব্বাঙ্গ যুক্তে ॥ ৪০ ॥

যাদৃশমিত্যন্তোত্তরন্তেন স বিশেষণমুক্ত্বা যদাত্মকমিত্যন্তোত্তর তয়া শনৈ র্বিশেষণ ত্যাগেন ধ্যানমেব সমাধি পর্য্যন্তমাহ তদিতি ত্রিভিঃ। একত্রাঙ্গে অন্যানি অঙ্গানি ন চিন্তয়েৎ। একত্রেতি যদুক্তং তদেবাঙ্গং দর্শয়তি সুস্মিতমিতি ॥ ৪১ ॥

দীপ্তি বিশিষ্ট কিরীট, বলয়, কটি সূত্র ও অঙ্গদ প্রভৃতি দ্বারা অলঙ্কৃত, সর্ব্বাঙ্গ সুন্দর, মনোহর, প্রসন্ন সুন্দর দর্শন সম্পন্ন ॥ ৩৯ ॥

ধীর ব্যক্তি আমার সর্ব্বাঙ্গে মন সন্নিবিষ্ট করত বিষয় হইতে ইন্দ্রিয় গণকে ও স্বীয় মন দ্বারা আমার মনকে আকর্ষণ করত, সর্ব্ব প্রকারে আমাতে মন অর্পণ করিবেক এবং আমার সুকুমার রূপ ধ্যান করিবেক ॥ ৪০ ॥

সেই সর্ব্ব বিষয়গামী মনকে আকর্ষণ করিয়া এক স্থলে ধারণ করিবেক, এক অঙ্গে মন নিবিষ্ট করত অন্য অঙ্গ চিন্তা করিবেক না, কেবল সহাস্য মুখ মণ্ডল সর্ব্বদা চিন্তা করিবেক ॥ ৪১ ॥

তত্র লব্ধপদং চিত্তমাকৃষ্য ব্যোম্নি ধারয়েৎ।
তচ্চ ত্যক্ত্বা মদারোহো নকিঞ্চিদপি চিন্তয়েৎ ॥ ৪২ ॥
এবং সমাহিত মতি র্মামেবাত্মানমাত্মনি।
বিচষ্টে ময়ি সর্ব্বাত্মন্ জ্যোতির্জ্যোতিষি সংযুতং ॥ ৪৩ ॥
ধ্যানেনেত্থং সুতীব্রেণ যুঞ্জতো যোগিনো মনঃ।
সংযাস্যত্যাশু নির্ব্বাণং দ্রব্যজ্ঞান ক্রিয়া ভ্রমঃ ॥ ৪৪ ॥

ব্যোম্নি সর্ব্বকারণরূপে তচ্চ কারণমপি ত্যক্ত্বা মদারোহো ময়ি শুদ্ধ ব্রহ্মণ্যারূঢ়ঃ সন্ কিঞ্চিৎ ধ্যাতৃধ্যেয় বিভাগমপি ন চিন্তয়েৎ ॥ ৪২ ॥

মামেবাত্মনি বিচষ্টে আত্মানঞ্চ সর্ব্বাত্মনি ময়ি সংযুতং বিচষ্টে জ্যোতি র্জ্যোতিষি সংযুক্ত মিবেত্যন্বয়ঃ ॥ ৪৩ ॥

এবং সমাধি পর্য্যন্ত ধ্যানস্য ফলমাহ ধ্যানেনেতি। মনো যুঞ্জতঃ সমাদধতঃ দ্রব্য জ্ঞান ক্রিয়াভ্রমঃ অধি ভূতাধি দৈবাধ্যাত্মরূপঃ দৃশ্য দ্রষ্টৃ দর্শন রূপো বা ভ্রমঃ নির্ব্বাণং শান্তিং সম্যগ্যাস্যতীতি ॥ ৪৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র লব্ধ পদমিত্যাদিকং মুমুক্ষু ধ্যানত্বাৎ। যদ্বা তদনন্তরং ব্রহ্মানুসন্ধানং মায়া বৃত্তি লেশাবশেষ লোপেচ্ছয়া তল্লোপেচ স্বতঃ শ্রীভগবৎ স্ফূর্ত্তি র্ভবতীতি ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মেতি বৎ ॥ ৪২ ॥

জ্যোতিঃ কিরণং জ্যোতিষি কিরণমালিনীব। সংযুতং নিত্যাশ্রিতমিত্যন্বয়ঃ ॥ ৪৩ ॥ ৪৪ ॥

মুখমণ্ডল ভাবনা দৃঢ়ীকৃত হইলে চিত্তকে আকর্ষণ করিয়া সর্ব্ব কারণাত্মক আকাশে ধারণ করিবেক, পরে আমাতে আরূঢ় হইলে কারণ চিন্তা পরিত্যাগ করিয়া আমা ভিন্ন আর কিছুই চিন্তা করিবেক না ॥ ৪২ ॥

সমাহিত মতি ধীর ব্যক্তি জ্যোতিতে সংযুক্ত জ্যোতির ন্যায় এই রূপে আমার আত্মাকে স্বীয় আত্মাতে সংযুক্ত করিবেক ॥ ৪৩ ॥ এই রূপ সুতীব্র ধ্যান দ্বারা যোগিদিগের মন যুক্ত হইয়া দ্রব্য জ্ঞান ক্রিয়া বিষয়ক ভ্রম হইতে সত্বর নির্ব্বাণ প্রাপ্ত হয় ॥ ৪৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব সম্বাদে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥
জিতেন্দ্রিয়স্য যুক্তস্য জিতশ্বাসস্য যোগিনঃ।
ময়ি ধারয়তশ্চেত উপতিষ্ঠন্তি সিদ্ধয়ঃ ॥ ১ ॥
শ্রীউদ্ধব উবাচ ॥
কয়া ধারণয়া কাস্বিৎ কথম্বা সিদ্ধিরচ্যুত।
কতি বা সিদ্ধয়ো ব্রূহি যোগিনাং সিদ্ধিদো ভবান্ ॥ ২ ॥

॥ * ॥ ইত্যেকাদশে চতুর্দ্দশঃ ॥ * ॥

ততঃ পঞ্চদশে প্রোক্তাঃ সিদ্ধয়ো ধারণানুগাঃ। শ্রীবিষ্ণুপদ সংপ্রাপ্তাবন্তরায় তয়া মতাঃ ॥ ০ ॥

এবং মনো যুঞ্জতো যোগিনোঽন্তবাবির্ভবন্ত্যঃ সিদ্ধয়োঽপ্যন্তরায় প্রায়া এব অতস্তাঃ পরিহৃত্য পরমেশ্বর পর এব ভবেদিতি বক্তুং সিদ্ধীরাহ জিতেন্দ্রিয়স্যেতি যুক্তস্য স্থির চিত্তস্য ॥ ১ ॥

স্বিদিতি বিতর্কে কাস্বিৎ কিং নামা কথং স্বিৎ কীদৃশী বা ধারণাশ্চ কতীতি প্রশ্নান্তরে বা শব্দঃ ত্বমেবৈতজ্জানাসি নান্য ইত্যাশয়েনাহ যোগিনামিতি ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।
॥ * ॥ ইত্যেকাদশ ক্রমসন্দর্ভে চতুর্দ্দশঃ ॥ * ॥

॥ * ॥ ইত্যেকাদশে চতুর্দ্দশ ॥ * ॥

পঞ্চদশ অধ্যায়ে বিষ্ণুপদ প্রাপ্তির বিঘ্ন স্বরূপ চিত্ত ধারণানুগত অনিমাদ্যষ্ট সিদ্ধি কথন ॥ ০ ॥

ভগবান্ কহিলেন জিতেন্দ্রিয়, স্থির চিত্ত, জিত প্রাণ ও আমাতে চিত্ত ধারণ বিশিষ্ট যোগিদিগের নিকটে অষ্ট সিদ্ধি আসিয়া উপস্থিত হয়, কিন্তু তাহা পরিত্যাগ করা কর্ত্তব্য ॥ ১ ॥

উদ্ধব কহিলেন হে অচ্যুত! আপনি যোগিদিগের সিদ্ধিপ্রদ, অতএব কি রূপ ও কয় প্রকার ধারণা এবং যোগিদিগের কত প্রকার কি কি সিদ্ধি কি প্রকারে কখন উদিত হয়, তাহা আপনিই জানেন অতএব তাহা বলিতে আজ্ঞা হয় ॥ ২ ॥

শ্রীভগবানুবাচ ॥

সিদ্ধয়োঽষ্টাদশ প্রোক্তা ধারণা যোগপারগৈঃ।
তাসামষ্টৌ মৎপ্রধানা দশৈব গুণহেতবঃ ॥ ৩ ॥
অণিমা মহিমা মূর্ত্তে র্লঘিমা প্রাপ্তিরিন্দ্রিয়ৈঃ।

ধারণাশ্চাষ্টাদশ ইত্যনুষঙ্গঃ। যোগপারগৈরিতি ত্রিকালজ্ঞত্বাদি ক্ষুদ্র সিদ্ধীরন্যেঽপি জানন্তীতি ভাবঃ। অহমেব প্রধানং মুখ্যঃ স্বভাবস্ত আশ্রয়ো যাসাং তাঃ মৎ সারূপ্যং প্রাপ্তেষু কিঞ্চিন্ন্যূনা ভবন্তীতি ভাবঃ। গুণহেতবঃ সত্ত্বোৎকর্ষ হেতুকাঃ ॥ ৩ ॥

তাঃ স্বরূপেণাদিশতি অণিমেতি সার্দ্ধৈঃ পঞ্চভিঃ অণিমাঃ মহিমা লঘিমাচ মূর্ত্তে র্দেহস্য তিস্রঃ সিদ্ধয়ঃ। প্রাপ্তি র্নাম সিদ্ধিঃ সর্ব্বপ্রাণিনামিন্দ্রিয়ৈঃ সহ তত্তদধিষ্ঠাতৃ দেবতা রূপেণ সম্বন্ধ ইত্যর্থঃ। শ্রুতেষু পারলৌকিকেষু দৃষ্টেষু দর্শন যোগ্যেষ্বপি সর্ব্বেষু ভূবিবরাদি

ক্রমসন্দর্ভঃ।

॥ ১ ॥ ২ ॥ মৎ প্রধানা ইতি স্বরূপ শক্তি বৃত্তি বিশিষ্টত্বেনোপাস্য মানাম্মত্ত এব মৎ পার্ষদবৎ স্বরূপ শক্ত্যংশানাং তেষা মাবির্ভাবাৎ। অন্যত্রতু তদাভাসানামেবেতি জ্ঞেয়ং গুণ হেতব ইতি মদুপহিতত্বেনোপাস্যমানেভ্যোপি তৎ কার্য্যেভ্য এব তদংশানাং তেষাং প্রাপঞ্চিক জনেষ্বাবির্ভাবাৎ ॥ ৩ ॥

অণিমেতি যুগ্মকং। অণিম্না ভবত্যণুঃ যতঃ শিলামপি প্রবিশতি। মহিম্না মহান্ ভবতি। যতঃ সর্ব্বং ব্যাপ্নোতি। লঘিম্না লঘু র্ভবতি। যতঃ সূর্য্য মরীচিরবলম্ব্য সূর্য্য লোকং যাতি। প্রাপ্ত্যাঙ্গুল্যগ্রেণ স্পৃশতি চন্দ্রমসং প্রাকাম্যমিচ্ছানভিঘাতঃ। যতো ভূমাবুন্মজ্জতি যথোদকে। ঈশিত্বং যতো ভূত ভৌতিকানাং প্রভব ব্যূহ ব্যয়ানামীষ্টে। ব্যূহো মেলনং বশিত্বং উপস্থিতেষু দৃষ্টান্তানুশ্রবিক বিষয়েষু। যতমানাদি সংজ্ঞাত্রয় বৈরাগ্যানাং। কামাবসায়িত্বং সত্য সংকল্পতা। যথা স্ব সংকল্পো ভবতি তথৈব ভূতানি

ভগবান্ কহিলেন, যোগ-পারগ ঋষিগণ সিদ্ধি অষ্টাদশ প্রকার ও ধারণাও অষ্টাদশ প্রকার কহিয়াছেন, তাহাদিগের মধ্যে আটটী আমার আশ্রিত, অবশিষ্ট দশটী গুণ কার্য্য ॥ ৩ ॥

দেহের সিদ্ধি তিন প্রকার অণিমা, মহিমা ও লঘিমা, ইন্দ্রিয়ের সহিত তত্তদধিষ্ঠাতৃ দেবতা রূপে সম্বন্ধ সিদ্ধি এক ব্যাপ্তি, শ্রুত দৃষ্ট বিষয়ে

প্রাকাম্যং শ্রুতদৃষ্টেষু শক্তি প্রেরণমীশিতা ॥ ৪ ॥
গুণেষ্বসঙ্গো বশিতা যৎ কামস্তদবস্যতি।
এতা মে সিদ্ধয়ঃ সৌম্য অষ্টৌ চৌৎপত্তিকীর্মতাঃ ॥ ৫ ॥
অনূর্ম্মিমত্ত্বং দেহেস্মিন্ দূরশ্রবণ দর্শনং।
মনোজবঃ কামরূপং পরকায় প্রবেশনং ॥ ৬॥

পিহিতেষ্বপি প্রাকাম্যং ভোগদর্শন সামর্থ্যং সিদ্ধিঃ। শক্তীনাং ময়া তদংশ ভূতানাং প্রেরণং তত্রেশ্বরে মায়াযা অন্যেষু তদংশানাং প্রেরণং ঈশিতা নাম সিদ্ধিঃ ॥ ৪ ॥

বিষয় ভোগেষ্বসঙ্গো বশিতা সিদ্ধিঃ। যৎ সুখং কাময়তে তত্তদবস্যতি তস্য সীমানং প্রাপ্নোত্যষ্টমী সিদ্ধিঃ। ঔৎপত্তিকীঃ স্বাভাবিক্যো নিরতিশয়াশ্চেত্যর্থঃ ॥ ৫ ॥

গুণ হেতুঃ সিদ্ধিরাহ অনূর্ম্মিমত্ত্বং ক্ষুৎপিপাসাদি রাহিত্যং। দূরে শ্রবণং দর্শনঞ্চেতি দ্বে সিদ্ধী। মনোবেগেন দেহস্য গতিঃ। কামিত রূপ প্রাপ্তিঃ। পবকায় প্রবেশঃ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ

ভবন্তীতি সাংখ্য কৌমুদ্যাং বাচস্পতি মিশ্রাঃ অস্মাচ্ছ্রী ভগবন্মতং তু যদ্বিলক্ষণং লক্ষ্যতে তৎ প্রাকৃতয়ো র্ভেদাদিতি গম্যতে। টীকায়াং ভোগ দর্শনেন ভোগ প্রাপ্তিরুচ্যতে। অনুদর্শনং প্রাপ্তি রিত্যুক্তবানুরোধাৎ। ক্রিয়াময় সূত্রোপাধিনত্বেন বক্ষ্যমাণাৎ। অতঃ প্রাকাশ্যমিতি তু চিন্ত্যঃ। যৎ কাম ইতি কামাবসায়িতা নাম্ন্যাঃ সিদ্ধেরিত্যর্থঃ। সমৌৎপত্তি কত্বান্নিরতিশয়াশ্চেতি জ্ঞেয়ং ॥ ৪ ॥ ৫ ॥

অনূর্ম্মিমত্ত্বমিতি সার্দ্ধত্রিকং ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥

ভোগদর্শন সমর্থ সিদ্ধি এক প্রাকাম্য, মায়া শক্তির প্রেরয়িতা সিদ্ধি এক ঈশিতা ॥ ৪ ॥

বিষয় ভোগেতে অসঙ্গ এক সিদ্ধি বশিতা, কামনার বিষয়ীভূত সুখ প্রাপয়িতা সিদ্ধি এক কামাবসায়িতা। হে সৌম্য। এই অষ্ট সিদ্ধি আমার স্বাভাবিকী ॥ ৫ ॥

গুণ হেতু সিদ্ধি যথা— দেহে অনূর্ম্মিমত্ত্ব অর্থাৎ ক্ষুৎ পিপাসাদি রাহিত্য, দূর শ্রবণ দর্শন, মনের ন্যায় দেহ গতি, যথা কাম রূপ প্রাপ্তি পরকায়ে প্রবেশ ॥ ৬ ॥

স্বচ্ছন্দ মৃত্যুর্দেবানাং সহ ক্রীড়ানুদর্শনং ।
যথা সংকল্প সংসিদ্ধি রাজ্ঞা প্রতিহতা গতিঃ ॥ ৭ ॥
ত্রিকালজ্ঞত্বমদ্বন্দ্বং পরচিত্তাদ্যভিজ্ঞতা ।
অগ্ন্যর্কাম্বু বিষাদীনাং প্রতিষ্টম্ভোঽপরাজয়ঃ ॥ ৮ ॥
এতাশ্চোদ্দেশতঃ প্রোক্তা যোগ ধারণসিদ্ধয়ঃ ।
যয়া ধারণয়া যাস্যাদ্যথা বাস্যান্নিবোধ মে ॥ ৯ ॥
ভূত সূক্ষ্মাত্মনি ময়ি তন্মাত্রং ধারয়েন্মনঃ ।

স্বেচ্ছামৃত্যুঃ অপ্সরোভিঃ সহ দেবানাং যা ক্রীড়া তাসামনুদর্শনং প্রাপ্তিঃ । সংকল্পানুরূপ প্রাপ্তিঃ । অপ্রতিহতা আসমন্তাৎ গতি র্যস্যাঃ সা আজ্ঞা চেত্যেতা দশ ॥ ৭ ॥

ক্ষুদ্র সিদ্ধীশ্চ পঞ্চাহ ত্রিকালজ্ঞত্বমিতি । অদ্বন্দ্বং শীতোষ্ণাদ্যনভিভবঃ অগ্ন্যাদীনাং স্তম্ভনং ॥ ৮ ॥

তত্তদ্ধারণাভিঃ সহ বিশেষতো নিরূপয়তি যয়েতি যাবৎ সমাপ্তিঃ ॥ ৯ ॥

ভূত সূক্ষ্মোপাধৌ ময়ি তন্মাত্রং সূক্ষ্মাকারং । স তন্মাত্রোপাসকঃ মম মদীয় মণিমানং ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ ।

যয়েত্যৰ্দ্ধকং ॥ ৯ ॥

ভূত সূক্ষ্মাদয়ো বৈকুণ্ঠাদি গতাঃ স্বরূপশক্তি বিলাসা জ্ঞেয়াঃ । তাসামষ্টাবিত্যাদা বুভয়েষাং ভেদেনাবশ্য ব্যবস্থাপ্যত্বাৎ । তন্মাত্রোপাসকো মমেতি পুনরুক্তে স্তদবধারণার্থ

স্বেচ্ছামৃত্যু, দেবতাদিগের সহিত ক্রীড়া করণ, সংকল্পানুরূপ প্রাপ্তি, অপ্রতিহত গতি ও অপ্রতিহত আজ্ঞা

আর ক্ষুদ্র সিদ্ধি পাঁচ প্রকার, ত্রিকালজ্ঞত্ব, শীতোষ্ণাদ্যনভিভব, পর চিত্তাদ্যভিজ্ঞতা, অগ্নি সূর্য্য জল ও বিষাদির স্তম্ভন ও অপরা জয় ॥ ৮ ॥

এই সকল যোগ ধারণ সিদ্ধি উদ্দেশে কথিত হইল এক্ষণে যে ধারণা দ্বারা যে সিদ্ধি যে রূপে সম্পন্ন হয়, তাহা শ্রবণ কর ॥ ৯ ॥

ভূত সূক্ষ্ম রূপ উপাধি বিশিষ্ট আমাতে মনকে ভূত সূক্ষ্ম রূপে

অণিমান মবাপ্নোতি তন্মাত্রোপাসকো মম ॥ ১০ ॥
মহত্তত্ত্বাত্মনি ময়ি যথা সংস্থং মনোদধৎ।
মহিমান মবাপ্নোতি ভূতানাঞ্চ পৃথক্ পৃথক্ ॥ ১১ ॥
পরমাণুময়ে চিত্তং ভূতানাং ময়ি রঞ্জয়ন্।
কাল সূক্ষ্মাত্মতাং যোগী লঘিমানমবাপ্নুয়াৎ ॥ ১২ ॥

জ্ঞানশক্তি প্রধানে মহত্তত্ত্বোপাধৌ ময়ি যথা সংস্থং মহত্তত্ত্বাকারং। ভূতানাঞ্চেতি আকাশাদি ভূতোপাধৌচ ময়ি মনো ধারয়ন্ তত্তদ্ভূত মহিমানং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ১১ ॥

বায়্বাদি ভূতানাং যে পরমাণবঃ তন্ময়ে তদুপাধৌ চিত্তং ময়ি রঞ্জয়ন্ যোগী কাল সূক্ষ্মতাং কালপরমাণূপাধি রূপতামিতি লঘুত্ব বিবরণং। তদুক্তং স কাল পরমাণুর্বৈ যো ভুঙ্‌ক্তে পরমাণুতামিতি ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বাচ্ছ। অণিমানমিত্যন্বয়ঃ। কিন্ত্বণিমাদিকমিদমংশেনৈব জ্ঞেয়ং। জগদ্ব্যাপার বর্জ মিতি ন্যায়েন। সর্ব্বথা তদ্ধর্ম্ম প্রাপ্ত্যভাবাৎ ॥ ১০ ॥

মহিমানং তত্তচ্ছক্ত্যলঙ্কৃত মূর্ত্তিত্বমিত্যর্থঃ। ভূতানাং বেতি মহত্তত্ত্ব ধারণায়ামেত দপীচ্ছাবান্তর ফলং ভবতীত্যভিপ্রায়াৎ ॥ ১১ ॥

ভূতানাং মধ্যে যঃ পরমাণুর্ভাব শূন্যাকাশ পরম সূক্ষ্মাংশঃ তদুপাধিকে ময়ি চিত্তং রঞ্জয়ন্ যোগী লঘিমানং ভাব শূন্যত্বমবাপ্নোতি। তমেব দর্শয়তি কালস্য যঃ সূক্ষ্মাংশঃ পরমাণুস্তস্যার্থ উপাধিঃ পরম সূক্ষ্ম দেশাবচ্ছিন্ন আকাশঃ তদ্রূপতাং তন্নদতি লঘুতামিত্যর্থঃ। আত্মেতি পাঠে আত্মা দেহ উপাধিরিত্যর্থঃ ॥ ১২ ॥

ধারণ করত সেই ভূত সূক্ষ্ম উপাসক আমার অণিমা রূপ সিদ্ধি প্রাপ্ত হয়েন ॥ ১০ ॥

মহত্তত্ত্বরূপ উপাধি বিশিষ্ট আমাতে মনকে মহত্তত্ত্বাকারে ধারণ করত পৃথক্ পৃথক্ সকল ভূতের মহিমা প্রাপ্ত হয়েন ॥ ১১ ॥

ভূত সকলের পরমাণুরূপ উপাধি বিশিষ্ট আমাতে চিত্ত রঞ্জন করত যোগি ব্যক্তি কাল সূক্ষ্মাত্মরূপ লঘিমা প্রাপ্ত হয়েন ॥ ১২ ॥

ধারয়ন্ময্যহং তত্ত্বে মনো বৈকারিকেঽখিলং।
সর্ব্বেন্দ্রিয়াণামাত্মত্বং প্রাপ্তিং প্রাপ্নোতি মন্মনাঃ॥ ১৩॥
মহত্যাত্মনি যঃ সূত্রে ধারয়ন্ময়ি মানসং।
প্রাকাম্যং পারমেষ্ঠ্যং মে বিন্দতেঽব্যক্তজন্মনঃ॥ ১৪॥
বিষ্ণৌ ত্র্যধীশ্বরে চিত্তং ধারয়েৎ কালবিগ্রহে।
স ঈশিত্বমবাপ্নোতি ক্ষেত্রজ্ঞ ক্ষেত্রচোদনাং॥ ১৫॥

বৈকারিকাহঙ্কারোপাধৌ ময্যখিলমেকাগ্রমাত্মত্বমধিষ্ঠাতৃত্বং তত্র হেতুঃ মন্মনা ময়ি মনো ধারণা প্রভাবাদেবং ভবতি নাত্রাতীব হেতু রনুসন্ধেয় ইতি ভাবঃ। এবং মদ্ধারণামু ভাবেন মদ্যোগ বলমাশ্রয় ইত্যাদিষু দ্রষ্টব্যং॥ ১৩॥

ক্রিয়াশক্তি প্রধানং মহত্তত্ত্বমেব সূত্রং তদুপাধৌ ময়ি মে পারমেষ্ঠ্যং সর্ব্বোৎকৃষ্টং প্রাকাম্যং বিন্দতে কথং ভূতস্য অব্যক্তাৎ জন্ম যস্য তস্য সূত্রস্য তদুপাধে র্মমেত্যর্থঃ॥ ১৪॥

ত্র্যধীশ্বরে ত্রিগুণ মায়ানিয়ন্তরি অতএব কালবিগ্রহে আকলয়তৃ রূপে অন্তর্যামিনি ঈশিত্বং বিশিনষ্টি ক্ষেত্রজ্ঞানাং জীবানাং ক্ষেত্রাণাং তদুপাধীনাঞ্চ চোদনাং প্রেরণং নতু বিশ্ব সৃষ্ট্যাদি কর্তৃত্ব লক্ষণমিত্যর্থঃ॥ ১৫॥

ক্রমসন্দর্ভঃ।

বৈকারিকে শুদ্ধ সত্ত্বময়ে॥ ১৩॥

অব্যক্তমিন্দ্রিয়াগম্যং জন্ম প্রাদুর্ভাবো যস্য তস্য মম। যথা। বন্দেঽহং জগতিষ্ণু প্রকট মিত্যাদি॥ ১৪॥ ১৫॥ ১৬॥

বৈকারিক অহংতত্ত্ব রূপ উপাধি বিশিষ্ট আমাতে একাগ্র রূপে মন ধারণ করত সর্ব্বেন্দ্রিয়ের আত্মস্বরূপ প্রাপ্ত হয়েন॥ ১৩॥

সূত্রাত্মা মহত্তত্ত্বরূপ উপাধি বিশিষ্ট অব্যক্ত জন্মা আমাতে যিনি মন ধারণ করেন তিনি আমার সর্ব্বোৎকৃষ্ট প্রাকাম্য প্রাপ্ত হয়েন॥ ১৪

কাল কলয়িতা ত্রিগুণ মায়াধীশ্বর বিষ্ণু রূপ আমাতে যে ব্যক্তি মন ধারণ করেন তিনি উপাধি সহিত জীবের প্রেরয়িতা রূপ ঈশিত্ব প্রাপ্ত হয়েন॥ ১৫॥

নারায়ণে তুরীয়াখ্যে ভগবচ্ছব্দ শব্দিতে।
মনোময্যাদধদ্যোগী মদ্ধর্ম্মাবশিতামিয়াৎ ॥ ১৬ ॥
নির্গুণে ব্রহ্মণি ময়ি ধারয়ন্ বিশদং মনঃ।
পরমানন্দমাপ্নোতি যত্র কামোঽবসীয়তে ॥ ১৭ ॥
শ্বেতদ্বীপপতৌ চিত্তং শুদ্ধে ধর্ম্মময়ে ময়ি।
ধারয়ন্ শ্বেততাং যাতি ষড়ূর্ম্মিরহিতো নরঃ ॥ ১৮ ॥
ময্যাকাশাত্মনি প্রাণে মনসা ঘোষমুদ্বহন্।

তুরীয়াখ্যে বিরাট্ হিরণ্যগর্ভশ্চ কারণঞ্চেত্যুপাধয়ঃ। ঈশস্ত যস্ত্রিভি র্হীনং তুরীয়ং তৎ পদং বিদুঃ। ইত্যেবং লক্ষণে। ঐশ্বর্য্যস্য সমগ্রস্য বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ। জ্ঞান বৈরাগ্যয়োশ্চৈব ষন্নাং ভগ ইতীঙ্গনা। তদ্বতি ভগবচ্ছব্দ শব্দিতে ॥ ১৬ ॥

যত্র পরমানন্দরূপে সর্ব্বোঽপি কামঃ তদংশ ভূতোঽবসীয়তে সমাপ্যতে তং ॥ ১৭ ॥

অতঃপরং গুণ হেতুকাঃ। শুদ্ধে সত্বাত্মকে শ্বেততাং শুদ্ধ রূপতাং ॥ ১৮ ॥

আকাশাত্মা যঃ প্রাণঃ সমষ্টি রূপঃ তদ্রূপে ময়ি মনসা ঘোষং নাদং চিন্তয়ন্ অসৌ

ক্রমসন্দর্ভঃ।

নির্গুণে ব্রহ্মণীতি ব্রহ্মসাযুজ্যমপি সিদ্ধিমধ্যে গণিতং ॥ ১৭ ॥

অতঃপরং প্রাকৃত ধর্ম্মোপাধিতয়োপাস্যমানত্বাদপূর্ণ হেতুত্বং। স্বতঃ সিদ্ধো গুণাতীতে। উপাধিতস্তু ধর্ম্মময়ে সাত্বিক কর্ম্মাধিষ্ঠাতরি। শ্বেততাং শুদ্ধতাং রজস্তমো হীন সত্বাত্মতাং ॥ ১৮ ॥

মধ্যোক্তি স্তৈঃ। অত্র বিচিত্রা বাচঃ ইত্যত্র ভূতানামিবেতি জ্ঞেয়ং ॥ ১৯ ॥ ২০ ॥

তুরীয় নারায়ণ রূপ ভগবৎ শব্দ শব্দিত আমাতে যে যোগি মন ধারণ করেন, তিনি মদ্ধর্ম্ম বিশিষ্ট হইয়া বশিত্ব প্রাপ্ত হয়েন। ১৬ ॥

নির্গুণ ব্রহ্ম রূপ আমাতে যিনি নির্ম্মল মন ধারণ করেন তিনি কামাবসায়ী রূপ পরমানন্দ প্রাপ্ত হয়েন ॥ ১৭ ॥

শুদ্ধ ধর্ম্ম ময় শ্বেতদ্বীপ পতিরূপ আমাতে যিনি মন ধারণ করেন তিনি ক্ষুৎপিপাসাদি ষড়ূর্ম্মি রহিত হইয়া শ্বেতরূপত্ব প্রাপ্ত হয়েন ॥ ১৮

আকাশাত্মা প্রাণ রূপ আমাতে যিনি নাদ রূপ চিন্তা করেন, সেই

তত্রোপলব্ধা ভূতানাং হংসো বাচঃ শৃণোত্যসৌ ॥ ১৯ ॥
চক্ষুস্ত্বষ্টরি সংযোজ্য ত্বষ্টারমপি চক্ষুষি ।
মাং তত্র মনসাধ্যায়ন্ বিশ্বং পশ্যতি দূরতঃ ॥ ২০ ॥
মনোময়ি সুসংযোজ্য দেহং তদনুবায়ুনা ।
মদ্ধারণানুভাবেন তত্রাত্মা যত্র বৈ মনঃ ॥ ২১ ॥
যদা মন উপাদায় যদ্যদ্রূপং বুভূষতি ।

হংসো জীবঃ তত্রাকাশে উপলব্ধা জাতা সন্ তত্রস্থা বিচিত্রা বাচঃ শৃণোতি যদ্বা তত্রাকাশে উপলব্ধাঃ অভিব্যক্তা যা ভূতানাং বাচঃ তা দূরতঃ শৃণোতি ॥ ১৯ ॥

ত্বষ্টা আদিত্যঃ তস্মিন্ পরিচ্ছিন্নে চক্ষুঃ সংযোজ্য তং চক্ষুষি সংযোজ্য তত্রোভয় সংযোগে মাং ধ্যায়ন্ বিশ্বং দূরতঃ পশ্যতি ॥ ২০ ॥

মনো দেহঞ্চ তদনুবর্ত্তিনা বায়ুনা সহ ময়ি সংযোজ্য যা মদ্ধারণা ক্রিয়তে তস্যাঃ প্রভাবেন যত্র মনো যাতি তত্রাত্মা দেহো যাতীত্যর্থঃ । যদ্বা মনঃ কর্ত্তৃ আত্মানং বায়ুনা সহ দেহঞ্চ ময়ি সংযোজ্য যত্র যাতি তদনু তত্র দেহো যাতীতি ॥ ২১ ॥

মন উপাদায় উপাদান কারণং বদ্যদ্দেবাদি রূপং ভবিতুমিচ্ছতি তত্তন্মনো রূপং মন সোঽভীষ্টং রূপং যোগী ভবেৎ কুতঃ যতো মদ্যোগ বলং যোঽহমচিন্ত্য শক্তি মায়া কারঃ

ক্রমসন্দর্ভঃ ।

মন ইতি তৈঃ তত্র ময়ি মনোধিষ্ঠাতরীতি জ্ঞেয়ং ॥ ২১ ॥ ২২ ॥

জীব সিদ্ধি প্রাপ্ত হইয়া তথায় সকল ভূতের বাক্য শ্রবণ করেন ॥ ১৯ ॥

চক্ষুকে সূর্য্যেতে ও সূর্য্যকে চক্ষুতে সংযোগ করিয়া যিনি তাহার মধ্যে আমাকে ধ্যান করেন, তিনি দূর হইতে বিশ্ব দর্শন করেন ॥ ২০ ॥

দেহানুবর্ত্তি বায়ুর সহিত মন ও দেহ আমাতে সংযোগ করিলে আমার সেই ধারণা প্রভাবে যে স্থানে মন যায় সেই স্থানেই দেহ যায় ॥ ২১ ॥

যোগি ব্যক্তি মনকে উপাদান করিয়া যে যে দেবাদি রূপ ইচ্ছা করেন, মদীয় যোগ বল আশ্রয় করিয়া মনের সেই সেই অভীষ্ট রূপ

তত্তত্তবেশানো রূপং মদ্‌যোগবলমাশ্রয়ঃ ॥ ২২ ॥
পরকায়ান্ বিশন্ সিদ্ধ আত্মানং তত্র ভাবয়েৎ।
পিণ্ডং হিত্বা বিশেৎ প্রাণো বায়ুভূতঃ ষড়ঙ্ঘ্রিবৎ ॥ ২৩ ॥
পাষ্ণ্যাপীড্য গুদং প্রাণং হৃদুরঃ কণ্ঠমূর্দ্ধসু।
আরোপ্য ব্রহ্মরন্ধ্রেণ ব্রহ্মনীত্বোৎসৃজেত্তনুং ॥ ২৪ ॥
বিহরিষ্যন্ সুরাক্রীড়ে মৎস্থং সত্বং বিভাবয়েৎ।

তস্মিন্ ময়ি মনসো যোগধারণা তস্য বলং প্রভাবঃ স এবাশ্রয়ঃ কারণং ॥ ২২ ॥

যত্র প্রবিবক্ষতি তত্রাত্মানং চিন্তয়েৎ। ততঃ পিণ্ডং স্বদেহং ত্যক্ত্বা প্রাণঃ প্রাণ প্রধান লিঙ্গশরীরোপাধিঃ বায়ু ভূতঃ বাহ্য বায়ৌ ভূতঃ প্রবিষ্টঃ তেন মার্গেনেত্যর্থঃ। ষড়ঙ্ঘ্রিবৎ ভৃঙ্গো যথা পুষ্পাৎ পুষ্পান্তরমনায়াসেন প্রবিশতি তদ্বৎ ॥ ২৩ ॥

পিণ্ডং হিত্বেত্যুক্তং তৎ প্রকারং কথয়ন্ স্বচ্ছন্দ মৃত্যুমাহ। পাষ্ণ্যা পাষ্ণিনা গুদং নিরুধ্য প্রাণং প্রাণোপাধি মাত্মানং ব্রহ্মরন্ধ্রেণ মূর্দ্ধ দ্বারেণ ব্রহ্মোত্যুপলক্ষণং ব্রহ্ম বা অন্তৎ।

ক্রমসন্দর্ভঃ।

আত্মানমিতি মদধিষ্ঠিত প্রাণাত্মোপাধিমিতি শেষঃ ॥ ২৩ ॥ ২৪ ॥

মৎস্থমিতি অহমেব স্থান মাশ্রয়ো যস্য তন্মদুপাধি রূপং সত্বং দেবাত্মাত্ব হেতু সত্ব

প্রাপ্ত হয়েন ॥ ২২ ॥

সিদ্ধ ব্যক্তি পর শরীরে প্রবেশ করত তাহাতে আত্মাকে ভাবনা করিবেন এবং স্বীয় শরীরকে পরিত্যাগ করিয়া বায়ুভূত প্রাণোপাধি লইয়া ষট্‌পদের পুষ্প হইতে পুষ্পান্তরে গমনের ন্যায় অন্য শরীরে প্রবেশ করিবেন ॥ ২৩ ॥

পাষ্ণি দ্বারা গুহ্যদেশ নিরুদ্ধ করিয়া হৃদয়, বক্ষঃ কণ্ঠ ও মস্তকেতে ব্রহ্মকে আরোপ করত ব্রহ্মরন্ধ্র দ্বারা প্রাণকে লইয়া শরীর পরিত্যাগ করিবেক ॥ ২৪ ॥

যোগি ব্যক্তি যখন দেবতাদিগের সহিত বিহার করত আমার সত্ব মূর্ত্তি ভাবনা করেন তখন সত্ববৃত্তি দেবস্ত্রীগণ বিমানের সহিত আসিয়া

বিমানেনোপতিষ্ঠন্তি সত্ত্ববৃত্তীঃ সুরস্ত্রিয়ঃ ॥ ২৫ ॥
যথা সংকল্পয়েদ্বুদ্ধ্যা যথা বা মৎপরঃ পুমান্।
ময়ি সত্যে মনোযুঞ্জংস্তথা তৎ সমুপাশ্নুতে ॥ ২৬ ॥
যো বৈ মদ্ভাবমাপন্ন ঈশিতুর্বশিতুঃ পুমান্।
ন কুতশ্চিদ্বিহন্যেত তস্যচাজ্ঞা যথা মম ॥ ২৭ ॥

অপেক্ষিতং স্থানং মনসা নীত্বা ॥ ২৪ ॥

মৎস্থং মন্মূর্ত্তিরূপং শুদ্ধ সত্বং চিন্তয়েৎ। তদা সত্ব বৃত্তয়ঃ সত্বাংশ ভূতাঃ ॥ ২৫ ॥

যদা বা অকালেপি যথা বেতি পাঠে যথা বা যেন কেনাপি প্রকারেণ বুদ্ধ্যা সংকল্পয়েৎ তত্তথা যথা বৎ প্রাপ্নোতীত্যর্থঃ। যদা যথা সংকল্পয়েৎ যথা বা মৎ পরঃ ময়ি বিশ্বাসবান্ ভবতি তথা তদনুরূপং সর্ব্বং প্রাপ্নোতীত্যর্থঃ। কিং কুর্ব্বন্ সত্য সংকল্পে ময়ি মনো যুঞ্জন্ ॥ ২৬ ॥

মদিতি পৃথক পদং মমেত্যর্থঃ। ঈশিতুঃ সর্ব্ব নিয়ন্তুঃ স্বতন্ত্রস্ত মম ভাবং স্বভাবং প্রাপ্তঃ ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ

বৃত্তি বিশেষং চিন্তয়েৎ। তদেবাহ সত্ববৃত্তীবিতি ॥ ২৫ ॥

যদাবেত্যত্র যথাবেতি পাঠে যদুপাধিত্বেন ॥ ২৬ ॥

মদ্ভাবং মদ্ভাবানাং ঈশিতুঃ সংসার নিয়ন্তুঃ বশিতুঃ তস্ত স্বতন্ত্রস্ত চেতি তদুপাধিত্বং দর্শিতং ॥ ২৭ ॥

তাঁহার উপাসনা করেন ॥ ২৫ ॥

পুরুষ মদধীন হইয়া যেরূপে যাহা সংকল্প করেন, সত্য স্বরূপ আমাতে মন নিবিষ্ট করাতে তদ্রূপে তাহাই লাভ করেন ॥ ২৬ ॥

যে পুরুষ নিয়ন্তা ও স্বতন্ত্র স্বরূপ আমার স্বভাব প্রাপ্ত হয়েন তিনি কখন নিহত হয়েন না ও আমার আজ্ঞার ন্যায় তাঁহার আজ্ঞা অপ্রতিহতা হয় ॥ ২৭ ॥

মদ্ভক্ত্যা শুদ্ধচিত্তস্য যোগিনো ধারণাবিদঃ।
তস্য ত্রৈকালিকী বুদ্ধির্জন্মমৃত্যুপবৃংহিতা ॥ ২৮ ॥
অগ্ন্যাদিভির্নহন্যেত মুনের্যোগময়ং বপুঃ।
মদ্‌যোগ শ্রান্তচিত্তস্য যাদসামুদকং যথা ॥ ২৯ ॥
মদ্বিভূতীরনুধ্যায়ন্ শ্রীবৎসাস্ত্র বিভূষণাঃ।
ধ্বজাতপত্র ব্যজনৈঃ স ভবেদপরাজিতঃ ॥ ৩০ ॥

এতা গুণ হেতবঃ অতঃ পরং ক্ষুদ্রাঃ ধারণাবিদ ইতি ত্রিকালজ্ঞেশর ধারণা সূচিতা। ত্রৈকালিকী ত্রিকাল বস্তু বিষয়া। স্বজন্ম মৃত্যুভ্যামুপবৃংহিতা তৎ সহিতা অনয়ৈব পর চিত্তাভিজ্ঞতাপি ব্যাখ্যাতা ॥ ২৮ ॥

অগ্ন্যাদি সর্ব্বোপঘাত শূন্যো ভগবানিত্যেবং ভূত যোগময়ং। তৈ র্নাভিভূয়তে তত্র হেতুঃ মদ্যোগেতি। যাদসামুদকং যথাভিঘাতকং ন ভবতি তথা তস্য বপুষোঽগ্ন্যাদয় ইত্যর্থঃ। অনয়ৈবাবন্ধতাপি ব্যাখ্যাতা ॥ ২৯ ॥

মদ্বিভূতী র্মদবতারান্ ধ্বজাদিভিঃ সহ ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

অতঃপরং গুণ হেতুত্বেপি ক্ষুদ্রাঃ। ধারণেতি। জগৎ সৃষ্টি স্থিতি প্রলয় কাল জ্ঞেনেশ্বরেণোচ্যতে। জন্ম মৃত্যুপসংবৃত্তেতি জন্মভির্নাপ গচ্ছতীত্যর্থঃ ॥ ২৮ ॥ ২৯ ॥

মদ্বিভূতীরিতি। মদ্বিভূতীনাং মধ্যে যাং কাঞ্চিৎ তাঞ্চ জগৎ পরাজয়োপাধি মিত্যর্থঃ ॥ ৩০ ॥ ৩১ ॥

আমার ভক্তিতে শুদ্ধচিত্ত ধারণাজ্ঞ যোগিদিগের ত্রিকাল বস্তু বিষয়ক যে বুদ্ধি তাহাই জন্ম মৃত্যুর আশ্রয় ও পরচিত্তাদ্যভিজ্ঞ ॥ ২৮ ॥

যেমন জল জলজন্তুর অভিঘাতক হয় না তদ্রূপ আমার যোগ ধারণা বিষয়ে অশ্রান্ত চিত্ত মুনির যোগময় শরীর অগ্ন্যাদি ভূত দ্বারা অভিভূত হয় না ॥ ২৯ ॥

শ্রীবৎস, অস্ত্র, বিভূষণ, ধ্বজা, ছত্র ও ব্যজন সহিত আমার অবতার সকল যিনি ধ্যান করেন তিনি কখন পরাজিত হয়েন না ॥ ৩০ ॥

উপাসকস্য মামেবং যোগধারণয়া মুনেঃ ।
সিদ্ধয়ঃ পূর্ব্ব কথিতা উপতিষ্ঠন্ত্যশেষতঃ ॥ ৩১ ॥
জিতেন্দ্রিয়স্য দান্তস্য জিতশ্বাসাত্মনো মুনেঃ ।
মদ্ধারণাং ধারয়তঃ কা সা সিদ্ধিঃ সুদুর্ল্লভা ॥ ৩২ ॥
অন্তরায়ান্ বদন্ত্যেতান যুঞ্জতো যোগমুত্তমং ।
ময়া সংপদ্যমানস্য কালক্ষপণ হেতবঃ ॥ ৩৩ ॥
জন্মৌষধিতপো মন্ত্রৈর্যাবন্তীরিহ সিদ্ধয়ঃ ।

উপসংহরতি উপাসকস্যেতি এবং পৃথক্ ধারণাভিঃ ॥ ৩১ ॥

যদ্বা কিং না না ধারণা প্রয়াসেন একয়ৈব সর্ব্বাঃ সিদ্ধয়ো ভবন্তীত্যাহ জিতেন্দ্রিয়স্যেতি মদ্ধারণাং নারায়ণে তুরীয়াখ্য ইত্যত্রোক্তাং । যা সুদুর্ল্লভা স্যাৎ সা কা ন কাপীতি দিত্যর্থঃ ॥ ৩২ ॥

যদ্যপ্যেবং তথাপি ন প্রার্থ্যা ইত্যাহ অন্তরায়ানিতি ॥ ৩৩ ॥

তস্মাদহৈতুকীয়ং মে ধারণা কার্য্যা ন কাম্যা ইত্যাহ জন্মেতি জন্মনৈব কাশ্চিৎ সিদ্ধয়ো

ক্রমসন্দর্ভঃ ।

মদ্ধারণাং মম তত্তদুপাধি রহিতস্যাপি যৎ কিঞ্চিদ্রূপস্যাপি ধারণমিত্যর্থঃ । স্বভাবতঃ সর্ব্বসিদ্ধি সেবিতাৎ সর্ব্বতো মম রূপাৎ কামনা মাত্রেণ সর্ব্বসিদ্ধিরিতি ভাবঃ ॥ ৩২ ॥

ময়া সংপদ্য মানস্য মদ্রূপামেব সম্প্রাপ্তিমিচ্ছত ইত্যর্থঃ । অতএব ব্রহ্ম সাযুজ্য মপ্য ন্তরায়ং স্যাদিতি যুক্তমেব তত্র গণিতং । উত্তম নিষ্কামং ভক্তিযোগং ॥ ৩৩ ॥

তথাপি পূর্ব্বোক্তা ধারণাস্ত সর্ব্বতোধিকা ইত্যাহ জন্মেতি । যোগেতি পূর্ব্বোক্ত

যে মুনি ব্যক্তি যোগ ধারণা দ্বারা এই রূপে আমার উপাসনা করেন, পূর্ব্ব কথিত সিদ্ধি সকল অশেষ প্রকারে তাঁহার উপাসনা করেন ॥৩১॥

যিনি জিতেন্দ্রিয়, দান্ত, জিতশ্বাস, জিতাত্মা ও মুনি হইয়া আমার ধারণা করেন, কোন সিদ্ধিই তাঁহার দুর্ল্লভ হয় না ॥ ৩২ ॥

উত্তম যোগানুষ্ঠাতাও আমা কর্ত্তৃক সম্পাদ্যমান যোগিদিগের কাল ক্ষেপণের হেতু রূপ এই সিদ্ধি সকলকে অন্তরায় করিয়া বলিয়াছেন ॥৩৩

জন্ম ওষধি তপস্যা মন্ত্র ইত্যাদি দ্বারা যে সকল সিদ্ধি সম্পাদিত

যোগেনাপ্নোতি তাঃ সর্ব্বা নান্যৈর্যোগগতিং ব্রজেৎ ॥ ৩৪ ॥
সর্ব্বাসামপি সিদ্ধীনাং হেতুঃ পতিরহং প্রভুঃ।
অহং যোগস্য সাংখ্যস্য ধর্ম্মস্য ব্রহ্মবাদিনাং ॥ ৩৫ ॥
অহমাত্মান্তরো বাহ্যোঽনাবৃতঃ সর্ব্বদেহিনাং।
যথা ভূতানি ভূতেষু বহিরন্তঃ স্বয়ং তথা ॥ ৩৬ ॥

ভবন্তি যথা দেবানাং। যথাচ যাদসামুদক স্তম্ভাদি। পক্ষ্যাদীনাং খেচরত্বাদি। তদুক্তং পাতঞ্জলে। জন্মৌষধি তপোমন্ত্র যোগজাঃ সিদ্ধয় ইতি। যোগেন মদ্ধারণামিত্যুক্তেন যোগগতিং মৎ সালোক্যাদি রূপাং ॥ ৩৪ ॥

তৎ কুত ইত্যাহ সর্ব্বাসামিত্যর্দ্ধেন প্রভুত্বোপপাদানং হেতুঃ কারণং পতিঃ পালয়িতা চেতি। কিঞ্চ ন কেবলং সিদ্ধীনামেব প্রভুঃ অপিতু মোক্ষাদীনামপীত্যাহ অহমিতি যোগো মোক্ষঃ সাংখ্যং তৎ সাধনং জ্ঞানং ধর্ম্মস্য তদুপদেষ্টৄণাং ব্রহ্মবাদিনাঞ্চ ॥ ৩৫ ॥

কুত স্তত্রাহ অহমিতি সর্ব্ব দেহিনাং জীবানাং আত্মা যতঃ আন্তরঃ অন্তর্যামী এষ আত্মা অন্তর্যাম্যমৃত ইতি শ্রুতেঃ। তর্হি কিং অন্তর্ব্বর্ত্তিত্বাৎ পরিচ্ছিন্নঃ ন বাহ্যশ্চ ব্যাপক ইত্যর্থঃ তত্র হেতুঃ অনাবৃতঃ এতৎ সদৃষ্টান্তমাহ ভূতেষু মহা ভূতানি যথা বহিশ্চান্তশ্চ ভবন্তি স্বয়মহমপি তথেত্যর্থঃ ॥ ৩৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

ধারণানামেকতরেণাপি ॥ ৩৪ ॥

ময়ি বিশ্বৈস্তত্তৎ সিদ্ধি কামনয়াপি মাস্তু নচ সোপাধি মদ্ধারণং কর্ত্তব্যং স্বতঃ সর্ব্বাশ্রয়ত্বেন মমেত্যাহ সর্ব্বাসামিতি দ্বাভ্যাং ধর্ম্মস্য জ্ঞানসাধনস্য ॥ ৩৫ ॥ ৩৬ ॥

হয়, সে সমুদায়ই যোগ দ্বারা প্রাপ্ত হওয়া যায়, কিন্তু অন্য উপায় দ্বারা আমার সালোক্য প্রাপ্তি হয় ॥ ৩৪ ॥

আমি সমুদায় সিদ্ধি, সাংখ্যযোগ, ও ব্রহ্মবাদিদিগের এবং ধর্ম্মের হেতু, পতি ও প্রভু ॥ ৩৫ ॥

সর্ব্ব দেহির অন্তর্বাহ্য অনাবৃত আত্মা আমি, যেমন ভূত সকল ভূতের বাহির ও অন্তরে থাকে তদ্রূপ আমিও সকলের বহিরন্তরস্থ ॥ ৩৬

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব সম্বাদে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৫ ॥ * ॥

শ্রীউদ্ধব উবাচ ॥

ত্বং ব্রহ্ম পরমং সাক্ষাদনাদ্যন্তমপাবৃতং ।

॥ * ॥ ইত্যেকাদশে পঞ্চদশঃ ॥ * ॥

ষোড়শেতু হরেরাবির্ভাব যুক্তা বিভূতয়ঃ। জ্ঞান বীর্য্য প্রভাবাদি বিশেষেণোপবর্ণিতাঃ। অস্থিরচিত্তেন বহুধ্যানমশক্যমকৃতাত্মনাং। অত স্তদ্যোগ্যতাপত্ত্যৈ বিভূত্যাদি নিরূপণং। এবং তাবৎ নবাধ্যায্যামষ্টৌ প্রশ্না নিরূপিতাঃ। ব্রহ্মস্ব সম্ভবে তাবৎ সপ্তমাদি চতুষ্টয়ে। বদ্ধমুক্তোস্ত. নির্দ্ধারে সদুক্ত্যোশ্চ ততঃ পরে। দ্বাদশে নন্তরং কর্ম্ম কৃতিত্যাগ ব্যবস্থিতৌ। হংসেতি হাসতো যোগ নিষ্ঠায়াঞ্চ ত্রয়োদশে। শ্রেয়ঃ সাধন নির্দ্ধারে ধ্যানেনৈব চতুর্দ্দশে। ধারণাসিদ্ধি ভেদেন প্রসঙ্গেন নিরন্তরে। উদ্ধব প্রশ্নতো দত্তমুত্তরং হরিণোচিতং। ষোড়শে ভক্তি বিস্তারে বর্ণাশ্রম ব্রতে। জ্ঞানাদি নির্ণয়ে চাতো যমাদীনাং বিনির্ণয়ে। যোগ ত্রয়াধিকারেতু বিংশে চ তদনন্তরে। তত্ত্ব সংখ্যা বিবাদেচ পুং প্রকৃত্যো র্বিবেচনে। জন্ম মৃত্যু প্রকারেচ দ্বাবিংশে দত্তমুত্তরং। পরাপরাধ সহনে চতুর্ভি স্তদনন্তরৈঃ। সপ্তবিংশে ক্রিয়া যোগ প্রশ্নে তদুপবর্ণনং। অষ্টাবিংশে ততঃ প্রোক্তা জ্ঞান যোগোপসংহৃতিঃ। সংসারা সম্ভব প্রশ্নে তন্মধ্যে দত্তমুত্তরং। তদশক্ত্যা পুনঃ প্রশ্নে ভক্তি যোগোপসংহৃতিঃ। এবং প্রশ্নোত্তরাণ্যত্র ক্রমেণৈতানি বিংশতিঃ ॥ ০ ॥

অহমাত্মান্তরো বাহ্যঃ নাবৃতঃ সর্ব্ব দেহিনাং। যথা ভূতানি ভূতেষু বহিরন্তঃ স্বয়ং তথেত্যুক্তং। তত্র ভূতানি যথা কচিৎ কেনচিৎ গুণ বিশেষেণ উদ্রিক্তানি বর্ত্তন্তে। কচিৎ

ক্রমসন্দর্ভঃ

॥ * ॥ ইত্যেকাশ ক্রমসন্দর্ভে পঞ্চদশঃ ॥ * ॥

টীকায়াং নবাধ্যায্যামিতি সপ্তমাধ্যায্যামিতি জ্ঞেয়ং। আদি বদ্ধামুক্ত তাৎপর্য্যাৎ। অষ্ট প্রশ্নান্নিরূপয়তি ব্রহ্মোক্তি সপ্তমাদি চতুষ্টয়ে দশ পর্য্যন্তে ততঃ পরে একাদশে। বয়োঃ সপ্ত

॥ * ॥ ইত্যেকাদশে পঞ্চদশ ॥ * ॥

ষোড়শ অধ্যায়ে জ্ঞানবীর্য্য প্রভাবাদি বিশেষ দ্বারা হরির আবির্ভাব যুক্ত বিভূতি বর্ণন ॥ ০ ॥

উদ্ধব কহিলেন, আপনকার আদিও নাই অন্তও নাই, আপনি

সর্ব্বেষামপি ভাবানাং ত্রাণস্থিত্যপ্যয়োদ্ভবঃ ॥ ১ ॥
উচ্চাবচেষু ভূতেষু দুর্জ্ঞেয়মকৃতাত্মভিঃ।
উপাসতে ত্বাং ভগবন্ যথা তথ্যেন ব্রাহ্মণাঃ ॥ ২ ॥

সামান্য রূপেণৈব তথাত্বমপি ক কথং বর্ত্তসে ইতি বিভূতীঃ প্রষ্টুং প্রথমং তাবদুক্তমেব সর্ব্বাত্মকত্বমনুবদতি ত্বং ব্রহ্মেতি। অপাবৃতং নিরাবরণং স্বতন্ত্রং বা অতএব সর্ব্বেষামপি ত্রাণং রক্ষণং স্থিতি র্জীবনং ত্রাণস্থিতি সহিতৌ অপ্যয়োদ্ভবৌ যস্মাৎ স ত্বং উপাদান কারণ মিত্যর্থঃ ॥ ১ ॥

অত্র সদাচার প্রমাণমাহ উচ্চাবচেষিতি। যথা তথ্যেন যথার্থত্বেন সর্ব্বভূত কারণং ত্বাং ব্রাহ্মণা বেদতাৎপর্য্য বিদঃ ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

দশাষ্টাদশয়োঃ। অত ঊনবিংশে। তদনন্তরে একবিংশে। চতুর্ভিঃ ষড়্বিংশ পর্য্যন্তৈঃ। তত্র ব্রহ্মত্বেতি। ১। বদ্ধমুক্ত্যোরিতি। ২। সদিতি। ৩। কর্ম্মেতি। ৪। হংসেতি। ৫। প্রেম ইতি। ৬। ধ্যান ইতি। ৭। ধারণেতি। ৮। ইত্যষ্টৌ প্রশ্নাঃ। ভূতেতি। ৯। বর্ণেতি। ১০। জ্ঞানেতি। ১১। যমেতি। ১২। যোগেতি। ১৩। তত্ত্বেতি। ১৪। জন্মেতি। ১৫। পরেতি। ১৬। ক্রিয়েতি। ১৭। জ্ঞানেতি। ১৮। সংসারেতি। ১৯। ভক্তি ইতি। ২০। ইতি বিংশতিঃ। সর্ব্বেষাং সর্ব্ব বৈভবং মত্ত এবেতি সর্ব্বা মমাপি ইত্যাদিনা পূর্ব্বমুক্তং। তৎ শ্রুত্বা প্রাকৃতা প্রাকৃত তদ্বৈভবাস্পদানি প্রশ্নেন জ্ঞাতুং তস্য সর্ব্বাশ্রয়ত্ব মনুবদতি। ত্বং ব্রহ্ম বৃহৎ সর্ব্বকারণত্বাৎ। তত্রাপি ভগবদ্রূপত্বাৎ। তত্রাপি সাক্ষাৎ স্বয়ং ভগবত্বাৎ। প্রাকৃতানন্ত বৈভবাশ্রয়ত্বমাহ সর্ব্বেষাং ভাবানাং মহদাদীনাং ত্রাণস্থিত্যপ্যয়োদ্ভবো যঃ পুরুষঃ সোঽপি ত্বমিতি। যস্যাংশাংশাংশ ভাগে বিশ্বস্থিত্যপ্যয়োদ্ভবা ইত্যাদে স্তস্যাপি ত্বদংশীত্যর্থঃ ॥ ১ ॥

তত্র প্রাকৃতী র্বিভূতী স্তাবৎ পৃচ্ছতি উচ্চাবচেষিতি। ভূতেষু প্রধান কার্য্যেষু। ত্বাং গুণ সাম্যাদি রূপং ॥ ২ ॥

আবরণ শূন্য, সাক্ষাৎ পরব্রহ্ম এবং আপনিই সকল জীবের সৃষ্টি স্থিতি বিনাশের হেতু ॥ ১ ॥

আপনি উচ্চ নীচ ভূত মধ্যে অকৃত পুণ্য লোকের দুর্জ্ঞেয়, অথচ হে ভগবন্! ব্রাহ্মণেরা আপনাকে যথার্থ রূপে উপাসনা করিয়া থাকেন ॥ ২ ॥

যেষু যেষু চ ভূতেষু ভক্ত্যা ত্বাং পরমর্ষয়ঃ।
উপাসীনাঃ প্রপদ্যন্তে সংসিদ্ধিং তদ্বদস্ব মে॥ ৩॥
গূঢ়শ্চরসি ভূতাত্মা ভূতানাং ভূতভাবন।
ন ত্বাং পশ্যন্তি ভূতানি পশ্যন্তং মোহিতানি তে॥ ৪॥
যাঃ কাশ্চ ভূমৌ দিবি বৈ রসায়াং বিভূতয়ো
দিক্ষু মহাবিভূতে। তা মহ্যমাখ্যাহ্যনুভাবি

এবং কারণত্বেন সর্ব্বাত্মকমিত্যমুদ্য বিভূতীঃ পৃচ্ছতি যেম্বিতি উপাসীনাঃ সন্তঃ॥ ৩॥
দুর্জ্ঞেয়ত্বমিত্যাহ গূঢ়ঃ অস্ফুটঃ। ভূতানাং প্রাণিনাং মধ্যে। অত্র হেতুঃ ভূতানামাত্মা-ন্তর্যামী তত্রাপি হেতুঃ হে ভূতভাবনেতি ত্বয়া॥ ৪॥
তা এব সাকল্যেন পৃচ্ছতি যা ইতি হে মহাবিভূতে যাঃ কাশ্চিৎ ভূম্যাদিষু তে বিভূতয়ঃ। রসায়াং রসাতলে অনুভাবিতাঃ ত্বয়ৈব কেনচিৎ শক্তি বিশেষেণ সংযোজিতাঃ।

ক্রমসন্দর্ভঃ।

অপ্রাকৃতীঃ পৃচ্ছতি ভূতেষু পরমার্থ সত্ত্বেষু ভগবদাদিষু। অস্য মহতো ভূতস্যেত্যাদি শ্রুতেঃ। শ্রীবাসুদেবাদি রূপং॥ ৩॥
চরসি কচিৎ সাক্ষাদ্রূপেণ চেতি জ্ঞেয়ঃ॥ ৪॥
ভূমাবিত্যাদি ত্রয়েণ মধ্যোর্দ্ধতললোকাঃ প্রাকৃতাশ্চ সর্ব্ব এব গৃহীতাঃ। তে ত্বয়ৈকেন স্বয়ং ভগবতা অনুভাবং তত্তৎ মাহাত্ম্যং প্রাপিতাঃ। অতএব তীর্থানাং সর্ব্বাসাং গুরু

অতএব পরমর্ষিগণ ভক্তি সহকারে যে যে ভূতে আপনার উপাসনা করত সংসিদ্ধি লাভ করেন তাহা আমাকে বলুন॥ ৩॥
হে ভূতভাবন! আপনি ভূতাত্মা ও গূঢ় রূপে সমুদায় ভূতে বিচরণ করেন এবং আপনি সকল দেখিতেছেন অথচ আপনার মায়ায় মোহিত হইয়া আপনাকে কেহ দেখিতে পায় না॥ ৪॥
হে মহাবিভূতে। স্বর্গ মর্ত্ত্য পাতাল ও দিক্ দিগন্তে আপনার যে সকল বিভূতি আছে সে সমুদায় আমাকে বলুন, তীর্থ সকলের আশ্রয়

তাস্তে নমামি তে তীর্থ পদাঙ্ঘ্রি পদ্মং ॥ ৫ ॥

শ্রীভগবানুবাচ ॥

এবমেতদহং পৃষ্টঃ প্রশ্নং প্রশ্নবিদাম্বর।

যুযুৎসুনা বিনশনে সপত্নৈরর্জ্জুনেন বৈ ॥ ৬ ॥

জ্ঞাত্বা জ্ঞাতিবধং গর্হ্যমধর্ম্ম্যং রাজ্যহেতুকং।

ততো নিবৃত্তো হন্তাহং হতোঽয়মিতি লৌকিকঃ ॥ ৭ ॥

স তদা পুরুষ ব্যাঘ্র যুক্ত্যা মে প্রতিবোধিতঃ।

তীর্থানাং পদঞ্চ তদঙ্ঘ্রি পদ্মঞ্চেতি ॥ ৫ ॥

নারাবতার ভূতার্জ্জুন প্রশ্ন সম্বাদিত্বাত্তবায়ং প্রশ্নঃ সাধীয়ানিতি তাবদনুমোদতে এবমিতি ত্রিভিঃ প্রশ্নং দ্রষ্টব্যং। সপত্নৈ র্যোদ্ধুমিচ্ছতা বিনশনে কুরুক্ষেত্রে ॥ ৬ ॥

যুযুৎসো র্বিভূতি প্রশ্নে কঃ প্রসঙ্গ স্তত্রাহ জ্ঞাত্বেতি লৌকিকঃ প্রাকৃতমতিঃ সন্ যদা ততো জ্ঞাতিবধান্নিবৃত্তঃ ॥ ৭ ॥

তদা ময়া প্রতিবোধিতঃ সন্ যথা ত্বমতিত্তাবসে। এবং সংগ্রাম মুখে মামভ্যভাষত

ক্রমসন্দর্ভঃ।

পরম্পরাণাং পদমাশ্রয় অঙ্ঘ্রি পদ্মং যস্য তং। স্রোতসাং সমুদ্রমিব ॥ ৫ ॥

অহো আশ্চর্য্যং যস্মিত্র ইতি যস্য প্রশ্ন সংবাদিতেতি সম্ভাষ্যমাহ এবমিতি ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥

স্বরূপ আপনার পাদপদ্মে আমি প্রণাম করি ॥ ৫ ॥

ভগবান্ কহিলেন, হে প্রশ্ন বিদাম্বর উদ্ধব! পূর্ব্বে কুরুক্ষেত্রে শত্রুগণ সহিত যুদ্ধ কালে অর্জ্জুন আমাকে এইরূপ প্রশ্ন করিয়াছিলেন ॥ ৬ ॥

আমি হন্তা ও এই ব্যক্তি হত এইরূপ লৌকিক বুদ্ধি অর্জ্জুন রাজ্য হেতুক জ্ঞাতি বধকে অধর্ম্ম্য ও নিন্দনীয় জানিয়া তাহা হইতে নিবৃত্ত হইয়াছিলেন ॥ ৭ ॥

হে পুরুষ শ্রেষ্ঠ! এক্ষণে তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিতেছ, তখন অর্জ্জুন আমা কর্ত্তৃক নানা প্রকারে প্রতিবোধিত হইয়াও সেই

অভ্যভাষতমামেবং যথা ত্বং রণ মূর্দ্ধনি ॥ ৮ ॥
অহমাত্মোদ্ধবামীষাং ভূতানাং সুহৃদীশ্বরঃ।
অহং সর্ব্বাণি ভূতানি তেষাং স্থিত্যুদ্ভবাপ্যয়ঃ ॥ ৯ ॥
অহং গতির্গতিমতাং কালঃ কলয়তামহং।
গুণানাং চাপ্যহং সাম্যং গুণিন্যৌৎপত্তিকো গুণঃ ॥ ১০ ॥

তথদেব তবাপি কথয়িষ্যামীতি ভাবঃ ॥ ৮ ॥

তাঃ বিভূতীঃ কথয়তি অহমিতি অস্মচ্ছব্দ সমানাধিকরণাঃ প্রথমান্তা দ্বিতীয়ান্তাশ্চ সর্ব্বা বিভূতয়ঃ তাস্বোপাসনার্থং কথ্যন্তে ষষ্ঠীচ কচিন্নির্দ্ধারণে সম্বন্ধেচ কচিদ্যথা যোগ্যং দ্রষ্টব্যা ততশ্চামীষাং ভূতানাং আত্মেতি সুহৃদিতি ঈশ্বর ইতি চ সামান্যেনাহং উপাস্য ইত্যর্থঃ। এবং সর্ব্বত্র তেষাং স্থিত্যুদ্ভবাপ্যয়ঃ তদ্ধেতুরিত্যর্থঃ ॥ ৯ ॥

বিশেষতো বিভূতি বাহ। কলয়তাং বশী কুর্ব্বতাং মধ্যে গুণানাং সত্বাদীনাং মধ্যে সাম্যং প্রকৃতিঃ গুণিনি ধর্ম্মিণি ঔৎপত্তিকঃ স্বাভাবিকো যো গুণঃ সোঽহং ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

অত্র প্রাকৃতেষপ্রাকৃতীমাহ অহমাত্মেতি। আত্মা পরমাত্মা। সুহৃৎ স্বতো হিতকারী। ঈশ্বরঃ সর্ব্ব প্রবর্ত্তকশ্চ। তেষেবপ্রাকৃতীমাহ অহমিতি। ভূতানাং মধ্যে ভূতানি মদ্বৈভব বিশেষানুভবতি তৈরেব ব্যবহার সিদ্ধেঃ। তেষেবাপ্রাকৃতীমাহ তেষামিতি। স্থিতীতি মহৎস্রষ্টৃ পুরুষঃ সর্ব্বকারণমিত্যর্থঃ। এবমন্যত্রাপি ॥ ৯ ॥

গতিঃ ফলং শরণাগতির্ব্বা ॥ ১০ ॥

রণ স্থলে আমাকে তাহাই জিজ্ঞাসা করিয়াছিলেন, তাহা তোমাকে কহিতেছি শ্রবণ কর ॥ ৮ ॥

হে উদ্ধব। আমি এই সকল ভূতের আত্মা সুহৃৎ ও ঈশ্বর এবং আমি সমুদায় ভূতের অধিষ্ঠান ও তাহাদিগের সৃষ্টি স্থিতি প্রলয়ের হেতু ॥ ৯ ॥

আমি গমনশীলদিগের গতি, কালের কাল ও সত্বাদি গুণের মধ্যে সাম্য প্রকৃতি, গুণবান্ বস্তুর স্বাভাবিক ধর্ম্ম আমি ॥ ১০ ॥

গুণিনামপ্যহং সূত্রং মহতাঞ্চ মহানহং।
সূক্ষ্মাণামপ্যহং জীবো দুর্জয়ানামহং মনঃ ॥ ১১ ॥
হিরণ্যগর্ভো বেদানাং মন্ত্রাণাং প্রণবস্ত্রিবিৎ।
অক্ষরাণামকারোঽস্মি পদানি ছন্দসামহং।
ইন্দ্রোঽহং সর্ব্বদেবানাং বসূনামস্মি হব্যবাট্।
আদিত্যানামহং বিষ্ণু রুদ্রাণাং নীললোহিতঃ ॥ ১২ ॥
মহর্ষীণাং ভৃগুরহং রাজর্ষীণামহং মনুঃ।

সূত্রং প্রথম কার্য্যং। মহান্ মহত্তত্ত্বং। সূক্ষ্মোপাধিত্বাৎ দুর্জ্ঞেয়ত্বাচ্চ জীবস্য সূক্ষ্মত্বং। বুদ্ধে র্গুণেনাত্ম গুণেন চৈবমারাগ্র মাত্রো হ্যবরোপি দৃষ্ট ইতি শ্রুতেঃ ॥ ১১ ॥
বেদানাং সম্বন্ধী তেষামধ্যাপকঃ। পদানি ত্রিপদানি ত্রিপদা গায়ত্রীত্যর্থঃ ॥ ১২ ॥
হবির্ধানী কামধেনুঃ ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

সূক্ষ্মাণামিতি সূক্ষ্মতা পরাকাষ্ঠা প্রাপ্তো জীব ইত্যর্থঃ। দুর্জ্ঞেয়ত্বাৎ সূক্ষ্মত্বং তদত্র ন বিবক্ষিতং মহতী চেতি সূক্ষ্মাণামপীতি পরস্পর প্রতিযোগিত্বেন বাক্য দ্বয়স্যানন্তর্য্যোক্তৌ ক্রিয়াস্বারস্য ভঙ্গাৎ। প্রপঞ্চ মধ্যে সর্ব্বকারণত্বান্মহত্তত্ত্বস্য মহত্বং নাম ব্যাপকত্বং নতু পৃথিব্যাদ্য পেক্ষয়া সূক্ষ্মত্বং যথা তদ্বৎ প্রপঞ্চে জীবানামপি সূক্ষ্মত্বং পরমাণুত্বমেবেতি স্বারস্যং শ্রুতয়শ্চ। এষোণুরাত্মা চেতসা বেদিতব্যো যস্মিন্ প্রাণঃ পঞ্চধা সংবিবেশেতি। বালাগ্র শত ভাগস্য শতধা কল্পিতস্যচ। ভাগো জীবঃ স বিজ্ঞেয়ঃ। আরাগ্রমাত্রো হ্যবরোপি দৃষ্ট ইতি চ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥ ১৫ ॥ ১৬ ॥ ১৭ ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥ ২২ ॥

আমি গুণিদিগের মধ্যে প্রথম কার্য্য, মহৎ পদার্থের মধ্যে মহত্তত্ত্ব ও সূক্ষ্ম বস্তুর মধ্যে জীব এবং দুর্জয় বস্তুর মধ্যে মন আমি ॥ ১১ ॥
বেদ সকলের অধ্যাপক হিরণ্যগর্ভ আমি, মন্ত্র সকলের মধ্যে প্রণব আমি, অক্ষরের মধ্যে অকার আমি এবং ছন্দঃ সকলের মধ্যে ত্রিপদা গায়ত্রী আমি। সকল দেবতার মধ্যে ইন্দ্র আমি, বসুদিগের মধ্যে অগ্নি আমি, আদিত্যদিগের মধ্যে বিষ্ণু আমি, রুদ্রদিগের মধ্যে নীল লোহিত আমি ॥ ১২ ॥
মহর্ষিদিগের মধ্যে ভৃগু আমি, রাজর্ষিদিগের মধ্যে মনু আমি,

দেবর্ষীণাং নারদোঽহং হবির্ধান্যস্মি ধেনুষু ।
সিদ্ধেশ্বরাণাং কপিলঃ সুপর্ণোঽহং পতত্রিণাং ।
প্রজাপতীনাং দক্ষোঽহং পিতৃণামহমর্য্যমা ॥ ১৩ ॥
মাং বিদ্ধ্যুদ্ধব দৈত্যানাং প্রহ্লাদমসুরেশ্বরং ।
সোমং নক্ষত্রৌষধানাং ধনেশং যক্ষরক্ষসাং ॥ ১৪ ॥
ঐরাবতং গজেন্দ্রাণাং যাদসাং বরুণং প্রভুং ।
তপতাং দ্যুমতাং সূর্য্যং মনুষ্যাণাঞ্চ ভূপতিং ॥ ১৫ ॥
উচ্চৈঃশ্রবাস্তুরঙ্গাণাং ধাতূনামস্মি কাঞ্চনং ।
যমঃ সংযমতাঞ্চাহং সর্পাণামস্মি বাসুকিঃ ॥ ১৬ ॥
নাগেন্দ্রাণামনন্তোঽহং মৃগেন্দ্রঃ শৃঙ্গ দংষ্ট্রিণাং ।

মাং ন ক্ষত্রৌষধীনাং প্রভুং সোমং যক্ষ রক্ষসাং প্রভুং ॥ ১৪ ॥
যাদসাঃ প্রভুং তপতাং প্রতাপবতাং দ্যুমতাং দীপ্তিমতাঞ্চ মধ্যে ॥ ১৫ ॥
সংযমতাং দণ্ডয়তামিত্যর্থঃ ॥ ১৬ ॥
শৃঙ্গিণাং দংষ্ট্রিণাঞ্চ মধ্যে তেষাং প্রভুর্বা তুর্য্যাঃ সন্ন্যাসঃ প্রণমঃ ব্রাহ্মণঃ ॥ ১৭ ॥

দেবর্ষিদিগের মধ্যে নারদ আমি, ধেনু সকলের মধ্যে কামধেনু আমি, সিদ্ধ পুরুষদিগের মধ্যে কপিল আমি, পক্ষিদিগের মধ্যে গরুড় আমি, প্রজাপতিদিগের মধ্যে দক্ষ আমি, পিতৃগণের মধ্যে অর্য্যমা আমি ॥ ১৩ ॥

হে উদ্ধব ! দৈত্যদিগের মধ্যে আমাকে দৈত্যরাজ প্রহ্লাদ বলিয়া জান, নক্ষত্র ও ওষধির মধ্যে আমি চন্দ্র, যক্ষ রাক্ষসের মধ্যে আমি কুবের ॥ ১৪ ॥

গজেন্দ্রের মধ্যে ঐরাবত আমি, জলচরদিগের প্রভু বরুণ আমি, প্রতাপ ও দীপ্তিশালীর মধ্যে সূর্য্য আমি, মনুষ্যদিগের মধ্যে রাজা আমি ॥ ১৫ ॥

তুরঙ্গ সকলের মধ্যে উচ্চৈঃশ্রবা আমি, ধাতুর মধ্যে কাঞ্চন আমি, দণ্ডকর্ত্তার মধ্যে যম আমি, সর্পের মধ্যে বাশুকি আমি ॥ ১৬ ॥

নাগেন্দ্রদিগের মধ্যে অনন্ত আমি, শৃঙ্গি এবং দংষ্ট্রি পশুর মধ্যে

আশ্রমাণামহং তুর্য্যো বর্ণানাং প্রথমোঽনঘ ॥ ১৭ ॥
তীর্থানাং স্রোতসাং গঙ্গা সমুদ্রঃ সরসামহং।
আয়ুধানাং ধনুরহং ত্রিপুরঘ্নো ধনুষ্মতাং ॥ ১৮ ॥
ধিষ্ণ্যানামস্ম্যহং মেরুর্গহনানাং হিমালয়ঃ।
বনস্পতীনামশ্বত্থ ওষধীনামহং যবাঃ ॥ ১৯ ॥
পুরোধসাং বশিষ্ঠোঽহং ব্রহ্মিষ্ঠানাং বৃহস্পতিঃ।
স্কন্দোঽহং সর্ব্বসেনান্যামগ্রণ্যাং ভগবানজঃ ॥ ২০ ॥
যজ্ঞানাং ব্রহ্মযজ্ঞোঽহং ব্রতানামবিহিংসনং।

স্রোতসাং প্রবাহানাঞ্চ সরসাং স্থিরোদকাশয়ানাং ॥ ১৮ ॥
ধিষ্ণ্যানাং নিবাস স্থানানাং গহনানাং দুর্গমানাং ॥ ১৯ ॥
ব্রহ্মিষ্ঠানাং বেদার্থ নিষ্ঠানাং। সেনান্যাং চমূপতীনাঞ্চ। অগ্রণ্যানাং সন্মার্গ প্রবর্ত্তকানাং অজো ব্রহ্মা ॥ ২০ ॥
শুচীনাং শোধকানামপি মার্জনোক্ষণ বর্ষণাদীনাং মধ্যে বায়্বাদি রূপঃ শোধকোঽহং ॥ ২১ ॥

সিংহ আমি, আশ্রমের মধ্যে সন্ন্যাস আশ্রম আমি, বর্ণের মধ্যে ব্রাহ্মণ আমি ॥ ১৭ ॥

স্রোতঃস্বতী তীর্থ মধ্যে গঙ্গা আমি, সরোবরের মধ্যে সমুদ্র আমি, আয়ুধের মধ্যে ধনু আমি, ধনুর্দ্ধারির মধ্যে ত্রিপুরারি আমি ॥ ১৮ ॥

নিবাস স্থান মধ্যে সুমেরু আমি, দুর্গমের মধ্যে হিমালয় আমি, বৃক্ষের মধ্যে অশ্বত্থ বৃক্ষ আমি, শস্য সকলের মধ্যে যব আমি ॥ ১৯ ॥

পুরোহিতের মধ্যে বশিষ্ঠ আমি, ব্রহ্মিষ্ঠদিগের মধ্যে বৃহস্পতি আমি সেনাপতির মধ্যে কার্ত্তিকেয় আমি, সৎমার্গ প্রবর্ত্তকদিগের মধ্যে ব্রহ্মা আমি ॥ ২০ ॥

যজ্ঞের মধ্যে ব্রহ্মযজ্ঞ আমি, ব্রতের মধ্যে অহিংসা ব্রত আমি,

বায়ুগ্ন্যর্কাম্বু বাগাত্মা শুচিমাঞ্চন্যহং শুচিঃ ॥ ২১ ॥
যোগানামাত্মসংরোধো মন্ত্রোঽস্মি বিজিগীষতাং ।
আন্বীক্ষিকী কৌশলানাং বিকল্পঃ খ্যাতিবাদিনাং ॥ ২২ ॥
স্ত্রীণান্তু শতরূপাহং পুংসাং স্বায়ম্ভুবো মনুঃ ।

যোগানাং যোগাঙ্গানাং অষ্টানাং মধ্যে আত্ম সংরোধঃ সমাধিরহং । মন্ত্রো নীতিঃ । কৌশলানাং বিবেকাদিনৈপুণ্যানাং মধ্যে আন্বিক্ষিকীং আত্মানাত্ম বিবেক বিদ্যা, আখ্যাতান্যথাখ্যাত্যাত্ম খ্যাত্য সৎ খ্যাত্যনির্বচনীয় খ্যাতি বাদিনামেবমিদমেবং বেতি যো দুরন্তঃ বিকল্পঃ সোঽহং ॥ ২২ ॥

কুমারঃ সনৎকুমারঃ ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

খ্যাতিবাদিনামিতি । তথাহি । আত্মখ্যাতি রসৎখ্যাতি রখ্যাতিঃ খ্যাতি রন্যথা । তথা নির্ব্বচন খ্যাতি রিত্যেতৎ খ্যাতি পঞ্চকং । বিজ্ঞান শূন্য মীমাংসা তর্কোঽদ্বৈত বিদাং মতমিতি । অভ্রান্ত বৃত্তি রূপ বিজ্ঞান পরং পরৈব তত্তদ্বিষয়াকার তয়া বহির্ভাসতে স্বাপ্নিক বিষয় বদিতি বিজ্ঞানবাদিনঃ তেচ শুক্তি রজতাবাবাত্ম খ্যাতিং গজন্তে । তস্যাশ্চ লক্ষণং । অলীক পদার্থ তয়া ভাবমানত্ব মসৎখ্যাতিরিতি । যথা সন্নাথ্যং শূন্যমেব স্বরূপান্যনা ভাসতে তথা রজতাত্মনাপি ভাসতে । কিন্তু যত্র রজতাদিক মর্থক্রিয়া কারিণঃ স্যাৎ তথালীকঃ পদার্থ তয়া ব্যবহ্রিয়ত ইত্যর্থঃ । অথ শুক্ত্যাদি পরস্পরা রূপং রজতাদি পরস্পরা রূপমপি বস্তু জাত মস্তীতি মীমাংসকাঃ । তেচ শুক্তি রজতাদাবখ্যাতিং মন্যন্তে । তস্যাশ্চ লক্ষণং । পরস্পর সংশ্লেষেণ তজ্জ্ঞান দ্বয়ং ত্ববাধ্যাজ্ঞিকিতি বিজ্ঞানাদি বিবেক গ্রহণমিতি চ । ইদং তা পরামর্শেন শুক্ত্যাদিকং গৃহ্যতে । তস্তা পরামর্শেনতু রজতং

সংশোধক পদার্থের মধ্যে বায়ু অগ্নি সূর্য্য জল ও বাক্য রূপ শুচি আমি ॥ ২১ ॥

যোগের মধ্যে আত্ম সংরোধ অর্থাৎ সমাধিযোগ আমি, জয়েচ্ছুদিগের মধ্যে নীতি আমি, বিবেকাদি নৈপুণ্যের মধ্যে আত্মানাত্ম বিবেক আমি, খ্যাতিবাদিদিগের মধ্যে বিকল্প আমি ॥ ২২ ॥

স্ত্রীদিগের মধ্যে শতরূপা আমি, পুরুষদিগের মধ্যে স্বায়ম্ভুব মনু

নারায়ণো মুনীনাঞ্চ কুমারো ব্রহ্মচারিণাং ॥ ২৩ ॥
ধর্ম্মাণামস্মি সন্ন্যাসঃ ক্ষেমাণামবহির্ম্মতিঃ।
গুহ্যানাং সুনৃতং মৌনং মিথুনানামজস্ত্বহং ॥ ২৪ ॥

সন্ন্যাসো ভূতাভয় দানং ক্ষেমানামভয়স্থানানাং মধ্যে অবহির্মতিঃ অন্তর্নিষ্ঠা সুনৃতং প্রিয় বচনং মৌনঞ্চ নহি প্রিয় ভাষণে মৌনেচ গুহ্যত্বাভিপ্রায়ো জায়তে। অজঃ প্রজাপতিঃ যস্ত দেহার্দ্ধাভ্যাং মিথুনমভূৎ স এব মিথুনং মুখ্যং অর্দ্ধো বা এষ আত্মনো যৎ পত্নীতি শ্রুতেঃ ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

অভেদেন গ্রহণন্তু মানস দোষাদিত্যর্থঃ। অথ দ্ব্যণুকাদ্যারম্ভেণ তত্তদ্দ্রব্যং জায়তে ইতি তার্কিকাঃ। তেচ শুক্তি রজতাদাবন্যথা খ্যাতিং মন্যন্তে। তস্যাশ্চ লক্ষণং। অতদ্বতি তৎ সংসর্গোহন্যথা খ্যাতি রিতি। পূর্ব রজতাদি ধর্ম্মাভাব বতি শুক্ত্যাদি বস্তুনি পূর্ব তদ্ধর্ম্মা রোপোহন্যথা খ্যাতিরিত্যর্থঃ। বিরুদ্ধ প্রকারকং জ্ঞানমেক বৃত্তান্যথা খ্যাতিরিতি প্রাচীন তার্কিকাঃ। অথ সর্ব্বমেব দ্বৈতমনির্ব্বচনীয়মিত্যদ্বৈত বাদিনঃ। তেচ তত্র দৃষ্টান্তে শুক্তি রজতাদাবনির্বচনীয় খ্যাতিং মন্যন্তে। তস্যাশ্চ লক্ষণং। জ্ঞান বাধিতত্বাৎ সত্যো ভিন্নং। তথাপ্যাপাততঃ উপলভ্যমানত্বাৎ সত্যো ভিন্নং। তথাত্বে সতি সদ সদনাত্মকং জ্ঞান মনির্ব্বচনীয় খ্যাতিরিত্যর্থঃ। স্বমতেতু বিকল্পঃ খ্যাতি বাদিনামিত্যুক্ত্যা তেচ বিকল্পা মম শক্তিময়া এবেতি ন পরস্পর মদ্যাপি ব্যুচ্ছিদ্যন্তে। তত তৎ প্রতি পাদ্যত্ব শক্ত্যোশ্চাচিন্ত্যত্বং বিজ্ঞাপ্য তন্ময়ত্বাৎ সর্ব্বত্রাচিন্ত্য খ্যাতিত্বমেব প্রতিপাদিতং ॥ ২৩ ॥ ২৪ ॥

আমি, মুনিদিগের মধ্যে নারায়ণ আমি, ব্রহ্মচারির মধ্যে সনৎকুমার আমি ॥ ২৩ ॥

ধর্ম্মের মধ্যে সন্ন্যাস ধর্ম্ম অর্থাৎ প্রাণির প্রতি অভয় দান আমি, অভয় স্থানের মধ্যে অবহির্মতি অর্থাৎ অন্তর্নিষ্ঠা মতি আমি, গুহ্যপদার্থের মধ্যে সুনৃত ও মৌন আমি, মিথুনের মধ্যে তৎ কারণ প্রজাপতি আমি ॥ ২৪ ॥

সংবৎসরোঽস্ম্যনিমিষাম্বৃতূনাং মধুমাধবৌ।
মাসানাং মার্গশীর্ষোঽহং নক্ষত্রাণাং তথাভিজিৎ ॥ ২৫ ॥
অহং যুগানাঞ্চ কৃতং ধীরাণাং দেবলোঽসিতঃ।
দ্বৈপায়নোঽস্মি ব্যাসানাং কবীনাং কাব্য আত্মবান্ ॥ ২৬ ॥
বাসুদেবো ভগবতাং ত্বন্তু ভাগবতেষ্বহং।

অনিমেষাণাং অপ্রমত্তানাং মধুমাধবৌ বসন্ত ইত্যর্থঃ। অভিজিদুত্তরাষাঢ়া চতুর্থ পাদঃ। তথাচ শ্রুতিঃ অভিজিন্নাম নক্ষত্রং উপরিষ্টাদাষাঢ়ানাং অবস্তাচ্ছ্রোণায়া ইত্যাদি ॥ ২৫ ॥

কৃতং কৃতযুগং দেবলঃ অসিতশ্চ ব্যাসানাং বেদবিভাগ কর্ত্তৃণাং কবীনাং বিদুষাং কাব্যঃ শুক্রঃ ॥ ২৬ ॥

ভগবতাং উৎপত্তিং প্রলয়ঞ্চৈব ভূতানামাগতিং গতিং। বেত্তি বিদ্যামবিদ্যাঞ্চ স

ক্রমসন্দর্ভঃ।

টীকায়ামভিজিত্যাদৌ উত্তরঃ শ্রবণঃ। আষাঢ়া চোত্তরাষাঢ়া তস্যাশ্চতুর্থঃ পাদ ইতি ব্যাখ্যেয়ং ॥ ২৫ ।

কবীনাং দণ্ডনীত্যাদ্যাত্ম জ্ঞান পর্য্যন্ত শাস্ত্র বিদুষাং মধ্যে অহং কাব্যঃ। যতো সৌ আত্মবান্ আত্মানাত্ম বিবেকজ্ঞঃ ॥ ২৬ ॥

ভগবতাং ষড়্গুণ যুক্ত ভগবদাবির্ভাবানাং মধ্যে বাসুদেবশ্চতুর্ব্যূহাত্মকতাদি রূপঃ। অনেন স্বস্ত ততোপি পরত্বং দর্শিতং। উৎপত্ত্যাদি যুক্তানামিতি ব্যাখ্যায়াং যুক্তাদিষ্বে

অপ্রমত্তদিগের সম্বৎসর আমি, ঋতুর মধ্যে বসন্ত আমি, মাসের মধ্যে অগ্রহায়ণ মাস আমি, নক্ষত্রের মধ্যে অভিজিৎ নক্ষত্র আমি ॥ ২৫ ॥

যুগের মধ্যে সত্যযুগ আমি, ধীরদিগের মধ্যে অসিত দেবল আমি, বেদ বিভাগ কর্ত্তার মধ্যে দ্বৈপায়ন আমি, কবিদিগের মধ্যে শুক্র আমি ॥ ২৬ ॥

ভগবান্‌দিগের মধ্যে বাসুদেব আমি, ভাগবতের মধ্যে উদ্ধব আমি,

কিংপুরুষাণাং হনুমান্ বিদ্যাধ্রাণাং সুদর্শনঃ ॥ ২৭ ॥
মণীনাং পদ্মরাগোঽস্মি পদ্মকোষঃ সুপেশসাং।
কুশোঽস্মি দর্ভজাতীনাং গব্যমাজ্যং হবিঃষ্বহং ॥ ২৮ ॥
ব্যবসায়িনামহং লক্ষ্মীঃ কিতবানাং ছলগ্রহঃ।
তিতিক্ষাস্মি তিতিক্ষূণাং সত্ত্বং সত্ত্ববতামহং ॥ ২৯ ॥
ওজঃ সহো বলবতাং কর্ম্মাহং বিদ্ধি সাত্বতাং।

বাচ্যো ভগবানিতি ইত্যেবং লক্ষণানাং ॥ ২৭ ॥

সুপেশসাং সুন্দরাণাং দর্ভজাতীনাং কাশকুশাদীনাং হবিঃষু চরু পুরোডাশাদিষু ঘৃতেষু বা ॥ ২৮ ॥

লক্ষ্মী র্ধনাদি সম্পৎ ॥ ২৯ ॥

বলবতাং ওজঃ সহশ্চ সাত্বতাং ভাগবতানাং ভক্ত্যাকৃতং কর্ম্মাহমিত্যর্থঃ। তেষামেব

ক্রমসন্দর্ভঃ।

প্রাপ্তে বিজাতীয়ত্বেন নির্দ্ধারণানুপপত্তেঃ ॥ ২৭ ॥

মণীনাং পদ্ম রাগোঽস্মীত্যনেন স্বকৌস্তুভস্য তজ্জাতীয়ত্বং ব্যঞ্জিতং অতএব ক্রমদীপিকায়াং কৌস্তুভং তাম্রমত্তমিতি তদ্ধ্যানং দর্শিতং। ইন্দ্রনীল জাতীয়ত্বং তু নারায়ণ ব্যূহস্তবে রত্নেশ্বরস্য জ্ঞেয়ং ॥ ২৮ ॥ ২৯ ॥

যঃ খলু তাদৃশ জীবাসদ্ভাবে তত্তৎ কর্ম্মার্থং স্বয় মাবির্ভবতি। স চ রূপেণেত্যাহ ॥ ৩০ ॥

কিংপুরুষদিগের মধ্যে হনুমান্ আমি, বিদ্যাধরদিগের মধ্যে সুদর্শন আমি ॥ ২৭ ॥

মণির মধ্যে পদ্মরাগ মণি আমি, সুন্দর বস্তুর মধ্যে পদ্মকোষ আমি, দর্ভজাতির মধ্যে কুশ আমি, হবির মধ্যে গব্য ঘৃত আমি ॥ ২৮ ॥

ব্যবসায়িদিগের লক্ষ্মী আমি, ধূর্ত্তদিগের মধ্যে ছল আমি, তিতিক্ষুদিগের মধ্যে তিতিক্ষা আমি, সত্ত্ববান্দিগের সত্ত্ব আমি ॥ ২৯ ॥

বলবানদিগের ওজ ও সহ অর্থাৎ ইন্দ্রিয় ও মনের শক্তি আমি, ভাগবতদিগের ভক্তিকৃত কর্ম্ম আমি, ব্যূহচতুষ্টয় অর্থাৎ বাসুদেব, সঙ্কর্ষণ,

সাত্বতাং নবমূর্ত্তীনামাদিমূর্ত্তিরহং পরা ॥ ৩০ ॥
বিশ্বাবসুঃ পূর্ব্বচিত্তির্গন্ধর্ব্বাপ্সরসামহং।
ভূধরাণামহং স্থৈর্য্যং গন্ধমাত্রমহং ভুবঃ ॥ ৩১ ॥
অপাং রসশ্চ পরম স্তেজিষ্ঠানাং বিভাবসুঃ।
প্রভা সূর্য্যেন্দু তারাণাং শব্দোহহং নভসঃ পরঃ ॥ ৩২ ॥
ব্রহ্মণ্যানাং বলিরহং বীরাণামহমর্জ্জুনঃ।
ভূতানাং স্থিতিরুৎপত্তিরহং বৈ প্রতিসংক্রমঃ ॥ ৩৩ ॥
গত্যুক্ত্যুৎসর্গোপাদানমানন্দ স্পর্শ লক্ষণং।

নব ব্যূহার্চ্চনে বাসুদেব সঙ্কর্ষণ প্রদ্যুম্নানিরুদ্ধ নারায়ণ হয়গ্রীব বরাহ নৃসিংহ ব্রহ্মাণ ইতি যা নবমূর্ত্তয় স্তাসাং মধ্যে বাসুদেবাখ্যা ॥ ৩০ ॥
গন্ধর্ব্বাণাং বিশ্বাবসুঃ অপ্সরসাং পূর্ব্বচিত্তিঃ গন্ধমাত্রং অবিকৃতং ॥ ৩১ ॥
পরমো মধুরঃ। পরঃ পরাখ্যঃ শব্দঃ ॥ ৩২ ॥
অর্জ্জুনঃ পার্থঃ ভূতানাং প্রাণিনাং প্রতি সংক্রমঃ প্রলয়ঃ ॥ ৩৩ ॥
গত্যাদয়ঃ পঞ্চ কর্ম্মেন্দ্রিয় ব্যাপারাঃ স্পর্শাদয়ো জ্ঞানেন্দ্রিয় ব্যাপারা স্তত্র লক্ষণং দর্শনং

ক্রমসন্দর্ভঃ।

টীকায়ামবিকৃতমিতি কুৎসিতং ব্যাবর্ত্তয়তি। পুণ্যোগন্ধঃ পৃথিব্যাং চেতি শ্রীগীতাভ্যঃ। অপাং রসশ্চ পরম ইত্যুত্তরেভ্যশ্চ ॥ ৩১ ॥ ৩২ ॥ ৩৩ ॥
সর্ব্বেন্দ্রিয়াণামিন্দ্রিয়মিতি তচ্ছক্তি হেতুরিত্যর্থঃ। চক্ষুষশ্চক্ষু রিত্যাদি শ্রুতেঃ ॥ ৩৪ ॥

প্রদ্যুম্ন, অনিরুদ্ধ, নারায়ণ, হয়গ্রীব, বরাহ, নৃসিংহ ও ব্রহ্মা এই নব মূর্ত্তির মধ্যে আদি মূর্ত্তি বাসুদেব আমি ॥ ৩০ ॥

গন্ধর্ব্বদিগের মধ্যে বিশ্বাবসু আমি, অপ্সরাগণের মধ্যে পূর্ব্বচিত্তি আমি, ভূধর (পর্ব্বত) দিগের স্থৈর্য্য আমি, পৃথিবীর গন্ধ মাত্র আমি ॥ ৩১

জলের মধুর রস আমি, তেজস্বীদিগের মধ্যে সূর্য্য আমি, সূর্য্য চন্দ্র ও তারাদিগের প্রভা আমি, আকাশের পরাখ্য শব্দ আমি ॥ ৩২ ॥

ব্রাহ্মণ ভক্তদিগের মধ্যে বলি আমি, বীরগণের মধ্যে অর্জ্জুন আমি, এবং ভূত সকলের উৎপত্তি স্থিতি ও প্রলয় আমি ॥ ৩৩ ॥

পাঁচ কর্ম্মেন্দ্রিয়ের গমন, কথন, ত্যাগ, গ্রহণ ও আনন্দ আমি এবং

আস্বাদঃ শ্রুত্যবঘ্রাণমহং সর্ব্বেন্দ্রিয়েন্দ্রিয়ং ॥ ৩৪ ॥
পৃথিবী বায়ুরাকাশমাপজ্যোতিরহং মহান্।

সর্ব্বেন্দ্রিয়াণামিন্দ্রিয়ং তত্তদ্গ্রহণশক্তিরূপ্যহং ॥ ৩৪ ॥

তদেবং তত্ত্বনির্দ্ধারণেন তৎ তৎ সম্বন্ধেনচ বিশেষতো বিভূতী নিরূপ্য ইদানীং সামান্যতঃ সর্ব্বা অপি নিরূপয়তি পৃথিবীতি সার্দ্ধ দ্বয়েন পৃথিব্যাদি শব্দেন তন্মাত্রাণি বিবক্ষিতানি অহং অহঙ্কারঃ মহান্ মহত্তত্ত্বং এতাঃ সপ্ত প্রকৃতি বিকৃতয়ঃ। বিকারঃ পঞ্চ মহা ভূতানি একাদশেন্দ্রিয়াণি চ ইত্যেবং ষোড়শ সংখ্যাকঃ। পুরুষো জীবঃ অব্যক্তং প্রকৃতিঃ এবং পঞ্চবিংশতি তত্ত্বানি। তদুক্তং মূল প্রকৃতি রবিকৃতি র্মহদাদ্যাঃ প্রকৃতি বিকৃতয়ঃ সপ্ত ষোড়শ কলশ্চ বিকারো ন প্রকৃতি র্নবিকৃতিঃ পুরুষ ইতি। কিঞ্চ রজঃ সত্ত্বং তম

ক্রমসন্দর্ভঃ

পৃথিবীতি সার্দ্ধকং। পরং ব্রহ্মচেতি ব্রহ্মণোপি স্ববিভূতিত্বং দর্শিতং। যুক্তঞ্চ তৎ। বিশিষ্ট তয়াবির্ভাবাচ্ছ্রী ভগবতো ধর্ম্মি রূপত্বং। অবশিষ্ট তয়াবির্ভাবাদ্ব্রহ্মণো ধর্ম্ম রূপত্বং। ততঃ পূর্ব্বস্য মণ্ডল স্থানীয়ত্বমিতি ভাবঃ। অত্র শ্রীবিষ্ণুপুরাণমপি সংপ্রবদতে। শুভাশ্রয়ঃ স চিত্তস্য সর্ব্বগস্য তথাত্মন ইতি। ব্যাখ্যাতঞ্চ স্বামিভিঃ সর্ব্বগস্যাত্মনঃ পরব্রহ্মণো প্যাশ্রয়ঃ প্রতিষ্ঠা। তদুক্তং শ্রীভগবতা ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতীতি। অত্রচ তৈ র্ব্যাখ্যাতং। ব্রহ্মণোহি প্রতিষ্ঠা ঘনীভূতং ব্রহ্মৈবাহং। যথা ঘনীভূতং প্রকাশ এব সূর্য্য মণ্ডলং তদ্বদিত্যর্থঃ। ইতি শ্রীমৎস্যদেবেনাপি তথৈবোক্তং মদীয়ং মহিমানঞ্চ পরং ব্রহ্মেতি শব্দিতমিতি ব্রহ্মসংহিতায়াঞ্চ। যস্য প্রভা প্রভবতো জগদণ্ড কোটি কোটিষশেষ বসুধাদি বিভূতি ভিন্নং। তদ্ব্রহ্ম নিষ্কলমনন্তমশেষ ভূতং গোবিন্দমাদি পুরুষং তমহং ভজামীতি। শ্রীযামুনাচার্য্য চরণৈরপি। যদণ্ড ভাণ্ডান্তর গোচরঞ্চ যদ্দশোত্তরাণ্যাবরণানি যানিচ। গুণাঃ প্রধানং পুরুষং পরং পদং পরাৎপরং ব্রহ্মচ তে বিভূতয় ইতি। অতএবাহ শ্রীধ্রুবঃ। যা নির্বৃতি স্তনুভৃতাং তব পাদপদ্ম ধ্যানাদ্ভবজ্জন কথা শ্রবণেন বাস্যাৎ। সা ব্রহ্মণি স্বমহিমন্যপি নাথ মাভূৎ কিন্বন্তকাসি লুলিতাৎ পততাং বিমানাদিতি। অতএব শ্রীভগবদ্গুণেনাত্মারামাণামাকর্ষণং সম্ভবতি। যথা আত্মারামাশ্চ মুনয় ইত্যাদৌ। স্বসুখ নিভৃত চেতা ইত্যাদৌ। দৃষ্টশ্চ তথৈব শ্রীব্যাসনারদ সম্বাদে প্রথমে। তত্র বিশেষঃ

পাঁচ জ্ঞানেন্দ্রিয়ের দর্শন, স্পর্শন, আস্বাদ, শ্রবণ ও অবঘ্রাণ আমি ॥৩৪॥
পৃথিবী, বায়ু, আকাশ, জল, জ্যোতি, অহঙ্কার, মহৎ, ষোড়শবিকার

বিকারঃ পুরুষোঽব্যক্তঃ রজঃ সত্বং তমঃ পরং ॥ ৩৫ ॥
অহমেতৎ প্রসংখ্যানং জ্ঞানং তত্ত্ববিনিশ্চয়ঃ ॥ ৩৬ ॥
ময়েশ্বরেণ জীবেন গুণেন গুণিনা বিনা।
সর্ব্বাত্মনাপি সর্ব্বেণ ন ভাবো বিদ্যতে ক্বচিৎ ॥ ৩৭ ॥
সংখ্যানং পরমাণূনাং কালেন ক্রিয়তে ময়া।

ইতি প্রকৃতে গুণাশ্চ পরং ব্রহ্ম চ তদেতৎ সর্ব্বমহমেব ॥ ৩৫ ॥

এতদেব সংক্ষিপ্যাহ ময়েতি জীবেশ্বর রূপো দ্বিবিধো যো ভাবঃ যশ্চ গুণ গুণি রূপঃ যশ্চ ক্ষেত্রজ্ঞ ক্ষেত্ররূপঃ স সর্ব্বোপি মায়াবিনা মদ্ব্যতিরেকেণ নাস্তি অহমেব সর্ব্ব মিত্যর্থঃ ॥ ৩৭ ॥

নমু সামান্যতঃ কিমেবং সংক্ষিপ্য কথয়সি পূর্ব্ববন্নির্দ্ধারণ সম্বন্ধাভ্যাং বিশেষত সর্ব্বাঃ কথ য়েতি চেত্তত্রাহ সংখ্যানং পৃথিব্যাদি পরমাণূনাং কালেন মহতা তদপি ময়ৈব ক্রিয়তে কৃৎস্না

ক্রমসন্দর্ভঃ।

শ্রীভগবৎ সন্দর্ভে দৃশ্যঃ ॥ ৩৫ ॥ ৩৬ ॥

ময়া বিনা ভাবঃ পদার্থমাত্র ক্বচিন্ন বিদ্যতে সর্ব্বকারণং মাং বিনা তস্য শশ শৃঙ্গাদি গণনাস্তঃপাতাৎ। নমু মহৎ স্রষ্ট পুরুষাদি লক্ষণেশ্বরাদয়ঃ কারণানি সন্তি তত স্তৈরেব তৎ স্যেৎত্তি। তত্রাহ ময়েবেশ্বরাদি রূপেণেত্যর্থঃ। কারণ ব্যতিরেকে কার্য্য ব্যতি- রেকাদিতি ভাবঃ। অনেনানন্ত কোটি ব্রহ্মাণ্ডেশ্বরাবস্থাতোপি স্বস্য পরত্বং দর্শিতং। যথৈবোক্তং শ্রীগীতাসু। ঈশ্বরঃ সর্ব্ব ভূতানামিত্যাদিতি ॥ ৩৭ ॥

কালেন সর্ব্বান্তর্যামিনা ময়া পৃথিব্যাদি পরমাণূনাং সংখ্যানং ক্রিয়তে জ্ঞায়তে ইত্যর্থঃ। সর্ব্বজ্ঞত্বাদ্যব্যভিচারাদিতি ভাবঃ। তথাপি মে বিভূতীনাং ন তথেতি তাসামনন্তত্বাদিতি ভাবঃ। কৃধাত্বোঃ সর্ব্বধাত্বর্থানুগতত্বাৎ তথা ব্যাখ্যাতং। শিষ্টকৃদিতি সকস্র নাম বৎ।

পুরুষ, অব্যক্ত, সত্ব, রজঃ ও তমঃ এ সমুদায় আমি ॥ ৩৫ ॥

এবং এ সমুদায়ের পরিগণন ক্রম আমি, তথা জ্ঞানফল ও তত্ত্ব নির্ণয় আমি ॥ ৩৬ ॥

ঈশ্বর, জীব, গুণ, গুণী, ক্ষেত্র, ক্ষেত্রজ্ঞ এ সমুদায় আমি, আমা ব্যতিরেকে আর কিছুই নাই ॥ ৩৭ ॥

আমি পৃথিব্যাদির পরমাণু সকলকে কালক্রমে গণনা করিতে পারি,

ন তথা মে বিভূতীনাং সৃজতোঽণ্ডানি কোটিশঃ ॥ ৩৮ ॥
তেজঃ শ্রীঃ কীর্ত্তিরৈশ্বর্য্যং হ্রীস্ত্যাগঃ সৌভগং ভগঃ।
বীর্য্যং তিতিক্ষা বিজ্ঞানং যত্র যত্র স মেঽংশকঃ ॥ ৩৯ ॥
এতাস্তে কীর্ত্তিতাঃ সর্ব্বাঃ সংক্ষেপেণ বিভূতয়ঃ।

বক্তুং শক্যতে তথাপি মে বিভূতীনাং সংখ্যানং কর্ত্তুং ন শক্যতে কুত ইত্যাহ সৃজতো ঽণ্ডানীতি। যদা ময়া সৃজ্যমানানাং ব্রহ্মাণ্ডানামেব তাবৎ সংখ্যা নাস্তি তদা কুতস্তদন্তানাং সংখ্যেত্যর্থঃ ॥ ৩৮ ॥

তত্রাপি বিশেষতঃ সর্ব্বা অপি সংক্ষেপতঃ কথয়ামীত্যাহ তেজঃ প্রভাবঃ শ্রীঃ সম্পৎ সৌভগং মনো নয়নাহ্লাদকং ভগো ভাগ্যং বীর্য্যং বলং অংশকো বিভূতিঃ ॥ ৩৯ ॥

উপসংহরতি এতা ইতি এতেচ বিভূতি ভেদাঃ ময়ি চিন্তাবতারায় কথিতাঃ অতো

ক্রমসন্দর্ভঃ।

তত্রাস্ত তাবন্মহা বৈকুণ্ঠেশ্বর রূপস্য মম ব্রহ্মাণ্ড কোটি স্রষ্টৃরবস্থাপি ন জ্ঞায়ত ইত্যাহ সৃজত ইতি ॥ ৩৮ ॥ ৩৯ ॥

এতা ইতি ছত্রিন্যায়েন। পরমাত্মাদীনাং মনো বিকারত্বাভাবাৎ। যদ্বা। এতা ভূতয়ঃ সংক্ষেপেণ কীর্ত্তিতা অপি সামান্য বিশেষাভ্যাং সর্ব্বা এব কীর্ত্তিতাঃ। তত্র তে পৌরুষেয় প্রমাণাতীতাঃ পরমাত্মা বাসুদেব নারায়ণ পর ব্রহ্ম রূপা অপি কীর্ত্তিতাঃ। কিন্তু এতে পৌরুষেয় প্রমাণ গোচরাঃ সর্ব্বভূতাদয়স্তু মনো বিকারাঃ এব। মচ্ছক্তি লেশা ভাসাবেশিত্বেন মনসৈব মন্যমানাঃ। যথা রাজাশ্রিতে রাজত্বং বাচা গৌণ্যা বৃত্ত্যাভিধীয়তে তত্তুল্যাঃ নতু পরমাত্মাদি বদস্বপাবদ্রূপা ইত্যর্থঃ। যদ্বা মনো বিকারয়ন্তীতি মনো বিকারাঃ। তর্হি কথং স্ব বিভূতিত্বেন নিঃশ্রেয়স হেতুত্বমুপদিশ্যতে। তত্রাহ যথেতি যথা যেন

কিন্তু ব্রহ্মাণ্ড সৃষ্টি রূপ আমার কোটি কোটি বিভূতির সংখ্যা করিতে পারি না ॥ ৩৮ ॥

যেখানে যেখানে তেজ সৌন্দর্য্য কীর্ত্তি ঐশ্বর্য্য লজ্জা দান মনোহরতা ভাগ্য বীর্য্য তিতিক্ষা ও জ্ঞান আছে, সে সকলই আমার অংশ ॥ ৩৯ ॥

এ সমুদায় বিভূতি আমি তোমার নিকট সংক্ষেপে বর্ণন করিলাম,

মনো বিকারা এবৈতে যথা বাচাঽভিধীয়তে ॥ ৪০ ॥
বাচং যচ্ছ মনো যচ্ছ প্রাণং যচ্ছেন্দ্রিয়াণিচ।
আত্মানমাত্মনা যচ্ছ ন ভূয়ঃ কল্পসেঽধ্বনে ॥ ৪১ ॥
যো বৈ বাঙ্মনসী সম্যগসংযচ্ছন্ ধিয়া যতিঃ ।
তস্য ব্রতং তপোদানং স্রবত্যামঘটাম্বু বৎ ॥ ৪২ ॥
তস্মাদ্বচো মনঃ প্রাণান্ নিযচ্ছেন্মৎপরায়ণঃ ।

নাত্রাতীবাভিনিবেশঃ কর্ত্তব্য ইত্যত আহ মনোবিকারা এব নতু পরমার্থাঃ যথা কথঞ্চিৎ খপুষ্পাদি বাঙ্মাত্রেণাভিধীয়তে তত্তুল্যাঃ ॥ ৪০ ॥

তস্মাদ্বাগাদীন্ যচ্ছ আত্মানং বুদ্ধিং আত্মনা সত্ত্ব সম্পন্নয়া তয়ৈব নিযচ্ছ অধ্বনে সংসার মার্গায় ॥ ৪১ ॥

অসংযমনে দোষমাহ। অসং যচ্ছন্ ন সংযচ্ছতি ॥ ৪২ ॥

পরিসমাপ্যতে কৃতকৃত্যো ভবতীত্যর্থঃ ॥ ৪৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

মদ্গুণাংশাভিব্যক্তি প্রকারেণ বাচা মন্নিগম লক্ষণয়াভিধীয়তে প্রতিপাদ্যতে তথা তৎ প্রকারেণৈব তে মাস্তা ন বহির্দৃষ্ট্যেত্যর্থঃ ॥ ৪০ ॥

হৃদি আত্মাবরকং অপার্থঞ্চ নিষ্ফলং অসচ্চ তুচ্ছং অন্ত্যঞ্চ নশ্বরং ইদং দেহাদি হিত্বা দেহাদি ভজনং ত্যক্ত্বা অসচ্চেৎ কথং প্রতীয়তে তত্রাহ অভিজ্ঞ মাত্রং নহ্যত্যন্তমসৎ কিন্তু আত্ম মাত্রং ন তত পৃথগস্তীত্যর্থঃ নমু অপবর্গায় ভবতু মদ্ভজনং ফলান্তরার্থং ত্বন্য ভজনং কার্য্যমেব তত্রাহ তর্হীতি যদি ত্বাং ভজতে পুরুষং তর্হি তে ত্বত্ত এব সর্ব্বং মনীষিতমর্থং বিন্দে-তেতি ॥ ৩৮ ॥

নমু ব্রহ্মরুদ্রাদাবপি মমৈব মূর্ত্তি অতো মামেব কিমত্যন্ত নাদ্রিয়সে তত্রাহ সত্বমিতি যদপি যদ্যপি তবৈব মায়া কৃতা এতা লীলা ত্বয়ৈব ধৃতাঃ তথাপি যা সত্বময়ী সৈব প্রশান্ত্যৈ মোক্ষায় ন কেবলং প্রশান্ত্যাভাব মাত্রমন্য ভজনে কিন্ত্বনিষ্টঞ্চ কিঞ্চিদন্যথাত্বে ভবেদিত্যাহ ব্যসনেতি ॥ ৩৯ ॥

তদেব সদাচারেণ দ্রঢ়য়তি তস্মাদিতি হে ভগবন্ তব শুক্লাং তনুং শ্রীনারায়ণাখ্যাং। যদযস্মাৎ সাত্বতাঃ সত্বমেব পুরুষস্তেশ্বরস্য রূপমুশন্তি মন্যন্তে নচান্যৎ রজস্তমশ্চ তত্র হেতুঃ

আপনা হইতেই সে সকল প্রার্থনীয় লাভ করে ॥ ৩৮ ॥

হে আত্মবন্ধু! হে ঈশ! আপনার মায়াময় যে সত্ব রজঃ ও তমো গুণময়ী লীলা তাহাই এই জগতের সৃষ্টি স্থিতি প্রলয়ের হেতু। তাহার মধ্যে যে সত্বময়ী লীলা আপনি ধারণ করিয়াছেন তাহা মুক্তির কারণ, তদ্ভিন্ন রজ ও তমোগুণময়ী লীলা ব্যসন, মোহ ও ভয়ের হেতু ॥ ৩৯ ॥

হে ভগবন্! সেই হেতু আপনার এবং ত্বদীয় বিভূতিগণের প্রিয়তম শুক্ল শরীরকে নিপুণ ভক্তেরা ভজনা করিয়া থাকেন। এবং সাত্বত বংশীয়েরা ঈশ্বরের যে সত্ব রূপ ভজনা করেন, তদ্দ্বারা বৈকুণ্ঠলোক অভয়

মুশন্তি সত্বং লোকো যতোঽভয়মুতাত্ম সুখং নচান্যৎ ॥ ৪০ ॥
তস্মৈ নমো ভগবতে পুরুষায় ভূম্নে বিশ্বায় বিশ্ব
গুরবে পরদেবতায়ৈ। নারায়ণায় ঋষয়েচ নরো
ত্তমায় হংসায় সংযতগিরে নিগমেশ্বরায় ॥ ৪১ ॥
যং বৈ নবেদ বিতথাক্ষ পথৈ ভ্র মদ্ধীঃ সন্তঃ স্বখে
ম্বসুষু হৃদ্যপি দৃক্পথেষু। তন্মায়য়া বৃতমতিঃ
স উএব সাক্ষাদাদ্যশ্চ তে খিলগুরোরুপসাদ্য বেদং ॥ ৪২ ॥

যতঃ সত্বাৎ লোকো বৈকুণ্ঠাখ্যঃ লোকস্বে সত্যপ্যভয়ঞ্চ ভোগে সত্যপ্যাত্ম সুখঞ্চ ॥ ৪০ ॥

অতস্তং প্রণমতি তস্মৈ নম ইতি হংসায় শুদ্ধায় সংযতগিরে নিয়ত বাচে অথচ নিগমেশ্বরায় বেদমার্গ প্রবর্ত্তকায় ॥ ৪১ ॥

বেদার্থ সংপ্রদায় প্রবৃত্তি হেতুত্বং বদন্ স্তৌতি যমিতি কপটৈস্ত্রিবমার্গৈ ভ্র মদ্ধীঃ বিক্ষিপ্ত বুদ্ধিঃ পুমান্ স্বেন্দ্রিয়াদিষু নিবসত্ত্বেন সন্তমপি যং ত্বাং ন বেদ দৃক্পথেষু বিষয়েষুচ বুদ্ধি বিক্ষেপে হেতুঃ তন্মায়য়া তস্তৈব তব মায়য়া আবৃতা আত্মনিষ্ঠা মতির্যস্ত স উ সোপি আদ্য এব পূর্ব্বমজ্ঞাতৈব অখিল গুরো স্তব ত্বৎপ্রবর্ত্তিতং বেদমুপসাদ্য প্রাপ্য তং ত্বাং সাক্ষাদ্বেদ ॥ ৪২ ॥

ও আত্মসুখ প্রাপ্তি হয় ॥ ৪০ ॥

অতএব ভূমা পুরুষ রূপ বিরাট্ রূপী, বিশ্বগুরু, পরদেবতা, নরোত্তম, ঋষি, শুক্ল রূপ, সংযত বাক্, নিগমেশ্বর, ভগবান্, নারায়ণ রূপ আপনাকে নমস্কার করি ॥ ৪১ ॥

হে অখিলগুরো! আপনি স্বীয় হৃদয় ও তদ্বিষয় সকলে বর্ত্তমান থাকিলেও আপনার মায়া দ্বারা আবৃতমতি ও বিক্ষিপ্ত বুদ্ধি লোকেরা আপনাকে জানিতে পারে না, পশ্চাৎ আপনার প্রবর্ত্তিত বেদমার্গ প্রাপ্ত হইয়া আপনাকে সাক্ষাৎ জানিতে সমর্থ হয় ॥ ৪২ ॥

যদ্দর্শনং নিগম আত্মরহঃ প্রকাশং মুহ্যন্তি যত্র কব

য়োঽজপরা যতন্তঃ। তং সর্ব্ববাদ বিষয় প্রতি

রূপশীলং বন্দে মহাপুরুষমাত্ম নিগূঢ়বোধং॥ ৪৩॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে শ্রীনারায়ণ স্তবোঽষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

শ্রীসূত উবাচ॥

বেদেনৈব তজ্জ্ঞানমিত্যুপপাদয়ন্ প্রণমতি যস্য তব দর্শনং নিগমে ভবতি কথং ভূতং আত্মন স্তব রহস্যস্য প্রকাশকং অন্যথা দুর্জ্ঞেয়তামাহ অজপরা ব্রহ্মমুখ্যাঃ কবয়োপি সংখ্যা যোগাদিভির্যতমানা যত্র ত্বয়ি মুহ্যন্তি কুত ইত্যত আহ সর্ব্বেষাং সাংখ্যাদি বাদানাং বিষয়া ভেদাভেদাদয়ঃ তেষাং প্রতিরূপং তত্তদনুসারিশীলং স্বভাবো যস্য তং কুতঃ আত্মনা দেহাদি সংঘাতেন নিগূঢ়ো বোধো যস্য তমেবং ভূতং মহাপুরুষং ত্বাং বন্দে॥ ৪৪॥

॥ * ॥ ইতি দ্বাদশে ঽষ্টমঃ ॥ * ॥

নবমে ভগবন্মায়া দিদৃক্ষো দর্শনং মুহুঃ। মায়াশিশো র্ঘ্রাস্কৌচ মুনে র্নির্বেশ নির্গমৌ॥ ০॥

ক্রমসন্দর্ভঃ।

স্বখেষু স্বেন্দ্রিয়েষু সন্তমপি এষামেব বিবরণং অমুষু কর্ম্মেন্দ্রিয়েষু দৃক্ পথেষু জ্ঞানেন্দ্রিয়েষু। গুহ্যাত্ময়াত্মকে। নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়া সমাবৃত ইতি শ্রীগীতোপনিষদ্ভ্যঃ॥ ৪২॥ ৩৩॥

॥ * ॥ ইতি দ্বাদশ ক্রমসন্দর্ভে ঽষ্টমঃ ॥ * ॥

যে আপনার রহস্য প্রকাশক স্বরূপ দর্শন বেদেতেই সম্পন্ন হয়, এবং যাহাতে যত্নশীল ব্রহ্মাদি কবিগণও মুগ্ধ হয়েন, সেই সর্ব্ববাদ বিষয়ানুসারী ও শরীরের সহিত অভিন্নভাবে নিগূঢ় বোধ রূপ মহাপুরুষ আপনাকে বন্দনা করি॥ ৪৩॥

॥ * ॥ ইতি দ্বাদশে অষ্টম ॥ * ॥

নবমাধ্যায়ে ভগবন্মায়া দর্শনেচ্ছু মার্কণ্ডেয় মুনির প্রলয় সমুদ্রে মায়া শিশু দর্শন এবং মুনির শিশুর অন্তরে প্রবেশ ও নির্গম বর্ণন॥ ০॥

সংস্তুতো ভগবানিত্থং মার্কণ্ডেয়েন ধীমতা।
নারায়ণো নরসখঃ প্রীত আহ ভৃগূদ্বহং ॥ ১ ॥
শ্রীভগবানুবাচ ॥
ভো ভো ব্রহ্মর্ষি বর্য্যাসি সিদ্ধ আত্ম সমাধিনা।
ময়ি ভক্ত্যানপায়িন্যা তপঃ স্বাধ্যায় সংযমৈঃ ॥ ২ ॥
বয়ং তে পরিতুষ্টাঃ স্ম ত্বদ্বৃহদ্ব্রতচর্য্যয়া।
বরং প্রতীচ্ছ ভদ্রং তে বরদোঽস্মি তদীপ্সিতং ॥ ৩ ॥
শ্রীঋষিরুবাচ ॥
জিতং তে দেবদেবেশ প্রপন্নার্ত্তিহরাচ্যুত।

ভগবতঃ পরি...তাষ পূর্ব্বকং তদপেক্ষিতবরদানং কথয়িতুমাহ সংস্তুত ইত্যাদিনা ॥ ১ ॥
আত্মসমাধিনা চিত্তৈকাগ্র্যেণ ॥ ২ ॥
বয়ং তে পরিতুষ্টাঃ স্মেতি বহু বচনং সর্ব্বদেবাভিপ্রায়েণ বরদোঽস্মীতি এক বচনং দ্বয়োরৈক্যাভিপ্রায়েণ প্রতীচ্ছ গৃহাণ ॥ ৩ ॥
বরেণ ছন্দবতা তে ত্বয়া জিতং উৎকর্ষো দর্শিতঃ মমতু বরাকাঙ্ক্ষা নাস্তীত্যাহ বরেণেতি ॥ ৪

ক্রমসন্দর্ভঃ।

১। তপঃ স্বাধ্যায সংযমৈর্য আত্মসমাধিশ্চিত্তৈকাগ্র্যং তেন যানপায়িনী ভক্তিঃ তয়া সিদ্ধোসীত্যর্থঃ ॥ ২ ॥ ৩ ॥
এতাবতা বরেণৈবালং পর্য্যাপ্তির্জাতা। কিং তৎ। যদ্ভাবানিতি ॥ ৪ ॥

সূত কহিলেন নরসখা ভগবান্ নারায়ণ ধীমান্ মার্কণ্ডেয় কর্ত্তৃক এই প্রকার সম্যক্ স্তুত হইয়া প্রীতি পূর্ব্বক তাঁহাকে কহিলেন ॥ ১ ॥

ভগবান্ কহিলেন হে ব্রহ্মর্ষিশ্রেষ্ঠ! তুমি আত্মসমাধি, অনপায়িনী ভক্তি, তপস্যা, স্বাধ্যায় ও সংযম দ্বারা সিদ্ধ হইয়াছ ॥ ২ ॥

তোমার বৃহদ্ব্রতচর্য্যাতে পরিতুষ্ট হইয়াছি, আমি বরদ, তোমার কল্যাণ হউক, তুমি অভীপ্সিত বর প্রার্থনা কর ॥ ৩ ॥

মার্কণ্ডেয় কহিলেন, হে প্রপন্নার্ত্তিহর! হে দেবদেব! হে অচ্যুত! আপনার নিকট প্রত্যুত্তরে আমি পরাজিত হইলাম, আমার ...

বরেণৈতাবতালং নো যদ্ভবান্ সমদৃশ্যত ॥ ৪ ॥
গৃহীত্বাঽজাদয়ো যস্য শ্রীমৎপাদাব্জদর্শনং।
মনসা যোগপক্কেন স ভবান্মেক্ষিগোচরঃ ॥ ৫ ॥
অথাপ্যম্বুজপত্রাক্ষ পুণ্যশ্লোকশিখামণে।
দ্রক্ষ্যে মায়াং যয়া লোকঃ সপালো বেদ সদ্ভিদাং ॥ ৬ ॥
শ্রীসূত উবাচ ॥
ইতীড়িতোঽর্চ্চিতঃ কামমৃষিণা ভগবান্ মুনে।

যস্য তব শ্রীমৎ পাদাব্জদর্শনং মনসাপি গৃহীত্বা প্রাপ্য প্রাকৃতা অপ্যজাদয়ো ভবন্তি স ভবান্মে অক্ষি গোচরো জাতোঽসি কিমতঃ পরং বরেণেত্যর্থঃ ॥ ৫ ॥

দ্রক্ষ্যে দ্রষ্টুমিচ্ছামি লোকপালৈ ব্রহ্মাদিভিঃ সহিতোঽয়ং লোকো জনঃ সদ্ভিদাং সতি বস্তুনি ভেদং ॥ ৬ ॥

তথেতি দ্রক্ষ্যসীতি স ঈশ্বরঃ স্ময়ন্ সস্ময়মিতি পাঠে ক্রিয়াবিশেষণং ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

যতো গৃহীত্বেতি। অজাদয়োঽপি কৃতার্থা ভবন্তীতি শেষঃ ॥ ৫ ॥

তথাপি প্রারব্ধময় কৌতুকু বশতয়েতি ভাবঃ। ননু জগৎ পশ্যন্ মম মায়াং পশ্যন্নেবাসি তত্রাহ যয়েতি। অন্তঃ সতো বহির্ভিদাং বিদারণং প্রলয়ং যয়া মদ্বিদিতয়া সত্যা মদ্দ্বারা স্যোঽপি সপালো লোকো বেদ জানীয়াৎ ॥ ৬ ॥ ৭ ॥

প্রয়োজন নাই, যে হেতু আমি আপনাকে সাক্ষাৎ দর্শন করিতেছি ॥৪॥

প্রাকৃত ব্যক্তিরা যোগপরিপাক দ্বারা যাঁহার পাদাব্জ দর্শন মনে গ্রহণ করত ব্রহ্মলোক প্রাপ্ত হয়েন, সেই ভগবান্ সাক্ষাৎ আমার অক্ষি-গোচর, অতএব আমার বরে কি প্রয়োজন ॥ ৫ ॥

হে পুণ্যশ্লোকশিখামণি! হে পদ্মলোচন! তথাপি আপনার মায়া দেখিতে আমি অভিলাষ করি, লোকপালের সহিত লোক সকল যে মায়া দ্বারা সদ্বস্তুতে ভেদদর্শন করেন ॥ ৬ ॥

সূত কহিলেন, হে মুনি শৌনক! মার্কণ্ডেয় কর্ত্তৃক এই রূপে যথাভিলষিত স্তুত ও পূজিত হইয়া ভগবান্ ঈশ্বর হাস্য করিতে করিতে

তথেতি স স্ময়ন্ প্রাগাদ্বদর্য্যাশ্রমমীশ্বরঃ ॥ ৭ ॥
তমেব চিন্তয়ন্নর্থমৃষিঃ স্বাশ্রম এব সঃ।
বসন্নগ্ন্যর্কসোমাম্বু ভূবায়ুবিয়দাত্মসু ॥ ৮ ॥
ধ্যায়ন্ সর্ব্বত্রেচ হরিং ভাবদ্রব্যৈরপূজয়ৎ।
ক্বচিৎ পূজাং বিসস্মার প্রেমপ্রসরসংপ্লুতঃ ॥ ৯ ॥
তস্যৈকদা ভৃগুশ্রেষ্ঠ পুষ্পভদ্রাতটে মুনেঃ।
উপাসীনস্য সন্ধ্যায়াং ব্রহ্মন্ বায়ুরভূন্মহান্ ॥ ১০ ॥
তং চণ্ডশব্দং সমুদীরয়ন্তং বলাহকা অন্ব

তমেবার্থং মায়াদর্শন রূপং অগ্ন্যাদি মূর্ত্তিষু ॥
ভাব দ্রব্যৈর্মনোময় দ্রব্যৈঃ ক্বচিৎ কদাচিৎ প্রেমপ্রসরসংপ্লুতঃ প্রেমোদ্রেকং প্রাপ্তঃ ॥৯
মায়া দর্শনমাহ তস্যেত্যাদিনা ॥ ১০ ॥
তং বায়ুমনু বলাহকা মেঘা অভবন্ আবির্বভূবুঃ তেচ তড়িদ্ভিঃ সহিতা উচ্চৈঃ স্বনন্তো

ক্রমসন্দর্ভঃ।

তমেব শ্রীহরিমেব অর্থং পরমার্থ রূপং চিন্তয়ন্ নতু মায়াদর্শনমিত্যর্থঃ। স্ব কর্ম্ম ফল নির্দ্দিষ্টামিতি ন্যায়েন ॥ ৮ । ৯ । ১০ । ১১ । ১২ । ১৩ । ১৪ । ১৫ । ১৬। ১৭ ॥

তথাস্তু বলিয়া বদরিকাশ্রমে গমন করিলেন ॥ ৭ ॥

তখন মার্কণ্ডেয় ঋষি সেই মায়া দর্শন রূপ অর্থ চিন্তা করিতে করিতে স্বীয় আশ্রমে অবস্থিতি করত অগ্নি, সূর্য্য, চন্দ্র, জল, পৃথিবী, বায়ু, আকাশ, আত্মা ॥ ৮ ॥

সকল বস্তুতে হরিধ্যান করত ভাব রূপ দ্রব্য দ্বারা পূজা করিতে লাগিলেন এবং কথন কথন প্রেমোদ্রেক প্রাপ্ত হইয়া বাহ্য পূজাও বিস্মৃত হইতে লাগিলেন ॥ ৯ ॥

হে ভৃগুশ্রেষ্ঠ! একদা মার্কণ্ডেয় ঋষি সন্ধ্যাকালে পুষ্পভদ্রা নদীতটে উপবেশন করিয়া আছেন এমত সময়ে মহা ঝটিকা বায়ু উপস্থিত হইল ॥ ১০ ॥

প্রচণ্ড শব্দে বহমান সেই বায়ুর পশ্চাৎ পশ্চাৎ অতি ভয়ানক

ভবন্ করালাঃ। অক্ষ স্থবিষ্ঠা মুমুচু
স্তড়িদ্ভিঃ স্বনন্ত উচ্চৈরভিবর্ষধারাঃ ॥ ১১ ॥
ততো ব্যদৃশ্যন্ত চতুঃ সমুদ্রাঃ সমন্তত
ক্ষ্মাতলমাগ্রসন্তঃ। সমীরবেগোর্ম্মিভি
রুগ্র নক্র মহা ভয়াবর্ত্ত গভীরঘোষাঃ ॥ ১২ ॥
অন্তর্ব্বহিশ্চাদ্ভিরতিদ্যুভিঃ খরৈঃ শতহ্রদাভী
রুপতাপিতং জগৎ। চতুর্ব্বিধং বীক্ষ্য সহা
ত্মনা মুনির্জলাপ্লুতাং ক্ষ্মাং বিমনাঃ সমত্রসৎ ॥ ১৩ ॥

গর্জন্তঃ অক্ষো রথাঙ্গং তদ্বৎ স্থবিষ্ঠাঃ অভিতো বর্ষধারা মুমুচুঃ ॥ ১১ ॥

চতুর্দ্দিক্ষু বর্ত্তমানাঃ সমুদ্রাঃ সমীরবেগেন যে উর্ম্ময়ঃ তৈ ভূর্তলং গ্রসন্তঃ উগ্রা নক্রা যেষু মহাভয়া আবর্ত্তা যেষু গম্ভীরো ঘোষো যেষু তেচ তেচ তেচ ॥ ১২ ॥

আত্মনা সহ জরায়ুজাদি চতুর্বিধং জগদন্তর্বহি শ্চোপতাপিতং বীক্ষ্য ক্ষ্মাঞ্চ জলাপ্লুতাং বীক্ষ্য মুনিঃ সমত্রসৎ ভয়ং প্রাপ কেনোপতাপিতং অদ্ভিঃ কথং ভূতাভিঃ অতিদ্যুভিঃ অতিক্রান্তা দ্যোর্যাভিঃ খরৈঃ সূর্য্যরশ্মিভিঃ বায়ুভির্বেতি শেষঃ শতহ্রদাভিশ্চ বিদ্যুদ্ভি দীর্ঘমার্ষং ছন্দোনুরোধেন ॥ ১৩ ॥

ঘোরতর মেঘ সকল বিদ্যুতের সহিত উচ্চৈঃশব্দ করত স্থূলবর্ষ ধারা সকল বিক্ষিপ্ত করিতে লাগিল ॥ ১১ ॥

অনন্তর চারিদিকে ভয়ানক হিংস্র জল জন্তু বিশিষ্ট ত্রাসজনক আবর্ত্ত সহকৃত, গভীর শব্দকারী সমুদ্র সকল সমীর বেগোদ্ভূত ঊর্ম্মী দ্বারা যেন পৃথিবী তলকে গ্রাস করিতে দৃষ্ট হইতে লাগিল ॥ ১২ ॥

তখন মার্কণ্ডেয় মুনি জল দ্বারা আপ্লুত পৃথিবীকে এবং অন্তর্বাহ্যে আকাশ ব্যাপ্ত খরতর জলবেগ দ্বারা ও বিদ্যুৎ শব্দ দ্বারা উপতাপিত আপনাকে ও চতুর্ব্বিধ স্থূল শরীর বিশিষ্ট জগৎকে সন্দর্শন করিয়া ভয়ে ব্যাকুল হইলেন ॥ ১৩ ॥

তস্যৈবমুদ্বীক্ষ্যত উর্ম্মিভীষণঃ প্রভঞ্জনাঘূ
র্ণিত বার্ম্মহার্ণবঃ । আপূর্য্যমাণো বর্ষদ্ভি
রম্বুদৈঃ ক্ষ্মামপ্যধাদ্দ্বীপ বর্ষাদ্রিভিঃ সমং ॥ ১৪ ॥
সক্ষ্মান্তরীক্ষং সদিবং সভাগণং ত্রৈলোক্য
মাসীৎ সহ দিগ্‌ভিরাপ্লুতং । স এক এবো
র্ব্বরিতো মহামুনি র্বভ্রাম বিক্ষিপ্য জটাজড়ান্ধবৎ ॥ ১৫ ॥
ক্ষুত্তৃট্ পরীতো মকরৈস্তিমিঙ্গিলৈরুপদ্রুতো
বীচি নভস্বতাহতঃ । তমস্যপারে পাতিতো
ভ্রমন্ দিশো ন বেদ খং গাঞ্চ পরিশ্রমেষিতঃ ॥ ১৬ ॥

প্রভঞ্জনেনাঘূর্ণিতং প্রকম্পিতং বারুদকং যস্মিন্ সঃ । অপ্যধাৎ ছন্দয়ামাস সমং সহ ॥ ১৪ ॥

সক্ষ্মান্তরীক্ষং ভূম্যন্তরীক্ষস্থ প্রাণিসহিতং সদিবং স্বর্গস্থ দেব সহিতং ভগণা জ্যোতির্গণাঃ তৈঃ সহিতং জটাবিক্ষিপ্য বিকীর্য্য ॥ ১৫ ॥

পরিশ্রমেণ ইষিতো গতঃ ব্যাপ্তঃ ইষু সর্পণ ইত্যস্মাৎ ॥ ১৬ ॥

বর্ষ দ্বারা আপূর্য্যমান, উর্ম্মী দ্বারা ভীষণ, বায়ু দ্বারা ঘূর্ণমান সেই মহা সমুদ্রে দেখিতে দেখিতে দ্বীপ বন পর্ব্বতাদি সহিত পৃথিবীকে জলে পরিপূর্ণ করিল ॥ ১৪ ॥

তখন পৃথিবী অন্তরীক্ষ স্বর্গ গ্রহগণ ও দিগ্‌দেশ সহিত ত্রৈলোক্য জলে আপ্লুত হইয়াছিল, কেবল একা সেই মহামুনি জড়ান্ধের ন্যায় জটা বিক্ষেপ করত জলোপরি ভ্রমণ করিতেছিলেন ॥ ১৫ ॥

এবং ক্ষুধা তৃষ্ণায় ব্যাকুল মকর তিমিঙ্গিল দ্বারা উপদ্রুত, তরঙ্গিত বায়ু দ্বারা আহত ও অপার অন্ধকারে পতিত হইয়া দিকে দিকে ভ্রমণ করিয়া অত্যন্ত ক্লান্তি বশতঃ আকাশ ও পৃথিবী কিছুই জ্ঞাত ছিলেন না ॥ ১৬ ॥

কচিন্মহার্ণবে মগ্নস্তরলৈ স্তাড়িতঃ ক্বচিৎ।
যাদোভি র্ভক্ষিতঃ ক্বাপি স্বয়মন্যোন্য ঘাতিভিঃ।
ক্বচিচ্ছোকং ক্বচিন্মোহং ক্বচিদ্দুঃখং সুখং ভয়ং।
কচিন্মৃত্যুমবাপ্নোতি ব্যাধ্যাদিভি রুতার্দ্দিতঃ ॥ ১৭ ॥
অযুতাযুত বর্ষাণাং সহস্রাণি শতানিচ।
ব্যতীয়ুর্ভ্রমত স্তস্মিন্ বিষ্ণুমায়া বৃতাত্মনঃ ॥ ১৮ ॥
সকদাচিদ্ভ্রমং স্তস্মিন্ পৃথিব্যা ককুদি দ্বিজঃ।
ন্যগ্রোধপোতং দদৃশে ফলপল্লব শোভিতং ॥ ১৯ ॥
প্রাগুত্তরস্যাং শাখায়াং তস্যাপি দদৃশে শিশুং।

অন্যোন্য ঘাতিভিঃ ভক্ষণায় পরস্পরং যুধ্যদ্ভিঃ ॥ ১৭ ॥
বিষ্ণুমায়াবৃতাত্মন ইতি স তথা দষ্টবানিত্যর্থঃ ॥ ১৮ ॥
ককুদি উন্নত প্রদেশে ন্যগ্রোধ পোতং কোমল বটং ॥ ১৯ ॥
তস্যেশান দিক্ শাখায়াং শিশুমপি ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

অযুতাযুত বর্ষাণামিতি। তস্য ভাবং জাতমিত্যর্থঃ ॥১৮।১৯।২০।২১।২২।২৩।২৪।২৫।২৬।২৭। ২৮।২৯॥

কখন মহার্ণবে মগ্ন, কখন তরল তরঙ্গে তাড়িত, কখন পরস্পর যুধ্যমান হিংস্র জল জন্তু কর্ত্তৃক দংশিত, কখন ব্যাধি পীড়িত হইয়া কখন শোক, কখন মোহ, কখন দুঃখ, কখন ভয় পাইতে লাগিলেন ॥ ১৭

বিষ্ণুমায়াবৃত মার্কণ্ডেয় এই রূপে সেই মহার্ণবে ভ্রমণ করিতে করিতে শত সহস্র বৎসর অতিবাহিত করিলেন ॥ ১৮ ॥

মার্কণ্ডেয় এই রূপে মহার্ণবে ভ্রমণ করিতে করিতে এক সময়ে পৃথিবীর এক উন্নত দেশে ফল পল্লব শোভিত একটী কোমল বটবৃক্ষ দেখিতে পাইলেন ॥ ১৯ ॥

সেই বৃক্ষের পূর্ব্বোত্তর দিক্ গত শাখায় পত্রপুটে শয়ান একটী

শয়ানং পর্ণপুটকে গ্রসন্তং প্রভয়া তমঃ ॥ ২০ ॥
মহা মরকত শ্যামং শ্রীমদ্বদন পঙ্কজং ।
কম্বুগ্রীবং মহোরস্কং সুনসং সুন্দরভ্রুবং ॥ ২১ ॥
শ্বাসৈজলদকাভাতং কম্বুশ্রী কর্ণ দাড়িমং ।
বিদ্রুমাধর ভাসেষচ্ছোণায়িত সুধা স্মিতং ॥ ২২ ॥
পদ্মগর্ভারুণাপাঙ্গং হৃদ্যহাসাবলোকনং ।
শ্বাসৈজদ্বলি সম্বিগ্ন নিম্ন নাভিদলোদরং ॥ ২৩ ॥
চার্ব্বাঙ্গুলিভ্যাং পাণিভ্যামুন্নীয় চরণাম্বুজং ।

শ্রীমৎরম্যং বদন পঙ্কজং যস্য তং কম্বুবৎ ত্রিরেখাবৃতা গ্রীবা যস্য তং মহোরস্কং বিশাল বক্ষসং সুনসং শোভনা নাশা যস্য তং সুন্দরে ভ্রুবৌ যস্য তং ॥ ২১ ॥

শ্বাসৈরেজন্তঃ কম্পমানাঃ অলকা স্তৈরাভাতং শোভিতং কম্বু বদস্ত বলয়েন শ্রীর্যয়োস্তৌ কম্বুশ্রিয়ৌ তয়োঃ কর্ণয়ো র্দাড়িম পুষ্পে যস্য তং বিদ্রুম তুল্যাধর ভাসা ঈষচ্ছোণায়িতং সুধাতুল্য স্মিতং যস্য তং ॥ ২২ ॥

পদ্মগর্ভবৎ আ ঈষদরুণাপাঙ্গৌ নেত্রান্তৌ যস্য তং শ্বাসৈরেজন্তা শ্চলন্তো বলয় স্তির্য্যগ্নিম্নরেখা স্তাভিঃ সম্বিগ্না চঞ্চলা নিম্না গভীরা নাভি র্যস্মিন্ তৎ দলবৎ অশ্বত্থ পত্র সংকাশমুদরং যস্য তং ॥ ২৩ ॥

চারবঃ অঙ্গুলয়ো যয়োঃ তাভ্যামুন্নীয় আকৃষ্য ধয়ন্তং পিবন্তং ॥ ২৪ ॥

শিশুকে দর্শন করিলেন, শিশু যেন স্বীয় প্রভা দ্বারা তমোনাশ করিতেছেন ॥ ২০ ॥

তাঁহার রূপ মহামরকতের ন্যায় শ্যামবর্ণ, মুখমণ্ডল পদ্মের ন্যায় রমণীয়, কম্বুগ্রীব, মহোরস্ক, সুন্দর নাশা, শোভন ভ্রূ ॥ ২১ ॥

নিশ্বাস পবনে অলকা শোভিত, দাড়িম পুষ্পের ন্যায় বলয়াকার কর্ণ দ্বয় সুশোভিত, বিম্ব তুল্য অধর শোভায় ঈষৎ রক্তবর্ণ অমৃত হাস্য বিশিষ্ট ॥ ২২ ॥

পদ্মগর্ভের ন্যায় অরুণবর্ণ অপাঙ্গ, মনোহর হাস্য এবং অবলোকন, শ্বাসবেগে চলিত ত্রিবলীর সহিত কম্পিত গভীর নাভি এবং অশ্বত্থ পত্রের ন্যায় উদর ॥ ২৩ ॥

মনোহর হস্তের অঙ্গুলি দ্বারা স্বীয় চরণ ধারণ পূর্ব্বক মুখে নিক্ষেপ

মুখে নিধায় বিপ্রেন্দ্র ধয়ন্তং বীক্ষ্য বিস্মিতঃ ॥ ২৪ ॥
তদ্দর্শনাদ্বীত পরিশ্রমো মুদা প্রোৎফুল্ল হৃৎ
পদ্ম বিলোচনাম্বুজঃ । প্রহৃষ্ট রোমাদ্ভুত
ভাব শঙ্কিতঃ প্রষ্টুং পুনস্তং প্রসসার বালকং ॥ ২৫ ॥
তাবচ্ছিশোর্বৈ শ্বসিতেন ভার্গবঃ সোন্তঃ শরীরং
মশকো যথাবিশৎ । তত্রাপ্যদো ন্যস্ত মচষ্ট
কৃৎস্নশো যথা পুরা মুহ্যদতীব বিস্মিতঃ ॥ ২৬ ॥
খং রোদসী ভগণানদ্রি সাগরান্ দ্বীপান্ সবর্ষান্
ককুভঃ সুরাসুরান্ । বনানি দেশান্ সরিতঃ

হৃৎপদ্মঞ্চ বিলোচনাম্বুজেচ প্রোৎ ফুল্লানি বিকসিতানি যস্য সঃ অদ্ভুত ভাবং অত্যাশ্চর্য্য রূপং তেন শঙ্কিতঃ সন্নপি তং প্রষ্টুং পুনঃ প্রসসার সমীপং গতঃ ॥ ২৫ ॥

অদ ইদং জগৎ যথা পুরা প্রলয়াৎ পূর্ব্বং ন্যস্তং বিন্যস্তং দৃষ্ট্বা চাতীব বিস্মিতঃ সন্ অমুহ্যৎ ॥ ২৬ ॥

কৃৎস্নশো দর্শনং প্রপঞ্চয়তি খমিত্যাদিনা ককুভো দিশঃ পুরাণি আকরাংশ্চ খেটান্

করত ভক্ষণ শীল ॥ ২৪ ॥

মার্কণ্ডেয় এই রূপ বালকের ভাব দেখিয়া গত পরিশ্রম ও অদ্ভুত-ভাবে শঙ্কিত হইয়া উৎফুল্ল হৃদয় লোচনে সহর্ষে সেই বালককে জিজ্ঞাসা করিবার নিমিত্ত তাঁহার নিকটে গমন করিলেন ॥ ২৫ ॥

ভৃগু পুত্র মার্কণ্ডেয় এই রূপ দর্শনে বিস্ময় হৃদয়ে তাঁহার সমীপস্থ হইবা মাত্র মশকের ন্যায় বালকের নিশ্বাস পবনবেগে তাঁহার অন্তঃ-শরীরে প্রবিষ্ট হইলেন এবং তথায় প্রলয়ের পূর্ব্বের ন্যায় এই জগৎ সমুদায় বিন্যস্ত দেখিয়া মোহে অত্যন্ত বিস্মিত হইলেন ॥ ২৬ ॥

তথায় দেখিলেন, আকাশ, স্বর্গ, পৃথিবী, নক্ষত্র, পর্ব্বত, সাগর, দ্বীপ, বর্ষ, দিক্, সুর, অসুর, বন, দেশ, নদী, পুরী, আকাশ, খেট, ব্রজ, আশ্রম ও বর্ণবৃত্তি। মহাভূত, স্থূলভূত, ভৌতিক, কাল, যুগ, কল্প,

পুরাকরান্ খেটান্ ব্রজানাশ্রমবর্ণ বৃত্তয়ঃ ॥ ২৭ ॥
মহান্তি ভূতান্যথ ভৌতিকান্যসৌ কালঞ্চ
নানা যুগকল্পকল্পনং। যৎ কিঞ্চিদন্য
দ্ব্যবহার কারণং দদর্শ বিশ্বং সদিবাবভাসিতং।
হিমালয়ং পুষ্পবহাঞ্চ তাং নদীং নিজাশ্রমং
যত্র ঋষীনপশ্যৎ। বিশ্বং স পশ্যন্ শ্বসি
তাচ্ছিশোর্ব্বৈ বহির্নিরস্তো ন্যপতল্লয়াব্ধৌ ॥ ২৮ ॥
তস্মিন্ প্রথিব্যাঃ ককুদি প্ররূঢ়ং বটঞ্চতৎ
পর্ণপুটে শয়ানং। তোকঞ্চ তৎ প্রেম
সুধাস্মিতেন নিরীক্ষিতোপাঙ্গনিরীক্ষণেন।
অথ তং বালকং বীক্ষ্য নেত্রাভ্যাং হৃদিধিষ্ঠিতং।
অভ্যয়াদতিসংহৃষ্টঃ পরিষ্বক্তুমধোক্ষজং ॥ ২৯ ॥

কর্ষক গ্রামান্ ব্রজান্ গোকুলানি আশ্রমাংশ্চ বর্ণাংশ্চ তেষাং বৃত্তীশ্চেত্যর্থঃ। ২৭ ॥
নানা যুগানি কল্পাংশ্চ কল্পয়তি তৈর্ব্বাকল্পাতে ইতি তথা তং কালঞ্চ সদিব পরমার্থ ইবাবভাসিতং তেনৈব ॥ ২৮ ॥
বটঞ্চ তোকঞ্চ বীক্ষ্য তস্ত প্রেম্না সুধাতুল্য স্মিত যুক্তেনাপাঙ্গ নিরীক্ষণেন নিরীক্ষিতঃ সন্ অথ তং বালকমধোক্ষজং পরিষ্বক্তুমভ্যয়াদিতি দ্বয়োরন্বয়ঃ। কথং ভূতং নেত্রাভ্যাং হৃদি ধিষ্ঠিতং ॥ ২৯ ॥

ব্যবহার্য্য দ্রব্য ও দিবারাত্রি সহিত অবভাষিত বিশ্ব দর্শন করিলেন এবং হিমালয়, পুষ্পবহা নদী, স্বীয় আশ্রম এবং তথায় ঋষি সকলকে দেখিলেন। এই রূপে তদভ্যন্তরে বিশ্ব দর্শন করিয়া পরে শিশুর নিশ্বাস দ্বারা পুনর্ব্বার বহির্নিঃসারিত হইয়া প্রলয় সমুদ্রে নিপতিত হইলেন ॥ ২৭ ॥ ২৮ ॥

এবং তথায় সেই পৃথিবীর উচ্চ দেশে বটবৃক্ষ এবং তাহার পত্র পুটে শয়ান অমৃত হাস্য যুক্ত বালককে দর্শন করিলেন। পরে নেত্র পথে হৃদয়ে প্রবিষ্ট বালকে দেখিয়া অত্যন্ত হর্ষের সহিত তাঁহাকে আলিঙ্গন করিতে উদ্যত হইলেন ॥ ২৯ ॥

তাবৎ স ভগবান্ সাক্ষাদ্যোগাধীশো গুহাশয়ঃ।
অন্তর্দ্দধে ঋষেঃ সদ্যো যথেহানীশনির্ম্মিতা ॥ ৩০ ॥
তমন্বথ বটো ব্রহ্মন্ সলিলং লোকসংপ্লবঃ।
তিরোধায়ি ক্ষণাদস্য স্বাশ্রমে পূর্ব্ববৎ স্থিতঃ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে মার্কণ্ডেয়োপাখ্যানে ভগবন্মায়া দর্শনং নবমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

শ্রীসূত উবাচ ॥

তাবৎ পরিষ্বঙ্গ লাভাৎ পূর্ব্বমেব ঋষে স্তত্রান্তর্হিতো বভূব তত্রুদ্যম বৈফল্যে দৃষ্টান্তঃ অনীশো নির্দ্দৈবঃ তেন নির্ম্মিতা ঈহা ক্রিয়া যথেতি ॥ ৩০ ॥

অন্তর্হিতং ভগবন্তমনু বটঃ সলিলং লোকসংপ্লবশ্চ তিরোধায়ি অন্তর্হিতঃ সচ স্বাশ্রম এব যথা পূর্ব্বং স্থিত ইতি ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি দ্বাদশে নবমঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

সদ্যস্তদন্তর্দ্ধানে দৃষ্টান্তঃ। যথেহেতি অনীশ ঈহায়ামসমর্থঃ তেন নির্ম্মিতা ঈহা বাঞ্ছা যথা সদ্যোঽন্তর্দ্ধত্তে তথা তস্মাদৃষি স্তাদৃশ বাঞ্ছা বিষয়ো ভগবানন্তর্দধ ইত্যর্থঃ ॥ ৩০ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি দ্বাদশ ক্রমসন্দর্ভে নবমঃ ॥ * ॥

এমত সময়ে যোগাধীশ গুহাশয়, সাক্ষাৎ অধোক্ষজ ভগবান্ সেই ঋষির নিকট হইতে ঐন্দ্রজালিক পদার্থের ন্যায় তৎক্ষণাৎ অন্তর্হিত হইলেন ॥ ৩০ ॥

হে ব্রহ্মন্! তাঁহার অন্তর্দ্ধানের পর তৎক্ষণাৎ সেই বট বৃক্ষ, জল প্লাবন, লোকোপদ্রব, ইত্যাদি সমুদায় তিরোহিত হইল এবং মার্কণ্ডেয় পূর্ব্ববৎ স্বীয় আশ্রমে অবস্থিতি করিতে লাগিলেন ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি দ্বাদশে নবম অধ্যায় ॥ * ॥

দশমাধ্যায়ে শিবের আগমন ও মার্কণ্ডেয়ের সহিত সম্ভাষণ পূর্ব্বক তাঁহার পূজায় হৃষ্ট হইয়া শিব তাঁহাকে বরদান করেন ॥ ০ ॥

স এবমনুভূয়েদং নারায়ণ বিনির্ম্মিতং।
বৈভবং যোগমায়ায়াস্তমেব শরণং যযৌ ॥ ১ ॥
শ্রীঋষিরুবাচ ॥
প্রপন্নোস্ম্যঙ্ঘ্রিমূলং তে প্রপন্নাভয়দং হরে।
যন্মায়য়াপি বিবুধা মুহ্যন্তি জ্ঞানকাশয়া ॥ ২ ॥
শ্রীসূত উবাচ ॥
তমেবং নিভৃতাত্মানং বৃষেণ দিবি পর্য্যটন্।
রুদ্রাণ্যা ভগবান্ রুদ্রো দদর্শ স্বগণৈর্বৃতঃ ॥ ৩ ॥
অথোমাতমৃষিং বীক্ষ্য গিরিশং সমভাষত।

দশমে শিব আগত্য মুনেস্তুষ্টো বরানদাৎ। তেন সাকমপি প্রীত্যা সমাত্তাষ্য সভাজয়ন্ ॥ ১ ॥

জ্ঞানকাশয়া জ্ঞানবৎ প্রকাশ মানয়া স্বস্তমনঃ বিনা বিষাংসোপি যস্য তব মায়য়া জ্ঞানিনো বয়মিত্যহঙ্কারেণ মুহ্যন্তীত্যর্থঃ ॥ ২ ॥

শ্রীনারায়ণ এব স্বমায়াদর্শন শ্রান্তং শ্রীশিবরূপেণ সান্ত্বয়ামাস তদাহ তমেবমিত্যাদিনা নিভৃতাত্মানং সমাহিত চিত্তং রুদ্রাণ্যা ভবান্যা ॥ ৩ ॥

নিভৃতা নিশ্চলা আত্মেন্দ্রিয়াশয়া দেহেন্দ্রিয় মনাংসি যস্য তং ॥ ৪ ॥

সূত কহিলেন, মার্কণ্ডেয় এই প্রকারে নারায়ণ বিনির্ম্মিত যোগমায়ার বৈভব সন্দর্শন করিয়া তাঁহার শরণাপন্ন হইলেন ॥ ১ ॥

মার্কণ্ডেয় কহিলেন হে হরে! প্রপন্নজনের অভয় দাতৃ আপনার চরণ মূলে পতিত হইলাম, যাহাঁর মায়াতে জ্ঞানিরাও মুগ্ধ হয়েন, তাঁহার প্রভাব কি বর্ণন করিব ॥ ২ ॥

সূত কহিলেন এমত সময়ে রুদ্রাণীর সহিত ভগবান্ মহাদেব বৃষারোহণে স্বীয়গণের সহিত আকাশে পর্য্যটন করিতে করিতে সমাহিত চিত্ত সেই মার্কণ্ডেয়কে দেখিতে পাইলেন ॥ ৩ ॥

অনন্তর ভগবতী উমা তাঁহাকে দেখিয়া মহাদেবকে কহিলেন,

পশ্যেমং ভগবন্ বিপ্রং নিভৃতাত্মেন্দ্রিয়াশয়ং ॥ ৪ ॥
নিভৃতোদঝষব্রাতো বাতাপায় ইবার্ণবঃ।
কুর্ব্বস্য তপসঃ সাক্ষাৎ সংসিদ্ধিং সিদ্ধিদো ভবান্ ॥ ৫ ॥
শ্রীভগবানুবাচ ॥
নৈবেচ্ছত্যাশিষঃ ক্বাপি ব্রহ্মর্ষির্মোক্ষমপ্যুত।
ভক্তিং পরাং ভগবতি লব্ধবান্ পুরুষে ব্যয়ে ॥ ৬ ॥
তথাপি সংবদিষ্যামো ভবান্যেতেন সাধুনা।
অয়ংহি পরমোলাভো নৃণাং সাধু সমাগমঃ ॥ ৭ ॥
ইত্যুক্ত্বা তমুপেযায় ভগবান্ স সতাং গতিঃ

নিভৃতং নিশ্চলং উদকং ঝষব্রাতশ্চ যস্মিন্ সঃ সংসিদ্ধিং ফলং সাক্ষাৎ কুরু যতো ভবান্ সিদ্ধিদঃ ॥ ৫ ॥
আশিষঃ অভ্যুদয় লক্ষণাঃ উতস্বিং অত্র হেতু র্ভক্তিমিতি ॥ ৬ ॥
সংবদিষ্যামঃ সংবাদং করিষ্যামঃ ॥ ৭ ॥
সতাং গতিত্বে হেতুঃ ঈশান ইতি ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

১।২।৩।৪।৫ ৬।৭। ভগবাং স্তদভিজ্ঞায়েতি স্বনিষ্ঠাভিব্যক্ত্যর্থং স্বয়ং শ্রীবিষ্ণাবন্ত-র্হিতে সতীতি। গিরিশস্য তথা্দাস সামর্থ্যাযোগাৎ। যদ্বা শ্রীভগবান্ শিবাভিপ্রায়ং

হে ভগবন্! সংযতেন্দ্রিয় এই ব্রাহ্মণকে অবলোকন কর ॥ ৪ ॥

তুমি সিদ্ধিদাতা, অবাত কম্পিত সলিল, স্থির সমুদ্রের ন্যায় অচঞ্চল এই ব্রাহ্মণের সম্বন্ধে সাক্ষাৎ হইয়া ইহার তপস্যা সংসিদ্ধ কর ॥ ৫ ॥

ভগবান্ কহিলেন এ ব্যক্তি অব্যয় পুরুষ ভগবানের পরম ভক্তি লাভ করিয়াছেন, অতএব ইনি আর কোন প্রকার অভ্যুদয় বা মুক্তি পর্য্যন্ত ইচ্ছা করেন না ॥ ৬ ॥

হে ভবানি! তথাপি তোমার অনুরোধে আমি ইহাঁর সহিত সম্ভাষণ করিতে ইচ্ছা করি, যে হেতু সাধুসঙ্গম সকলেরই পক্ষে পরম লাভ ॥ ৭ ॥

সকল লোকের ঈশ্বর, সর্ব্ব বিদ্যার নিয়ন্তা, সাধুদিগের গতি ভগবান্

ঈশানঃ সর্ব্ববিদ্যানামীশ্বরঃ সর্ব্বদেহিনাং ॥ ৮ ॥
তয়োরাগমনং সাক্ষাদীশয়ো র্জগদাত্মনোঃ ।
ন বেদ রুদ্ধধীবৃত্তিরাত্মানং বিশ্বমেবচ ।
ভগবাংস্তদভিজ্ঞায় গিরিশো যোগমায়য়া ।
আবিশত্তদ্গুহাকাশং বায়ুশ্ছিদ্রমিবেশ্বরঃ ॥ ৯ ॥
আত্মন্যপি শিবং প্রাপ্তং তড়িৎপিঙ্গ জটাধরং ।
ত্র্যক্ষং দশভুজং প্রাংশুমুদ্যন্তমিব ভাস্করং ।
ব্যাঘ্র চর্ম্মাম্বরং শূল ধনুরিষ্বসি চর্ম্মভিঃ ।
অক্ষমালা ডমরুক কপালং পরশুং সহ ।
বিভ্রাণং সহসাভাতং বিচক্ষ্য হৃদি বিস্মিতঃ ॥ ১০ ॥

রুদ্ধা ধিয়োঽস্তঃ করণস্ত বৃত্তয়ো যেন সঃ ॥ ৯ ॥
ন কেবলং বহিরেব আত্মন্যপি প্রাপ্তং শিবং বিচক্ষ্য বিস্মিতঃ কথং প্রাপ্তং সহসা অকস্মাদেব হৃদি আভাতং কথং ভূতং তড়িদ্বৎ পিঙ্গা জটা ধারয়তীতি তথা তং ত্রীণি অক্ষীণি যস্য তং শূলাদিভিঃ সহাক্ষমালাদীন্ বিভ্রাণমিত্যন্বয়ঃ অক্ষমালাদীনাং দ্বন্দ্বৈক্যং ।১০

ক্রমসন্দর্ভঃ ।

বিজ্ঞায় যোগমায়য়া গিরিশঃ সন্ তদ্রূপমাবিষ্টঃ সন্ তস্য মার্কণ্ডেয়স্য গুহাকাশ হৃদয় মাবিশদিত্যর্থঃ। তত্র হেতুরীশ্বর ইতি। এবমেবোক্তং তৈঃ শ্রীনারায়ণ এব স্বমায়া দর্শনপ্রান্তঃ শিবরূপেণ সান্ত্বয়ামাসেতি ॥ ৮ ॥ ৯ ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥ ১৫ ॥

মহাদেব ইহা বলিয়া ক্রমে তাঁহার নিকটস্থ হইলেন ॥ ৮ ॥

নিরুদ্ধ বুদ্ধিবৃত্তি যোগাবস্থ মার্কণ্ডেয় সাক্ষাৎ ঈশ্বর মূর্ত্তি তদুভয়ের আগমন জানিতেও পারিলেন না। কিন্তু ভগবান্ মহাদেব তাহা অবগত হইয়া ছিদ্র মধ্যে বায়ু প্রবেশের ন্যায় যোগমায়া দ্বারা তাঁহার অন্তরাকাশে প্রবিষ্ট হইলেন ॥ ৯ ॥

তখন মার্কণ্ডেয় আত্মার অভ্যন্তরে অকস্মাৎ পিঙ্গ জটাধারী, ত্রিলোচন, দশভুজ, দীর্ঘাকার, ব্যাঘ্রচর্ম্মধারী, শূল, ধনু, বাণ, অসি, চর্ম্ম হস্ত, অক্ষমালা, ডমরু, কপাল পরশু বিশিষ্ট, উদিত ভাস্করের ন্যায় বিভাত মহাদেবকে দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥ ১০ ॥

কিমিদং কুত এবেতি সমাধের্ব্বিরতো মুনিঃ ॥ ১১ ॥
নেত্রে উন্মীল্য দদৃশে সগণং সোমমাগতং।
রুদ্রং ত্রিলোকৈ্যকগুরুং ননাম শিরসা মুনিঃ।
তস্মৈ সপর্য্যাং ব্যদধাৎ সগণায় সহোময়া।
স্বাগতাসন পাদ্যার্ঘ্য গন্ধস্রগ্ধূপ দীপকৈঃ ॥ ১২ ॥
আহ চাত্মানু ভাবেন পূর্ণকামস্য তে বিভো।
করবাম কিমীশান যেনেদং নির্ব্বৃতং জগৎ ॥ ১৩ ॥
নমঃ শিবায় শান্তায় সত্বায় প্রমৃড়ায়চ।
রজো জুষেথ ঘোরায় নমস্তুভ্যং তমোজুষে

বিস্ময় পূর্ব্বকং বহির্দর্শনমাহ কিমিদমিতি ॥ ১১ ॥
সোমং উময়া সহাগতং রুদ্রং দদৃশে ততো ননাম ॥ ১২ ॥
পূর্ণকামত্বং ব্যনক্তি যেন ত্বয়া জগন্নির্ব্বৃতং ভবতীতি ॥ ১৩ ॥
নির্গুণত্বেনচ নমস্করোতি নমঃ শিবায় নির্গুণায় সত্বায় স্বাধিষ্ঠাত্রে অতএব প্রমৃড়য়তীতি তথা তস্মৈ ॥ ১৪ ॥

এবং ইহা কি, কোথা হইতেই বা ইহা আগত হইল, ইহা ভাবিয়া মুনি সমাধি হইতে বিরত হইলেন ॥ ১১ ॥

এবং নেত্র নির্মীলন পূর্ব্বক স্বীয়গণের সহিত আগত ত্রিলোক গুরু রুদ্রকে দেখিয়া অবনত মস্তকে নমস্কার করিলেন এবং উমার সহিত সবল বাহন মহাদেবকে স্বাগতাসন পাদ্যার্ঘ গন্ধ পুষ্প ধূপ দীপ দ্বারা পূজা করিলেন ॥ ১২ ॥

এবং কহিলেন হে বিভো! আপনি আত্মানুভাবে পূর্ণকাম, হে ঈশান! আপনার দ্বারা জগৎ নির্ব্বৃত রহিয়াছে অতএব আমি আপনার কি প্রিয় কার্য্য করিব ॥ ১৩ ॥

শান্ত, সত্ত্ব, শিব স্বরূপ মৃড়কে নমস্কার এবং রজস্তমো রূপ ঘোর-মূর্ত্তি আপনাকে নমস্কার। সূত কহিলেন মার্কণ্ডেয় কর্তৃক এই প্রকারে

শ্রীসূত উবাচ ॥

এবং স্তুতঃ স ভগবান্ মহাদেবঃ সতাং গতিঃ।

পরিতুষ্টঃ প্রসন্নাত্মা প্রহসংস্তমভাষত ॥ ১৪ ॥

শ্রীভগবানুবাচ ॥

বরং বৃণীষ্ব নঃ কামং বরদেশা বয়ং ত্রয়ঃ।

অমোঘ দর্শনং যেষাং মর্ত্ত্যো যদ্বিন্দতেঽমৃতং ॥ ১৫ ॥

ব্রাহ্মণাঃ সাধবঃ শান্তা নিঃসঙ্গা ভূতবৎসলাঃ।

একান্ত ভক্তা অস্মাসু নির্ব্বৈরাঃ সমদর্শিনঃ।

সলোকা লোকপালাস্তান্ বন্দন্ত্যর্চ্চন্ত্যুপাসতে।

নোঽস্মত্তঃ ত্রয়ো ব্রহ্ম বিষ্ণু মহেশ্বরাঃ বদেষভ্যাস্তে বয়ং ॥ ১৫ ॥

বরদানাদিনা ভবৎ সেবৈবাস্মাভিঃ ক্রিয়তে নত্বনুগ্রহঃ জগদ্বন্দ্যত্বাৎ ভবতামিতি ব্রাহ্মণান্ স্তৌতি ব্রহ্মণা ইত্যাদিনা যে সাধবঃ সদাচারাঃ শান্তা মৎসরাদি রহিতাঃ নিঃসঙ্গা

ক্রমসন্দর্ভঃ।

ব্রাহ্মণা ইতি যতস্তে সমদর্শিন স্তস্মাৎ মদাদিষু যা ভিদা বর্ত্ততে তামপ্যপি যথাস্তাস্তথা নচক্ষত ইতি সত্যমেব। কিন্তু তত্তেভ্যোপি যুষ্মান্ হর্য্যেকান্তভক্তান্ বয়মীমহি প্রিয়ত্বেন জানীম ইত্যর্থঃ। তদুক্তং তেনৈব চতুর্থে। অথ ভাগবতা যূয়ং প্রিয়াস্থ ভগবান্ যথা। নমদ্ভাগবতানাঞ্চ প্রেয়ানন্যোঽস্তি কর্হিচিৎ ইতি। অভেদশ্চেত্তর্হি মার্কণ্ডেয়স্ত তদনুস্তবে সমাধিবিরক্তি র্নস্যাৎ। তত্রাভেদ দৃষ্টে রুদ্রস্তবনেপি স্বয়ঞ্চ হরিরীশ্বর ইত্যনেন হরেরেব প্রাধান্যং উক্তং। তস্যৈব স্বয়মীশ্বরত্বং চোক্তং। প্রথমস্কন্দে পার্থিবাদ্দারুণোধূম ইত্যাদি।

স্তুত হইয়া সাধুগতি ভগবান্ মহাদেব পরিতুষ্ট হইয়া প্রসন্ন হৃদয়ে হাসিতে হাসিতে তাঁহাকে উত্তর করিলেন ॥ ১৪ ॥

ভগবান্ কহিলেন ব্রহ্মা বিষ্ণু মহাদেব আমরা তিনই বরদ, আমাদিগের দর্শন অতি অমোঘ, আমাদিগের তিন জন হইতেই মর্ত্ত্যেরা অমৃত লাভ করে অতএব যাহা কামনা হয় বর প্রার্থনা কর ॥ ১৫ ॥

আমাদিগের একান্ত ভক্ত, নির্ব্বৈর, সমদর্শি, ভূতবৎসল, নিঃসঙ্গ, সাধু ব্রাহ্মণেরা লোক সহিত লোকপালের বন্দনীয় স্তবনীয় ও

অহঞ্চ ভগবান্ ব্রহ্মা স্বয়ঞ্চ হরিরীশ্বরঃ ॥ ১৬ ॥
নতে ময্যচ্যুতেঽজেচ ভিদামণ্বপি চক্ষতে।
নাত্মনশ্চ জনস্যাপি তদযুষ্মান্ বয়মীমহি।
নহ্যম্ময়ানি তীর্থানি ন দেবা মৃচ্ছিলাময়া।
তে পুনন্ত্যুরুকালেন যূয়ং দর্শনমাত্রতঃ ॥ ১৭ ॥
ব্রাহ্মণেভ্যো নমস্যামো যেঽস্মদ্রূপং ত্রয়ীময়ং।
বিভ্রত্যাত্ম সমাধান তপঃ স্বাধ্যায সংযমৈঃ ॥ ১৮ ॥

নিষ্কামাঃ ন কেবলং ত এব কিন্তু অহঞ্চেত্যাদি ॥ ১৬ ॥

পুনঃ পূজ্যত্বমস্বে হেত্বন্তরমাহ নেতি অণ্বপি অণুমাত্রমপি চক্ষতে পশ্যন্তি তত্তস্মাৎ এবং ভূতান্ যুষ্মান্ বয়ং ঈমহি ভজেম ॥ ১৭ ॥

ব্রাহ্মণেভ্যো ব্রাহ্মণান্ আত্ম সমাধানং চিত্তৈকাগ্র্যং তপ আলোচনং স্বাধ্যায়ঃ অধ্যয়নং সংযমঃ বাগাদি নিয়মঃ তৈঃ ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

ব্রহ্মপুরাণে। শিববাক্যমপি তথা। যোহি মাং দ্রষ্টুমিচ্ছেত ব্রহ্মাণং বা পিতামহং দ্রষ্টব্য স্তেন ভগবান্ বাসুদেব প্রতাপবান্ ইতি। পর ব্রহ্ম স্বরূপস্য তস্য বিজ্ঞানেন সর্ব্ব বিজ্ঞানা দিতি ভাবঃ। ১৬ ॥

নহীতি। দেবা ইন্দ্রাদি প্রতিমা নতু ভগবৎ প্রতিমা। যুষ্মাভিবপ্যাবাধ্যত্বাদিতি ভাবঃ। নমস্কারে হেতুঃ যেঽস্মাদিতি। ত্রয়ীময়ং বেদলক্ষণং উপকারত্বাদিতি ভাবঃ ॥১৭॥

উপাসনীয়, কেবল লোকপালদিগের নহে, আমার, ভগবান্ ব্রহ্মার ও ঈশ্বর হরিরও পূজনীয় ॥ ১৬ ॥

তোমাতে আমাতে বিষ্ণুতে ব্রহ্মাতে অণুমাত্রও প্রভেদ দৃষ্ট হয় না, সুতরাং আত্মার সহিত সকল লোকেরই একতা আছে, অতএব আমরাও তোমাকে ভজনা করি। জলময় তীর্থ নহে এবং মৃৎ শিলাময় ও দেবতা নহে, যে হেতু তাহারা বহুকালে পবিত্র করে, কিন্তু তোমরা দর্শন মাত্রে পবিত্র করিতে পার ॥ ১৭ ॥

ব্রাহ্মণদিগকে আমরা নমস্কার করি, যাঁহারা আত্ম সমাধান, তপস্যা ও স্বাধ্যায় সংযম দ্বারা ত্রয়ীময় মদীয় রূপ ধারণ করেন ॥ ১৮ ॥

শ্রবণাদ্দর্শনাদ্বাপি মহাপাতকিনোপি বঃ।
শুধ্যেরন্নন্ত্যজাশ্চাপি কিমু সম্ভাষণাদিভিঃ ॥ ১৯ ॥
শ্রীসূত উবাচ ॥
ইতি চন্দ্রললামস্য ধর্ম্মগুহ্যোপবৃংহিতং।
বচোঽমৃতায়নমৃষি র্নাতৃপ্যৎ কর্ণয়োঃ পিবন্ ॥ ২০ ॥
সচিরং মায়য়া বিষ্ণো র্ভ্রামিতঃ কর্ষিতো ভৃশং।
শিববাগমৃতধ্বস্ত ক্লেশপুঞ্জস্তমব্রবীৎ ॥ ২১ ॥
শ্রীমার্কণ্ডেয় উবাচ ॥
অহো ঈশ্বরচর্য্যেয়ং দুর্ব্বিভাব্যা শরীরিণাং।

কিঞ্চ শ্রবণাদিত্যাদি ॥ ১৯ ॥

চন্দ্রো ললামো ভূষণং যস্য তস্য ধর্ম্মরহস্য যুক্ত মমৃতাস্পদং বচঃ কর্ণাভ্যাং পিবন্নাতৃপ্যৎ অলমিতি নামন্যত কর্ণয়োরমৃতায়নমিতি বান্বয়ঃ ॥ ২০ ॥

শিবস্য বাগেবামৃতং তেন ধ্বস্তঃ ক্লেশপুঞ্জো যস্য সঃ ॥ ২১ ॥

ইয়ং লীলা দুর্ব্বিভাব্যা অবিতর্ক্যা যৎ যয়া ঈশিতব্যানি স্বনিযম্যানি ভূতানি যানি

ক্রমসন্দর্ভঃ।

ধর্ম্মগুহ্যং ভগবদ্ভক্তি লক্ষণং তেনোপবৃংহিতং অতএবামৃতায়নং পরমানন্দস্যাপ্যাশ্রয় রূপং। অতএব নাতৃপ্যৎ। নতু স্ব স্বতোতার্থঃ ॥ ১৮ ॥

বিষ্ণুমায়েতি স্বেচ্ছয়ৈবাঙ্গী ক্রিয়তেত্যর্থঃ। শিবস্যাপ্যত্র বিষ্ণ্বাবিষ্টত্বং ব্যাখ্যাত মিতি ন ভেদো মন্তব্যঃ ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥ ২২ ॥

তোমাদিগকে শ্রবণ বা দর্শন করিয়া অন্ত্যজ মহাপাতকিরাও পবিত্র হয় অতএব তোমাদিগের সহিত সম্ভাষণ করিলে যে কি হয় তাহা আর কি বলিব ॥ ১৯ ॥

সূত কহিলেন মার্কণ্ডেয় ঋষি চন্দ্রচূড়ের এই সকল ধর্ম্ম গুহ্য বাক্যামৃত কর্ণ দ্বারা পান করত পরিতৃপ্ত হইলেন না ॥ ২০ ॥

যে হেতু তিনি পূর্ব্বে চিরকাল বিষ্ণুমায়ায় অত্যন্ত আকৃষ্ট ও ভ্রান্ত হইয়াছিলেন, এক্ষণে শিব বাক্যামৃতে ক্লেশমুক্ত হইয়া তাঁহাকে কহিতে লাগিলেন ॥ ২১ ॥

মার্কণ্ডেয় কহিলেন, অহো এই ঈশ্বরীয় ব্যবহার শরীরিদিগের

যন্নমন্তীশিতব্যানি স্তুবন্তী জগদীশ্বরাঃ ॥ ২২ ॥
ধর্ম্মং গ্রাহয়িতুং প্রায়ঃ প্রবক্তারশ্চ দেহিনাং।
আচরন্ত্যনুমোদন্তে ক্রিয়মাণং স্তুবন্তি চ ॥ ২৩ ॥
নৈতাবতা ভগবতঃ স্বমায়াময়বৃত্তিভিঃ।
প্রদুষ্যেতানুভাবস্তৈর্মায়িনঃ কুহকং যথা ॥ ২৪ ॥

তানি জগদীশ্বরাঃ স্বয়ং নমন্তি স্তুবন্তি চেতি ॥ ২২ ॥

অথবা লোকসংগ্রহ মাত্রমেতদিত্যাহ ধর্ম্মমিতি প্রবক্তারোপি স্বয়ং দেহিনাং ধর্ম্মমাচরন্তি ॥ ২৩ ॥

নন্বেতৎ স্বভাব তিরস্কারঃ কথং ময়া ক্রিয়তে তত্রাহ নেতি এতাবতা লোক সংগ্রহ মাত্রেণ তৈর্নমনাদিভিঃ কথং ভূতৈঃ স্বমায়াময়ী বৃত্তি র্যেষু তৈঃ ভগবতো মায়িন স্তবানুভাবো ন প্রদুষ্যেত যতঃ প্রসিদ্ধস্য মায়িনঃ কুহকং কপটং যথা তথৈতানি নমনাদীনি অস্য স্বস্য যথা কুহকে নানুভাবো ন দুষ্যতি তদ্বৎ নদুষ্যেতেতি পাঠে ন কারস্য দৃষ্টান্তে নানুষঙ্গঃ ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ধর্ম্মমিত্যত্র প্রায় ইতি কদাচিত্তত্র নিজকচ্যাচ দেহিনামিতি দেহস্য যৎ কর্ম্ম তদেবাত্মন ইতি মন্যমানমিত্যর্থঃ। অতএব প্রবক্তারস্তদ্ব্যতিরিক্তাঃ ॥ ২৩ ॥

তেষু মুখ্যং ভগবত্তমলং তত্র দোষান্তরং নিরস্যতি। নৈতাবতেতি ত্রিভিঃ। অত্র দোষে হেতুঃ। স্বেষু ভক্তেষু যা মায়া কৃপা তন্ময় বৃত্তিরিতি। মম ভক্ত পরং পবাস্থেষা প্রীতিঃ। প্রবর্ত্তেতি কৃপয়া স্বপ্রীতি বশতয়েত্যর্থঃ। তত্র ব্যতিরেকেণ দৃষ্টান্তঃ। মায়িনঃ কপটিনঃ কুহকং যথা প্রদুষ্যেত তথেতি নদুষ্যতেতি পাঠেপি মায়িনঃ কুহকং যথা দুষ্যেত তথা ন। কিন্তু নম্বিষোতৈবেত্যর্থঃ ॥ ২৪ ॥

দুর্ব্বিভাব্য, যে হেতু ঈশ্বরচর্য্যাকে জগৎ প্রভুরাও নমস্কার ও স্তব করিয়া থাকেন ॥ ২২ ॥

অথবা দেহিদিগকে ধর্ম্ম গ্রহণ করাইবার নিমিত্ত প্রবক্তা দেবতারা প্রায় দেহিদিগের ন্যায় আচরণ করেন, তাহাকে অনুমোদন করেন ও স্তব করেন ॥ ২৩ ॥

এই রূপ ভগবানের মায়াময় বৃত্তি দ্বারা, মায়ি ব্যক্তির কুহকের ন্যায় তাঁহার মহানুভাবতা বিষয়ে কোন দোষ পড়ে না ॥ ২৪ ॥

স্বষ্ট্বেদং মনসা বিশ্বমাত্মনানুপ্রবিশ্য যঃ।
গুণৈঃ কুর্ব্বদ্ভিরাভাতি কর্ত্তেব স্বপ্ন দৃগ্‌যথা ॥ ২৫ ॥
তস্মৈ নমো ভগবতে ত্রিগুণায় গুণাত্মনে।
কেবলায়াদ্বিতীয়ায় গুরবে ব্রহ্মমূর্ত্তয়ে ॥ ২৬ ॥
কিং বৃণে নু বরং ভূমন্ পরং তদ্বরদর্ষভাৎ।
যদ্দর্শনাৎ পূর্ণকামঃ সত্যকামঃ পুমান্ ভবেৎ।
বরমেকং বৃণেঽথাপি পূর্ণকামাভিবর্ষণাৎ।

মায়াচেষ্টিতং প্রপঞ্চযতি স্বষ্ট্বেতি স্বপ্নদৃক্ যথা ইত্যবিদ্যা চেষ্টিতে দৃষ্টান্তঃ ॥ ২৫ ॥
ত্রিগুণত্বেপি নজীববত্তদভিভূতায় কিন্তু গুণানামাত্মনে নিযন্ত্রে ॥ ২৬ ॥
বরং বৃণীষ্বেতি যদুক্তং তত্রাহ কিমিতি বরং দর্শনং যস্য তস্মাত্ত্বত্তঃ পরং কিন্নু বরং বৃণে

ক্রমসন্দর্ভঃ।

দোষাস্পর্শমেব দর্শয়তি। স্বষ্ট্বেদমিতি যুগ্মকেন। ইদং বিশ্বং মনসা সংকল্পেনৈব নিমিত্তেন গুণৈঃ উপাদানৈঃ স্বষ্ট্বাপি ততশ্চাত্মনা স্বয়ং তদনুপ্রবিশ্য প্রবেশেন স্থাপয়িত্বাপি তত্তদুপলক্ষণত্বেন সংস্থিত্যাপি কর্ত্তৃবদেবাভাতি নতু কর্ত্তেবেতি। তত্র হেতুত্বায় গুণান্ বিশিনষ্টি। কুর্ব্বদ্ভিরিতি। তৎ সান্নিধ্যং প্রভাবেন চেতনা ইব গুণাএব সর্ব্বং কুর্ব্বন্তি নতু স্বয়মিতি। সংকল্পস্যাভাস মাত্রত্বেন তদসম্বন্ধাদিত্যর্থঃ। তত্রাপি বিদ্যয়া স্বপ্নং সৃজত্ত্বদীয় তটস্থাংশস্য জীবস্যাপি বস্তুত স্তৎ সম্বন্ধো নাস্তি কিমুত তস্যেতি দর্শয়ন্ দৃষ্টান্তয়তি। স্বপ্ন দৃগ্‌যথেতি। এবং অমৃতাভয় ক্ষেম রূপা গুণা যস্য তস্মৈ। গুণা ঐশ্বর্য্যাদয়োপি আত্মনঃ স্বরূপ ভূতা যস্য তস্মৈ কেবলায প্রকৃতি সঙ্গ শূন্যায। অদ্বিতীয়ায় স্বতুল্য রহিতায় অতএব গুরবে সর্ব্বোপদেষ্ট্রে। ব্রহ্মেতি। স্বোপদেশ্যং যদ্ব্রহ্ম বেদঃ তদপি মূর্ত্তিঃ স্বরূপং যস্য তস্মৈ ॥ ২৫ ॥ ২৬ ॥

তপা স্বধীতি। ত্বয়িচ তৎপর ইত্যর্থঃ। কিং বর্ণয়ে তব বিভো যদুদীরিতোসুঃ

উপকরণ ব্যতীত কেবল মন হইতে এই বিশ্ব স্বষ্টি করিয়া তাহাতে আত্মানুপ্রবেশ পূর্ব্বক স্বপ্নদ্রষ্টা কর্ত্তার ন্যায় স্বীয় কৃত গুণ সকলের মধ্যে যিনি আভাত হইতেছেন ॥ ২৫ ॥

কেবল অদ্বিতীয় ত্রিগুণাত্মা গুণময় ব্রহ্মমূর্ত্তি দর্শনের পর আর কি বর প্রার্থনা করিব, যাহা দর্শন করিয়া পুরুষ পূর্ণকাম ও সত্যকাম হয়।

ভগবত্যচ্যুতাং ভক্তিং তৎপরেষু তথা ত্বয়ি ॥ ২৭ ॥

শ্রীসূত উবাচ ॥

ইত্যর্চ্চিতোঽভিষ্টুতশ্চ মুনিনা সূক্তয়া গিরা।

তমাহ ভগবান্ সর্ব্বঃ শর্ব্বয়াচাভিনন্দিতঃ ॥ ২৮ ॥

কামস্তেয়ং মহর্ষেঽস্তু ভক্তিমাংস্ত্বমধোক্ষজে।

আকল্পান্তাদযশঃ পুণ্যমজরামরতা তথা।

জ্ঞানং ত্রৈকালিকং ব্রহ্মন্ বিজ্ঞানঞ্চ বিরক্তিমৎ।

ব্রহ্মবর্চ্চস্বিনো ভূয়াৎ পুরাণাচার্য্যতাস্তু তে ॥ ২৯ ॥

শ্রীসূত উবাচ ॥

এবং বরান্ স মুনয়ে দত্ত্বাগাত্র্যক্ষ ঈশ্বরঃ।

যস্ত তব দর্শনাৎ পূর্ণকামঃ সর্ব্বানন্দ সন্দোহ রূপঃ সত্যকামঃ যথেচ্ছং প্রাপ্ত সর্ব্বানন্দঃ ॥২৭

বরদানায় স্বয়মেব প্রবৃত্তঃ শর্ব্বয়া উময়াচাভিনন্দিতঃ অনুমোদিতঃ সন্নাহ ॥ ২৮ ॥

কামোঽয়ং সর্ব্বোপি অস্তচ্চ পুণ্যং যশ ইত্যাদি ব্রহ্মবর্চ্চস্বিন স্তে ভূয়াদিত্যন্তরেণান্বয়ঃ ত্বমধোক্ষজে ভক্তিমান্ ॥ ২৯ ॥

তস্ত কর্ম্ম তপ আদি অমুনা পুরা অনুভূতং যত্তগবন্মায়াবৈভবং তচ্চ কথয়ন্ ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

সংস্তম্ভতে তমনুবাত্মন ইন্দ্রিয়াণি। স্তন্দন্তি বৈ তনুভৃতামজ সর্ব্বয়োশ্চেত্যনেনৈব শ্রীনারায়ণার্ষং প্রত্যুক্তত্বাৎ ॥ ২৭ ॥ ২৮ ॥ ২৯ ॥ ৩০ ॥ ৩১ ॥ ৩২ ॥

তথাপি পূর্ণকামাভিবর্ষি হইতে একটী বর প্রার্থনা করি, ভগবানেতে ও তৎপর ব্যক্তিতে এবং তোমাতে আমার অচলা ভক্তি হউক ॥ ২৭ ॥

সূত কহিলেন এই রূপে মার্কণ্ডেয় ঋষি কর্তৃক পূজিত ও প্রীতি বাক্যে স্তুত হইয়া দেবী কর্ত্তৃক অনুমোদিত মহাদেব তাঁহাকে কহিতে লাগিলেন ॥ ২৮ ॥

হে মহর্ষে! তোমার কামনা সিদ্ধ হউক, তোমার পুণ্য যশ আকল্পান্ত স্থায়ী হউক, তুমি অজরামর হও, তোমার বিজ্ঞান ত্রৈকালিক হউক, তুমি ব্রহ্মবর্চ্চস্বি হও এবং তুমি পৌরাণিক আচার্য্য হও ॥ ২৯ ॥

সূত কহিলেন ত্রিলোচন ঈশ্বর মার্কণ্ডেয় ঋষিকে এই রূপ বর দান

দেব্যৈতৎ কর্ম্ম কথয়ন্নণুভূতং পুরামুনা ॥ ৩০ ॥
সোপ্যবাপ্ত মহাযোগ মহিমা ভার্গবোত্তমঃ ।
বিচরত্যধুনাপ্যদ্ধা হরাবেকান্তিতাং গতঃ ॥ ৩১ ॥
অনুবর্ণিতমেতত্তে মার্কণ্ডেয়স্য ধীমতঃ ।
অনুভূতং ভগবতো মায়া বৈভবমদ্ভুতং ॥ ৩২ ॥
এতৎ কেচিদবিদ্বাংসো মায়া সংস্থতিরাত্মনঃ ।
অনাদ্যাবর্ত্তিতং নৃণাং কাদাচিৎকং প্রচক্ষতে ॥ ৩৩ ॥

অবাপ্তো মহাযোগ মহিমা যেন সঃ ॥ ৩১ ॥

এতন্মার্কণ্ডেয়স্য চরিতং তেনানুভূতঞ্চ ভগবন্মায়াবৈভবং তে অনুবর্ণিতং ॥ ৩২ ॥

নন্বেবমস্মৎ কুলোৎপন্নস্য তস্য সপ্ত কল্পায়ুষ্ট্বং বৃদ্ধৈরুচ্যমানং বিরুদ্ধমেবেত্যত আহ এতন্মার্কণ্ডেয়েনানুভূতং ভগবন্মায়া বৈভবং নানা কল্প রূপং কাদাচিৎকং ঈশ্বরেচ্ছয়া তস্যৈবাকস্মিকং নতু সর্ব্ব সাধারণং এতৎ কেচিৎ অনাদি বহু কালং আবর্ত্তিতং দৈবযুগ সহস্রদ্বয় মানেন পুনঃ পুনঃ পরিবর্ত্তিতং প্রচক্ষতে কে তে নৃণাং সংস্থতিং সর্গপ্রলয়াদি লক্ষণা আত্মনো ভগবতো মায়েত্যেবমবিদ্বাংসঃ বিদ্বাংসস্তু মায়াশিশোঃ শ্বাসোচ্ছ্বাসাভ্যাং সপ্তকৃত্ব স্তদুদর প্রবেশ নির্গমতঃ সপ্তকল্পত্বং তৎক্ষণ মাত্রেণ ইতি বদন্তি অতো ন বিরোধ ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

এতৎ মার্কণ্ডেয় দৃষ্টমাত্মনো ভগবতো মায়া সংস্থতি তৎ প্রার্থনয়া মায়া প্রসার এব। তদেতদপি কেচিদবিদ্বাংসঃ অনাদিত এবাবর্ত্তিতং ভগবতা পুনঃ প্রাপিতং কাদাচিৎকং স্বয়ং প্রচক্ষতে। অন্যে তদ্দৃষ্টাঃ কল্পান্তরান্যেবেতি ভাবঃ ॥ ৩৩ ॥

করিয়া পূর্ব্বানুভূত সমুদায় বিষয় দেবীকে কহিতে কহিতে পুনর্ব্বার গমন করিতে লাগিলেন ॥ ৩০ ॥

ভার্গবশ্রেষ্ঠ মার্কণ্ডেয় ঋষিও মহাযোগ মহিমা প্রাপ্ত হইয়া হরিতে একান্ত ভক্তি স্থাপন পূর্ব্বক পথে পথে বিচরণ করিতে লাগিলেন ॥ ৩১॥

মার্কণ্ডেয় মহর্ষি কর্ত্তৃক অনুভূত অদ্ভুত বিষ্ণু মায়া বৈভব এই সমুদায় আমি তোমার নিকট বর্ণন করিলাম ॥ ৩২ ॥

কোন কোন অবিদ্বান্ লোকেরা অনাদি কাল আবর্ত্তিত এই মায়া বৈভব না জানিয়া ইহাকে কাদাচিৎক বলিয়া ব্যাখ্যা করিয়া থাকে ॥৩৩

য এবমেতদ্ভৃগুবর্য্য বর্ণিতং রথাঙ্গপাণে
রনুভাবভাবিতং। সংশ্রাবয়েৎ সংশৃণুয়া
দু তাবুভৌ তয়োর্ন কর্ম্মাশয় সংসৃতি র্ভবেৎ ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

শ্রীশৌনক উবাচ ॥

অথেমমর্থং পৃচ্ছামো ভবন্তং বহু বিত্তমং।
সমস্ত তন্ত্ররাদ্ধান্তে ভবান্ ভাগবত তত্ত্ববিৎ ॥ ১ ॥

শৃণুয়াৎ উ সংশ্রাবয়েদ্বা যৌ তাবুভৌ তয়োঃ কর্ম্ম বাসনা কৃতা সংসৃতি র্নভবেদিতি ॥৩৪

॥ * ॥ ইতি দ্বাদশে দশমঃ ॥ * ॥

একাদশেতু পূজার্থং মহাপুরুষ বর্ণনং। বদে ব্যূহস্থ চাখ্যানং প্রতিমাসং পৃথক্ পৃথক্। যেনামর্ত্তাত্বমাপন্নো মর্ত্ত্যোঽপৌ ভার্গবোত্তমঃ। তং পৃচ্ছতি ক্রিয়াযোগং সাঙ্গোপাঙ্গাদি কল্পিতং ॥ ০ ॥

অথেতি হে ভাগবত যতো ভবান্ সমস্ত তন্ত্ররাদ্ধান্তে তত্ত্ববিৎ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

উ ইতি পক্ষান্তরে। সংশ্রাবয়েদ্বা তাবুভৌ তুল্যাবিত্যর্থঃ। ফলমাহ তয়োরিতি ॥৩৪॥

॥ * ॥ ইতি দ্বাদশ ক্রমসন্দর্ভে দশমঃ ॥ * ॥

নারায়ণের অনুভাব ভাবিত ও ভৃগুশ্রেষ্ঠ মার্কণ্ডেয় কর্ত্তৃক বর্ণিত বিষয় যে ব্যক্তি শ্রবণ করান বা যিনি শ্রবণ করেন, তাঁহারা কর্ম্ম বন্ধন হইতে মুক্ত হয়েন ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি দ্বাদশে দশম অধ্যায় ॥ * ॥

একাদশ অধ্যায়ে মহাপুরুষ বর্ণন ও প্রতি মাসে পৃথক্ পৃথক্ পূজার নিমিত্ত হরির অবতার ব্যূহের আখ্যান এবং মার্কণ্ডেয় মর্ত্ত্য হইয়াও যাহা দ্বারা অমৃত প্রাপ্ত হইয়াছিলেন সেই ক্রিয়াযোগের সাঙ্গোপাঙ্গ বর্ণন ॥ ০ ॥

শৌনক কহিলেন, হে ভগবদ্ভক্ত সূত! তুমি সমুদায় তন্ত্র সিদ্ধান্তের তত্ত্ববিৎ ও বহু বিজ্ঞ, অতএব এক্ষণে তোমাকে একটী বিষয় জিজ্ঞাসা করি ॥ ১ ॥

তান্ত্রিকা পরিচর্য্যায়াং কেবলস্য শ্রিয়ঃ পতেঃ।
অঙ্গোপাঙ্গায়ুধাকল্পং কল্পয়ন্তি যথৈব যৈঃ।
তন্নো বর্ণয় ভদ্রং তে ক্রিয়াযোগং বুভুৎসতাং।
যেন ক্রিয়ানৈপুণেন মর্ত্ত্যো যায়াদমর্ত্যতাং ॥ ২ ॥
শ্রীসূত উবাচ ॥
নমস্কৃত্বা গুরূন্ বক্ষ্যে বিভূতী বৈষ্ণবীরপি।
যাঃ প্রোক্তা বেদতন্ত্রাভ্যামাচার্য্যৈঃ পদ্মজাদিভিঃ ॥ ৩ ॥

প্রষ্টব্যমাহ তান্ত্রিকা ইতি পরিচর্য্যায়াং উপাসনায়াং বিষয়ে কেবলস্য চৈতন্য ঘনস্য অঙ্গানি পাদাদীনি উপাঙ্গানি গরুড়াদীনি আকল্পাঃ কৌস্তুভাদয়ঃ তেষাং যদৈক্যং তদ্যথা কল্পয়ন্তি যৈশ্চ তন্ত্রৈঃ কল্পয়ন্তি তন্নো বর্ণয়েতি ॥ ১ ॥

গুরূপদেশ গম্যত্বাদস্যার্থস্য তন্নমস্কার পূর্ব্বকমাহ নমস্কৃত্বেতি বিভূতী র্বিবাড়্ বিগ্রহাদ্যাঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ ১ ॥ কেবলস্য স্বরূপ ভূতাঙ্গোপাঙ্গাদি লক্ষণস্য শ্রিয়ঃ পতেঃ স্বরূপ ভূতত্বেন বক্ষ্যমাণায়া লক্ষ্যাঃ পত্যুস্তস্যাঙ্গাদ্যবয়বৈঃ কল্পয়ন্তি। মায়িক বৈভবৈবভিন্নতয়োপাসতে। তৎ সর্ব্বং নো বর্ণয় মর্ত্যঃ প্রপঞ্চাবিষ্টোপি ॥ ২ ॥

বিভূতীঃ সাধারণীঃ তদ্বিভূতীর্বক্ষ্যে। তত্র বৈষ্ণবী স্তৎ স্বরূপ ভূতা অপি বক্ষ্যে ইত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীপতি নারায়ণ কেবল চৈতন্য ঘন মাত্র, কিন্তু তান্ত্রিক উপাসকেরা উপাসনা কালে তাঁহার হস্ত পাদাদি অঙ্গ, গরুড়াদি উপাঙ্গ, সুদর্শনাদি অস্ত্র ও কৌস্তুভাদি ভূষণ সকল যে যে তন্ত্রে কল্পনা করেন, তাহা আমার নিকট বর্ণন কর, আমি ক্রিয়াযোগ জানিতে অভিলাষ করিয়াছি অতএব যে ক্রিয়া নিপুণতা দ্বারা মর্ত্ত্যেরা অমৃতত্ত্ব প্রাপ্ত হয় তাহাও বর্ণন কর ॥ ২ ॥

সূত কহিলেন ব্রহ্মাদি আচার্য্যগণ কর্ত্তৃক বেদ ও তন্ত্রে যাহা কথিত হইয়াছে, গুরুদেবকে প্রণাম করিয়া বিষ্ণুর সেই বিভূতি বর্ণন করি ॥ ৩ ॥

মায়াদ্যৈ র্নবভিস্তত্ত্বৈঃ সবিকারময়ো বিরাট্।
নির্ম্মিতো দৃশ্যতে যত্র সচিৎকে ভুবনত্রয়ং ॥ ৪ ॥
এতদ্বৈ পৌরুষং রূপং ভূঃ পাদৌ দ্যৌঃ শিরো নভঃ।
নাভিঃ সূর্য্যোঽক্ষিণী নাসে বায়ুঃ কর্ণৌ দিশঃ প্রভোঃ ॥ ৫ ॥
প্রজাপতিঃ প্রজননমপানো মৃত্যুরীশিতুঃ।

অঙ্গাদি কল্পনাং ভূম্যাদিভি দর্শয়িতুং প্রথমং তাবদ্যথা কল্পয়ন্তীতি প্রশ্নস্য বৈরাজ রূপেণ ইত্যুত্তরং বক্তুং বিরাড়্ বিগ্রহমাহ মায়াদ্যৈঃ প্রকৃতি সূত্র মহদহঙ্কার পঞ্চতন্মাত্রৈ র্নবভিস্তত্ত্বৈঃ বিকারা একাদশেন্দ্রিয়াণি পঞ্চ মহাভূতানি চেতি ষোড়শ তন্ময়ো বিরাট্ প্রসিদ্ধো নির্ম্মিতঃ যত্র বিরাজি সচিৎকে চেতনাধিষ্ঠিতে ভুবনত্রয়ং দৃশ্যতে অনেনাঙ্গাদি কল্পনা সৌলভ্যং দর্শিতং ॥ ৪ ॥

এতদ্বৈ পৌরুষং রূপং পুরুষস্য বৈরাজস্য রূপমেব ঈশ্বরেণাধিষ্ঠিতত্বাৎ তদভেদ বিবক্ষয়া তস্য রূপমুচ্যতে অঙ্গ কল্পনামাহ ভূঃ পাদাবিত্যাদি ত্রিভিঃ ভূঃ পাদাবিত্যাদৌ ভূরাদ্যনুবাদেন ভগবৎ পাদাভিভাবনা বিধীয়তে। ৫ ॥

প্রজননং মেঢ্রং অপানঃ পায়ুঃ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

মায়াদ্যৈরিতি চতুষ্টয়মেক বাক্যং। তত্র বিরাজি সচিৎকে সমষ্টি জীব চৈতন্যাধিষ্ঠিতে ॥ ৪ ॥

ভূঃ পাদাবিত্যাদৌ তৎ পাদাদি শক্ত্যৈব ভূরাদীনাং শক্তিরিত্যভিন্ন তয়োপাস্যত ইত্যর্থঃ ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥

প্রথমত প্রকৃতি, সূত্র, মহৎ, অহঙ্কার ও পঞ্চতন্মাত্র এই নয় তত্ত্ব এবং একাদশেন্দ্রিয় ও পঞ্চ মহাভূত এই ষোড়শ বিকার দ্বারা বিরাট্‌মূর্ত্তি নির্ম্মিত হইয়াছিল, সেই চেতনাধিষ্ঠিত বিরাট্‌মূর্ত্তিতে ভুবন ত্রয় দৃষ্ট হইল ॥ ৪ ॥

ইহাই বিরাট্ পুরুষের রূপ, পৃথিবী ইহাঁর পাদদ্বয়, স্বর্গলোক ইহাঁর মস্তক, আকাশ ইহাঁর নাভি, সূর্য্য ইহাঁর চক্ষু, বায়ু ইহাঁর নাসা ও দিক্ ইহাঁর কর্ণ ॥ ৫ ॥

প্রজাপতি ইহাঁর মেঢ্র, মৃত্যু ইহার পায়ুরিন্দ্রিয়, লোকপাল ইহাঁর

তদ্বাহবো লোকপালা মনশ্চন্দ্রো ভ্রুবৌ যমঃ।
লজ্জোত্তরোধরো লোভো দন্তা জ্যোৎস্না স্ময়োভ্রমঃ।
রোমাণি ভূরুহা ভূম্নো মেঘাঃ পুরুষমূর্দ্ধজাঃ ॥ ৬ ॥
যাবানয়ং বৈ পুরুষো যাবত্যা সংস্থয়ামিতঃ।
তাবানসাবপি মহান্ পুরুষো লোকসংস্থয়া ॥ ৭ ॥
কৌস্তুভব্যপদেশেন স্বাত্মজ্যোতি র্বিভর্ত্যজঃ।
তৎপ্রভা ব্যাপিনী সাক্ষাচ্ছ্রীবৎসমুরসা বিভুঃ ॥ ৮ ॥
স্বমায়াং বনমালাখ্যাং নানা গুণময়ীং দধৎ।

অনুক্তমন্যদপ্যেবমূহনিত্যাহ যাবানয়ং ব্যষ্টি পুরুষঃ স্বমানতঃ সপ্তবিতস্তি সংস্থয়া অবয়ব সন্নিবেশেন মিতঃ ॥ ৭ ॥
ভূষণাদীন্যাহ কৌস্তুভেত্যাদিনা স্বাত্মজ্যোতিঃ শুদ্ধং জীব চৈতন্যং যা তস্য কৌস্তুভস্য প্রভা তামেব শ্রীবৎসং বিভর্ত্তি ॥ ৮ ॥
ত্রিবিৎ স্বরং ত্রিমাত্র প্রণবং ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

কৌস্তুভেতি অত্র ভূরাদীনামিব জীবাখ্য স্বাত্ম জ্যোতিরাদীনামপি কৌস্তুভাদিভ্যো বহিরঙ্গত্বং দর্শিতং। স্বাত্ম জ্যোতিষ এবেন্দ্রিয় দ্বারা প্রকাশঃ শ্রীবৎসং তথা কল্প্যত ইত্যর্থঃ ॥ ৮ ॥ ৯ ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥

বাহু, চন্দ্র ইহাঁর মন, যম ইহার ভ্রূ দ্বয়, লজ্জা ও লোভ ইহাঁর অধর দ্বয়, জ্যোৎস্না ইহাঁর দন্ত, ভ্রম ইহাঁর হাস্য, বৃক্ষ সকল ইহাঁর রোম ও মেঘগণ ইহাঁর কেশ ॥ ৬ ॥

এই ভূলোকস্থ মানব দেহ যেমন স্বীয় সপ্ত বিতস্তি পরিমাণে পরিমিত সেই রূপ এই বিরাট্ পুরুষও স্বীয় সপ্ত বিতস্তি পরিমাণ অবয়ব সংস্থানে পরিমিত ॥ ৭ ॥

ইনি কৌস্তুভ রূপে স্বীয় আত্মজ্যোতি জীব চৈতন্যকে ধারণ করেন আর তৎ প্রভা রূপ সাক্ষাৎ শ্রীবৎস বক্ষঃস্থলে ধারণ করেন ॥ ৮ ॥

বনমালা রূপ নানা গুণময়ী স্বীয় মায়াকে ধারণ করেন এবং ছন্দোময়

বাসশ্ছন্দোময়ং পীতং ব্রহ্মসূত্রং ত্রিবিৎ স্বরং ॥ ৯ ॥
বিভর্ত্তি সাংখ্যং যোগঞ্চ দেবো মকর কুণ্ডলে।
মৌলীং পদং পারমেষ্ঠ্যং সর্ব্বলোক নমস্কৃতং ॥ ১০ ॥
অব্যাকৃতমনন্তাখ্যমাসনং যদধিষ্ঠিতঃ।
ধর্ম্মজ্ঞানাদিভির্যুক্তং সত্বং পদ্মমিহোচ্যতে ॥ ১১ ॥
ওজঃ সহো বলযুতং মুখ্যতত্ত্বং গদাং দধৎ।
অপাং তত্বং দরবরং তেজস্তত্বং সুদর্শনং।
নভো নিভং নভস্তত্বমসিং চর্ম্ম তমোময়ং।
কালরূপং ধনুঃ শার্ঙ্গং তথা কর্ম্মময়েষুধীঃ ॥ ১২ ॥
ইন্দ্রিয়াণি শরাণ্যাহুরাকূতীরস্য স্যন্দনং।

পারমেষ্ঠ্যং ব্রহ্মলোকং ॥ ১০ ॥
অব্যাকৃতং প্রধানং যদধিষ্ঠিতঃ অধিষ্ঠায় স্থিতঃ তৎ আসনভূতং পদ্মং সত্বং সত্বগুণঃ ॥১১
মুখ্যতত্ত্বং প্রাণতত্ত্বং প্রাণো বৈ মুখ্য ইতি শ্রুতেঃ দরবরং শঙ্খং ॥ ১২ ॥
আকূতীঃ ক্রিয়াশক্তিযুতং মনঃ অস্য রথস্তাভিব্যক্তিং বহিরভিব্যক্তং রূপং মূদ্রয়া ধ্রুতয়া

পীতবাস ও ব্রহ্মসূত্র রূপ ত্রিমাত্র প্রণব ধারণ করেন ॥ ৯ ॥

আর মকর কুণ্ডল রূপ সাংখ্যযোগ ও শিরোভূষণ রূপ ব্রহ্মপদ ধারণ করেন এবং সর্ব্বলোকের নমস্য হয়েন ॥ ১০ ॥

অব্যাকৃত অনন্ত নামক আসন, যাহাতে উপবেশন করিয়া আছেন, এবং ধর্ম্ম জ্ঞানাদি যুক্ত সত্ব গুণ ইহাঁর সেই আসনস্থ পদ্ম ॥ ১১ ॥

তেজ সাহস ও বলযুক্ত প্রাণ তত্ত্ব রূপ ইহার গদা, জল তত্ত্ব রূপ শঙ্খ ও তেজ তত্ত্ব রূপ ইহাঁর সুদর্শন। আকাশ তত্ত্ব ইহাঁর শরীরস্থ আকাশ ও তমোময় ইহাঁর অসি চর্ম্ম, কাল রূপ ইহাঁর শার্ঙ্গ ধনু, কর্ম্মময় ইহাঁর ইষুধী ॥ ১২ ॥

ইন্দ্রিয়গণ ইহাঁর শর রূপ, ক্রিয়াশক্তি যুক্ত মন ইহাঁর রথ স্বরূপ।

তন্মাত্রাণ্যস্যাভিব্যক্তিং মুদ্রয়ার্থ ক্রিয়াত্মতাং ॥ ১৩ ॥
মণ্ডলং দেবযজনং দীক্ষা সংস্কার আত্মনঃ।
পরিচর্য্যা ভগবত আত্মনো দুরিতক্ষয়ঃ ॥ ১৪ ॥
ভগবান্ ভগশব্দার্থং লীলা কমলমুদ্বহন্।
ধর্ম্মং যশশ্চ ভগবান্ চামর ব্যজনেঽভজৎ ॥ ১৫ ॥
আতপত্রন্তু বৈকুণ্ঠং দ্বিজাধামাকুতোভয়ং।

অর্থ ক্রিয়াত্মতাং বরদাভয়দাদি রূপত্বং বিভর্ত্তি তত্ত্ব মুদ্রয়া তথা তথা ভাবয়েদিত্যর্থঃ ॥ ১৩ ॥

মণ্ডলং দেবযজনং দেবপূজা ভূমিং সূর্য্য মণ্ডলত্বেন ভাবয়েদিত্যর্থঃ অন্তর্বহি মণ্ডলং বা দীক্ষা সংস্কারঃ আত্মনঃ গুরুকৃতাং মন্ত্রদীক্ষামেব আত্মন স্তৎ পূজাযোগ্যতাং ভাবয়েদিত্যর্থঃ পরিচর্য্যেতি ভগবতস্তাং পরিচর্য্যাং স্বস্য সকল পাপক্ষয় রূপাং ভাবয়েদিত্যর্থঃ ॥১৪॥

পূর্ব্বমাসন পদ্ম মুক্তং ইদানীং হস্তস্থং পদ্মমাহ ভগবানিতি ভগশব্দার্থং ঐশ্বর্য্যাদি ষাড়্গুণ্যং ॥ ১৫ ॥

হে দ্বিজাঃ হে দ্বিজেতি এক বচনান্তো বা পাঠঃ অকুতোভয়ং ধামেতি ত্রিবিৎ ঋগ্‌যজুঃ

ক্রমসন্দর্ভঃ।

আকূতী রিতি। লক্ষণয়া ক্রিয়াশক্তিযুক্তং মনো যস্য ভগবতঃ স্পন্দনমাহুঃ। তন্মাত্রাণ্যস্য ভগবতোভিব্যক্তিমাহুঃ। তথা স্বস্যার্থ ক্রিয়াত্মবতাং বরদাভয়দাদি রূপতাং মুদ্রামাহুঃ মুদ্রামেবাহুরিত্যর্থঃ। গোত্রেণ গার্গ্য ইতি বত্তৃতীয়া ॥ ১৩ ॥

দেবস্য যজনং যত্র কুত্রচিদ্ভগবতঃ পূজাস্থানমেব মণ্ডলং ভগবন্তো নিজস্থান বলয়ং। সংস্কারো ভগবতঃ সাক্ষাৎ প্রাপ্তিযোগ্যতা ॥ ১৪ ॥

ভগঃ প্রাপঞ্চিক স্তদতীতশ্চ। লীলাকমলস্তু তদতীতময়ং। তথাপি দ্বয়োরভেদময়ং ভাবয়েদিত্যর্থঃ ॥ ১৫ ॥

• বৈকুণ্ঠং ব্রহ্মলোকোপরিষ্টাদ্বিকুণ্ঠাসুতাবির্ভাবিতং তৎ পদমস্য বিরাড়ধিষ্ঠাতুঃ শ্রীনারায়ণ-

পঞ্চ তন্মাত্র রূপে ইহাঁর অভিব্যক্তি অর্থাৎ বরদাভয়দাদি রূপ হৃদয়ে ধৃত হয় ॥ ১৩ ॥

সূর্য্য মণ্ডল এই দেবপূজার ভূমি, দীক্ষা সংস্কার আত্মার পূজা যোগ্যতা ও ভগবানের পরিচর্য্যাতে আপনার দুরিতক্ষয় জানিবে ॥১৪॥

ঐশ্বর্য্যাদি ছয় গুণ ইহার হস্তস্থ লীলা কমল এবং ধর্ম্ম ও যশঃ ইহাঁর চামর ব্যজন ॥ ১৫ ॥

বৈকুণ্ঠ ধাম ইহাঁর ছত্র, অকুতোভয় ইহাঁর কৈবল্য ধাম, ঋক্ যজুঃ

ত্রিবৃদ্বেদঃ সুপর্ণাখ্যো যজ্ঞং বহতি পুরুষং ॥ ১৬ ॥
অনপায়িনী ভগবতি শ্রীঃ সাক্ষাদাত্মনো হরেঃ।
বিষ্বক্সেন স্তন্ত্রমূর্ত্তির্বিদিতঃ পার্ষদাধিপঃ।
নন্দাদয়োঽষ্টৌ দ্বাস্থাশ্চ তেঽণিমাদ্যা হরে গু'ণাঃ ॥ ১৭ ॥
বাসুদেবঃ সঙ্কর্ষণঃ প্রদ্যুম্নঃ পুরুষঃ স্বয়ং।
অনিরুদ্ধ ইতি ব্রহ্মন্ মূর্ত্তিব্যূহেঽভিধীয়তে ॥ ১৮ ॥

সাম রূপো বেদঃ সুপর্ণোসি গরুত্মান্ ত্রিবৃত্তে শির ইত্যাদি মন্ত্র লিঙ্গাৎ। যজ্ঞং যজ্ঞরূপং 'যজ্ঞো বৈ বিষ্ণুরিতি শ্রুতেঃ ॥ ১৬ ॥

অনপায়িনী হরেঃ শক্তিঃ তত্র হেতুঃ সাক্ষাদাত্মনঃ স্ব স্বরূপস্য চিদ্রূপত্বাৎ চন্দ্রতারাবৎ তত্তাস্তদভেদাদিত্যর্থঃ তন্ত্রমূর্ত্তিঃ পঞ্চরাত্রাদ্যাগম রূপঃ তেঽণিমাদয়োঽষ্টৌ গুণাঃ 'তে হরের্দ্বারপালা নন্দাদয়ঃ ॥ ১৭ ॥

তস্যৈব চতুর্ব্যূহ উপাসনমাহ বাসুদেবাদি শব্দৈঃ পুরুষঃ শ্রীনারায়ণ এব স্বয়ং মূর্ত্তিভেদৈ রূপাস্ত ইত্যভিধীয়তে ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বাত্তপত্রং ভাবয়েত্যর্থঃ ॥ ১৬ ॥

সাক্ষাদাত্মনঃ পরম স্বরূপ ভূতস্য যা হরে র্ভগবতঃ শ্রীঃ সৈব জগতঃ শ্রীরিতি ভাবনয়েত্যর্থঃ ॥ ১৬ ॥

বাসুদেবাদয়ঃ সাক্ষাচ্চতুর্ব্যূহ রূপা ইতি বাসুদেব ইত্যাদি পদ্যদ্বয়ার্থঃ ॥ ১৮ ॥ ১৯ ॥

সাম এই বেদ ত্রয় ইহাঁর গরুড় রূপ বাহন, স্বয়ং পুরুষই ইহাঁর যজ্ঞ রূপ ॥ ১৬ ॥

সাক্ষাৎ শ্রী আত্ম রূপ নারায়ণের অনপায়িনী শক্তি। পঞ্চরাত্রাদি আগম রূপ ইহাঁর পার্ষদাধিপতি বিষ্বক্সেন, অণিমাদি আট গুণ ইহাঁর দ্বারস্থ নন্দাদি ॥ ১৭ ॥

হে ব্রহ্মন্! বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ এই চারি পুরুষ মূর্ত্তি ইহাঁর চারি মূর্ত্তি ব্যূহ ॥ ১৮ ॥

স বিশ্বতৈজসঃ প্রাজ্ঞস্তুরীয় ইতি বৃত্তিভিঃ ।
অর্থেন্দ্রিয়াশয় জ্ঞানৈর্ভগবান্ পরিভাব্যতে ॥ ১৯ ॥
অঙ্গোপাঙ্গায়ুধাকল্পৈর্ভগবাংস্তচ্চতুষ্টয়ং ।
বিভর্ত্তিস্ম চতুর্মূর্ত্তির্ভগবান্ হরিরীশ্বরঃ ॥ ২০ ॥
দ্বিজ ঋষভ স এষ ব্রহ্মযোনিঃ স্বয়ং দৃক্
স্বমহিম পরিপূর্ণো মায়য়া যঃ স্বয়ৈ তৎ ।

তস্যৈবাধ্যাত্ম চতুর্দ্ধোপাসনমাহ সএব ভগবান্ বিশ্বাদি শব্দৈ বৃত্তিভি র্জাগ্রদাদ্যবস্থাভিঃ পরিভাব্যতে তদ্বৃত্ত্যুপাধীনাহ অর্থা বাহ্যা ইন্দ্রিয়ং মনঃ আশয়ঃ তদুভয় সংস্কার যুক্তং অজ্ঞানং জ্ঞানং তন্ত্রিতয়সাক্ষী তৈঃ ॥ ১৯ ॥

উক্ত চতুর্ব্যূহোপাসনেপি পূর্ব্বোক্তমঙ্গাদ্যুপাসনমাহ অঙ্গেতি অঙ্গাদিভি রূপলক্ষিতো ভগবান্ হরি র্বাসুদেবাদি চতুর্মূর্ত্তিঃ সন্ বিশ্বাদি চতুষ্টয়ং বিভর্ত্তিস্ম বিশ্বাদি ভাবেপি তন্নিয়ন্তৃত্ব নজীবত্বমিত্যাহ বিশ্বাদি চতুষ্টয়ং বিভ্রদপি ভগবানীশ্বর এবেতি ॥ ২০ ॥

তস্য ব্রহ্মাদি ত্রিমূর্ত্তিতামাহ দ্বিজেত্যাদি হে দ্বিজঋষভ স এষ এক এব ভগবান্ ব্রহ্মণো বেদস্য কারণমিত্যাদি হেতুত্রয়ং বস্তুতো ভেদাভাবে এতৎ স্বগতয়া মায়য়া সৃজতি হরতি পাতীতি কৃত্বা আগ্যয়া ব্রহ্মাদি রূপয়া অনাবৃতাক্ষঃ অনাচ্ছন্ন জ্ঞানোপি বিবৃত ইব ভিন্ন ইব

ক্রমসন্দর্ভঃ ।

তেষামর্থাদীনাং চতুষ্টয়মঙ্গাদি রূপেণ বিভর্ত্তীতি অঙ্গাদ্যভেদেনার্থাদয়োপ্যুপাস্যা ইত্যর্থঃ ॥ ২০ ॥

যস্মৈ তে উপাসনা ভেদাস্তম্মাহাত্ম্যং দর্শয়তি দ্বিজেতি । ব্রহ্মযোনিত্বাদি ত্রয়েণ স্বরূপ শক্তি দর্শিতা তত্র মায়া দোষেণ লিপ্তত্বমাশঙ্ক্যাহ । মায়য়া চানাবৃতাক্ষ ইতি । তত্র হেতুঃ স্বয়া স্বাধীনয়েতি । মায়াং বিশিনষ্টি এতদ্বিশ্বং সৃজতীত্যাখ্যা বিশ্বাভির্যয়া এবং ভূতাচিন্ত্য

সেই নারায়ণ জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি অবস্থায় বাহ্যার্থ মন, সংস্কার ও জ্ঞান দ্বারা বিশ্ব তৈজস প্রাজ্ঞ ও তুরীয় বৃত্তি দ্বারা উপাসনীয় ॥ ১৯ ॥

তত্তমূর্ত্তিস্থ ভগবান্ বাসুদেব অঙ্গ উপাঙ্গ আয়ুধ ও আকল্প দ্বারা ঐ ব্যূহ মূর্ত্তি চতুষ্টয় ধারণ করেন ॥ ২০ ॥

হে দ্বিজশ্রেষ্ঠ । এই ভগবান্ বিষ্ণু বেদের কারণ, সর্ব্ব দ্রষ্টা ও স্বীয় মহিমাতে পরিপূর্ণ, ইনি স্বীয় মায়া দ্বারা এই জগতের সৃষ্টি স্থিতি

স্বজতি হরতিপাতীত্যাখ্যয়ানাবৃতাক্ষো
বিবৃত ইব নিরুক্ত স্তৎ পরৈরাত্ম লভ্যঃ ॥ ২১ ॥
শ্রীকৃষ্ণ কৃষ্ণসখ বৃষ্ণ্যৃষভাবনীধ্রুগ্রাজন্যবংশদহ
নানপবর্গ বীর্য্য। গোবিন্দ গোপবনিতা ব্রজ
ভৃত্য গীত তীর্থশ্রবঃ শ্রবণমঙ্গল পাহি ভৃত্যান্ ॥ ২২ ॥

নিরুক্তঃ শাস্ত্রেষু নতু ভিন্নঃ অত বিদ্বদনুভবং প্রমাণয়তি যত স্তৎ পরৈরাত্মত্বেন লভ্যতে ইতি ॥ ২১ ॥

যস্তেদমুপাসনমুক্তং তং শ্রীকৃষ্ণং প্রার্থয়তে কৃষ্ণসখ অর্জ্জুনস্য সখে বৃষ্ণিশ্রেষ্ঠ অবনিক্রুহো যে রাজন্যা স্তেষাং বংশস্য দহন অনপবর্গং অক্ষীণং বীর্য্যং যস্য গোপবনিতানাং ব্রজঃ সমূহঃ ভৃত্যাশ্চ নারদাদয়ঃ তৈর্গীতং তীর্থভূতং শ্রবং কীর্ত্তির্যস্য সঃ শ্রবণমেব মঙ্গলং যস্য ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

মাহাত্ম্যোপি তৎপরৈর্ভক্তৈর্বিবৃতইব করকলিত ইব নিরুক্তঃ প্রতিপাদিতঃ যতস্তৈরাত্মনি চিত্তে লভ্যঃ অনুভবিতুং শক্য ইতি ॥ ২১ ॥

তমেব নামাদি গ্রহণেন স্পষ্টয়ন্ প্রার্থয়তে। যদ্বা মমত্বীদৃশ এব পুরুষার্থ ইতি ব্যঞ্জয়ং স্তাদৃশমেব তং প্রার্থয়তে। শ্রীকৃষ্ণেতি। তত্র শ্রীকৃষ্ণ সখেত্যাদিনা পুরলীলা। গোবিন্দেত্যাদিনা ব্রজলীলা। তত্র ব্রজলীলায়া বাত্যয়েনান্তে নির্দ্দেশাত্তত্রৈব নিজস্থিতি র্দর্শিতা তীর্থেত্যাদি তৎ দ্বয় মহিমা। গোপাশ্চ বনিতা স্তদঙ্গনাশ্চ ব্রজস্তত্রস্থা ভৃত্যা স্তদুপাশকাশ্চ তৈর্গীতেতি বিগ্রহঃ। বর্ত্তমানে ক্তঃ ভৃত্যান্ তন্মার্গে বদ্ধশ্রদ্ধান্ তস্মাৎ স্বয়মেব তৎ সিদ্ধং সংপাদয়েতি। এবং ভাগবত শ্রবণেন কৃতং সাধন সাধ্য নৈত্যং দর্শিতং ॥ ২২ ॥

সংহার করেন বলিয়া ব্রহ্মাদি নামে ব্যক্ত হয়েন, কিন্তু ভক্ত জন কর্ত্তৃক অনাবৃত জ্ঞান রূপে আত্মাতে লভ্য হয়েন ॥ ২১ ॥

হে কৃষ্ণ! হে অর্জ্জুনসখ! হে বৃষ্ণি বংশ শ্রেষ্ঠ! তুমি পৃথিবীর বিঘ্নকারি রাজন্যবংশের নাশ করিয়াছ। হে অক্ষীণ বীর্য্য! হে গোবিন্দ! গোপবনিতারা ও নারদাদি ঋষিরা তোমার নির্ম্মল যশ সর্ব্বত্র গান করেন, তোমার নাম শ্রবণেই মঙ্গল হয় অতএব এই ভক্তদিগের রক্ষা করুন ॥ ২২

য ইদং কল্য উত্থায় মহাপুরুষ লক্ষণং ।
তচ্চিত্তঃ প্রযতো জপ্ত্বা ব্রহ্ম বেদ গুহাশয়ং ॥ ২৩ ॥
শ্রীশৌনক উবাচ ॥
শুকো যদাহ ভগবান্ বিষ্ণুরাতায় পৃচ্ছতে ।
সৌরোগণো মাসি মাসি নানা বসতি সপ্তকঃ ॥ ২৪ ॥
তেষাং নামানি কর্ম্মাণি নিযুক্তানামধীশ্বরৈঃ ।
ব্রূহি নঃ শ্রদ্ধধানানাং ব্যূহং সূর্য্যাত্মনো হরেঃ ॥ ২৫ ॥

এতজ্জপমাত্রস্তাপি ব্রহ্মজ্ঞানং ফলমিত্যাহ য ইতি কল্যে উষঃ কালে যস্তচ্চিত্তঃ প্রযতঃ শুচিশ্চ স জপ্ত্বা গুহাশযং হৃদিস্থং ব্রহ্ম বেদ পশ্যতি ॥ ২৩ ॥

মণ্ডলং দেবযজনং ইত্যুক্ত্বা বুদ্ধিমাগতঃ। মূর্ত্তিব্যূহ প্রসঙ্গেন রবিব্যূহোত্র পৃচ্ছ্যতে। শুক ইতি পঞ্চমে যদাহ তথান্যেচ ঋষয়ো গন্ধর্ব্বাপ্সরসো নাগা গ্রামণ্যো যাতুধানা দেবা ইত্যেকৈকশো গণাঃ সপ্তেত্যাদিনা সৌরঃ সূর্য্য সম্বন্ধী সপ্তানাং গণানাং গণঃ ॥ ২৪ ॥

তেষাং সপ্তানাং অধীশ্বরৈ স্তত্তৎ পতিভিঃ তত্তন্মাসাধিকৃত সূর্য্যৈর্বা ব্যূহং বিভাগং ॥২৫॥

ক্রমসন্দর্ভঃ ।

ব্রহ্ম শ্রীভগবত্তত্ত্বং। গুহাশয়ং দুরূহমপি ॥ ২৩ ॥

শুক ইতি যুগ্মকং । নমু শ্রুত ভাগবত্ত তত্ত্বস্ত তব সূর্য্যগণ শ্রবণে কোহয়মাগ্রহ স্তত্রাহ। সূর্য্যস্যাত্মা অন্তর্যামী হরিঃ তস্যৈব ব্যূহং। তত্রৈব পর্য্যবসানাদিতি ভাবঃ। ইতি গায়ত্র্যুপাসনা তৎ পর্য্যন্তং ব্যঞ্জিতং ॥ ২৪ ॥ ২৫ ॥

যে ব্যক্তি প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া এই মহাপুরুষ লক্ষণ বার্ত্তা তদ্গতচিত্ত হইয়া জপ করেন, তিনি ব্রহ্মকে জানিতে পারেন ॥ ২৩ ॥

শৌনক কহিলেন বিষ্ণুরাত পরীক্ষিৎ জিজ্ঞাসা করাতে ভগবান্ শুকদেব যাহা কহিয়াছিলেন, মাসে মাসে পৃথক্ পৃথক্ সূর্য্যের যে নানা মূর্ত্তির ব্যূহ সপ্ত সংখ্যায় উদিত হয় ॥ ২৪ ॥

অধীশ্বরগণ কর্ত্তৃক নিযুক্ত সূর্য্যাত্মা হরির সেই সকল মূর্ত্তি ব্যূহের নাম ও কর্ম্ম আমাদিগের নিকট বর্ণন কর ॥ ২৫ ॥

শ্রীসূত উবাচ ॥
অনাদ্যবিদ্যয়া বিষ্ণোরাত্মনঃ সর্ব্বদেহিনাং।
নির্গতো লোকতন্ত্রোঽয়ং লোকেষু পরিবর্ত্ততে ॥ ২৬ ॥
এক এবহি লোকানাং সূর্য্য আত্মাদি কৃদ্ধরিঃ।
সর্ব্ববেদ ক্রিয়ামূলমৃষিভির্ব্বহুধোদিতঃ ॥ ২৭ ॥
কালো দেশঃ ক্রিয়া কর্ত্তা করণং কার্য্যমাগমঃ।
দ্রব্যং ফলমিতি ব্রহ্মন্নবধোক্তোঽজয়া হরিঃ ॥ ২৮ ॥

তত্র তাবদ্দ্বহুং নিরূপয়িতুং প্রথমং সূর্য্যরূপমাহ অনাদ্যবিদ্যয়া মায়য়া অয়ং সূর্য্যো লোকতন্ত্রঃ লোক যাত্রা প্রবর্ত্তকঃ ॥ ২৬ ॥

অতস্তস্য ক্রিয়া ভেদেনৌপাধিকমেব নানাত্বং ন স্বত ইত্যাহ এক এবেতি সূর্য্য আত্মা জগত স্তস্থুষশ্চেতি শ্রুতেঃ জগদাত্মা আদিকৃৎ সৃষ্টিকর্ত্তা হরিরেব সূর্য্যঃ সচ সর্ব্বাসাং বেদোক্ত ক্রিয়াণাং মূলং সন্ তেনোপাধিনা বহুধোক্তঃ ॥ ২৭ ॥

কালরূপ ধাম্বিশোহয়ে দ্বাদশাদিত্য রূপং ভেদং ক্রিয়োপাধিকং দর্শয়িতুং প্রথমং সর্ব্ব কর্ম্ম প্রবৃত্তয়ে মায়াকৃতং নবধা ভেদমাহ কাল ইতি কালঃ প্রাতরাদিঃ দেশঃ সমাদিঃ ক্রিয়া অনুষ্ঠানং কর্ত্তা ব্রাহ্মণাদিঃ করণং শ্রুগাদি কার্য্যং যাগাদি আগমো মন্ত্রাদিঃ দ্রব্যং ব্রীহ্যাদিঃ ফলং সর্গাদি ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

অনাদিরবিদ্যয়া তয়া মায়য়া বিষ্ণোরেব সকাশান্নির্গতোঽয়ং সূর্য্যঃ ॥ ২৬ ॥

